[অথো...প্রতিষ্ঠাপ্যতে] যদি বল, আমরা এমন একটী তর্কের অবতারণা করিব * (অনুমান খাটাইয়া এমন একটী তর্ক বাছিয়া লইব), যাহার অপ্রতিষ্ঠা দোষ হয় না। তোমরা কিছু এমন কথা বলিতে পারিবে না যে, একটীও প্রতিষ্ঠিত তর্ক নাই। একটী না একটী তর্ক প্রতিষ্ঠিত আছে, ইহা অবশ্যই স্বীকার করিবে।† (সেই তর্কের দ্বারা আমরা প্রধানসিদ্ধি করিব, তথাপি ব্রহ্মকারণবাদ মানিব না)। এ কথার প্রত্যুত্তর (প্রতিবাদ) এই যে, তাহা হইলে তোমরাও তর্কের দ্বারাই তর্কের প্রতিষ্ঠিতত্ব (স্থিরতা) স্থাপিত করিলে।‡ [কেষাঞ্চিৎ... ক্রিয়তে] তবে এরূপ বলিতে পার যে, কোন কোন তর্ককে অপ্রতিষ্ঠিত দেখিয়া

---

* আমরা এরূপ তর্ক করিব বা অনুমান করিব, যাহাতে অপ্রতিষ্ঠা দোষ না ঘটে। এরূপ অনুমানও হইতে পারে। অভিপ্রায় এই যে, সকল তর্ক সত্য না হউক, ব্যাপ্তি-পক্ষধর্ম্মতাসম্পন্ন তর্ক (অনুমানরূপ তর্ক) সত্য হইবেক।

† একটি তর্কের সত্যতা দৃষ্ট হইলে, তদ্দারা অন্য তর্কেরও সত্যতা অনুমিত হইতে পারে।

‡ যেমন সুনিপুণ ব্যক্তিরও নিজস্কন্ধে আরোহণ করা অসম্ভব, তেমনি, তর্কের দ্বারা তর্কের প্রতিষ্ঠা নিশ্চয় করাও অসম্ভব।

ধ্বনি সুখদুঃখ-প্রাপ্তিপরিহারায় প্রবর্ত্তমানো লোকো দৃশ্যতে। শ্রুত্যর্থবিপ্রতিপত্তৌ চার্থাভাসনিরাকরণেন সম্যগর্থনির্দ্ধারণং তর্কেণৈব বাক্যবৃত্তিনিরূপণরূপেণ ক্রিয়তে। মনুরপি চৈবমেব মন্যতে—

"প্রত্যক্ষমনুমানঞ্চ শাস্ত্রঞ্চ বিবিধাগমম্।
ত্রয়ং সুবিদিতং কার্য্যং ধর্ম্মশুদ্ধিমভীপ্সতা॥" ইতি
"আর্ষং ধর্ম্মোপদেশঞ্চ বেদশাস্ত্রাবিরোধিনা।
যস্তর্কেণানুসন্ধত্তে স ধর্ম্মং বেদ নেতরঃ॥"

ইতি চ ব্রুবন্। অয়মেব চ তর্কস্যালঙ্কারো যদপ্রতিষ্ঠিতত্বং নাম। এবং হি সাবদ্য-তর্কপরিত্যাগেন নিরবদ্যস্তর্কঃ প্রতিপত্তব্যো ভবতি। নহি পূর্ব্বজো মূঢ় আসীদিত্যাত্মনাপি মূঢ়েন ভবিতব্যমিতি

জানাতি, সতি চৈষ পূর্ব্বপক্ষবিষয়ে তর্কে প্রতিষ্ঠারহিতে প্রবর্ত্ততে, তদভাবে বিচারাপ্রবৃত্তেঃ। তদিদমাহ "অয়মেব চ তর্কস্যালঙ্কারঃ" ইতি। তামিমামাশঙ্কাং

তর্কমাত্রেরই অপ্রতিষ্ঠিতত্ব কল্পনা করিতে গেলে ব্যবহারের উচ্ছেদের আপত্তি হইতে পারে। সকল তর্কই যদি মিথ্যা হয়, তাহা হইলে লোকের প্রবৃত্তিনিবৃত্তি-ব্যবহার কি প্রকারে নির্ব্বাহ হইবে? লোকব্যবহারই বিলুপ্ত হইতে পারে। আমরা দেখিতেছি, প্রত্যেক লোক ভবিষ্যৎ সুখদুঃখের প্রাপ্তি-পরিহারের জন্য সর্ব্বদা চেষ্টমান। সে চেষ্টা নিশ্চয়ই তর্কমূলক,* (তর্কের অন্য নাম কল্পনা বা বিচার)। তর্কের সত্যতা না থাকিলে সে সকল ব্যবহার থাকিত না, এতদিনে উচ্ছিন্ন হইয়া যাইত। অপিচ, শ্রুত্যর্থের সন্দেহ হইলে পণ্ডিতেরা বাক্যার্থনিরূপণোপযোগী তর্কের দ্বারা তাহার তাৎপর্য্য নির্ণয় করেন। [মনু...নাম] এ কথা ভগবান্ মনুও বলিয়াছেন, (তর্কের দ্বারা শাস্ত্রার্থ নির্ণয় করিতে বলিয়াছেন)। যথা—"যাঁহারা ধর্ম্মশুদ্ধি ইচ্ছা করেন, তাঁহারা প্রত্যক্ষ, অনুমান (তর্ক) ও বিবিধ শাস্ত্র উত্তমরূপে অবগত হইবেন।" "যে পুরুষ বেদশাস্ত্রের অবিরোধী তর্ক অবলম্বনপূর্ব্বক ঋষিজুষ্ট ধর্ম্মবিধি অনুসন্ধান করেন, সেই পুরুষই ধর্ম্মরহস্য অবগত হন।" অপ্রতিষ্ঠত্ব তর্কের শোভা,—দোষ নহে। [এবং...প্রসঙ্গঃ] যে তর্কে দোষ আছে, সে তর্ক ত্যাগ কর, ত্যাগ করিয়া নির্দ্দোষ তর্ক গ্রহণ কর। পূর্ব্বপুরুষ মূঢ় ছিলেন বলিয়া আমাকেও যে, মূঢ় হইতে

* যেমন অতীত ও বর্ত্তমান বিষয়ক প্রবৃত্তি, তেমনি অনাগতবিষয়ক প্রবৃত্তিও ঠিক তেমনই। লোক সকল অতীত ও বর্ত্তমান ভোজনে ক্ষুধার শান্তি হইতে দেখিয়া ভবিষ্যৎ ভোজনেও ক্ষুধা শান্তির কল্পনা করিয়া থাকে, এবং তদনুসারে আহারীয় বস্তু সংগ্রহ করে, ইত্যাদি।

কিঞ্চিদস্তি প্রমাণম্। তস্মান্ন তর্কাপ্রতিষ্ঠানং দোষ ইতি চেৎ, এবমপ্যবিমোক্ষপ্রসঙ্গঃ।

যদ্যপি কচিদ্বিষয়ে তর্কস্য প্রতিষ্ঠিতত্বমুপলক্ষ্যতে, তথাপি প্রকৃতে তাবদ্বিষয়ে প্রসজ্যত এবাপ্রতিষ্ঠিতত্বদোষাদনির্মোক্ষস্তর্কস্য। নহীদমতিগম্ভীরং ভাবযাথাত্ম্যং মুক্তিনিবন্ধনমাগমমন্তরে-ণোৎপ্রেক্ষিতুমপি শক্যম্। রূপাদ্যভাবাদ্ধি নায়মর্থঃ প্রত্যক্ষস্য গোচরঃ, লিঙ্গাদ্যভাবাচ্চ নানুমানাদীনামিত্যবোচাম। অপি চ, সম্যগ্জ্ঞানান্মোক্ষ ইতি সর্ব্বেষাং মোক্ষবাদিনামভ্যুপগমঃ। তচ্চ সম্যক্জ্ঞানমেকরূপং, বস্তুতন্ত্রত্বাৎ। একরূপেণ হ্যবস্থিতো যোঽর্থঃ লোকে তদ্বিষয়ং জ্ঞানং সম্যক্ জ্ঞানমিত্যুচ্যতে, যথাগ্নিরুষ্ণ ইতি। তত্রৈবং সতি সম্যগ্জ্ঞানে পুরুষাণাং বিপ্রতিপত্তিরনুপপন্না।

সূত্রেণ পরিহরতি—"এবমপ্যবিমোক্ষপ্রসঙ্গঃ"। ন বয়মন্যত্র তর্কমপ্রমাণয়ামঃ, কিন্তু জগৎকারণসত্ত্বে স্বাভাবিকপ্রতিবন্ধবন্ন লিঙ্গমস্তি।

যত্তু সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যমাত্রং, তদপ্রতিষ্ঠাদোষান্ন মুচ্যত ইতি। কল্পান্তরেণা-নির্মোক্ষপদার্থমাহ "অপি চ সম্যগ্জ্ঞানান্মোক্ষঃ" ইতি। ভূতার্থগোচরস্য হি সম্যগ্-

---

হইবে, এমন কোনও নিয়ম নাই। (অর্থাৎ এক তর্কের দোষে সমস্ত তর্কের দোষোদ্ঘোষণ অন্যায্য) এরূপ বলিলেও মোচন নাই।

[যদ্যপি...বোচাম] বিষয়বিশেষে প্রতিষ্ঠিত তর্ক থাকে থাকুক, কিন্তু প্রস্তাবিত বিষয়ে (জগৎকারণে) প্রতিষ্ঠিত তর্ক নাই। প্রস্তাবিত বিষয়ে তর্কের অস্থিরতা অবশ্য ঘটিবেক। (তর্ক তর্কাতীত বস্তুতে প্রতিষ্ঠিত হয় না, সুতরাং তর্কের মোচন বা সমাপ্তি হয় না)। শাস্ত্রাবলম্বন ব্যতীত অত্যন্ত গম্ভীর, দুরবগাহ ভাবযাথাত্ম্য অর্থাৎ অন্বয় এবং মুক্তির নিদান জগৎকারণের কল্পনা করিতেও পারিবে না। রূপ না থাকায় সে বস্তু প্রত্যক্ষের অবিষয়, লিঙ্গ অর্থাৎ অনুমাপক কোন ধর্ম্ম না থাকায় অনুমানেরও অতীত, এ কথা পূর্ব্বেও বারংবার বলা হইয়াছে। [অপি চ......ভবেৎ] আরও দেখ, * সম্যক্ জ্ঞানে মুক্তি হয়, এ কথা মোক্ষবাদিমাত্রেই স্বীকার করেন। সম্যক্ জ্ঞান একই প্রকার, নানাপ্রকার নহে, (আমার এক প্রকার, তোমার অন্য প্রকার, এরূপ জ্ঞান সম্যক্ জ্ঞান নহে)। কারণ, সম্যক্-জ্ঞান (যথার্থজ্ঞান) বস্তুর অধীন, মনুষ্যের অধীন নহে। একরূপাবস্থিত বস্তুই সত্য, তদ্বিষয়ক জ্ঞানই সত্য। যেমন অগ্নি উষ্ণ। অগ্নি যে উষ্ণ, এ জ্ঞান একরূপই অর্থাৎ সকল কালে ও সকল পুরুষেই সমান। অতএব, সম্যক্ জ্ঞানে মতামত থাকা যুক্তিবিরুদ্ধ। তর্ক মনুষ্য-বুদ্ধিপ্রভব;

---

* সূত্রের অবিমোক্ষপ্রসঙ্গ অংশের পৃথক্ ব্যাখ্যা দেখাইবার জন্য এ অংশ কথিত হইয়াছে।

তর্কজ্ঞানানান্তু অন্যোন্যবিরোধাৎ প্রসিদ্ধা বিপ্রতিপত্তিঃ। যদ্ধি কেনচিৎ তার্কিকেণ ইদমেব সম্যগ্ জ্ঞানমিতি প্রতিষ্ঠাপিতং, তদপরেণ ব্যুত্থাপ্যতে; তেনাপি প্রতিষ্ঠাপিতং ততোঽপরেণ ব্যুত্থাপ্যত-ইতি চ প্রসিদ্ধং লোকে। কথমেকরূপানবস্থিতবিষয়ং তর্কপ্রভবং সম্যক্ জ্ঞানং ভবেৎ। ন চ প্রধানবাদী তর্কবিদামুত্তম ইতি সর্ব্বৈস্তার্কিকৈঃ পরিগৃহীতঃ, যেন তদীয়ং মতং সম্যগ্ জ্ঞানমিতি প্রতিপদ্যেমহি। ন চ শক্যন্তে অতীতানাগতবর্ত্তমানাস্তার্কিকা একস্মিন্ দেশে কালে চ সমাহর্ত্তুম্, যেন তন্মতিরেকরূপৈকার্থবিষয়া সম্যঙ্মতিরিতি স্যাৎ। বেদস্য তু নিত্যত্বে বিজ্ঞানোৎপত্তিহেতুত্বে চ সতি ব্যবস্থিতার্থবিষয়ত্বোপপত্তেঃ, তজ্জনিতস্য সম্যক্ত্বমতীতা-

জ্ঞানস্য ব্যবস্থিতবস্তুগোচরতয়া ব্যবস্থানং লোকে দৃষ্টং, যথা প্রত্যক্ষস্য। বৈদিকঞ্চেদং চেতনজগদুপাদানবিষয়ং বিজ্ঞানং বেদোত্থতর্কেতিকর্ত্তব্যতাকং বেদজনিতং ব্যবস্থিতম্ বেদানপেক্ষেণ তু তর্কেণ জগৎকারণভেদমবস্থাপয়তাং তার্কিকাণামন্যোন্যং

তজ্জন্য তাহা নানাজনের নানাপ্রকার হয়। বিরুদ্ধ তর্কজনিত জ্ঞান বিভিন্ন ও পরস্পর বিরুদ্ধও হয়, কিন্তু সম্যক্ জ্ঞান একই প্রকার। সম্যক্ জ্ঞান কস্মিন্‌কালেও বিভিন্ন হয় না। এক তার্কিক তর্কের বলে বলিলেন, ইহাই সম্যক্ জ্ঞান, আবার অন্য তার্কিক তাহার খণ্ডন করিয়া বলিলেন, না—উহা সম্যক্ জ্ঞান নহে। যাহা অস্থির, তর্কপ্রভব তাদৃশ জ্ঞান কিরূপে সম্যক্ হইতে পারে? [ন চ...পদ্যেমহি"] কোথাও এমন দেখা যায় না যে, প্রধানবাদী সর্ব্বোত্তম তার্কিক বলিয়া প্রধানবাদীর উদ্ভাবিত তর্ক তার্কিকগণ গ্রহণ করিতে বাধ্য; অতএব প্রধানবাদীর জ্ঞানই সম্যক্ জ্ঞান। [ন চ...স্থিতম্] কতক তার্কিক গত, কতক বর্ত্তমান, কতক বা পরে হইবেক; সুতরাং সকল তার্কিক এক সময়ে ও একস্থানে মিলিত করা সম্ভবপর হয় না। সেই কারণে তাঁহাদের জ্ঞানও এক বিষয়ে একরূপ হয় না। (তাঁহাদের জ্ঞানও ভিন্ন, জ্ঞেয়বস্তুও ভিন্ন; সুতরাং সেরূপ ব্যভিচরিত জ্ঞান অসম্যক্ অর্থাৎ অযথার্থ)। যদি সকলের জ্ঞান সকল সময়ে সমানরূপে একবস্তু গ্রহণ করে, তাহা হইলেই সেই জ্ঞান সম্যক্ জ্ঞান আখ্যা প্রাপ্ত হয়। বেদ নিত্য, তাহা ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান সকল কালেই সমভাবে বিদ্যমান ও জ্ঞানোৎপত্তির কারণ বলিয়া প্রসিদ্ধ, তৎপ্রভব বস্তু-বিষয়ক জ্ঞানও সকল কালে ও সকল দেশে সমান বা একরূপ হয়; সুতরাং কোনও কালে কোনও তার্কিক সেই বেদজনিত জ্ঞানের সম্যক্তা (সত্যতা) অপহ্নব (লোপ) করিতে সমর্থ নহেন। এই কারণেই উপনিষদ্প্রভব জ্ঞানের সম্যক্তা, আর তর্কপ্রভব জ্ঞানের অসম্যক্তা সিদ্ধ হয়, এবং তর্কপ্রভব জ্ঞানের অসম্যক্তা

নাগতবর্ত্তমানৈঃ সর্ব্বৈরপি তার্কিকৈরপহ্নোতুমশক্যম্। অতঃ সিদ্ধমস্যৈবৌপনিষদস্য জ্ঞানস্য সম্যগ্জ্ঞানত্বং, অতোঽন্যত্র সম্যগ্জ্ঞানত্বানুপপত্তেঃ সংসারাবিমোক্ষ এব প্রসজ্যেত। অত আগমবশেনাগমানুসারি-তর্কবশেন চ চেতনং ব্রহ্ম জগতঃ কারণং প্রকৃতিশ্চেতি স্থিতম্ ॥২।১।১১॥

এতেন শিষ্টাপরিগ্রহা অপি ব্যাখ্যাতাঃ ॥ ২ । ১ । ১২ ॥ *

বৈদিকস্য দর্শনস্য প্রত্যাসন্নত্বাদ্ গুরুতরতর্কবলোপেতত্বাদ্ বেদানুসারিভিশ্চ কৈশ্চিচ্ছিষ্টৈঃ কেনচিদংশেন পরিগৃহীতত্বাৎ প্রধানকারণবাদং তাবদ্ব্যপাশ্রিত্য যস্তর্কনিমিত্ত আক্ষেপো বেদান্তবাক্যেষু উদ্ভাবিতঃ, স পরিহৃতঃ, ইদানীমণ্বাদিবাদব্যপাশ্রয়েণাপি কৈশ্চিন্মন্দমতিভির্ব্বেদান্তবাক্যেষু পুনস্তর্কনিমিত্ত আক্ষেপ

বিপ্রতিপত্তেস্তত্ত্বনির্দ্ধারণকারণাভাবাচ্চ ন ততস্তত্ত্বব্যবস্থা—ইতি ন ততঃ সম্যগ্জ্ঞানম্। অসম্যগ্জ্ঞানাচ্চ ন সংসারাদ্বিমোক্ষ ইত্যর্থঃ ॥ ২ । ১ । ১১ ॥

ন কার্য্যং কারণাদভিন্নম্, অভেদে কারণরূপবৎ কার্য্যত্বানুপপত্তেঃ, করোত্যর্থানুপপত্তেশ্চ। অভূতপ্রাদুর্ভাবনং হি তদর্থঃ। ন চাস্য কারণাত্মত্বে কিঞ্চিদভূতমস্তি, যদর্থময়ং পুরুষো যতেত। অভিব্যক্ত্যর্থমিতি চেৎ, ন, তস্যা অপি কারণাত্মত্বেন সত্বাৎ, অসত্বে বা অভিব্যঙ্গ্যস্যাপি তদ্বৎপ্রসঙ্গেন কারণাত্মত্বব্যাঘাতাৎ। ন হি তদেব

থাকায় তদ্দ্বারা সংসারমোচন হওয়া ও অসম্ভাবিত হয়। বিচারের উপসংহার এই যে, শাস্ত্রের ও শাস্ত্রানুসারী তর্কের দ্বারা ইহাই সিদ্ধ হয় যে, চেতন ব্রহ্মই জগতের নিমিত্তকারণ ও প্রকৃতি (উপাদান) ॥ ২।১।১১ ॥

সাংখ্যের প্রধানকারণবাদ বৈদিক মতের অতি সন্নিহিত (প্রায় সমান)। সাংখ্যপক্ষে গুরুতর তর্কবলও আছে। বেদমতানুসারী কোন কোন ঋষি তন্মতের কোন কোন অংশ গ্রহণ করিয়াছেন। এই সকল দেখিয়া বেদান্তবাদের বিরুদ্ধে যে প্রধানবাদ-সমর্থক পূর্ব্বপক্ষসমূহ উদ্ভাবিত হইয়াছিল, সে সকল পূর্ব্বপক্ষ নিরস্ত হইয়াছে। কিন্তু এখনও অল্পমতি লোকেরা পরমাণুকারণবাদ প্রভৃতি উপলক্ষ্য করিয়া বেদান্তবাদের বিরুদ্ধে পুনরায় পূর্ব্বপক্ষ

* এতেন সন্নিহিতোক্তেন প্রধানকারণবাদনিরাকরণকারণেন শিষ্টাপরিগ্রহাঃ শিষ্টৈর্মনুপ্রভৃতিভিরপরিগৃহীতাঃ পরমাণুকারণবাদপ্রভৃতয়ঃ সর্ব্বেঽপি বাদা ব্যাখ্যাতাঃ—নিরাকৃতা বেদিতব্যা ইতি।

যে সকল কারণে প্রধানকারণবাদ নিরাকৃত হইল, সেই সকল কারণেই মনুপ্রভৃতি শিষ্টগণের অনভিপ্রেত অন্যান্য বাদসকলও নিরাকৃত হইয়াছে, ইহা বুঝিয়া লইবে, অর্থাৎ উহ্য করিয়া লইবে।

আশঙ্ক্যতে, ইত্যতঃ প্রধানমল্লনিবর্হণন্যায়েনাতিদিশতি—পরিগৃহ্যন্ত-ইতি পরিগ্রহাঃ; ন পরিগ্রহা অপরিগ্রহাঃ। শিষ্টানামপরিগ্রহাঃ শিষ্টাপরিগ্রহাঃ।

এতেন প্রকৃতেন প্রধানকারণবাদনিরাকরণকারণেন শিষ্টৈর্ম্মনু-ব্যাসপ্রভৃতিভিঃ কেনচিদংশেনাপ্যপরিগৃহীতা যেঽণ্বাদিকারণ-

তদানীমেবাস্তি নাস্তি চেতি যুজ্যতে। কিঞ্চেদং মণিমন্ত্রৌষধমিন্দ্রজালং কার্য্যেণ শিক্ষিতং, যদিদমজাতানিরুদ্ধাতিশয়মব্যবধানমবিদূরস্থানঞ্চ তস্যৈব তদবস্থেন্দ্রিয়স্য পুংসঃ কদাচিৎ প্রত্যক্ষং পরোক্ষঞ্চ, যেনাঽস্য কদাচিৎ প্রত্যক্ষমুপলম্ভনং, কদাচিদনুমানং, কদাচিদাগমঃ। কার্য্যান্তরব্যবধিরস্য পারোক্ষ্যহেতুরিতি চেৎ, ন, কার্য্যজাতস্য সদাতনত্বাৎ। অথাপি স্যাৎ, কার্য্যান্তরাণি পিণ্ডকপালশর্করাচূর্ণকণপ্রভৃতীনি কুম্ভং ব্যবদধতে, ততঃ কুম্ভস্য পারোক্ষ্যং কদাচিদিতি, তন্ন। তস্য কার্য্যজাতস্য কারণাত্মনঃ সদাতনত্বেন সর্ব্বদা ব্যবধানেন কুম্ভস্যাত্যন্তানুপলব্ধিপ্রসঙ্গাৎ। কাদাচিৎকত্বে বা কার্য্যজাতস্য ন কারণাত্মত্বং, নিত্যত্বানিত্যত্বলক্ষণবিরুদ্ধধর্ম্মসংসর্গস্য ভেদকত্বাৎ। ভেদাভেদয়োশ্চ পরস্পরবিরোধেনৈকত্র সহাসম্ভব ইত্যুক্তম্। তস্মাৎ কারণাৎ কার্য্যমেকান্তত এব ভিন্নম্। ন চ বেদে গবাশ্ববৎ কার্য্যকারণভাবানুপপত্তিরিতি সাম্প্রতম্। অভেদেঽপি কারণরূপবত্তদনুপপত্তেরুক্তত্বাৎ। অত্যন্তভেদে চ কুম্ভকুম্ভকারয়োর্নিমিত্তনৈমিত্তিকভাবস্য দর্শনাৎ। তস্মাদন্যত্বাবিশেষেঽপি সমবায়ভেদ এবোপাদানোপাদেয়ভাবনিয়মহেতুঃ। যস্যাভূত্বা ভবতঃ সমবায়স্তদুপাদেয়ং, যত্র চ সমবায়স্তদুপাদানম্। উপাদানত্বঞ্চ কারণস্য কার্য্যাদল্পপরিমাণস্য দৃষ্টং, যথা তন্ত্বাদীনাং পটাদ্যুপাদানানাং পটাদিভ্যো ন্যূনপরিমাণত্বম্। চিদাত্মনস্ত পরমমহত উপাদানান্নাত্যন্তাল্পপরিমাণমুপাদেয়ং ভবিতুমর্হতি। তস্মাদ্যত্রেদমল্পতারতম্যং বিশ্রাম্যতি—যতো ন ক্ষোদীয়ঃ সম্ভবতি, তজ্জগতোমূলকারণং—পরমাণুঃ। ক্ষোদীয়োঽন্তরানন্ত্যে তু মেরু-রাজসর্ষপয়োস্তুল্যপরিমাণত্বপ্রসঙ্গোঽনন্তাবয়বত্বাদুভয়োঃ। তস্মাৎ পরমমহতো ব্রহ্মণ উপাদানাদভিন্নমুপাদেয়ং জগৎ কার্য্যমভিদধতী শ্রুতিঃ প্রতিষ্ঠিতপ্রামাণ্য-তর্কবিরোধাৎ সহস্রসম্বৎসর-সত্রগতসম্বৎসরশ্রুতিবৎ কথঞ্চিজ্জঘন্যত্ববৃত্ত্যা ব্যাখ্যেয়া-ইত্যধিকং শঙ্কমানং প্রতি সাংখ্যদূষণমতিদিশতি "এতেন" ইতি সূত্রেণ।

উত্থাপন করিতে পারেন। ইহা ভাবিয়া সূত্রকার ব্যাসদেব প্রধানমল্লনিপাতনন্যায়ে এই অতিদেশ-সূত্র বলিয়াছেন। "প্রদর্শিত * যুক্তিতেই শিষ্টগণের অস্বীকৃত পরমাণুকারণবাদপ্রভৃতিও নিরস্ত হইয়াছে, ইহা বিদিত হইবে।"

* যে ব্যক্তি প্রধান যোদ্ধা—যে অধিক বলবান্—দেখা যায় যোদ্ধৃগণ অগ্রে তাহাকেই নিপাতিত করে। সে নিপাতিত হইলে হীনবল মল্লসকল সহজেই নিপাতিত হয়, অথবা ভীত হইয়া পলায়ন করে। ইহাকেই প্রধান-মল্লনিবর্হণ ন্যায় বলে।

বাদাঃ, তেঽপি প্রতিষিদ্ধতয়া ব্যাখ্যাতা নিরাকৃতা বেদিতব্যাঃ, তুল্যত্বাৎ নিরাকরণকারণস্য নাত্র পুনরাশঙ্কিতব্যং কিঞ্চিদস্তি। তুল্যমত্রাপি পরমগম্ভীরস্য জগৎকারণস্য তর্কানবগাহ্যত্বং, তর্কস্য চাপ্রতিষ্ঠিতত্বম্, অন্যথানুমানেঽপ্যবিমোক্ষ আগমবিরোধশ্চ—ইত্যেবঞ্জাতীয়কং নিরাকরণকারণম্ ॥ ২। ১। ১২ ॥

ভোক্ত্রাপত্তেরবিভাগশ্চেৎ, স্যাল্লোকবৎ ॥ ২। ১। ১৩ ॥ *

অন্যথা পুনর্ব্রহ্মকারণবাদস্তর্কবলেনৈবাক্ষিপ্যতে। যদ্যপি শ্রুতিঃ প্রমাণং স্ববিষয়ে ভবতি, তথাপি প্রমাণান্তরেণ

অস্যার্থঃ।—কারণাৎ কার্য্যস্য ভেদং তদনন্যত্বমারম্ভণশব্দাদিভ্য ইত্যত্র নিষেৎস্যামঃ। অবিদ্যাসমারোপণেন চ কার্য্যস্য ন্যূনাধিকভাবমপ্যপ্রয়োজকত্বাদুপেক্ষিষ্যামহে। তেন বৈশেষিকাদ্যভিমতস্য তর্কস্য শুষ্কত্বেনাব্যবস্থিতেঃ সূত্রমিদং সাংখ্যদূষণমতিদিশতি। যত্র কথঞ্চিদ্বেদানুসারিণো মন্বাদিভিঃ শিষ্টৈঃ পরিগৃহীতস্য সাংখ্যতর্কস্যৈষা গতিঃ, তত্র পরমাণ্বাদিবাদস্যাত্যন্তবেদবাহ্যস্য মন্বাদ্যুপেক্ষিতস্য চ কৈব কথেতি। "কেনচিদংশেন" ইতি। সৃষ্ট্যাদয়ো হি ব্যুৎপাদ্যাঃ, তে চ কিঞ্চিৎসদসদ্বা পূর্ব্বপক্ষন্যায়োৎপ্রেক্ষিতমপ্যুদাহৃত্য ব্যুৎপাদ্যন্ত ইতি কেনচিদংশেনেত্যুক্তম্। সুগমমন্যৎ ॥ ২। ১। ১২ ॥

স্যাদেতৎ। অতিগম্ভীরজগৎকারণবিষয়ত্বং তর্কস্য নাস্তি, কেবলাগমগম্যমেতদিত্যুক্তং, তৎ কথং পুনস্তর্কনিমিত্ত আক্ষেপঃ? ইত্যত আহ—"যদ্যপি শ্রুতিঃ প্রমা-

যে সকল যুক্তিতে সাংখ্যের প্রধানকারণবাদ নিরস্ত হইল, সেই সকল যুক্তিতেই মনুপ্রভৃতি ঋষিগণের অগৃহীত পরমাণুকারণবাদ প্রভৃতিও নিরস্ত (খণ্ডিত) হইবেক। নিরাসের কারণ বা যুক্তি সর্ব্বত্রই সমান; সুতরাং সে পক্ষে কোনরূপ শঙ্কার কারণ নাই। জগৎকারণ নিতান্ত দুর্ব্বোধ্য, তর্কের অতীত, তদ্বিষয়ক তর্ক অপ্রতিষ্ঠাদোষদুষ্ট। প্রতিষ্ঠিত তর্কের অনুমান করিলেও তর্কের বা সংসারের মোচন নাই এবং আগম-বিরোধ দোষও হয়, এই সকল কারণে প্রধানবাদ অগ্রাহ্য এবং ঐ সকল কারণে পরমাণুকারণবাদপ্রভৃতিও অগ্রাহ্য ॥ ১২।১।১২ ॥

তর্কবল আশ্রয় করিয়া ব্রহ্মকারণবাদের বিরুদ্ধে অন্য প্রকার আপত্তি উত্থাপন করা হইতেছে। শ্রুতি স্বকীয় অর্থে প্রমাণ সত্য; কিন্তু যে স্থলে স্বকীয় অর্থ অন্যপ্রমাণবিরুদ্ধ হয়, সে স্থলে সে অর্থের ত্যাগ ও অন্য অর্থের (গৌণ অর্থের)

* ব্রহ্মকারণবাদাঙ্গীকারে ভোগ্যস্য ভোক্ত্রাপত্তির্ভোক্তুর্বা ভোগ্যত্বাপত্তিঃ—তয়োরনন্যত্বাশঙ্কা ভবতীতি যাবৎ। ততশ্চাবিভাগঃ প্রসিদ্ধস্য ভোক্তৃভোগ্যবিভাগস্যাভাবো লোপঃ স্যাদিতি চেৎ—যদি কশ্চিৎ চোদয়েৎ, তং প্রতি ব্রূয়াৎ—স্যাৎ লোকবদিতি। অনন্যত্বেঽপি বিভাগব্যবস্থোপপদ্যতে, দৃষ্টান্তসদ্ভাবাদিত্যর্থঃ।

যিনি বলিবেন, ব্রহ্মকারণবাদে 'অমুক ভোক্তা অমুক ভোগ্য' এ ব্যবস্থার অভাব হইতে পারে;

বিষয়াপহারেঽন্যপরা ভবিতুমর্হতি। যথা মন্ত্রার্থবাদৌ। তর্কোঽপি হি স্ববিষয়াদন্যত্রাপ্রতিষ্ঠিতঃ স্যাৎ, যথা ধর্ম্মাধর্ম্ময়োঃ। কিমতঃ—যদ্যেবম্? অত ইদমযুক্তং—যৎ প্রমাণান্তরপ্রসিদ্ধোঽর্থঃ শ্রুত্যা বাধ্যত ইতি। অত্রোচ্যতে, প্রসিদ্ধো হ্যয়ং ভোক্তৃভোগ্যবিভাগো লোকে—ভোক্তা চেতনঃ শারীরঃ, ভোগ্যাঃ শব্দাদয়ো বিষয়া ইতি। যথা ভোক্তা দেবদত্তঃ, ভোজ্য ওদন ইতি। তস্য চ বিভাগস্যাভাবঃ প্রসজ্যেত। যদি ভোক্তাভোগ্যভাবমাপদ্যেত, ভোগ্যং বা ভোক্তৃভাবংমাপদ্যেত, তয়োশ্চেতরেতরভাবাপত্তিঃ পরমকারণাৎ ব্রহ্মণোঽনন্যত্বাৎ প্রসজ্যেত। ন চাস্য প্রসিদ্ধস্য বিভাগস্য বাধনং যুক্তম্।

যথা ত্বদ্যত্বে ভোক্তৃভোগ্যয়োর্ব্বিভাগো দৃষ্টঃ, তথাতীতানাগ-

গম্" ইতি। প্রবৃত্তা হি শ্রুতিরনপেক্ষতয়া স্বতঃ প্রমাণত্বেন ন প্রমাণান্তরমপেক্ষতে, প্রবর্ত্তমানা পুনঃ স্ফুটতরপ্রতিষ্ঠিতপ্রামাণ্য-তর্কবিরোধেন মুখ্যার্থাৎ প্রচ্যাব্য জঘন্যবৃত্তিতাং নীয়তে, যথা মন্ত্রার্থবাদাবিত্যর্থঃ। অতিরোহিতার্থং ভাষ্যম্।

"যথা ত্বদ্যত্বে" ইতি। যদ্যতীতানাগতয়োঃ সর্গয়োরেষ বিভাগো ন ভবেৎ, তত-

গ্রহণ করা হইয়া থাকে। যেমন মন্ত্র ও অর্থবাদ। (মন্ত্রের ও অর্থবাদের যথাশ্রুত অর্থ প্রত্যক্ষাদিপ্রমাণবিরুদ্ধ হয় বলিয়া অন্য অর্থ গৃহীত হইয়া থাকে)। এ দিকে তর্ককেও স্বকীয় বিষয় ব্যতীত অন্য বিষয়ে অপ্রতিষ্ঠিত হইতে দেখা যায়। যেমন ধর্ম্মাধর্ম্ম বিষয়ে। (ধর্ম্মাধর্ম্মবিষয়ক তর্ক প্রতিষ্ঠিত হয় না সত্য; কিন্তু জগদ্ভেদবিষয়ক তর্ক প্রতিষ্ঠিত হয়)। এই দুই কারণে বলিতে পারি, শ্রুতির দ্বারা প্রমাণান্তরপ্রসিদ্ধ পদার্থের বাধা জন্মান যুক্তিবিরুদ্ধ। কোন্ পদার্থের বাধা? বলিতেছি। প্রসিদ্ধো...প্রসজ্যেত] ভোক্তা ও ভোগ্য, এই দুই প্রকার বিভাগ সর্ব্বলোকপ্রসিদ্ধ। চেতন জীব ভোক্তা এবং শব্দাদি বিষয় ভোগ্য। যেমন দেবদত্ত ভোক্তা এবং অন্নাদি ভোগ্য। এই দুই প্রকার বিভাগের লোপ প্রসক্ত হইতেছে। অন্য আপত্তি এই যে, হয় ভোক্তা ভোগ্যভাব প্রাপ্ত হইবেক, না হয় ভোগ্যই ভোক্তৃভাব প্রাপ্ত হইবেক। কারণ এই যে, ব্রহ্ম ব্যতীত অন্য কিছু নাই। ভোক্তা ও ভোগ্য উভয়ই ব্রহ্মস্বরূপের অনতিরিক্ত বলিয়া পরস্পরের পরস্পরত্ব অর্থাৎ অভেদ আপনা হইতেই সিদ্ধ হয়, বিভাগ বা ভেদ থাকে না। [ন চাস্য...দিতি] যে বিভাগ প্রসিদ্ধ, সর্ব্ববিদিত, সে বিভাগের লোপ অযুক্ত।

অনুমান কর, এখন যেমন ভোক্তৃ-ভোগ্যবিভাগ দৃষ্ট হয়, পূর্ব্বেও এইরূপ

কারণ, তন্মতে যিনি ভোক্তা, তিনিই ভোগ্য, এইরূপ নিশ্চয় আছে—বলিলে, তাহাকে বলিবে, দেখাইবে, লোকমধ্যেও অভিন্ন পদার্থের ভেদ ব্যবহার দৃষ্ট হয়। (ভাষ্য ব্যাখ্যা দেখুন।

তয়োরপি কল্পয়িতব্যঃ। তস্মাৎ প্রসিদ্ধস্যাস্য ভোক্তৃভোগ্যবিভাগস্যাভাবপ্রসঙ্গাদযুক্তমিদং ব্রহ্মকারণতাবধারণমিতি চেৎ কশ্চিচ্চোদয়েৎ, তং প্রতি ব্রূয়াৎ—স্যাল্লোকবদিতি।

উপপদ্যত এবায়মস্মৎপক্ষেঽপি বিভাগঃ, এবং লোকে দৃষ্টত্বাৎ। তথা হি—সমুদ্রাদুদকাত্মনোঽনন্যত্বেঽপি তদ্বিকারাণাং ফেণবীচীতরঙ্গবুদ্বুদাদীনামিতরেতরবিভাগ ইতরেতরসংশ্লেষাদিলক্ষণশ্চ ব্যবহার উপলভ্যতে। ন চ সমুদ্রাদুদকাত্মনোঽনন্যত্বেঽপি তদ্বিকারাণাং ফেণতরঙ্গাদীনামিতরেতরভাবাপত্তির্ভবতি। ন চৈতেষামিতরেতরভাবানুপপত্তাবপি সমুদ্রাত্মনোঽনন্যত্বং ভবতি। এবমিহাপি। ন চ ভোক্তৃভোগ্যয়োরিতরেতরভাবাপত্তিঃ, ন চ পরস্মাদ্‌ব্রহ্মণোঽন্যত্বং ভবিষ্যতি। যদ্যপি ভোক্তা ন ব্রহ্মণো বিকারঃ, "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" ইতি স্রষ্টুরেবাবিকৃতস্য কার্য্যানুপ্রবেশেন ভোক্তৃত্বশ্রবণাৎ। তথাপি কার্য্যমনুপ্রবিষ্টস্যাস্তি কার্য্যোপাধিনিমিত্তো বিভাগঃ, আকাশস্যেব ঘটাদ্যুপাধিনিমিত্তঃ,

---

স্তদেবাদ্বৈতনস্য বিভাগস্য বাধকং স্যাৎ, স্বপ্নদর্শনস্যেব জাগ্রদ্দর্শনং, ন ত্বেতদস্তি। অবাধিতাদ্বৈতনদর্শনেন তয়োরপি তথাত্বানুমানাদিত্যর্থঃ। ইমাং শঙ্কামাপাত-

বিভাগ ছিল এবং পরেও থাকিবেক। অতএব, ভোক্তৃ-ভোগ্য বিভাগের অভাবাপত্তি হয় বলিয়া ব্রহ্মকারণবাদ অযুক্ত। যদি কেহ উপরোক্ত প্রকার আপত্তি করেন, তাহা হইলে তাঁহাকে বলিতে হইবেক, ঐ বিভাগ লোকানুসারী। অর্থাৎ লোকমধ্যেও একই বস্তুর বিবিধ ভেদ দৃষ্ট হয়। [উপ...ভবিষ্যতি] আমরা অদ্বয়বাদী, লৌকিক দৃষ্টান্ত থাকায় আমাদের মতেও ঐ বিভাগ উপপন্ন হয়। সমুদ্র জলাত্মক, জলবিকারসকল জলভিন্ন নহে, ভিন্ন না হইলেও, অভিন্ন বা এক হইলেও, ফেণ বুদ্বুদ, লহরী, তরঙ্গ প্রভৃতি বিভাগ দেখা যায়। যেমন ফেণতরঙ্গলহরী প্রভৃতিসকল জলাত্মক সমুদ্র হইতে ভিন্ন নহে বলিয়া তরঙ্গাদির ভেদপ্রসক্তি হয় না। যুক্তির দ্বারা উক্ত বিকারনিচয়ের ভেদ সিদ্ধ না হইলেও সে সকল যেমন সমুদ্রভিন্ন নহে, প্রস্তাবিত স্থলেও ঠিক্ সেইরূপই জানিবে। দৃষ্টান্তের ন্যায় দার্ষ্টান্তিক ভোক্তৃভোগ্যও ভেদভাবাপন্ন নহে, এবং ব্রহ্ম হইতেও ভিন্ন নহে। [যদ্যপি...ত্যুক্তম্] ভোক্তা (জীব) যদিও ব্রহ্মের বিকার নহে, কেন-না, শ্রুতিতে অবিকৃত ব্রহ্মেরই সৃষ্টপদার্থানুপ্রবেশ শুনা যায়, তথাপি, আকাশের দৃষ্টান্তে অনুপ্রবিষ্ট পদার্থের ঔপাধিক বিভাগ মাত্র স্বীকৃত আছে।

ইত্যতঃ পরমকারণাৎ ব্রহ্মণোঽনন্যত্বেঽপ্যুপপন্নো ভোক্তৃভোগ্য-লক্ষণো বিভাগঃ সমুদ্রতরঙ্গাদিন্যায়েনেত্যুক্তম্ ॥ ২ । ১ । ১৩ ॥

তদনন্যত্বমারম্ভণশব্দাদিভ্যঃ ॥ ২ । ১ । ১৪ ॥ *

অভ্যুপগম্য চেমং ব্যবহারিকং ভোক্তৃভোগ্যলক্ষণং বিভাগং "স্যাল্লোকবৎ" ইতি পরিহারোঽভিহিতঃ, ন ত্বয়ং বিভাগঃ পরমার্থ-তোঽস্তি; যস্মাৎ তয়োঃ কার্য্যকারণয়োরনন্যত্বমবগম্যতে। কার্য্যমাকশাদিকং বহুপ্রপঞ্চং জগৎ, কারণং পরং ব্রহ্ম। তস্মাৎ

তোঽবিচারিতলোকসিদ্ধদৃষ্টান্তোপদর্শনমাত্রেণ নিরাকরোতি সূত্রকারঃ "স্যাল্লোক-বৎ" ইতি ॥ ২ । ১ । ১৩ ॥

পরিহাররহস্যমাহ—পূর্ব্বস্মাদবিরোধাদস্য বিশেষাভিধানোপক্রমস্য বিভাগমাহ "অভ্যুপগম্য চেমং" ইতি। স্যাদেতৎ। যদি কারণাৎ পরমার্থভূতাদনন্যত্বমস্যা-কাশাদেঃ প্রপঞ্চস্য কার্য্যস্য, কুতস্তর্হি ন বৈশেষিকাদ্যুক্তদোষপ্রপঞ্চাবতারঃ? ইত্যত আহ—"ব্যতিরেকেণাভাবঃ কার্য্যস্যাবগম্যতে" ইতি। ন খল্বনন্যত্বমিত্যভেদং

(যেমন ঘটাকাশ ও মঠাকাশ প্রভৃতি)। অতএব, পরম কারণ ব্রহ্ম হইতে ভিন্ন না হইলেও প্রদর্শিতপ্রকারে ভোক্তৃভোগ্য-বিভাগব্যবস্থার লোপ হয় না, প্রত্যুত তাহা স্থিরই থাকে ॥ ২ । ১ । ১৩ ॥

ব্যবহারিক ভোক্তৃভোগ্যবিভাগ স্বীকার করিয়া বাদিকৃত পূর্ব্বপক্ষের প্রত্যুত্তর দেওয়া হইল সত্য, কিন্তু পরমার্থদর্শনে ঐ বিভাগই হয় নাই। কেন-না, শাস্ত্রতঃ ও যুক্তিতঃ কার্য্যকারণের ভেদ না থাকাই প্রতীত হয়। আকাশাদি বহু পদার্থান্বিত জগৎ কার্য্য ও পরব্রহ্ম কারণ। জগৎকার্য্য যে ব্রহ্ম-কারণ হইতে অত্যন্ত ভিন্ন নহে, তাহা উপনিষদুক্ত আরম্ভণ বাক্যে ও একাত্মপ্রতিপাদক বাক্যে জানা গিয়াছে।

* তদনন্যত্বং তয়োঃ কার্য্যকারণয়োরভেদঃ—কারণব্যতিরেকেণ কার্য্যস্যাভাব ইতি যাবৎ, আরম্ভণশব্দাদিভ্যোঽবগম্যতে। "বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যম্" ইত্যারম্ভণশব্দঃ। আদিপদাৎ "ঐতদাত্ম্যমিদং সর্ব্বং" ইত্যাদিবিধনেকাত্মপ্রতিপাদকবাক্যজাতং গ্রাহ্যম্।

অমুক ভোক্তা, অমুক ভোগ্য, এ বিভাগ ব্যবহারিক, পারমার্থিক নহে। পারমার্থিক না হইলেও ব্যবহারিক বিভাগ মানিয়া লইয়া প্রত্যুত্তর দেওয়া হইয়াছে। কিন্তু পরমার্থ পক্ষে ঐ বিভাগ—ঐ বিভাগ কেন, কোনও বিভাগই নাই। আরম্ভণবাক্যে ও একাত্মপ্রতিপাদক বাক্যে জানা যায়, কার্য্য ও কারণ এক, ভিন্ন নহে, অর্থাৎ কার্য্য সকল কারণের অনতিরিক্ত। ফলিতার্থ এই যে, কার্য্যমাত্রই কারণাতিরিক্ত নহে।

কারণাৎ পরমার্থতোঽনন্যত্বং ব্যতিরেকেণাভাবঃ কার্য্যস্যাবগম্যতে। কুতঃ? আরম্ভণশব্দাদিভ্যঃ।

আরম্ভণশব্দস্তাবদেকবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানং প্রতিজ্ঞায় দৃষ্টান্তাপেক্ষায়ামুচ্যতে—"যথা সোম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃন্ময়ং বিজ্ঞাতং স্যাদ্বাচারম্ভণং বিকারো নামধেয়ং, মৃত্তিকেত্যেব-সত্যম্" ইতি। এতদুক্তং ভবতি—একেন মৃৎপিণ্ডেন পরমার্থতো মৃদাত্মনা বিজ্ঞাতেন ঘট-শরাবোদঞ্চনাদিকং মৃদাত্মত্বাবিশেষাদ্বিজ্ঞাতং ভবেৎ। যতো বাচারম্ভণং বিকারো নামধেয়ং—বাচৈব কেবলমস্তীত্যারভ্যতে বিকারঃ—ঘটঃ শরাব উদঞ্চনঞ্চেতি, ন তু বস্তুবৃত্তেন বিকারো নাম কশ্চিদস্তি। নামধেয়-মাত্রং হ্যেতদনৃতং, মৃত্তিকেত্যেব সত্যমিতি। এষ ব্রহ্মণো দৃষ্টান্ত

ক্রমঃ, কিন্তু ভেদং ব্যাসেধামঃ। ততশ্চ নাভেদাশ্রয়দোষপ্রসঙ্গঃ, কিন্তুভেদং ব্যাসে-ধদ্ভির্ব্বৈশেষিকাদিভিরস্মাস্থ সাহায্যকমেবাচরিতং ভবতি।

ভেদনিষেধহেতুং ব্যাচষ্টে "আরম্ভণশব্দস্তাবৎ" ইতি। এবং হি ব্রহ্মজ্ঞানেন সর্ব্বং জগৎ তত্ত্বতো জ্ঞায়েত, যদি ব্রহ্মৈব তত্ত্বং জগতো ভবেৎ। যথা রজ্জ্বাং জ্ঞাতায়াং ভুজঙ্গতত্ত্বং জ্ঞাতং ভবতি। সা হি তস্য তত্ত্বম্। তত্ত্বজ্ঞানঞ্চ জ্ঞানমতোঽন্যন্মিথ্যা-জ্ঞানমজ্ঞানমেব। অত্রৈব বৈদিকো দৃষ্টান্তঃ "যথা সোম্যৈকেন মৃৎপিণ্ডেন" ইতি। স্যাদেতৎ। মৃদি জ্ঞাতায়াং কথং মৃন্ময়ং ঘটাদি জ্ঞাতং ভবতি। ন হি তন্মৃদাত্মক-মিত্যুপপাদিতমধস্তাৎ, তস্মাত্তত্ত্বতো ভিন্নম্। ন চান্যস্মিন্ বিজ্ঞাতেঽন্যদ্বিজ্ঞাতং ভবতীত্যত আহ শ্রুতিঃ "বাচারম্ভণং বিকারো নামধেয়ম্" বাচয়া কেবলমারভ্যতে বিকারজাতং, ন তু তত্ত্বতোঽস্তি, যতো নামধেয়মাত্রমেতৎ। যথা পুরুষস্য

[আরম্ভণ...ৰতি]। আরম্ভণবাক্য কি, তাহা বলিতেছি। ছান্দোগ্য শ্রুতি একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান সিদ্ধ হওয়ার কথা বলিয়া দৃষ্টান্তপ্রদর্শনার্থ বলিয়াছেন—"হে সোম্য—শ্বেতকেতো, যেমন মৃত্তিকা জানিলে সমস্ত মৃন্ময় বস্তু জানা হয়। জানা হয় যে, মৃত্তিকাই সত্য; বাক্যসৃষ্ট বিকারসকল নাম ব্যতীত অন্য কিছু নহে।" এই বাক্যে বলা হইয়াছে, মৃত্তিকাই ঘটশরাবাদির পারমার্থিক রূপ। 'ঘট' 'শরাব' এ সকল কেবল নাম অর্থাৎ কথামাত্র; সুতরাং মৃত্তিকা জানিলে ঘটশরাবাদি সমস্ত মৃন্ময় বস্তুই জানা হয়। ঘট, শরাব, উদঞ্চন (জালা), এ সকল মৃত্তিকা ছাড়া নহে, মৃত্তিকাই উহাদের রূপ; সুতরাং মৃত্তিকাই সত্য; তদ্বিকারসকল মিথ্যা বা নামমাত্র (মৃত্তিকাই ঘটাদির পারমার্থিক রূপ। মৃত্তিকার অন্যসংস্থান কাল্প-নিক)। [এব...দিনা] ব্রহ্মেও এই দৃষ্টান্ত দর্শিত হইয়াছে। এই শ্রৌত

আম্নাতঃ। তত্র শ্রুতত্বাদ্বাচারম্ভণশব্দাৎ দার্ষ্টান্তিকেঽপি ব্রহ্ম-ব্যতিরেকেণ কার্য্যজাতস্যাভাব ইতি গম্যতে। পুনশ্চ তেজো-ঽবন্নানাং ব্রহ্মকার্য্যতামুক্ত্বা তেজোঽবন্নকার্য্যাণাং তেজোঽবন্ন-ব্যতিরেকেণাভাবং ব্রবীতি—"অপাগাদগ্নেরগ্নিত্বং, বাচারম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণি রূপাণীত্যেব সত্যম্" ইত্যাদিনা। "আরম্ভণশব্দাদিভ্যঃ" ইত্যাদিশব্দাৎ "ঐতদাত্ম্যমিদং সর্ব্বং, তৎ সত্যং, স আত্মা, তত্ত্বমসি", "ইদং সর্ব্বং যদয়মাত্মা" "ব্রহ্মৈবেদং সর্ব্বং, "আত্মৈবেদং সর্ব্বং", "নেহ নানাস্তি কিঞ্চন" ইত্যেব-মাদ্যপ্যাত্মৈকত্বপ্রতিপাদনপরং বচনজাতমুদাহর্ত্তব্যম্। ন চান্যথা একবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানং সম্পদ্যতে। তস্মাদ্ যথা ঘটকরকাদ্যা-কাশানাং মহাকাশাদনন্যত্বং, যথা চ মৃগতৃষ্ণিকোদকাদীনামূষরাদি-

চৈতন্যমিতি রাহোঃ শির ইতি চ বিকল্পমাত্রম্। যথাহুর্ব্বিকল্পবিদঃ 'শব্দজ্ঞানানু-পাতী বস্তুশূন্যো বিকল্পঃ' ইতি। তথা চাবস্তুতয়া ঽনৃতং বিকারজাতং, মৃত্তিকেত্যেব সত্যম্। তস্মাদ্ঘটশরাবোদঞ্চনাদীনাং তত্ত্বং মৃদেব। তেন মৃদি জ্ঞাতায়াং তেষাং সর্ব্বেষামেব তত্ত্বং জ্ঞাতং ভবতি। তদিদমুক্তং "ন চান্যথৈকবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানং সম্পদ্যতে" ইতি। নিদর্শনান্তরদ্বয়ং দর্শয়ন্নুপসংহরতি "তস্মাদ্যথা ঘটকরকাদ্যা-কাশানাং" ইতি। যে হি দৃষ্টনষ্টস্বরূপাঃ ন তে বস্তুসন্তঃ, যথা মৃগতৃষ্ণিকোদকাদয়ঃ। তথা চ সর্ব্বং বিকারজাতং, তস্মাদবস্তুসৎ। তথাহি—যদস্তি তদস্ত্যেব, যথা চিদাত্মা। ন হ্যসৌ কদাচিৎ ক্বচিৎ কথঞ্চিন্নাস্তি, কিন্তু সর্ব্বদা সর্ব্বত্র সর্ব্বথাস্ত্যেব, ন নাস্তি। ন চৈবং বিকারজাতং, তস্য কদাচিৎ কথঞ্চিৎ কুত্রচিদবস্থানাৎ। তথাহি

'আরম্ভণ' বাক্যে জানা যাইতেছে, মৃত্তিকার ও মৃত্তিকাকার্য্যের দৃষ্টান্তে কারণ-ব্রহ্ম ব্যতিরিক্ত কার্য্যভূত জগৎ নাই। অন্য শ্রুতিও তেজ, জল ও পৃথিবীকে ব্রহ্মোৎ-পন্ন বলিয়া অবশেষে সে সকল ব্যতিরিক্ত সে সকলের কার্য্যের (তৈজস প্রভৃতি পদার্থের) অভাব বলিয়াছেন। যথা—"অগ্নির অগ্নিত্ব চলিয়া যায়। বিকার সকল কেবল নাম, নাম সকল বাক্যসৃষ্ট। রূপত্রয় বা তন্মাত্ররূপতাই তাহাদের সত্য।" [আরম্ভণ...দ্রষ্টব্যম্] সূত্রে 'আদি' শব্দ থাকায় "এ সকল ব্রহ্মাত্মক" "তিনিই সত্য,—তিনিই আত্মা" "তিনিই তুমি" "আত্মাই এ সমুদয়" "এ সমুদয় ব্রহ্ম" "আত্মাই এ সমস্ত" "এই আত্মায় কোনরূপ নানাত্ব (ভেদ) নাই" এইরূপ এইরূপ আত্মাদ্বৈতবোধক বচনসমূহ উদাহরণার্থ গৃহীত হইবেক। ব্রহ্মই এ সমুদয়, ইহা অস্বীকার করিলে, একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান সিদ্ধ বা সম্পন্ন হইবে

ভ্যোঽনন্যত্বং দৃষ্টনষ্টস্বরূপত্বাৎ, স্বরূপেণ ত্বনুপাখ্যত্বাৎ, এবমস্য ভোগ্যভোক্তৃত্বাদিপ্রপঞ্চজাতস্য ব্রহ্মব্যতিরেকেণাভাব ইতি দ্রষ্টব্যম্।

নন্বনেকাত্মকং ব্রহ্ম, যথা বৃক্ষোঽনেকশাখঃ, এবমনেকশক্তি-প্রবৃত্তিযুক্তং ব্রহ্ম, অত একত্বং নানাত্বঞ্চোভয়মপি সত্যমেব, যথা বৃক্ষ ইত্যেকত্বং, শাখা ইতি চ নানাত্বং, যথা চ সমুদ্রাত্ম-

---

সৎস্বভাবং চেদ্বিকারজাতং, কথং কদাচিদসৎ অসৎস্বভাবঞ্চেৎ কথং কদাচিৎ সৎ। সদসতোরেকত্ববিরোধাৎ। ন হি রূপং কদাচিৎ ক্বচিৎ কথঞ্চিদ্বা গন্ধো ভবতি। অথ তস্য সদসত্ত্বে ধর্ম্মৌ, তে চ স্বকারণাধীনজন্মতয়া কদাচিদেব ভবতঃ, তৎ তর্হি বিকারজাতং দণ্ডায়মানং সদাতনমিতি ন বিকারঃ কস্যচিৎ। অথাসত্ত্বসময়ে তন্নাস্তি, কস্য তর্হি ধর্ম্মোঽসত্ত্বম্। ন হি ধর্ম্মিণ্যপ্রত্যুৎপন্নে তদ্ধর্ম্মোঽসত্ত্বং প্রত্যুৎ-পন্নমুপপদ্যতে। অথাস্য ন ধর্ম্মঃ কিন্ত্বর্থান্তরমসত্ত্বং, কিমায়াতং ভাবস্য। ন হি ঘটে জাতে পটস্য কিঞ্চিদ্ভবতি। অসত্ত্বং ভাববিরোধীতি চেৎ, ন। অকিঞ্চিৎ-করস্য তত্ত্বানুপপত্তেঃ, কিঞ্চিৎকরত্বে বা যত্রাপ্যসত্ত্বেন তদনুযোগসম্ভবাৎ। অথাস্যা-সত্ত্বং নাম কিঞ্চিন্ন জায়তে, কিন্তু স এব ন ভবতি। যথাহুঃ—

'ন তস্য কিঞ্চিদ্ভবতি ন ভবত্যেব কেবলম্।' ইতি।

অথৈষ প্রসহ্যপ্রতিষেধো নিরুচ্যতাম্। কিং তৎস্বভাবো ভাবঃ? উত ভাব-স্বভাবঃ স ইতি। তত্র পূর্ব্বস্মিন্ কল্পে ভাবানাং তৎস্বভাবতয়া তুচ্ছতয়া জগৎ শূন্যং প্রসজ্যেত। তথা চ ভাবানুভবাভাবঃ। উত্তরস্মিংস্তু সর্ব্বভাবনিত্যতয়া নাভাবব্যবহারঃ স্যাৎ। কল্পনামাত্রনিমিত্তত্বেঽপি নিষেধস্য ভাবনিত্যতাপত্তি-স্তদবস্থৈব। তস্মাত্তিন্নমস্তি কারণাদ্বিকারজাতং, ন বস্তুসৎ। অতো বিকারজাতম-নির্ব্বচনীয়মনৃতম্। তদনেন প্রমাণেন সিদ্ধমনৃতত্বং বিকারজাতস্য, কারণস্য নির্ব্বাচ্যতয়া সত্ত্বং—মৃত্তিকেত্যেব সত্যমিত্যাদিনা প্রবন্ধেন দৃষ্টান্ততয়ানুবদতি শ্রুতিঃ। 'যত্র লৌকিকপরীক্ষকাণাং বুদ্ধিসাম্যং স দৃষ্টান্তঃ' ইতি চাক্ষপাদসূত্রং প্রমাণসিদ্ধো দৃষ্টান্ত ইত্যেতৎপরং, ন পুনর্লোকসিদ্ধত্বমত্র বিবক্ষিতম্। অন্যথা তেষাং পরমাণ্বাদির্ন দৃষ্টান্তঃ স্যাৎ। ন হি পরমাণ্বাদিনৈসর্গিক-বৈনয়িক (বৈশেষি-কেতি পাঠান্তরম্) বুদ্ধ্যতিশয়রহিতানাং লৌকিকানাং সিদ্ধ ইতি।

সম্প্রত্যনেকান্তবাদিনমুত্থাপয়তি "নন্বনেকাত্মকং" ইতি। অনেকাভিঃ শক্তি-

---

না। অতএব, যেমন ঘটাকাশ প্রভৃতি মহাকাশ হইতে ভিন্ন নহে, মৃগতৃষ্ণিকা যেমন ঊষরভূমির অনতিরিক্ত, তেমনি, ভোক্তৃভোগ্যপ্রপঞ্চও ব্রহ্মের অনতিরিক্ত। অর্থাৎ পরমার্থদর্শনে অদ্বয় ব্রহ্মই আছেন, অন্য কিছুই নাই।

[নন্বনেকাত্মকং...স্যান্তীতি] যদি বল, ব্রহ্ম অনেকাত্মক—বৃক্ষ যেমন বহুশাখান্বিত, ব্রহ্মও তেমনি বহুশক্তি-প্রবৃত্তিযুক্ত, সুতরাং ব্রহ্মের একত্ব ও নানাত্ব উভয়ই সত্য। বৃক্ষ যেমন বৃক্ষরূপে এক, কিন্তু শাখাপল্লবাদিরূপে নানা; সমুদ্র যেমন সমুদ্ররূপে

নৈকত্বং, ফেণতরঙ্গাদ্যাত্মনা নানাত্বং, যথা চ মৃদাত্মনৈকত্বং, ঘটশরাবাদ্যাত্মনা নানাত্বং, তত্র একত্বাংশেন জ্ঞানান্মোক্ষব্যবহারঃ সেৎস্যতি, নানাত্বাংশেন তু কর্ম্মকাণ্ডাশ্রয়ৌ লৌকিকবৈদিক-ব্যবহারৌ সেৎস্যত ইতি। এবঞ্চ মৃদাদিদৃষ্টান্তা অনুরূপা ভবিষ্যন্তীতি।

নৈবং স্যাৎ। মৃত্তিকেত্যেব সত্যমিতি প্রকৃতিমাত্রস্য দৃষ্টান্তে সত্যত্বাবধারণাৎ। বাচারম্ভণশব্দেন চ বিকারজাতস্যানৃতত্বাভিধানাৎ। দার্ষ্টান্তিকেঽপি "ঐতদাত্ম্যমিদং সর্ব্বং, তৎসত্যম্" ইতি চ পরমকারণস্যৈবৈকস্য সত্যত্বাবধারণাৎ। "স আত্মা, তত্ত্বমসি শ্বেতকেতো" ইতি চ শারীরস্য ব্রহ্মভাবোপদেশাৎ।

ভির্যাঃ প্রবৃত্তয়ো নানাকার্য্যস্যষ্টয়ঃ, তদ্যুক্তং ব্রহ্মৈকং নানা চেতি। কিমতো যদ্যেবমিত্যত আহ—"তত্রৈকত্বাংশেন" ইতি। যদি পুনরেকত্বমেব বস্তুসম্ভবেৎ, ততো নানাত্বাভাবাদ্বৈদিকঃ কর্ম্মকাণ্ডাশ্রয়ো লৌকিকশ্চ ব্যবহারঃ সমস্ত এবোচ্ছিদ্যেত। ব্রহ্মগোচরাশ্চ শ্রবণমননাদয়ঃ সর্ব্বে দত্তজলাঞ্জলয়ঃ প্রসজ্যেরন্। এবঞ্চানেকাত্মকত্বে ব্রহ্মণো মৃদাদিদৃষ্টান্তা অনুরূপা ভবিষ্যন্তীতি। তমিমমনেকান্তবাদং দূষয়তি "নৈবং স্যাৎ" ইতি। ইদং তাবদত্র বক্তব্যং। মৃদাত্মনৈকত্বং, ঘটশরাবাদ্যাত্মনা নানাত্বমিতি বদতঃ কার্য্যকারণয়োঃ পরস্পরং কিমভেদোঽভিমতঃ? আহো ভেদঃ? উত ভেদাভেদাবিতি। তত্রাভেদ ঐকান্তিকে মৃদাত্মনেতি চ ঘটশরাবাদ্যাত্মনেতি চোল্লেখদ্বয়ং নিয়মশ্চ নোপপদ্যতে। ভেদে চোল্লেখদ্বয়নিয়মাবুপপন্নৌ, আত্মনেতি ত্বসমঞ্জসম্। ন হ্যন্যস্যান্য আত্মা ভবতি। ন চানেকাত্মবাদঃ। ভেদাভেদকল্পেতু উল্লেখদ্বয়ং ভবেদপি। নিয়মস্ত্বযুক্তঃ। নহি ধর্ম্মিণোঃ কার্য্যকারণয়োঃ সঙ্করে তদ্ধর্ম্মাবেকত্বনানাত্বে ন সঙ্কীর্য্যেতে ইতি সম্ভবতি। ততশ্চ মৃদাত্মনৈকত্বং যাবদ্ভবতি, তাবদ্ঘটশরাবাদ্যাত্মনাপি স্যাৎ। এবং ঘটশরাবাদ্যাত্মতা নানাত্বং যাবদ্ভবতি, তাবন্-

---

এক, কিন্তু ফেণতরঙ্গাদিরূপে নানা; মৃত্তিকা যেমন মৃত্তিকারূপে এক, আবার ঘটাদিরূপে নানা; এইরূপ ব্রহ্মও ব্রহ্মভাবে এক, কিন্তু জীবাদিভাবে নানা। এতন্মধ্যে একত্বাংশে মোক্ষব্যবহার ও নানাত্বাংশে লৌকিক বৈদিক ব্যবহার সিদ্ধ হইতে পারে। এ ব্যবস্থাতেও মৃত্তিকাদি দৃষ্টান্ত অনুরূপ হয় অর্থাৎ সঙ্গত হয়।

[নৈবং...ভাবম্] এ বিষয়ে আমরা বলি, তাহা হয় না। অর্থাৎ উক্ত ব্যবস্থাও অসঙ্গত। শ্রুতি দৃষ্টান্তবাক্যে মৃত্তিকাকে সত্য বলিয়া জানাইয়াছেন—প্রকৃতি কারণই সত্য, তদাশ্রিত কার্য্য সকল মিথ্যা। কার্য্যের মিথ্যাত্ব বাচারম্ভণ শব্দে ব্যক্ত হইয়াছে। দার্ষ্টান্তিক বাক্যেও (যাহার বোধার্থ দৃষ্টান্ত দেখান হয়, তাহা দার্ষ্টান্তিক। এখানে দার্ষ্টান্তিক—জগৎকারণ ব্রহ্ম)। অদ্বয় পরম কারণের

স্বয়ংপ্রসিদ্ধং হ্যেতচ্ছারীরস্য ব্রহ্মাত্মত্বমুপদিশ্যতে, ন যত্নান্তর-প্রসাধ্যম্। অতশ্চেদং শাস্ত্রীয়ং ব্রহ্মাত্মত্বমভ্যুপগম্যমানং স্বাভাবিকস্য শারীরাত্মত্বস্য বাধকং সম্পদ্যতে—রজ্জ্বাদিবুদ্ধয় ইব সর্পাদিবুদ্ধীনাম্। বাধিতে চ শারীরাত্মত্বে তদাশ্রয়ঃ সমস্তঃ স্বাভাবিকো ব্যবহারো বাধিতো ভবতি, যৎপ্রসিদ্ধয়ে নানাত্বাংশোঽপরো ব্রহ্মণঃ কল্প্যেত। দর্শয়তি চ "যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ, তৎ কেন কং পশ্যেৎ" ইত্যাদিনা ব্রহ্মাত্মত্বদর্শিনং প্রতি সমস্তস্য ক্রিয়াকারকফললক্ষণস্য ব্যবহারস্যাভাবম্।

মৃদাত্মনা নানাত্বং ভবেৎ। সোঽয়ং নিয়মঃ কার্য্যকারণয়োরৈকান্তিকং ভেদমুপ কল্পয়ত্যনির্ব্বচনীয়তাং বা কার্য্যস্য। পরাক্রান্তঞ্চাস্মাভিঃ প্রথমাধ্যায়ে তৎ। আস্তাং তাবৎ। তদেতদ্যুক্তিনিরাকৃতমনুবদন্তীং শ্রুতিমুদাহরতি।—"মৃত্তিকেত্যেব সত্যং" ইতি। স্যাদেতৎ। ন ব্রহ্মণো জীবভাবঃ কাল্পনিকঃ, কিন্তু ভাবিকঃ, অংশো হি সঃ, তস্য কর্ম্মসহিতেন জ্ঞানেন ব্রহ্মভাব আধীয়ত ইত্যত আহ। "স্বয়ং প্রসিদ্ধং হি" ইতি। স্বাভাবিকস্যানাদেরিতি। যদুক্তং নানাত্বাংশেন তু কর্ম্মকাণ্ডাশ্রয়ো লৌকিকশ্চ ব্যবহারঃ সেৎস্যতীতি, তত্রাহ।—"বাধিতে চ" ইতি। যাবদবাধং হি সর্ব্বোঽয়ং ব্যবহারঃ স্বপ্নদশায়ামিব তদুপদর্শিতপদার্থজাতব্যবহারঃ। স চ যথা জাগ্রদবস্থায়াং বাধকান্নিবর্ত্ততে, এবং তত্ত্বমস্যাদিবাক্যপরিভাবনাভ্যাসপরিপাকভুবা শারীরস্য ব্রহ্মাত্মভাবসাক্ষাৎকারেণ বাধকেন নিবর্ত্ততে। স্যাদেতৎ। 'যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূত্তৎ, কেন কং পশ্যেৎ" ইত্যাদিনা মিথ্যাজ্ঞানাধীনে ব্যবহারঃ ক্রিয়াকারকাদিলক্ষণঃ সম্যগ্‌জ্ঞানেনাপনীয়ত ইতি ন ব্রূতে;' কিন্ত্ববস্থাভেদাশ্রয়ো ব্যবহারোঽবস্থান্তরপ্রাপ্তৌ নিবর্ত্ততে, যথা বালকস্য কামচারবাদভক্ষতোপনয়নপ্রাপ্তৌ নিবর্ত্ততে।

সত্যতাবধারণ ও জীবের ব্রহ্মতা উপদিষ্ট আছে। জীবের ব্রহ্মভাব জন্য নহে, অর্থাৎ উৎপাদ্য নহে, তাহা স্বতঃসিদ্ধ। এই শাস্ত্রীয় ব্রহ্মাত্মতা অনাদি জীব-ভাবের বাধা (লোপ) জন্মায়। সর্পবুদ্ধি রজ্জুবুদ্ধির যেরূপ বাধক, শাস্ত্রীয় ব্রহ্মাত্মজ্ঞানও সেইরূপ জীবভাব-জ্ঞানের বাধক। জীবভাব বিনষ্ট হইলেই তদাশ্রিত সমুদয় অনাদি ব্যবহার—যে সকল ব্যবহার স্থাপনার্থ ব্রহ্মের নানাত্ব কল্পনা করিতেছ, সেই সকল ব্যবহার বিলুপ্ত হইবে, কিছুই থাকিবে না। শ্রুতিও "যখন এ সমুদয় আত্মভূত হইবে, তখন কে কি দিয়া কি দেখিবে?" এইরূপ এইরূপ বাক্যে ব্রহ্মাত্মদর্শীর লৌকিক ও বৈদিক নিখিল ব্যবহারের অভাব হওয়ার কথা বলিয়াছেন।

ন চায়ং ব্যবহারাভাবোঽবস্থাবিশেষনিবন্ধোঽভিধীয়ত ইতি যুক্তং বক্তুম্। তত্ত্বমসীতি ব্রহ্মাত্মভাবস্যানবস্থাবিশেষনিবন্ধনত্বাৎ। তস্করদৃষ্টান্তেন চানৃতাভিসন্ধস্য বন্ধনং, সত্যাভিসন্ধস্য মোক্ষং দর্শয়ন্নেকত্বমেবৈকং পারমার্থিকং দর্শয়তি, মিথ্যাজ্ঞানবিজৃম্ভিতঞ্চ নানাত্বম্। উভয়সত্যতায়াং হি কথং ব্যবহারগোচরোঽপি জন্তুরনৃতাভিসন্ধ ইত্যুচ্যতে। "মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি, য ইহ নানেব পশ্যতি" ইতি চ ভেদদৃষ্টিমপবদন্নেতদেব দর্শয়তি। ন চাস্মিন্ দর্শনে জ্ঞানান্মোক্ষ ইত্যুপপদ্যতে। সম্যগ্‌জ্ঞানাপনোদ্যস্য কস্যচিন্মিথ্যাজ্ঞানস্য সংসারকারণত্বেনানভ্যুপগমাৎ। উভয়স্য সত্যতায়াং হি কথমেকত্বজ্ঞানেন নানাত্বজ্ঞানমপনুদ্যত ইত্যুচ্যতে।

ন চ তাবতাসৌ মিথ্যাজ্ঞাননিবন্ধনো, ভবতি এবমত্রাপীত্যত আহ—"ন চায়ং ব্যবহারাভাবঃ" ইতি। কুতঃ, "তত্ত্বমসীতি ব্রহ্মাত্মভাবস্য" ইতি। ন খল্বেতদ্বাক্যমবস্থাবিশেষবিনিয়তং ব্রহ্মাত্মভাবমাহ জীবস্য, অপি তু ন ভুজঙ্গো রজ্জুরিয়মিতিবৎ সদাতনং তমভিবদতি। অপি চ সত্যানৃতাভিধানেনাপ্যেতদেব যুক্তমিত্যাহ—"তস্করদৃষ্টান্তেন চ" ইতি। "ন চাস্মিন্ দর্শনে" ইতি। ন হি জাতু কঠস্য দণ্ডকমণ্ডলুকুণ্ডলশালিনঃ কুণ্ডলিজ্ঞানং দণ্ডবত্তাং কমণ্ডলুমত্তাং বাধতে। তৎ কস্য হেতোঃ। তেষাং কুণ্ডলাদীনাং তস্মিন্ ভাবিকত্বাৎ। তদ্বদিহাপি ভাবিকগোচরেণৈকাত্ম্যজ্ঞানেন ন নানাত্বং ভাবিকমপবদনীয়ম্। ন হি জ্ঞানেন বস্ত্বপনীয়তে, অপি তু মিথ্যাজ্ঞানেনারোপিতমিত্যর্থঃ।

[ন চায়ং...নানাত্বম্] এমন বলিতে পারিবে না যে, ঐ ব্যবহারাভাব অবস্থাবিশেষজনিত। কেন-না 'তত্ত্বমসি' মহাবাক্যে দেখা যায়, ঐরূপ ব্যবহারাভাবই পারমার্থিক, অবস্থানিবন্ধন নহে। শ্রুতি তস্করের দৃষ্টান্ত দিয়া সত্যবাদীর মুক্তি ও মিথ্যাবাদীর বন্ধন উপদেশ করায় স্পষ্টই বুঝা যাইতেছে যে, একত্বই পারমার্থিক, আর নানা কেবল মিথ্যাবিজৃম্ভিত। [উভয়...দর্শয়তি] একত্ব ও নানাত্ব উভয়ই সত্য হইলে, শ্রুতি ভেদদর্শীকে মিথ্যাভিসন্ধ বলিবেন কেন? শ্রুতি "যে লোক পরমাত্মায় নানাত্বদর্শন করে, সে মৃত্যু প্রাপ্ত হয়" এতদ্বাক্যে ভেদদর্শনের নিন্দা করিয়াছেন; করিয়া একেরই সত্যতা দেখাইয়াছেন। [ন চাস্মিন্...ইত্যুচ্যতে] ভেদাভেদ মতে জ্ঞানের মুক্তিকারণতাও অনুপপন্ন হয়। হেতু এই যে, সম্যক্‌জ্ঞাননাশ্য মিথ্যাজ্ঞান যে, সংসারের (বন্ধনের) কারণ, ইহা তাঁহাদের অস্বীকার্য্য হয়। উভয়-সত্যবাদী বলিতে পারিবেন না যে, একত্বজ্ঞান নানাত্বজ্ঞানের নাশক। কেন-না, তাহাদের মতে নানাত্বও একত্বেরই মত সত্য।

নম্বেকত্বৈকান্তাভ্যুপগমে নানাত্বাভাবাৎ প্রত্যক্ষাদীনি লৌকিকানি প্রমাণানি ব্যাহন্যেরন্, নির্ব্বিষয়ত্বাৎ—স্থাণ্বাদিম্বিব পুরুষাদিজ্ঞানানি, তথা বিধিপ্রতিষেধশাস্ত্রমপি ভেদাপেক্ষত্বাৎ তদভাবে ব্যাহন্যেত, মোক্ষশাস্ত্রস্যাপি শিষ্য-শাসিত্রাদিভেদাপেক্ষত্বাৎ তদভাবে ব্যাঘাতঃ স্যাৎ। কথং চানৃতেন মোক্ষশাস্ত্রেণ প্রতিপাদিতস্যাত্মৈকত্বস্য সত্যত্বমুপপদ্যেত ইতি।

অত্রোচ্যতে,—নৈষ দোষঃ। সর্ব্বব্যবহারাণামেব। প্রাগ্‌ ব্রহ্মাত্মতাবিজ্ঞানাৎ সত্যত্বোপপত্তেঃ স্বপ্নব্যবহারস্যেব প্রাক্

চোদয়তি।—"নম্বেকত্বৈকান্তাভ্যুপগমে" ইতি। অবাধিতানধিগতাসন্দিগ্ধবিজ্ঞানসাধনং প্রমাণমিতি প্রমাণসামান্যলক্ষণোপপত্ত্যা প্রত্যক্ষাদীনি প্রমাণতামর্শ্নুবতে। একত্বৈকান্তাভ্যুপগমে তু তেষাং সর্ব্বেষাং ভেদবিষয়াণাং বাধিতত্বাদপ্রামাণ্যং প্রসজ্যেত। তথা বিধিপ্রতিষেধশাস্ত্রমপি ভাবনা-ভাব্য-ভাবক-করণেতিকর্ত্তব্যতাভেদাপেক্ষত্বাদ্ব্যাহন্যেত ; তথা চ নাস্তিক্যম্, একদেশাক্ষেপেণ চ সর্ব্ববেদাক্ষেপাদ্বেদান্তানামপ্যপ্রামাণ্যমিত্যভেদৈকান্তাভ্যুপগমহানিঃ। ন কেবলং বিধিনিষেধাক্ষেপেণাস্য মোক্ষশাস্ত্রস্যাক্ষেপঃ, স্বরূপেণাস্যাপি ভেদাপেক্ষত্বাদিত্যাহ—"মোক্ষশাস্ত্রস্যাপি" ইতি। অপি চাস্মিন্ দর্শনে বর্ণপদবাক্যপ্রকরণাদীনামলীকত্বাৎ তৎপ্রভবমদ্বৈতজ্ঞানমসমীচীনং ভবেৎ। ন খল্বলীকাৎ ধূমাদ্ধূমকেতনজ্ঞানং সমীচীনমিত্যাহ—"কথঞ্চানৃতেন মোক্ষশাস্ত্রেণ" ইতি।

পরিহরতি—"অত্রোচ্যতে" ইতি। যদ্যপি প্রত্যক্ষাদীনাং তাত্ত্বিকমবাধিতত্বং নাস্তি, যুক্ত্যাগমাভ্যাং বাধনাৎ, তথাপি ব্যবহারে বাধনাভাবাৎ সাম্ব্যবহারিকমবাধনম্। ন হি প্রত্যক্ষাদিভিরর্থং পরিচ্ছিদ্য প্রবর্ত্তমানো ব্যবহারে বিসম্বাদ্যতে

[নম্বেক...প্রবোধাৎ] বলিতে পার, আত্যন্তিক একত্ব স্বীকার করিতে গেলে নানাত্ব থাকে না, নানাত্বই মিথ্যা হইয়া যায়, নানাত্ব মিথ্যা হইলে প্রত্যক্ষাদি প্রমাণও মিথ্যাবিষয়ক বলিয়া মিথ্যা হয়। স্থাণুতে (স্থাণু—মুড়োগাছ) মনুষ্যজ্ঞান যদ্রূপ, অসত্যে সত্যজ্ঞানও তদ্রূপ (মিথ্যা বা ভ্রম)। অপিচ, বিধি-নিষেধশাস্ত্র মাত্রই ভেদসাপেক্ষ, ভেদ না থাকিলে তাহারও ব্যাঘাত হয়। মোক্ষশাস্ত্রও ভেদসাপেক্ষ—গুরু শিষ্য প্রভৃতি বিভিন্ন পদার্থ অবলম্বনে প্রবৃত্ত। ভেদ মিথ্যা হইলে সুতরাং মোক্ষশাস্ত্রও মিথ্যা হইবেক। যদি মোক্ষশাস্ত্রকেও মিথ্যা বল, তাহা হইলে তৎপ্রতিপাদিত একাত্মবাদের সত্যতাও অবশ্য অনুপপন্ন হইবে।

ইহার প্রত্যুত্তর এই যে, একত্বের সত্যতা পক্ষে ঐ সকল দোষ বা আপত্তি হইতেই পারে না। কারণ, ব্রহ্মাত্মতাজ্ঞানের পূর্ব্বে সমস্ত ব্যবহারেরই সত্যতা (ব্যবহারিক সত্যতা) উপপন্ন হইতে পারে। প্রবোধের পূর্ব্বে স্বাপ্ন ব্যবহারের সত্যতা

প্রবোধাৎ। যাবদ্ধি ন সত্যাত্মৈকত্বপ্রতিপত্তিঃ, তাবৎ প্রমাণ-প্রমেয়ফললক্ষণেষু ব্যবহারেষ্বনৃতবুদ্ধির্ন কস্যচিদুৎপদ্যতে। বিকারানেব ত্বহং মমেত্যবিদ্যয়াত্মাত্মীয়ভাবেন সর্ব্বো জন্তুঃ প্রতিপদ্যতে—স্বভাবিকীং ব্রহ্মাত্মতাং হিত্বা। তস্মাৎ প্রাগ্ব্রহ্মাত্মতা-প্রবোধাদুপপন্নঃ সর্ব্বো লৌকিকো বৈদিকশ্চ ব্যবহারঃ। যথা সুপ্তস্য প্রাকৃতস্য জনস্য স্বপ্ন উচ্চাবচান্ ভাবান্ পশ্যতো নিশ্চিতমেব প্রত্যক্ষাভিমতং বিজ্ঞানং ভবতি—প্রাক্ প্রবোধাৎ। ন চ প্রত্যক্ষাভাসাভিপ্রায়স্তৎকালে ভবতি,—তদ্বৎ। কথং ত্বসত্যেন বেদান্তবাক্যেন সত্যস্য ব্রহ্মাত্মত্বস্য প্রতিপত্তিরুপপদ্যেত, নহি রজ্জুসর্পেণ দষ্টো ম্রিয়তে, নাপি মৃগতৃষ্ণিকাম্ভসা পানাবগাহনাদি

সাংসারিকঃ কশ্চিৎ। তস্মাদবাধনান্ন প্রমাণলক্ষণমতিপতন্তি প্রত্যক্ষাদয় ইতি। "সত্যত্বোপপত্তেঃ" ইতি সত্যত্বাভিমানোপপত্তেরিতি। গ্রহণকবাক্যমেতদ্বিভজতে। "যাবদ্ধি ন সত্যাত্মৈকত্বপ্রতিপত্তিঃ" ইতি। বিকারানেব তু শরীরাদীনহমিত্যাত্মভাবেন পুত্রপশ্বাদীন্মমেত্যাত্মীয়ভাবেনেতি যোজনা। "বৈদিকশ্চ" ইতি কর্ম্মকাণ্ডমোক্ষশাস্ত্রব্যবহারসমর্থনা। "স্বপ্নব্যবহারস্যেব" ইতি বিভজতে। "যথা সুপ্তস্য প্রাকৃতস্য" ইতি। কথঞ্চানৃতেন মোক্ষশাস্ত্রেণেতি যদুক্তং, তদনুভাষ্য দূষয়তি—"কথং ত্বসত্যেন" ইতি। শক্যমত্র বক্তুং, শ্রবণাদ্যুপায় আত্মসাক্ষাৎকারপর্য্যন্তো বেদান্তসমুত্থোঽপি জ্ঞাননিচয়োঽসত্যঃ, সোঽপি হি বৃত্তিরূপঃ কার্য্যতয়া নিরোধধর্ম্মা, যস্তু ব্রহ্মস্বভাবসাক্ষাৎকারঃ, অসৌ ন কার্য্যস্তৎস্বভাবত্বাৎ, তস্মাদচোদ্যমেতৎ 'কথমসত্যাৎ সত্যোৎপাদঃ' ইতি। যৎ খলু সত্যং, ন তদুৎ-

---

যদ্রূপ, ব্রহ্মাত্মবিজ্ঞানের পূর্ব্বে লৌকিক ও বৈদিক ব্যবহারের সত্যতাও তদ্রূপ। [যাবদ্ধি......তদ্বৎ] যতকাল না একাত্মপ্রতিপত্তি (অদ্বয়াত্মতত্ত্ব সাক্ষাৎকার) হয়, তত কাল কোন প্রাণীরই প্রমাণ, প্রমেয়, ফল, এই সকলে ও অন্যান্য ব্যবহারিক বিষয়ে মিথ্যাবুদ্ধি জন্মে না। (ঐ সকলকে মিথ্যা বলিয়া জানে না)। সমস্ত জীব তাবৎপর্য্যন্ত আপনার ব্রহ্মভাব ভুলিয়া থাকিয়া অবিদ্যাকল্পিত বিকার সমূহকে 'আমি' 'আমার' বলিয়া জানে। অতএব, ব্রহ্মাত্মতাবোধের পূর্ব্বে লৌকিক ও বৈদিক ব্যবহারের অলোপ যুক্তিসিদ্ধ। যেমন প্রাকৃত জীব যতক্ষণ না প্রবুদ্ধ হয়, ততক্ষণ সে স্বপ্নদৃষ্ট পদার্থের মিথ্যাত্ব জানে না, সে-সকলকে সত্য বলিয়াই জানে, আত্মপ্রবোধের পূর্ব্বপর্য্যন্ত লৌকিক বৈদিক ব্যবহার সকলও তদ্রূপ জানিবে। [কথং...দর্শনাৎ] যদি বল, মিথ্যা বেদান্তবাক্যে সত্য ব্রহ্মাত্মবিজ্ঞান হওয়া কি প্রকারে উপপন্ন হয়? জীব রজ্জুসর্পের দংশনে মরে না এবং মৃগতৃষ্ণিকা জলে-পানাবগাহনাদি প্রয়োজনও নিষ্পন্ন করে না। ইহার

প্রয়োজনং ক্রিয়ত ইতি। নৈষ দোষঃ। শঙ্কাবিষাদিনিমিত্ত-মরণাদিকার্য্যোপলব্ধেঃ, স্বপ্নদর্শনাবস্থস্য চ সর্পদংশনোদক-স্নানাদিকার্য্যদর্শনাৎ। তৎকার্য্যমপ্যনৃতমেবেতি চেৎ ব্রূয়াৎ, তত্র ব্রূমঃ—

যদ্যপি স্বপ্নদর্শনাবস্থস্য সর্পদংশনোদকস্নানাদি কার্য্যমনৃতং,

পদ্যত ইতি কুতস্তস্যাসত্যাদুৎপাদঃ, যচ্চোৎপদ্যতে তৎসর্ব্বমসত্যমেব! সাব্যবহারিকস্তু সত্যত্বং বৃত্তিরূপস্য ব্রহ্মসাক্ষাৎকারস্যেব শ্রবণাদীনামপ্যভিন্নং, তস্মাদভ্যুপেত্য বৃত্তিস্বরূপস্য ব্রহ্মসাক্ষাৎকারস্য পরমার্থসত্যতাং ব্যভিচারোদ্ভাবনমিতি মন্তব্যম্। যদ্যপি সাব্যবহারিকস্য সত্যাদেব ভয়াৎ সত্যং মরণমুৎপদ্যতে, তথাপি ভয়হেতুরহিস্তজ্জ্ঞানং বাহসত্যং, ততো ভয়ং সত্যং জায়ত ইত্যসত্যাৎ সত্যস্যোৎপত্তিরুক্তা। যদ্যপি চাহিজ্ঞানমপি স্বরূপেণ সৎ, তথাপি ন তৎ জ্ঞানত্বেন ভয়হেতুঃ, অপি ত্বনির্ব্বাচ্যাহিরূষিতত্বেন। অন্যথা রজ্জুজ্ঞানাদপি ভয়প্রসঙ্গাৎ, জ্ঞানত্বেনাবিশেষাৎ। তস্মাদনির্ব্বাচ্যাহিরূষিতং জ্ঞানমপ্যনির্ব্বাচ্যমিতি সিদ্ধমসত্যাদপি সত্যস্যোপজন ইতি। ন ব্রূমঃ সর্ব্বস্মাদসত্যাৎ সত্যস্যোপজনঃ, যতঃ সমারোপিতধূমভাবায়া ধূমমহিষ্যা বহ্নিজ্ঞানং সত্যং স্যাৎ। ন হি চক্ষুষো রূপজ্ঞানং সত্যমুপজায়তে, ইতি রসাদিজ্ঞানেনাপি ততঃ সত্যেন ভবিতব্যম্। যতো নিয়মো হি স তাদৃশঃ সত্যানাং, যতঃ কুতশ্চিদসত্যাৎ সত্যং, কুতশ্চিদসত্যং, যথা দীর্ঘত্বাদের্ব্বর্ণেষু সমারোপিতত্বাবিশেষেঽপ্যজীনমিত্যতো জ্যানিবিরহমবগচ্ছন্তি সত্যম্,অজিনমিত্যতস্তু সমারোপিতদীর্ঘভাবাজ্জ্যানিবিরহমবগচ্ছন্তো ভবন্তি ভ্রান্তাঃ। ন চোভয়ত্র দীর্ঘসমারোপং প্রতি কশ্চিদস্তি ভেদঃ। তস্মাদুপপন্নমসত্যাদপি সত্যস্যোদয় ইতি। নিদর্শনান্তরমাহ—"স্বপ্নদর্শনাবস্থস্য" ইতি। যথা সাংসারিকো জাগ্রদ্‌ভুজঙ্গং দৃষ্ট্বা পলায়তে, ততশ্চ ন দংশবেদনামাপ্নোতি, পিপাসুঃ সলিলমালোক্য পাতুং প্রবর্ত্ততে; ততস্তদাসাদ্য পায়স্পায়মাপ্যায়িতঃ সুখমনুভবতি, এবং স্বপ্নান্তিকেঽপি তদবস্থং সর্ব্বমিত্যসত্যাৎ কার্য্যসিদ্ধিঃ। শঙ্কতে। "তৎকার্য্যমপ্যনৃতমেব" ইতি। এবমপি নাসত্যাৎ সত্যস্য সিদ্ধিরুক্তেত্যর্থঃ।

পরিহরতি। "তত্র ব্রূমো, যদ্যপি স্বপ্নদর্শনাবস্থস্য" ইতি। লৌকিকো হি

প্রত্যুত্তরে আমরা বলি, বেদান্তবাক্য মিথ্যা হইলেও ঐ দোষ প্রদত্ত হইতে পারে না। রজ্জুসর্পদংশনেও ত্রাস শঙ্কাও বিষাদাদি মারক ক্রিয়া হইতে দেখা যায়, এবং সুপ্ত পুরুষও স্বপ্নকালে স্বপ্নদৃষ্ট জলে ও মৃগতৃষ্ণিকাজলে স্নানাদি কার্য্য করিয়া থাকে। [তৎকার্য্য...কশ্চিৎ] সে সকল ক্রিয়াও মিথ্যা. এ কথা বলিলে বলিব।

যদিও স্বপ্নদর্শনাবস্থায় সর্পদংশন ও জলাবগাহন প্রভৃতি মিথ্যা, তথাপি, সে সকলের জ্ঞান মিথ্যা নহে। মিথ্যা হইলে জাগ্রৎকালে তাহার অনুবৃত্তি হইত না।

তথাপি তদবগতিঃ সত্যমেব ফলং, প্রতিবুদ্ধস্যাপ্যবাধ্যমানত্বাৎ। নহি স্বপ্নাদুত্থিতঃ স্বপ্নদৃষ্টং সর্পদংশনোদকস্নানাদি কার্য্যং মিথ্যেতি মন্যমানস্তদবগতিমপি মিথ্যেতি মন্যতে কশ্চিৎ। এতেন স্বপ্নদৃশোঽবগত্যবাধনেন দেহমাত্রাত্মবাদো দূষিতো বেদিতব্যঃ। তথা চ শ্রুতিঃ—

"যদা কর্ম্মসু কাম্যেষু স্ত্রিয়ং স্বপ্নেষু পশ্যতি।
সমৃদ্ধিং তত্র জানীয়াৎ তস্মিন্ স্বপ্ননিদর্শনে॥" ইতি

অসত্যেন স্বপ্নদর্শনেন সত্যস্য ফলস্য সমৃদ্ধেঃ প্রাপ্তিং দর্শয়তি। তথা প্রত্যক্ষদর্শনেষু কেষুচিদরিষ্টেষু জাতেষু ন চিরমিব জীবিষ্য-

সুপ্তোত্থিতোঽবগম্যং বাধিতং মন্যতে, ন তদবগতিং, তেন যদ্যপি পরীক্ষকা অনির্ব্বাচ্যরূষিতামবগতিমনির্ব্বাচ্যাং নিশ্চিন্বন্তি, তথাপি লৌকিকাভিপ্রায়েণৈতদুক্তম্। অত্রান্তরে লোকায়তিকানাং মতমপাকরোতি—"এতেন স্বপ্নদৃশোঽবগত্যবাধনেন" ইতি। যদা খল্বয়ং চৈত্রস্তারক্ষবীং ব্যাত্তবিকটদংষ্ট্রাকরালবদনামুত্তব্ধবম্রমন্মস্তকাবচুম্বি-লাঙ্গূলামতিরোষারুণস্তব্ধবিশালবৃত্তলোচনাং রোমাঞ্চসঞ্চয়োৎফুল্লভীষণাং স্ফটিকাচলভিত্তিপ্রতিপ্রতিবিম্বিতামভ্যমিত্রীণাং তনুমাস্থায় স্বপ্নে প্রতিবুদ্ধো মানুষীমাত্মনস্তনুং পশ্যতি, তদোভয়দেহানুগতমাত্মানং প্রতিসন্দধানো দেহাতিরিক্তমাত্মানং নিশ্চিনোতি, ন তু দেহমাত্রম্। তন্মাত্রত্বে দেহবৎ প্রতিসন্ধানাভাবপ্রসঙ্গাৎ। কথঞ্চৈতদুপপদ্যেত, যদি স্বপ্নদৃশোঽবগতিরবাধিতা স্যাৎ, তদ্বাধে তু প্রতিসন্ধানাভাব ইতি। অসত্যাচ্চ সত্যপ্রতীতিঃ শ্রুতিসিদ্ধাঽন্বয়ব্যতিরেকসিদ্ধা চ, ইত্যাহ—"তথা চ শ্রুতিঃ" ইতি। "তথাকারাদ্" ইতি। যদ্যপি রেখাস্বরূপং সত্যং, তথাপি তদ্ যথাসঙ্কেতমসত্যম্। ন হি সঙ্কেতয়িতারঃ সঙ্কেতয়ন্তীদৃশেন

স্বপ্নদর্শক পুরুষ স্বপ্নত্যাগের পর সর্পদংশনাদি কার্য্যকলাপকে মিথ্যা বলিয়া জানিলেও তদবগাহী জ্ঞানকে মিথ্যা বলিয়া জানে না। (স্বপ্নে যে 'আমাকে সাপে কামড়াইয়াছে' ইত্যাকার জ্ঞান হইয়াছিল, সে জ্ঞানকে সে সত্য বলিয়াই জানে)। [এতেন···বেদিতব্য] স্বপ্নদ্রষ্টার স্বাপ্ন জ্ঞানের বাধ হয় না অর্থাৎ তাহা জাগ্রৎকালেও অনুবৃত্ত থাকে, এতদ্দ্বারা দেহাত্মবাদেও দোষ দেওয়া হইয়াছে, ইহা জানিতে হইবেক। [তথাচ—দর্শয়তি] শ্রুতিও বলিয়াছেন, স্বপ্নদর্শন অসত্য হইলেও তাহার সমৃদ্ধি-ফল সত্য। যথা—"কাম্য কর্ম্মকালে স্বপ্নে. স্ত্রীমূর্ত্তি সন্দর্শন হইলে জানিতে হইবেক, তাদৃশ স্বপ্নের ফল কর্ম্ম-সমৃদ্ধি, অর্থাৎ স্বপ্নে স্ত্রীসন্দর্শন হইলে তাৎকালিক কাম্যকর্ম্ম নির্ব্বিঘ্নে ও উত্তমরূপে নির্ব্বাহ হইবে জানিবেক। [তথা...দর্শয়তি] শ্রুতি 'কোন এক অরিষ্ট (মরণের পূর্ব্বলক্ষণ)

তীতি বিদ্যাদিত্যুক্তং। "অথ যঃ স্বপ্নে পুরুষং কৃষ্ণং কৃষ্ণদন্তং পশ্যতি, স এনং হন্তি" ইত্যাদিনা তেনাসত্যেনৈব স্বপ্নদর্শনেন সত্যং মরণং সূচ্যতে ইতি দর্শয়তি। প্রসিদ্ধঞ্চেদং লোকেঽন্বয়-ব্যতিরেক-কুশলানাং—ঈদৃশেন স্বপ্নদর্শনেন সাধ্বাগমঃ সূচ্যতে, ঈদৃশেনাসাধ্বাগম ইতি। তথা অকারাদি-সত্যাক্ষরপ্রতিপত্তির্দৃষ্টা রেখানৃতাক্ষরপ্রতিপত্তেঃ।

অপি চ, অন্ত্যমিদং প্রমাণমাত্মৈকত্বস্য প্রতিপাদকং, নাতঃ পরং কিঞ্চিদাকাঙ্ক্ষ্যমস্তি। যথা হি লোকে যজেতেত্যুক্তে কিং কেন কথম্ ইত্যাকাঙ্ক্ষ্যতে, ন চৈবং তত্ত্বমসীত্যুক্তে কিঞ্চিদন্যদাকাঙ্ক্ষ্যমস্তি সর্ব্বাত্মৈকত্ববিষয়ত্বাদবগতেঃ। সতি হ্যন্যস্মিন্নবশিষ্যমাণেঽর্থে আকাঙ্ক্ষা স্যাৎ, ন ত্বাত্মৈকত্বব্যতি-

---

রেখাভেদেনায়ং বর্ণঃ প্রত্যেতব্যঃ, অপিতু ঈদৃশো রেখাভেদোঽকারঃ, ঈদৃশশ্চ ককার ইতি। তথা চাসমীচীনাৎ সঙ্কেতাৎ সমীচীনবর্ণাবগতিরিতি সিদ্ধম্।

যচ্চোক্তম্, একত্বাংশেন জ্ঞানমোক্ষব্যবহারঃ সেৎস্যতি, নানাত্বাংশেন তু কর্ম্মকাণ্ডাশ্রয়ো লৌকিকশ্চ ব্যবহারঃ সেৎস্যতীতি, তত্রাহ—"অপি চান্ত্যমিদং প্রমাণম্" ইতি। যদি খল্বেকত্বানেকত্বনিবন্ধনৌ ব্যবহারাবেকস্য পুংসোঽপর্য্যায়েণ সম্ভবতঃ, ততস্তদ্বর্থমুভয়সদ্ভাবঃ কল্প্যেত, ন ত্বেতদস্তি। ন হ্যেকত্বাবগতিনিবন্ধনঃ কশ্চিদস্তি ব্যবহারস্তদবগতেঃ সর্ব্বোত্তরত্বাৎ। তথাহি, তত্ত্বমসীত্যেকাত্ম্যাবগতিঃ

প্রত্যক্ষ দৃষ্ট হইলে বুঝিতে হইবেক যে, অরিষ্টদর্শক শীঘ্রই মরিবে।' এইরূপ বলিয়া অবশেষে 'যে ব্যক্তি স্বপ্নে কৃষ্ণদন্ত ও কৃষ্ণবর্ণ বিকট পুরুষ দেখে, স্বপ্নদৃষ্ট সেই পুরুষ শীঘ্রই তাহাকে বিনাশ করে।' এইরূপ এইরূপ উক্তি করিয়া দেখাইয়াছেন যে, অসত্য স্বপ্নও সত্যমরণের সূচক (অনুমাপক) হয়। [প্রসিদ্ধি ...প্রতিপত্তেঃ] অমুক প্রকার স্বপ্ন দেখিলে অমঙ্গল হয়, এ সকল তথ্য অন্বয়-ব্যতিরেক-কুশল * লৌকিক পুরুষের মধ্যেও প্রসিদ্ধ আছে। অপিচ, মিথ্যা বা কল্পিত রেখাকার জ্ঞানের দ্বারা অকল্পিত অ-কারাদি সত্য অক্ষরের জ্ঞান হইতে দেখা যায়। এই সকল দৃষ্টান্তের দ্বারা ইহাই সিদ্ধ হইতেছে যে, বেদান্ত শাস্ত্র কল্পিত হইলেও তাহার অকল্পিত সত্যব্রহ্ম বুঝাইবার ক্ষমতা আছে।

[অপি...আকাঙ্ক্ষ্যেত] অন্য হেতু এই যে, এই একাত্মপ্রতিপাদক প্রমাণ (অর্থাৎ তত্ত্বমসি প্রভৃতি মহাবাক্যরূপ শাব্দ প্রমাণ) চরম প্রমাণ। ইহার পর কিঞ্চিন্মাত্রও আকাঙ্ক্ষিতব্য থাকে না; সুতরাং আশঙ্কাও থাকে না। 'যজ্ঞ করিবেক' ইত্যাদি ইত্যাদি বিধিবাক্যে যেমন কোন্ যজ্ঞ, কি দিয়া ও কি

---

* অমুক হইলে বা থাকিলে অমুক ফল হয়, না হইলে বা না থাকিলে হয় না, ইত্যাদি প্রকার পরীক্ষায় নিপুণ। পরীক্ষানিপুণেরা স্বপ্নের ফলাফল বিদিত আছেন।

রেকেণাবশিষ্যমাণোঽন্যোঽর্থোঽস্তি, য আকাঙ্ক্ষ্যেত। ন চেয়মবগতির্নোৎপদ্যত ইতি শক্যং বক্তুং, "তদ্ধাস্য বিজজ্ঞৌ" ইত্যাদিশ্রুতিভ্যঃ। অবগতিসাধনানাঞ্চ শ্রবণাদীনাং বেদানুবচনাদীনাঞ্চ বিধীয়মানত্বাৎ। ন চেয়মবগতিরনর্থিকা ভ্রান্তির্ব্বেতি শক্যং বক্তুং, অবিদ্যানিবৃত্তিফলদর্শনাৎ, বাধকজ্ঞানান্তরাভাবাচ্চ। প্রাক্ চাত্মৈকত্বাবগতেরব্যাহতঃ সর্ব্বঃ সত্যানৃতব্যবহারো লৌকিকো

সমস্তপ্রমাণ-তৎফল-তদ্ব্যবহারানপবাধমানৈবোদীয়তে, নৈতস্যাঃ পরস্তাৎ কিঞ্চিদনুকূলং প্রতিকূলং চাস্তি, যদপেক্ষ্যেত, যেন চেয়ং প্রতিক্ষিপ্যেত। তত্রানুকূলপ্রতিকূলনিবারণান্নাতঃ পরং কিঞ্চিদাকাঙ্ক্ষ্যমিতি। ন চেয়মবগতির্ভূলিক্ষীরপ্রায়েত্যাহ "ন চেয়ং" ইতি। স্যাদেতৎ। অস্ত্যা চেদিয়মবগতিঃ, নিষ্প্রয়োজনা তর্হি, তথা চ ন প্রেক্ষাবদ্ভিরুপাদীয়েত। প্রয়োজনবত্ত্বে বা নাস্ত্যা স্যাদিত্যত আহ—"ন চেয়মবগতিরনর্থিকা" কুতঃ, "অবিদ্যানিবৃত্তিফলদর্শনাৎ"। ন হীয়মুৎপন্না সতী পশ্চাদবিদ্যাং নিবর্ত্তয়তি, যেন নাস্ত্যা স্যাৎ, কিন্তবিদ্যাবিরোধিস্বভাবতয়া তন্নিবৃত্ত্যাত্মৈবোদয়তে। অবিদ্যানিবৃত্তিশ্চ ন তৎকার্য্যতয়া ফলং, অপি ত্বিষ্টতয়া, ইষ্টলক্ষণত্বাৎ ফলস্য,ইতি প্রতিকূলং পরাচীনং নিরাকর্ত্তুমাহ।—"ভ্রান্তির্ব্বা" ইতি। কুতঃ? "বাধকো" ইতি। স্যাদেতৎ। মা ভূদেকত্বনিবন্ধনো ব্যবহারোঽনেকত্বনিবন্ধনস্ত্বস্তি। তদেব হি সকলামুদ্বহতি লোকযাত্রাম্। অতস্তৎসিদ্ধর্থমনেকত্বস্য কল্পনীয়ং তাত্ত্বিকত্বমিত্যত আহ। "প্রাক্ চ" ইতি ব্যবহারো হি বুদ্ধিপূর্ব্বকারিণাং বুদ্ধ্যোপপদ্যতে, ন ত্বস্যাস্তাত্ত্বিকত্বেন, ভ্রান্ত্যাপি তদুপপত্তেরিত্যাবেদিতম্। সত্যঞ্চ

প্রকারে:করিবে, এই সকলের অপেক্ষা থাকে, আকাঙ্ক্ষা থাকে, 'তত্ত্বমসি'—সেই অদ্বয় ব্রহ্ম তুমি—এ বাক্যে সেরূপ কোন আকাঙ্ক্ষাই থাকে না। আকাঙ্ক্ষিতব্য থাকে না বলিয়াই আকাঙ্ক্ষার অভাব হয়। আকাঙ্ক্ষিতব্য না থাকিবার কারণ এই যে, সর্ব্বাত্মভাব'ঐ জ্ঞানের বিষয়। অর্থাৎ সমুদায়ই আত্মা (আমি) এই রূপে উক্ত জ্ঞানের উদয় হয়। আত্মাতিরিক্ত কিছু থাকিলে তদ্বিষয়ে আকাঙ্ক্ষাও থাকিত। তাহা থাকে না, সমস্তই আত্মরূপে প্রতীত হয়, সুতরাং সে জ্ঞান নিষ্প্রতীক্ষ, নিরাকাঙ্ক্ষ ও কেবল (এক)। [ন চেয়...মানত্বাৎ] অদ্বয়াত্মজ্ঞান হয় না, তাহাও বলিতে পার না। কেন-না, পিতার উপদেশে শ্বেতকেতুর হইয়াছিল এবং অদ্বয়াত্মজ্ঞানের উপায়স্বরূপ শ্রবণ, মনন, নিদিধ্যাসন ও বেদানুবচন প্রভৃতির বিধান দৃষ্ট হয়। [ন চেয়মবগতি…বোচাম] অদ্বয়াত্মজ্ঞান নিরর্থক, তাহার কোন ফল নাই, অথবা তাহা ভ্রমজ্ঞান, ইহা কোনও প্রকারে বলিতে পারিবে না। কেন-না, ঐ জ্ঞানে জীবের অবিদ্যানিবৃত্তি হইয়া থাকে; এবং ঐ জ্ঞানকে বিনাশ করে এমন জ্ঞানান্তরও নাই। যাবৎ না তাদৃশ অদ্বয়াত্মজ্ঞান উৎপন্ন হয়, তাবৎ সত্য মিথ্যা লৌকিক বৈদিক সমুদায় ব্যবহারই থাকে, এই কথা

বৈদিকশ্চেত্যবোচাম। তস্মাদন্ত্যেন প্রমাণেন প্রতিপাদিতে আত্মৈকত্বে সমস্তস্য প্রাচীন-ভেদব্যবহারস্য বাধিতত্বাৎ নানেকাত্মক-ব্রহ্মকল্পনাবকাশোঽস্তি।

নন্বু মৃদাদিদৃষ্টান্তপ্রণয়নাৎ পরিণামবদ্ ব্রহ্ম শাস্ত্রস্যাভিমত-মিতি গম্যতে; পরিণামিনো হি মৃদাদয়োঽর্থা লোকে সমধিগতা ইতি। নেত্যুচ্যতে। "স বা এষ মহানজ, আত্মাঽজরোঽমরোঽমৃতোঽভয়ো ব্রহ্ম", "স এষ নেতি নেত্যাত্মা,' অস্থূলমনণু" ইত্যাদ্যাভ্যঃ, সর্ব্ববিক্রিয়াপ্রতিষেধ-শ্রুতিভ্যো ব্রহ্মণঃ কূটস্থত্বাবগমাৎ। ন হ্যেকস্য ব্রহ্মণঃ

তদবিসম্বাদাৎ, অনৃতঞ্চ বিচারাসহতয়াঽনির্ব্বাচ্যত্বাৎ। অন্ত্যস্যৈকাত্ম্যজ্ঞানস্যানপেক্ষ-তয়া বাধকত্বম্, অনেকত্বজ্ঞানস্য চ প্রতিযোগিগ্রহাপেক্ষয়া দুর্ব্বলত্বেন বাধ্যত্বং বদন্ প্রকৃতমুপসংহরতি। "তস্মাদন্ত্যেন প্রমাণেন" ইতি। স্যাদেতৎ। ন বয়মনেকত্ব-ব্যবহারসিদ্ধ্যর্থমনেকত্বস্য তাত্ত্বিকত্বং কল্পয়ামঃ, কিন্তু শ্রৌতমেবাস্য তাত্ত্বিকত্ব-মিতি। চোদয়তি—"নন্বু মৃদাদি" ইতি।

পরিহরতি "নেত্যুচ্যতে" ইতি। মৃদাদিদৃষ্টান্তেন হি কথঞ্চিৎ পরিণাম উন্নেয়ঃ, ন চ শক্য উন্নেতুমপি, মৃত্তিকেত্যেব সত্যমিতি কারণমাত্রসত্য-ত্বাবধারণেন কার্য্যস্যানৃতত্বপ্রতিপাদনাৎ। সাক্ষাৎকূটস্থনিত্যত্বপ্রতিপাদিকাস্তু সন্তি সহস্রশঃ শ্রুতয় ইতি ন পরিণামধর্ম্মতা ব্রহ্মণঃ। অথ কূটস্থস্যাপি পরিণামঃ কস্মান্ন ভবতীত্যত আহ।—"ন হ্যেকস্য" ইতি। শঙ্কতে—

পূর্ব্বেও বলা হইয়াছে। [তস্মাদন্ত্যেন...কাশোঽস্তি] অতএব, সর্ব্বশেষে সমুৎপন্ন তত্ত্বমস্যাদি প্রমাণ যখন সার্ব্বাত্ম্যবিজ্ঞান উৎপাদন করে, তখন, পূর্ব্বের সমস্ত ভেদজ্ঞান বিলুপ্ত হইয়া যায়; সুতরাং তখন আর 'অনেকাত্মক ব্রহ্ম' এ কল্পনার স্থান থাকে না।

[নন্বু...গমাৎ] যদি বল, মৃত্তিকাদি দৃষ্টান্ত থাকায় পরিণামবাদই উক্ত শাস্ত্রের অভিমত; কেন না, দেখা যায়, দৃষ্টান্তগত মৃত্তিকা প্রভৃতি সমস্ত পদার্থই পরিণামী (দৃষ্টান্তানুসারে ব্রহ্মও পরিণামী অর্থাৎ এই বিচিত্র জগৎ ব্রহ্মেরই পরিণাম); এ বিষয়ে আমরা বলি তাহাও নহে। কেন-না, "সেই এই আত্মা মহান্ ও জন্মাদি-বিকারবর্জ্জিত।" "আত্মা অজর, অমর, নিত্যমুক্ত, ভয়রহিত ও ব্রহ্ম।" "তিনি ইহা নহেন, তাহা নহেন, অর্থাৎ সর্ব্বনিষেধের সীমা।" "আত্মা স্থূল নহেন, সূক্ষ্ম নহেন, হ্রস্ব নহেন—" ইত্যাদি শ্রুতিতে ব্রহ্মের কূটস্থ নিত্যতা (নির্ব্বি-কারতা) দর্শিত হইয়াছে। [ন হ্যেকস্য···বোচাম,] এক ব্রহ্মের পরিণামিত্ব

পরিণামধর্ম্মত্বং তদ্রহিতত্বঞ্চ শক্যং প্রতিপত্তুম্। স্থিতিগতিবৎ. স্যাদিতি চেৎ, ন, কূটস্থস্যেতি বিশেষণাৎ। নহি কূটস্থস্য ব্রহ্মণঃ স্থিতিগতিবদনেকধর্ম্মাশ্রয়ত্বং সম্ভবতি। কূটস্থং নিত্যঞ্চ ব্রহ্ম সর্ব্ববিক্রিয়াপ্রতিষেধাদিত্যবোচাম। ন চ যথা ব্রহ্মণ আত্মৈকত্বদর্শনং মোক্ষসাধনং, এবং জগদাকারপরিণামিত্ব-দর্শনমপি স্বতন্ত্রমেব কস্মৈচিৎ ফলায়াভিপ্রেয়েত, প্রমাণাভাবাৎ। কূটস্থব্রহ্মাত্মত্ববিজ্ঞানাদেব হি ফলং দর্শয়তি শাস্ত্রং, "স এষ নেতি নেত্যাত্মা" ইত্যুপক্রম্য "অভয়ং বৈ জনক প্রাপ্তোঽসি" ইত্যেব-জ্জাতীয়কম্। তত্রৈতৎ সিদ্ধং ভবতি,—ব্রহ্মপ্রকরণে সর্ব্বধর্ম্ম-

"স্থিতিগতিবৎ" ইতি। যথৈকবাণাশ্রয়ে গতি-নিবৃত্তী, এবমেকস্মিন্ ব্রহ্মণি পরি-ণামশ্চ তদভাবশ্চ—কৌটস্থ্যং ভবিষ্যত ইতি। নিরাকরোতি—"ন, কূটস্থস্যেতি বিশেষণাৎ" ইতি। কূটস্থনিত্যতা হি সদাতনী স্বভাবাদপ্রচ্যুতিঃ, সা কথং প্রচ্যুত্যা ন বিরুধ্যতে। ন চ ধর্ম্মিণো ব্যতিরিচ্যতে ধর্ম্মঃ, যেন তদুপজনাপায়েঽপি ধর্ম্মী কূটস্থঃ স্যাৎ। ভেদ ঐকান্তিকে গবাশ্ববদ্ধর্ম্মধর্ম্মিভাবাভাবাৎ। বাণাদয়স্তু পরিণামিনঃ স্থিত্যা গত্যা চ পরিণমন্ত ইতি। অপি চ, স্বাধ্যায়াধ্যয়ন-বিধ্যাপা-দিতার্থবত্বস্য বেদরাশেরেকেনাপি বর্ণেনানর্থকেন ন ভবিতব্যং, কিং পুনরিয়তা জগতো ব্রহ্মযোনিত্বপ্রতিপাদকেন বাক্যসন্দর্ভেণ। তত্র ফলবদ্ব্রহ্মদর্শনসমাম্নান-সন্নিধাবফলং জগদ্যোনিত্বং সমাম্নায়মানং তদর্থং সৎ তদুপায়তয়াঽবতিষ্ঠতে, নার্থান্তরার্থমিত্যাহ—"ন চ যথা ব্রহ্মণঃ" ইতি। অতো ন পরিণামপরত্বমস্যেত্যর্থঃ।

ও অপরিণামিত্ব উভয়ধর্ম্ম প্রতিপাদন করিতে পারিবে না। (বুঝাইতে পারিবে না। হেতু এই যে, পরিণামিত্ব ও অপরিণামিত্ব, এই দুইটী ধর্ম্ম পরস্পর বিরোধী। এক স্থলে বিরুদ্ধ ধর্ম্মদ্বয় থাকিতে পারে না)। যদি বল, স্থিতিগতির দৃষ্টান্তে বিরুদ্ধ ধর্ম্মের সমাবেশ হইবে। (গতিনিবৃত্তির নাম স্থিতি। এক ব্যক্তিতে কালভেদে গতি ও গতিনিবৃত্তি বিরুদ্ধ হইলেও উভয় ধর্ম্মই থাকিতে দেখিয়াছ, তদ্দৃষ্টান্তে ব্রহ্মেও অবচ্ছেদকভেদে উক্ত উভয় ধর্ম্ম থাকিবে), বস্তুতঃ তাহাও থাকিবে না, বলিতেও পারিবে না। কারণ এই যে, ব্রহ্ম কূটস্থ। যেহেতু ব্রহ্ম কূটস্থস্বভাব, সেই হেতুই তাহাতে অনেক ধর্ম্ম আশ্রয় করিতে পারে না। এ কথা পূর্ব্বেও বলা হইয়াছে। [ন চ...জাতীয়কম্] যেহেতু প্রমাণ নাই, সেই হেতু এমন কথাও বলিতে পারিবে না যে, যেমন ব্রহ্মসম্বন্ধে একাত্মতাজ্ঞান্ মুক্তির কারণ, তেমনি, জগদাকারপরিণতির জ্ঞানও অন্য ফলের কারণ। শাস্ত্র কেবল কূটস্থ ব্রহ্মাত্মবিজ্ঞানেরই ফল দেখাইয়াছেন। শ্রুতি—"সেই আত্মা এরূপ নহে, সেরূপও নহে, অর্থাৎ সর্ব্ববিকারাতীত" এইরূপ উপক্রমের পর বলিয়াছেন, "হে জনক, তুমি অভয়পদ (মোক্ষ) পাইয়াছ।" এই শাস্ত্রে কূটস্থাত্মবিজ্ঞানে মোক্ষ হওয়া কথিত হইয়াছে। [তত্রৈতৎ...কল্প্যত ইতি] প্রদর্শিত শাস্ত্রের দ্বারা

বিশেষরহিতব্রহ্মদর্শনাদেব ফলসিদ্ধৌ সত্যাং যৎ তত্রাফলং শ্রূয়তে ব্রহ্মণো জগদাকারপরিণামিত্বাদি, তদ্‌ব্রহ্মদর্শনোপায়ত্বেনৈব বিনিযুজ্যতে "ফলবৎসন্নিধাবফলং তদঙ্গম্" ইতিবৎ, ন তু স্বতন্ত্রফলায় কল্প্যত ইতি। ন হি পরিণামবত্ত্ববিজ্ঞানাৎ পরিণামবত্ত্বমাত্মনঃ ফলং স্যাদিতি বক্তুং যুক্তম্, কূটস্থনিত্যত্বান্মোক্ষস্য।

নন্বু কূটস্থব্রহ্মবাদিন একত্বৈকান্ত্যাৎ ঈশিত্রীশিতব্যাভাবে ঈশ্বরকারণপ্রতিজ্ঞাবিরোধ ইতি চেৎ, ন, অবিদ্যাত্মক-নামরূপবীজব্যাকরণাপেক্ষত্বাৎ সর্ব্বজ্ঞত্বস্য। "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" ইত্যাদিবাক্যেভ্যো নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বরূপাৎ সর্ব্বজ্ঞাৎ সর্ব্বশক্তেরীশ্বরাজ্জগদুৎপত্তি-স্থিতি-লয়াঃ, নাচেতনাৎ প্রধানাদন্যস্মাদ্বেত্যেষোঽর্থঃ প্রতিজ্ঞাতো "জন্মাদ্যস্য যতঃ" ইতি। সা

তদনন্তত্বমিত্যস্য সূত্রস্য প্রতিজ্ঞাবিরোধং শ্রুতিবিরোধঞ্চ চোদয়তি। "কূটস্থব্রহ্মবাদিনঃ" ইতি। পরিহরতি "নাবিদ্যাত্মক" ইতি। নাম চ রূপঞ্চ তে এব বীজং, তস্য ব্যাকরণং কার্য্যপ্রপঞ্চস্তদপেক্ষত্বাদৈশ্বর্য্যস্য।

এইরূপ সিদ্ধান্ত লব্ধ হইতেছে যে, ব্রহ্মপ্রকরণে সর্ব্বধর্ম্মবিবর্জ্জিত নির্ব্বিশেষ ব্রহ্মবিজ্ঞানের মোক্ষফল ও তৎপ্রকরণে ব্রহ্মের জগদ্রূপে পরিণতি হওয়ার বর্ণনা নিষ্ফল। অর্থাৎ পরিণামজ্ঞানের স্বতন্ত্র কোন ফল নাই, তাহা কেবল তাদৃশ ব্রহ্মদর্শনের অঙ্গ বা উপায় মাত্র। ফলবৎ কর্ম্মের সন্নিধানে ফলবিবর্জ্জিত কর্ম্ম থাকিলে বুঝিতে হইবে যে, সে সকল কর্ম্ম ফলবৎকর্ম্মের অঙ্গ বা সহায়। অর্থাৎ তাহাদের পৃথক্ ফলজনকতা নাই। :কর্ম্মশাস্ত্রোক্ত এই সিদ্ধান্ত ব্রহ্মশাস্ত্রেও গৃহীত হইবেক। [ন হি···মোক্ষস্য] মোক্ষ যখন কূটস্থ নিত্য ; তখন আর বলিতে পার না যে, পরিণামিত্ববিজ্ঞানে আমার পরিণামিত্ব ফল হইতে পারে। অর্থাৎ সমস্ত জগৎ ব্রহ্মের পরিণাম, এইরূপ জ্ঞানে আমার আত্মাও ব্রহ্মভাবে পরিণত হয়, এরূপ নিশ্চয় করা অযুক্ত।

[নন্বু...শ্রুতিভ্যশ্চ] যদি বল, কূটস্থ ব্রহ্মবাদীদিগের মতে একত্বই ঐকান্তিক, তাঁহাদের মতে এক বৈ দুই নাই; সুতরাং নিয়ম্য ও নিয়ন্তা এ দুএর কিছুই নাই। নিয়ম্য নিয়ন্তা না থাকায়"ঈশ্বরই জগৎকারণ" এ প্রতিজ্ঞাও থাকে না, বিভগ্ন হয়। আমরা বলি, ঐ পূর্ব্বপক্ষ করিতে পার না। কারণ, সর্ব্বজ্ঞত্ব ও সর্ব্বকর্তৃত্বধর্ম্ম আবিদ্যক নামরূপাত্মক বীজের বিকাশ-সাপেক্ষ অর্থাৎ কল্পিত দ্বৈতঘটিত। সেই এই আত্মা হইতে আকাশের সম্ভূতি অর্থাৎ বিকাশ হইয়াছে।" এইরূপ এইরূপ সৃষ্টিবাক্যের দ্বারা জানা যায়, নিত্য-শুদ্ধ-বুদ্ধ-মুক্তস্বরূপ সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তি পরমেশ্বর হইতেই জগতের উৎপত্তি স্থিতি ও লয় হয়। অচেতন প্রধান অথবা কেবল

প্রতিজ্ঞা তদবস্থৈব ন তদ্বিরুদ্ধোঽর্থঃ পুনরিহোচ্যতে। কথং নোচ্যতে—অত্যন্তমাত্মন একত্বমদ্বিতীয়ত্বঞ্চ ব্রুবতা। শৃণু, যথা নোচ্যতে। সর্ব্বজ্ঞস্যেশ্বরস্যাত্মভূতে ইবাবিদ্যাকল্পিতে নামরূপে তত্ত্বান্যত্বাভ্যামনির্ব্বচনীয়ে সংসারপ্রপঞ্চবীজভূতে সর্ব্বজ্ঞস্যেশ্বরস্য মায়া শক্তিঃ প্রকৃতিরিতি চ শ্রুতিস্মৃত্যোরভিলপ্যেতে, তাভ্যামন্যঃ সর্ব্বজ্ঞ ঈশ্বরঃ, "আকাশো বৈ নামনামরূপয়োর্নির্ব্বহিতা, তে যদন্তরা তদ্ব্রহ্ম" ইতি শ্রুতেঃ। "নামরূপে ব্যাকরবাণি," "সর্ব্বাণি রূপাণি বিচিত্য ধীরো নামানি কৃত্বাভিবদন্ যদাস্তে," "একং বীজং বহুধা যঃ করোতি" ইত্যাদিশ্রুতিভ্যশ্চ।

এবমবিদ্যাকৃত-নামরূপোপাধ্যনুরোধীশ্বরো ভবতি—ব্যোমেব ঘটকরকাদ্যুপাধ্যনুরোধি। স চ স্বাত্মভূতানেব ঘটাকাশস্থা-

---

এতদুক্তং ভবতি। ন তাত্ত্বিকমৈশ্বর্য্যং সর্ব্বজ্ঞত্বঞ্চ ব্রহ্মণঃ, কিং ত্ববিদ্যোপা-

---

পরমাণু প্রভৃতি হইতে এ সকল হয় না : এ কথা বা এ তত্ত্ব "জন্মাদ্যস্য যতঃ" এই সূত্রে প্রতিজ্ঞাত হইয়াছে। যে প্রতিজ্ঞা ঐ ঈশ্বরকারণপ্রতিজ্ঞাসূত্রে কৃত হইয়াছে, সে প্রতিজ্ঞা এখানে ঠিকই আছে, কিছুমাত্র বিভগ্ন হয় নাই, একটীও তদ্বিরুদ্ধ কথা বলা হয় নাই। কেন হয় নাই?—যখন আত্যন্তিক একত্ব বা অদ্বিতীয়ত্ব বলা হইতেছে, তখন কি প্রকারে সে প্রতিজ্ঞা রক্ষিত হইবে? ইহার প্রত্যুত্তর শুন। অবিদ্যাকল্পিত নামরূপ—যাহা সত্যের অথবা মিথ্যার দ্বারা নির্ব্বচনীয় নহে—যাহাকে অস্তিনাস্তি কোনও প্রকারে নির্দ্দেশ করা যায় না, তাহা সর্ব্বজ্ঞ ঈশ্বরের প্রায় আত্মভূত। সেই কল্পিত অথচ ঈশ্বরাশ্রিত অনির্ব্বাচ্য মিলিত পদার্থদ্বয় শ্রুতিতে ও স্মৃতিতে মায়া,শক্তি ও প্রকৃতি নামে কথিত হইয়াছে। ঈশ্বর সেই দুই পদার্থ হইতে ভিন্ন। এ বিষয়ে শ্রুতি প্রমাণ যথা—"আকাশই (ব্রহ্ম) নামরূপের নির্ব্বাহক। যিনি নামরূপ হইতে ভিন্ন, অথচ নামরূপের নির্ব্বাহক, তিনিই ব্রহ্ম।" "ব্রহ্ম আলোচনা করিলেন, আমি নামরূপের বিকাশ করিব।" "সেই ধীর (ব্রহ্ম) সমুদায় রূপের কল্পনা করিয়া এবং সে সকলের নাম-প্রদানপূর্ব্বক সে সকল নাম উচ্চারণ করতঃ বিদ্যমান আছেন।" "যিনি এক বীজকে বহুপ্রকার করিয়াছেন।" ইত্যাদি।

[এব...বস্তুতে] ঈশ্বর সেই আবিদ্যক নামরূপ উপাধির দ্বারা উপহিত। আকাশ যেমন ঘটাদি উপাধি দ্বারা উপহিত, সেইরূপ। ঈশ্বর আপনার আত্মভূত ঘটাকাশাদিস্থানীয় অবিদ্যাকর্ত্তৃক প্রত্যুপস্থাপিত নামরূপের দ্বারা নির্ম্মিত কার্য্য-

নীয়ানবিদ্যাপ্রত্যুপস্থাপিত-নামরূপকৃতকার্য্যকরণসঙ্ঘাতানুরোধিনো জীবাখ্যান্ বিজ্ঞানাত্মনঃ প্রতীষ্টে ব্যবহারবিষয়ে। তদেবমবিদ্যাত্মকোপাধি-পরিচ্ছেদাপেক্ষমেবেশ্বরস্যেশ্বরত্বং সর্ব্বজ্ঞত্বং সর্ব্বশক্তিত্বঞ্চ, ন পরমার্থতো বিদ্যয়াপাস্তসর্ব্বোপাধিস্বরূপে আত্মনীশিত্রীশিতব্যসর্ব্বজ্ঞত্বাদিব্যবহার উপপদ্যতে। তথা চোক্তম্—"যত্র নান্যৎ পশ্যতি নান্যচ্ছৃণোতি, নান্যদ্বিজানাতি, স ভূমা" ইতি, "যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ, তৎ কেন কং পশ্যেৎ," ইত্যাদি চ। এবং পরমার্থাবস্থায়াং সর্ব্বব্যবহারাভাবং বদন্তি বেদান্তাঃ। তথেশ্বরগীতাস্বপি—

"ন কর্ত্তৃত্বং ন কর্ম্মাণি লোকস্য সৃজতি প্রভুঃ।
ন কর্ম্মফলসংযোগং স্বভাবস্তু প্রবর্ত্ততে॥
নাদত্তে কস্যচিৎ পাপং ন চৈব সুকৃতং বিভুঃ।
অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ॥" ইতি

করণসংঘাতরূপ (কার্য্য=দেহ, করণ=ইন্দ্রিয়। সংঘাত ঐ সমুদায়ের মেলন বা সমষ্টি) উপাধিতে অনুরক্ত জীবনামক বিজ্ঞানাত্মাদিগকে নিয়মিত ব্যবহারে পরিচালিত করিতেছেন। কথিত প্রকার আবিদ্যক উপাধির পরিচ্ছেদ (ভেদ) অনুসারেই ঈশ্বরের ঈশ্বরত্ব, সর্ব্বজ্ঞত্ব ও সর্ব্বশক্তিত্ব, কিন্তু পরমার্থদর্শনে তিনি এক, অদ্বয়। তত্ত্বজ্ঞানে সেই উপাধির বিগম হয়; সুতরাং পরমার্থদর্শনে পরমাত্মার নিয়ম্যনিয়ামকতা ও সর্ব্বজ্ঞতা কোনরূপ ভেদ বা ভেদমূলক ব্যবহার থাকে না, এবং থাকা উপপন্নও হয় না।* [তথাচোক্তং…বেদান্তাঃ] শ্রুতি সকল বলিয়াছেন, "জীব যখন অন্য কিছু দেখে না, শুনে না, জানে না, সে অবস্থাই ভূমা অর্থাৎ ব্রহ্মস্বরূপ।" "যখন এ সকলই তাহার (জ্ঞানীর) আত্মা হয়, আত্মাতিরিক্ত দর্শন হয় না, অর্থাৎ রজ্জুতে সর্পভ্রম-বিনিবৃত্তির ন্যায় আত্মাতে সমুৎপন্ন জগৎভ্রম তিরোহিত হয়, তখন আর কে কি দিয়া কোন বস্তু দেখিবে?" বেদান্তশাস্ত্র এইরূপে পরমার্থাবস্থায় ব্যবহার-বিলোপের কথা বলিয়াছেন। [তথে…প্রদর্শ্যতে] ঈশ্বর-গীতাতেও পরমার্থাবস্থায় নিয়ন্তৃত্ব ও নিয়ম্যত্ব (নিয়ন্তা ঈশ্বর, জীব নিয়ম্য) নাই, এরূপ কথিত হইয়াছে। যথা—"প্রভু জীবের সম্বন্ধে কর্ত্তৃত্ব কর্ম্মত্ব কিছুই সৃষ্টি করেন না। কর্ম্মের ফলভোগও প্রয়োগ করেন না। স্বভাবই (প্রকৃতি) প্রবর্ত্তমান হয় অর্থাৎ প্রকৃতিই সমস্ত করে। বিভু পরমাত্মা কাহার সুকৃত বা দুষ্কৃত গ্রহণ করেন না। জ্ঞান

* ভাবার্থ এই যে, অবিদ্যা-উপাধির দ্বারা পরিকল্পিত ভেদ থাকাতেই বিম্বস্থানীয় ঈশ্বরত্ব এবং প্রতিবিম্বস্থানীয় জীবসমূহের নিয়ম্যত্ব হয়। বিম্বস্থানীয় ঈশ্বর স্বকীয় উপাধির অন্তর্গত সমুদায় জীবকে পালনাদি করেন।

পরমার্থাবস্থায়ামীশিত্রীশিতব্যাদিব্যবহারাভাবঃ প্রদর্শ্যতে। ব্যবহারাবস্থায়ান্তূক্তঃ শ্রুতাবপীশ্বরাদিব্যবহারঃ—"এষ সর্ব্বেশ্বর এষ ভূতাধিপতিরেষ ভূতপাল এষ সেতুর্ব্বিধরণ এষাং লোকানামসম্ভেদায়" ইতি। তথেশ্বরগীতাস্বপি—

"ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া॥" ইতি

সূত্রকারোঽপি পরমার্থাভিপ্রায়েণ তদনন্যত্বমিত্যাহ, ব্যবহারাভিপ্রায়েণ তু "স্যাল্লোকবৎ" ইতি মহাসমুদ্রাদিস্থানীয়তাং ব্রহ্মণঃ কথয়তি, অপ্রত্যাখ্যায়ৈব কার্য্যপ্রপঞ্চং পরিণামপ্রক্রিয়াঞ্চাশ্রয়তি, সগুণোপাসনেষূপযুজ্যত ইতি॥ ২। ১। ১৪॥

ভাবে চোপলব্ধেঃ॥ ২। ১। ১৫॥ *

ইতশ্চ কারণাদনন্যত্বং কার্য্যস্য, যৎ কারণং ভাব এব

ধিকম্ ইতি তদাশ্রয়ং প্রতিজ্ঞাসূত্রং, তত্ত্বাশ্রয়ন্তু তদনন্যত্বসূত্রং, তেনাবিরোধঃ। সুগমমন্যৎ॥ ২। ১। ১৪॥

কারণস্য ভাবঃ সত্তা চোপলম্ভশ্চ তস্মিন্ কার্য্যস্যোপলব্ধের্ভাবাচ্চ। এতদুক্তং

অর্থাৎ চিদ্বপুঃ আত্মা অজ্ঞানে আবৃত থাকে, তাই জীবগণ মুগ্ধ হয়।" [ব্যব... মিত্যাহ] যত দিন ব্যবহারাবস্থা থাকে, পারমার্থিক অবস্থা না আইসে, ততদিনই জীবের ব্যবহার থাকে। শ্রুতিও ঐ ব্যবহারকালেই ঈশ্বরের ঈশ্বরত্ব বর্ণন করিয়াছেন। যথা—"ইনিই সমুদায়ের ঈশ্বর, ইনিই ভূতগ্রামের অধিপতি (অধিষ্ঠাতা), ইনিই ভূতসংঘের পালক, এবং ইনিই এই সেতুর ন্যায় লোকের বিধারক—নিয়মপরিপাটীর মর্য্যাদাস্বরূপ (সীমাস্বরূপ)।" ঈশ্বরগীতাতেও এইরূপ আছে। যথা—"হে অর্জ্জুন, ঈশ্বর সমুদায় ভূতের হৃদয়দেশে (বুদ্ধিবৃত্তিতে) আছেন এবং মায়ার দ্বারা যন্ত্রারূঢ় (যন্ত্র = দেহ) ভূতদিগকে ঘুরাইতেছেন (ভ্রমযুক্ত করিতেছেন)।" সূত্রকার ব্যাসও পরমার্থ অভিপ্রায়েই অভেদ বলিয়াছেন, ব্যবহার অভিপ্রায়ে বলেন নাই। [ব্যব...যুজ্যত ইতি] ব্যবহার অভিপ্রায়ে লোকবৎ অর্থাৎ লৌকিক দৃষ্টান্ত প্রদর্শনার্থ পরব্রহ্মকে মহাসমুদ্রতুল্য বলিয়াছেন, এবং সগুণ উপাসনার উপযোগী বলিয়া কার্য্যপ্রপঞ্চের (জগতের) প্রত্যাখ্যান (নিষেধ) না করিয়াই তাহার পরিণামপ্রণালী বর্ণন করিয়াছেন॥ ২। ১। ১৪॥

কার্য্য যে কারণ হইতে ভিন্ন নহে—অভিন্ন, তৎপ্রতি অন্য হেতু হেতু এই যে,

* কারণস্য ভাবে সত্ত্বে উপলব্ধৌ চ কার্য্যস্য সত্ত্বাৎ উপলব্ধেশ্চ কার্য্যস্য অনন্যত্বমিতি সূত্রার্থঃ।

গত্যাদিবৎ। ক্রিয়া চ নাম স্যাৎ, অকর্তৃকা চ,—ইতি বিপ্রতিষিধ্যেত। ঘটস্য চোৎপত্তিরুচ্যমানা ন ঘটকর্তৃকা, কিং তর্হি? অন্যকর্তৃকেতি কল্প্যা স্যাৎ। তথা কপালাদীনামপ্যুৎপত্তিরুচ্যমানাঽন্যকর্তৃকৈব কল্প্যেত। তথা চ সতি ঘট উৎপদ্যতে ইত্যুক্তে কুলালাদীনি কারণান্যুৎপদ্যন্ত ইত্যুক্তং স্যাৎ। ন চ লোকে ঘটোৎপত্তিরিত্যুক্তে কুলালাদীনামপ্যুৎপদ্যমানতা প্রতীয়তে, উৎপন্নতাপ্রতীতেশ্চ।

অথ স্বকারণসত্ত্বসম্বন্ধ এবোৎপত্তিরাত্মলাভশ্চ কার্য্যস্যেতি চেৎ, কথমলব্ধাত্মকং সম্বধ্যেতেতি বক্তব্যম্। সতোর্হি দ্বয়োঃ সম্বন্ধঃ সম্ভবতি, ন সদসতোরসতোর্ব্বা, অভাবস্য চ নিরুপাখ্যত্বাৎ

পদ্যতে—ঘটো ভবতীতি প্রয়োগঃ, ইত্যত আহ—"ঘটস্য চোৎপত্তিরুচ্যমানা" ইতি। উৎপাদনা হি সিদ্ধানাং কপালকুলালাদীনাং ব্যাপারো নোৎপত্তিঃ। ন চোৎপাদনৈবোৎপত্তিঃ, প্রযোজ্যপ্রযোজকব্যাপারয়োর্ভেদাৎ, অভেদে বা টমুৎপাদয়তীতিবৎ ঘটমুৎপদ্যত ইত্যপি প্রসঙ্গাৎ। তস্মাৎ করোতিকারয়ত্যোরিব ঘটগোচরয়োভৃ্ত্যস্বামিসমবেতয়োরুৎপত্ত্যুৎপাদনয়োরধিষ্ঠানভেদোঽভ্যুপেতব্যঃ। তত্র কপালকুলালাদীনাং সিদ্ধানামুৎপাদনাধিষ্ঠানানাং নোৎপত্ত্যধিষ্ঠানত্বমস্তীতি পারিশেষ্যাৎ ঘট এব সাধ্য উৎপত্তেরধিষ্ঠানমেষিতব্যঃ। ন চাঽসাবসন্নধিষ্ঠানং ভবিতুমর্হতীতি সত্ত্বমস্যাভ্যুপেয়ম্। এবঞ্চ ঘটো ভবতীতি ঘটব্যাপারস্য ধাতুপাত্তত্বাৎ তত্রাস্য কর্তৃত্বমুপপদ্যতে, তণ্ডুলানামিব সতাং বিক্লিত্তৌ বিক্লিদ্যন্তি তণ্ডুলা ইতি।

শঙ্কতে—"অথ স্বকারণসত্তাসম্বন্ধ এবোৎপত্তিঃ" ইতি। এতদুক্তং ভবতি—নোৎপত্তির্নাম কশ্চিদ্ব্যাপারঃ, যেনাসিদ্ধস্য কথমত্র কর্তৃত্বমিত্যনুযুজ্যেত, কিন্তু স্বকারণসমবায়ঃ স্বসত্তাসমবায়ো বা। স চাসতোঽপ্যবিরুদ্ধ ইতি সোঽপ্যসতোঽনুপপন্ন ইত্যাহ—"কথমলব্ধাত্মকং" ইতি। অপি চ, প্রাগুৎপত্তেরসত্ত্বং কার্য্যস্যেতি কার্য্যাভাবস্য ভাবেন মর্য্যাদাকরণমনুপপন্নমিত্যাহ—"অভাবস্য চ" ইতি। স্যাদে-

প্রভৃতি কারণ উৎপন্ন হইতেছে, এরূপ কথনও বলা যায় না। কেন-না, ঘটোৎপত্তি শব্দে কুলালাদির উৎপত্তি প্রতীত হয় না, পরন্তু উহাদের উৎপন্নতাই প্রতীত হয়।

[অথ…ভবিষ্যতীতি] কারণ দ্রব্যে কার্য্যের সত্তাসম্বন্ধ হইলেই কার্য্যের উৎপত্তি ও আত্মলাভ (স্বরূপনিষ্পত্তি) হয়, এ কথা বলিলেও আমরা জিজ্ঞাসা করিব যে, যাহার কোন স্বরূপ নাই, কি প্রকারে তাহার সম্বন্ধ ঘটনা হইবে? বিদ্যমান পদার্থদ্বয়েরই পরস্পর সম্বন্ধ সম্ভব হয়, বিদ্যমানে ও অবিদ্যমানে, অথবা দুইটী অবিদ্যমানে পরাপরসম্বন্ধ সম্ভব হয় না। অভাব পদার্থ মিথ্যা বা তুচ্ছ, সুতরাং তাহার "উৎপত্তি

প্রাগুৎপত্তেরিতি মর্য্যাদাকরণমনুপপন্নম্। সতাং হি লোকে ক্ষেত্রগৃহাদীনাং মর্য্যাদা দৃষ্টা, নাভাবস্য। ন হি বন্ধ্যাপুত্রো রাজা বভূব প্রাক্ পূর্ণবর্ম্মণোঽভিষেকাদিত্যেবঞ্জাতীয়কেন মর্য্যাদাকরণেন নিরুপাখ্যো বন্ধ্যাপুত্রো রাজা বভূব ভবতি ভবিষ্যতি ইতি বা বিশেষ্যতে। যদি চ বন্ধ্যাপুত্রঃ কারকব্যাপারাদূর্দ্ধমভবিষ্যৎ, তত ইদমপি উপাপৎস্যত—কার্য্যাভাবোঽপি কারকব্যাপারাদূর্দ্ধং ভবিষ্যতীতি। বয়ন্তু পশ্যামো বন্ধ্যাপুত্রস্য কার্য্যাভাবস্য চাভাবত্বাবিশেষাৎ, যথা বন্ধ্যাপুত্রঃ কারকব্যাপারাদূর্দ্ধং ন ভবিষ্যতি, এবং কার্য্যাভাবোঽপি কারকব্যাপারাদূর্দ্ধং ন ভবিষ্যতীতি।

নন্বেবং সতি কারকব্যাপারোঽনর্থকঃ প্রসজ্যেত, যথৈব হি প্রাক্সিদ্ধত্বাৎ কারণস্য স্বরূপসিদ্ধয়ে ন কশ্চিদ্ব্যাপ্রিয়তে, এবং প্রাক্সিদ্ধত্বাৎ তদনন্যত্বাচ্চ কার্য্যস্বরূপপ্রসিদ্ধয়েঽপি ন কশ্চিদ্ব্যাপ্রিয়েত, ব্যাপ্রিয়তে চ। অতঃ কারকব্যাপারার্থবত্ত্বায় মন্যামহে

তৎ, অত্যন্তাভাবস্য বন্ধ্যাসুতস্য মাভূন্মর্য্যাদা, অনুপাখ্যো হি সঃ, ঘটপ্রাগভাবস্য তু ভবিষ্যতা ঘটেনোপাখ্যেয়স্যাঽস্তি মর্য্যাদেত্যত আহ।—"যদি চ বন্ধ্যাপুত্রঃ কারকব্যাপারাৎ" ইতি। উক্তমেতদধস্তাৎ—যথা ন জাতু ঘটঃ পটো ভবত্যেবমসদপি সন্ন ভবতীতি। তস্মান্মৃৎপিণ্ডে ঘটস্যাসত্ত্বেঽত্যন্তাসত্ত্বমেবেতি।

"অত্রাসৎকার্য্যবাদী চোদয়তি "নন্বেবং সতি" ইতি। প্রাক্ প্রসিদ্ধমপি কার্য্যং কদাচিৎ কারণেন যোজয়িতুং ব্যাপারোঽর্থবান্ ভবেদিত্যত আহ—"তদনন্যত্বাচ্চ"

কিম্বা পূর্ব্বে" এরূপ মর্য্যাদা প্রদান (সীমা কারণ) হইতে পারে না। অপিচ, যাহা সৎ—যাহা আছে— তাহাকেই সীমা দেওয়া যাইতে পারে। গৃহাদি সৎ, সে জন্য, গৃহাদিরই সীমা হয়, অসৎ বা অভাবের সীমা হয় না। রাজা পূর্ণবর্ম্মার অভিষেকের পূর্ব্বে বন্ধ্যাপুত্র রাজা হইয়াছিল, এ বাক্য যেমন নিরর্থক, উক্ত বাক্যও সেইরূপ। কারক-ব্যাপারের পরে যদি বন্ধ্যাপুত্র হয় বা থাকে, তাহা হইলে কার্য্যাভাবও কারকব্যাপারের পরে হইতে বা থাকিতে পারে। আমরা দেখিতেছি, কারকব্যাপারের পশ্চাৎ বন্ধ্যাপুত্রও অসৎ, কার্য্যাভাবও অসৎ।

[নন্বেবং ..ভাগি] যদি বল, সৎকার্য্য পক্ষে কারক-ব্যাপারের আনুর্থক্য হয়, অর্থাৎ যাহা থাকে, কর্ত্তা তাহার আর কি করিবে? যেমন পূর্ব্বসিদ্ধ কারণের স্বরূপনিষ্পত্তির জন্য কোনও ব্যক্তি যত্নবান্ হয় না, (যাহা আছে, সুতরাং তাহা

প্রাগুৎপত্তেরভাবঃ কার্য্যস্যেতি। নৈষ দোষঃ। যতঃ কার্য্যাকারেণ কারণং ব্যবস্থাপয়তঃ কারকব্যাপারস্যার্থবত্ত্বমুপপদ্যতে। কার্য্যাকারোঽপি কারণস্যাত্মভূত এব, অনাত্মভূতস্যানারভ্যত্বাদিত্যভাণি। ন চ বিশেষদর্শনমাত্রেণ বস্ত্বন্যত্বং ভবতি। ন হি দেবদত্তঃ সঙ্কোচিতহস্তপাদঃ প্রসারিতহস্তপাদশ্চ বিশেষেণ দৃশ্যমানোঽপি বস্ত্বন্যত্বং গচ্ছতি, স এবেতি প্রত্যভিজ্ঞানাৎ। তথা প্রতিদিনমনেকসংস্থানানামপি পিত্রাদীনাং ন বস্ত্বন্যত্বং ভবতি, মম পিতা মম মাতা মম ভ্রাতা ইতি প্রত্যভিজ্ঞানাৎ। জন্মোচ্ছেদানন্তরিতত্বাৎ তত্র তত্র যুক্তং, নান্যত্রেতি চেৎ, ন, ক্ষীরাদীনামপি দধ্যাদ্যাকারসংস্থানস্য প্রত্যক্ষত্বাৎ। অদৃশ্য-

ইতি। পরিহরতি।—"নৈষ দোষঃ" ইতি। উক্তমেতৎ, যথা ভুজঙ্গতত্ত্বং ন রজ্জোর্ভিদ্যতে, রজ্জুরেব হি তৎ, কাল্পনিকস্থ ভেদঃ, এবং বস্তুতঃ কার্য্যতত্ত্বং ন কারণাদ্ভিদ্যতে, কারণস্বরূপমেব হি তৎ, অনির্ব্বাচ্যন্তু কার্য্যরূপং, ভিন্নমিবাভিন্নমিব চাবভাসত ইতি। তদিদমুক্তং "বস্ত্বন্যত্বং" ইতি। বস্তুতঃ পরমার্থতোঽন্যত্বং ন

করিতে হয় না), তেমনি, কার্য্যের জন্য যত্নবান্ না হওয়াই উচিত। কার্য্য যদি থাকে, তবে কিসের জন্য যত্ন? কারকের (দণ্ডচক্রাদির) আয়োজনই বা কেন? তাহাতে ব্যাপার প্রয়োগই বা কেন? অতএব, কারক-ব্যাপারের সার্থক্যসিদ্ধির জন্যই মানা উচিত যে, উৎপত্তির পূর্ব্বে কার্য্য থাকে না, পরে উৎপন্ন হয়। (যেহেতু থাকে না, সেই হেতুই তাহা করিতে হয়)। এ প্রশ্নের প্রত্যুত্তর এই যে, কার্য্য দ্রব্য থাকিলেও কারকের আয়োজন ও সে সকলে ক্রিয়াপ্রয়োগ দুষ্য বা নিষ্ফল নহে। কার্য্য থাকে বটে; কিন্তু কার্য্যাকারে থাকে না। কার্য্যাকারে থাকে না বলিয়াই তাহার কার্য্যাকারতা-সম্পাদনার্থ কারকব্যাপারের প্রয়োজন হয়। কারক-ব্যাপার কার্য্যাকার প্রাপ্ত করায়, সুতরাং তাহা সার্থক, অনর্থক নহে। সেই কার্য্যাকার কারণের স্বরূপসন্নিবিষ্ট। যাহা যাহার স্বরূপ সন্নিবিষ্ট-নহে—তাহা তাহার আরভ্যও (জন্যও) নহে, এ কথা পূর্ব্বেও বলা হইয়াছে। [ন চ... জ্ঞানাৎ] আকার গত বিশেষ থাকিলেই যে বস্তু ভিন্ন হয়, তাহা হয় না। মনুষ্য এক সময়ে সঙ্কুচিত-হস্তপাদ ও অন্য সময়ে প্রসারিত-হস্তপাদ, এই দ্বিবিধ আকারে পরিদৃষ্ট হইলেও মনুষ্য একই। পূর্ব্বের সঙ্কুচিত হস্তপাদ মনুষ্যই ইদানীং প্রসারিত-হস্তপাদ হইয়া যাইতেছে, ইহা প্রত্যভিজ্ঞাপ্রমাণসিদ্ধ। প্রতিদিনই পিতা প্রভৃতি বিভিন্নাকারে দৃষ্ট হন, তাই বলিয়া তাঁহারা কি নিত্য নূতন হন? ভিন্নাকারদর্শন কালেও আমার পিতা আমার মাতা আমার ভ্রাতা এবম্বিধ জ্ঞান হইয়া থাকে। [জন্ম...সংজ্ঞা] দিন দিন পিত্রাদিদেহের পরিবর্ত্তন হয় সত্য; কিন্তু জন্ম ও

মানানামপি বটধানাদীনাং সমানজাতীয়াবয়বান্তরোপচিতানামঙ্কুরাদিভাবেন দর্শনগোচরতাপত্তৌ জন্মসংজ্ঞা, তেষামেবাবয়বানাং অপচয়বশাদদর্শনতাপত্তাবুচ্ছেদসংজ্ঞা। তত্রেদৃক্-জন্মোচ্ছেদান্তরিতত্বেন চেদসতঃ সত্ত্বাপত্তিঃ সতশ্চাসত্ত্বাপত্তিঃ, তথা সতি গর্ভবাসিন উত্তানশায়িনশ্চ ভেদপ্রসঙ্গঃ। তথা বাল্যযৌবনস্থাবিরেষ্বপি ভেদপ্রসঙ্গঃ, পিত্রাদিব্যবহারলোপপ্রসঙ্গশ্চ। এতেন ক্ষণভঙ্গবাদঃ প্রতিবদিতব্যঃ।

যস্য পুনঃ প্রাগুৎপত্তেরসৎ কার্য্যং, তস্য নির্ব্বিষয়ঃ কারকব্যাপারঃ স্যাৎ, অভাবস্য বিষয়ত্বানুপপত্তেঃ। আকাশস্য

বিশেষদর্শনমাত্রান্তর্বতি। সাম্ব্যবহারিকে তু কথঞ্চিত্তত্ত্বান্তত্বে ভবত এবেত্যর্থঃ। অনয়ৈব হি দিশা এষ সন্দর্ভো যোজ্যঃ।

অসৎকার্য্যবাদিনং প্রতি দূষণান্তরমাহ—"যস্য পুনঃ" ইতি। কার্য্যস্য কারণাদ-

---

উচ্ছেদ হয় না। যেহেতু জন্ম ও উচ্ছেদ হয় না, সেই হেতুই পিত্রাদিশরীর অভিন্ন। দুগ্ধ প্রভৃতিতে উচ্ছেদ ও দধি প্রভৃতিতে জন্ম দৃষ্ট হয়, সুতরাং উক্ত উভয় বস্তু ভিন্ন, (জন্ম ও বিনাশ এই দুই বিরুদ্ধ ধর্ম্মের আগমন থাকায় কার্য্যকারণেরও ভিন্নতাই সিদ্ধ হয়, (অভেদ অসিদ্ধ), এ কথাও বলিবার যোগ্য নহে। কেন-না, দুগ্ধই দধির আকারে এবং মৃত্তিকাই ঘটের আকারে প্রত্যক্ষ হয়, সুতরাং তাহাতে উচ্ছেদ ও জন্ম উভয়ই অসিদ্ধ। বটবৃক্ষ বটবীজে সূক্ষ্মতানিবন্ধন অদৃশ্য থাকে, পরে সজাতীয় অবয়বের (পরমাণুর) প্রবেশ দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত হয়, তখন তাহা অঙ্কুরাদিরূপে দৃষ্টিগোচর হয়। তদ্রূপে দৃষ্টিগোচর হওয়ার নাম জন্ম এবং অবয়বের ক্ষয় বশতঃ যখন তাহা দৃষ্টিপথের অতীত হয়, তখন তাহা উচ্ছেদ ও বিনাশ আখ্যা ধারণ করে। [তত্রেদৃক্...প্রসঙ্গশ্চ] যদি তদ্রূপ জন্মের ও বিনাশের আবরণ দৃষ্টে (অবয়বের বৃদ্ধি ও হ্রাস দেখিয়া) বস্তুর ভিন্নতা অবধারণ কর, অনুমান কর, এবং তদনুসারে অসতের উৎপত্তি ও সতের বিনাশ স্বীকার কর, তাহা হইলে গর্ভবাসীর ও উত্তানশায়ীরও ভিন্নতা স্বীকার করা উচিত। যে গর্ভবাস করিয়াছিল, সে ইদানীং উত্তানশায়ী, ইহা বলিতে পার না)। অপিচ, বাল্য, যৌবন, বার্দ্ধক্য এ সকল অবস্থাতেও ব্যক্তির ভিন্নতা স্বীকার করিতে হয়, করিলে পিত্রাদি-ব্যবহার লোপ প্রাপ্ত হয়। (যৌবনে যাহাকে পিতা বলিয়াছ, বার্দ্ধক্যে তাহাকে পিতা বলিতে পার না)। [এতেন...তব্য] এই বিচারের দ্বারা বা এই সকল অসৎকার্য্যবাদনিরাসক যুক্তির দ্বারা ক্ষণিকবাদেরও প্রতিবাদ করা হইল বুঝিতে হইবে।

[যস্য...কল্পয়িতুম্] উৎপত্তির পূর্ব্বে কার্য্য থাকে না, কোন আকারে থাকে না, এতন্মতে কারক-ব্যাপারের নৈষ্ফল্য জানিবে। কারণ, অভাব (যাহা নাই, তাহা) কাহারও বিষয় হয় না। অযোগ্য বিষয়ে কোনও কারক কৃতকার্য্য

হননপ্রয়োজন-খড়্গাদ্যনেকায়ুধপ্রযুক্তিবৎ। সমবায়িকারণবিষয়ঃ কারকব্যাপারঃ স্যাদিতি চেৎ, ন, অন্যবিষয়েণ কারক-ব্যাপারেণান্যনিষ্পত্তেরতিপ্রসঙ্গাৎ। সমবায়িকারণস্যৈবাত্মাতিশয়ঃ কার্য্যমিতি চেৎ, তর্হি সৎকার্য্যতাপত্তিঃ। তস্মাৎ ক্ষীরাদীন্যেব দ্রব্যাণি দধ্যাদিভাবেনাবতিষ্ঠমানানি কার্য্যাখ্যাং লভন্ত ইতি ন কারণাদন্যৎ কার্য্যং বর্ষশতেনাপি শক্যং কল্পয়িতুম্। তথা চ মূলকারণমেবান্ত্যাৎ কার্য্যাৎ তেন তেন কার্য্যাকারেণ নটবৎ সর্ব্বব্যবহারাস্পদত্বং প্রতিপদ্যতে। এবং যুক্তেঃ কার্য্যস্য প্রাগুৎপত্তেঃ সত্ত্বমনন্যত্বঞ্চ কারণাদবগম্যতে, শব্দান্তরাচ্চৈতদবগম্যতে।

পূর্ব্বসূত্রেঽসদ্ব্যপদেশিনঃ শব্দস্যোদাহৃতত্বাৎ, ততোঽন্যঃ সদ্ব্যপদেশী শব্দঃ শব্দান্তরম্। "সদেব সোম্যেদমগ্র আসীৎ"

ভেদে সবিষয়ত্বং কারকব্যাপারস্য স্যান্নাস্যথেত্যর্থঃ। "মূলকারণং" ব্রহ্ম

হয় না। শত শত খড়্গাদি অস্ত্র প্রয়োগ করিলেও আকাশের ছেদ ভেদ সংঘটন হয় না। কারক সকল সমবায়ী কারণকে বিষয় করে, সমবায়ী কারণেই ব্যাপৃত থাকে, এ কথাও বলিবার অযোগ্য। কারণ, একের ব্যাপারে অন্যের উৎপত্তি অসম্ভব। সম্ভব বলিলে অতিব্যাপ্তি দোষ হইবে। দণ্ডচক্রাদি কারক মৃত্তিকায় ব্যাপৃত (ব্যাপার – কার্য্যজনক ক্রিয়াবিশেষ) হইলে কখনও কি স্বর্ণের উৎপত্তি হয়? তাহা হয় না। কার্য্যকে সমবায়ী কারণের আতিশয্যবিশেষও (অতিশয় – রূপান্তর-শক্তিও) বলিতে পারিবে না। বলিলে সৎকার্য্যবাদ স্বীকৃত হইবেক। সেই জন্যই বলি, দুগ্ধাদি দ্রব্য দধ্যাদিভাবে অবস্থিত হইলে তাহা কার্য্যনাম প্রাপ্ত হয় এবং শতবর্ষ ব্যাপিয়া চেষ্টা করিলেও কার্য্যের কারণাতিরিক্ততা প্রতিপাদন করিতে পারিবে না। [তথাচ...গম্যতে] প্রবর্ত্তিত বিচারে এই ফল ফলিতেছে যে, এক মূলকারণই চরম কার্য্য পর্য্যন্ত সেই সেই কার্য্যের আকারে নটের ন্যায় সমুদয় ব্যবহারের আস্পদ হইতেছে। প্রদর্শিত যুক্তিতে উৎপত্তির পূর্ব্বে কার্য্যের অস্তিত্ব ও কারণাভিন্নত্ব সিদ্ধ হয় অর্থাৎ জানা যায়। যেমন যুক্তির দ্বারা জানা যায়, তেমনি, শব্দান্তরের দ্বারাও জানা যায়।

[পূর্ব্ব...ধারয়তি] পূর্ব্ব সূত্রে যে অসতের উল্লেখী শব্দের উদাহরণ গৃহীত হইয়াছে, তদ্বিপরীত সৎ-শব্দই শব্দান্তর। শ্রুতিতে সৎ-শব্দের উল্লেখ থাকাতেও উৎপত্তির পূর্ব্বে কার্য্যের অস্তিত্ব ও কারণাভিন্নত্ব জানা যায়। যথা—"হে সোম্য,

"একমেবাদ্বিতীয়ং" ইত্যাদি "তদ্ধৈক আহুঃ, অসদেবেদমগ্র-আসীৎ" ইতি চাসৎপক্ষমুপক্ষিপ্য কথমসতঃ সজ্জায়েতেত্যাক্ষিপ্য "সদেব সোম্যেদমগ্র আসীৎ" ইত্যবধারয়তি। তত্রেদং-শব্দ-বাচ্যস্য কার্য্যস্য প্রাগুৎপত্তেঃ সচ্ছব্দবাচ্যেন কারণেন সামানাধিকরণ্যস্য শ্রূয়মানত্বাৎ সত্ত্বানন্যত্বে প্রসিধ্যতঃ। যদি তু প্রাগুৎপত্তেরসৎ কার্য্যং স্যাৎ, পশ্চাচ্চোৎপদ্যমানং কারণে সমবেয়াৎ, তদাঽন্যৎ কারণাৎ স্যাৎ। তত্র "যেনাশ্রুতং শ্রুতং ভবতি" ইতীয়ং প্রতিজ্ঞা পীড্যেত। সত্ত্বানন্যত্বাবগতেস্ত্বিয়ং প্রতিজ্ঞা সমর্থ্যতে ॥ ২। ১। ১৮ ॥

পটবচ্চ ॥ ২। ১। ১৯ ॥ *

যথা চ সংবেষ্টিতঃ পটো ন ব্যক্তং গৃহ্যতে—কিময়ং পটঃ ?

শব্দান্তরাচ্চেতি সূত্রাবয়বমবতার্য্য ব্যাচষ্টে।—"এবং যুক্তেঃ কার্য্যস্য" ইতি। অতিরোহিতার্থম্॥ ২। ১। ১৮॥

[রত্নপ্রভা] কার্য্যমুপাদানাদ্ভিন্নং তদুপলব্ধাবপ্যনুপলভ্যমানত্বাৎ ততোঽধিক-

---

এ সকল অগ্রে সৎ-ই ছিল। তাহা এক ও দ্বিতীয়রহিত অর্থাৎ সর্ব্বপ্রকারভেদ-শূন্য" ইত্যাদি। শ্রুতি "কেহ কেহ বলেন, এ সকল অগ্রে অসৎ ছিল" এইরূপে অসদ্বাদকে পূর্ব্বপক্ষভুক্ত করিয়া পশ্চাৎ "কি প্রকারে অসৎ হইতে সতের আবির্ভাব হইতে পারে?" এবম্প্রকারে তাহার প্রতিবাদ করতঃ পরে "সৎ-ই ছিল" এইরূপ অবধারণ করিয়াছেন। [তত্রেদং—সমর্থ্যতে] প্রোক্ত শ্রুতিতে ইদং-শব্দবোধ্য জগৎকার্য্যের সহিত সৎশব্দ-বোধ্য ব্রহ্ম কারণের সামানাধিকরণ্য অর্থাৎ অভেদ অভিহিত হওয়ায় কার্য্যের সত্ত্ব ও কারণাভিন্নত্ব প্রতীত হয়। উৎপত্তির পূর্ব্বে থাকে না, কারকব্যাপারে অভিনব উৎপন্ন হয়, কারণে সমবেত হয়, (অভেদ সম্বন্ধে সম্বদ্ধ হয়। এরূপ বলিতে গেলে কার্য্যকারণের ভেদ স্বীকার করিতে হয়। তাহাতে কারণ জ্ঞানে কার্য্যের জ্ঞান সিদ্ধ হওয়ার প্রতিজ্ঞা থাকে না, ভঙ্গ হইয়া যায়। কিন্তু কার্য্য থাকে—কারণাকারে থাকে; সুতরাং তাহা কারণাতিরিক্ত নহে, এরূপ হইলে ঐ প্রতিজ্ঞা সংরক্ষিত হয়, কিছুমাত্র ক্ষতি হয় না॥২।১।১৮॥

সম্বেষ্টিত (গুটান) বস্ত্র স্পষ্টরূপে জ্ঞানগোচর হয় না, বস্ত্র—কি অন্য দ্রব্য, তাহা

---

* সম্বেষ্টিতপট-প্রসারিতপট-দৃষ্টান্তেন কার্য্যং কারণাদভিন্নমিতি সূত্রার্থঃ।

সম্বেষ্টিত ও প্রসারিত বস্ত্রের দৃষ্টান্তে বুঝা যায় যে, কার্য্যসকল কারণাতিরিক্ত নহে। (ভাষ্য ব্যাখ্যা দেখ।)

কিংবান্যৎ দ্রব্যম্ ? ইতি, স এব প্রসারিতঃ—যৎ সংবেষ্টিতং দ্রব্যং, স পট এবেতি প্রসারণেনাভিব্যক্তো গৃহ্যতে, যথা চ সংবেষ্টনসময়ে পট ইতি গৃহ্যমাণোঽপি ন বিশিষ্টায়ামবিস্তারো গৃহ্যতে, স এব প্রসারণসময়ে বিশিষ্টায়ামবিস্তারো গৃহ্যতে, ন সংবেষ্টিতরূপাদয়ং ভিন্নঃ পট ইতি, এবং তন্ত্বাদিকারণাবস্থং পটাদিকমস্পষ্টং সৎ তুরীবেমকুবিন্দাদি কারকব্যাপারাভিব্যক্তং স্পষ্টং গৃহ্যতে। অতঃ সংবেষ্টিতপট-প্রসারিতপটন্যায়েনৈবানন্যৎ কারণাৎ কার্য্যমিত্যর্থঃ ॥ ২ । ১ । ১৯ ॥ *

যথা চ প্রাণাদি ॥ ২ । ১ । ২০ ॥ *

যথা চ লোকে প্রাণাপানাদিষু প্রাণভেদেষু প্রাণায়ামেন নিরুদ্ধেষু কারণমাত্ররূপেণ বর্ত্তমানেষু জীবনমাত্রং কার্য্যং

পরিমাণত্বাচ্চ মশকাদিব শশক ইত্যত্র ব্যভিচারার্থং সূত্রম্—পটবচ্চেতি। দ্বিতীয়হেতোর্ব্যভিচারং স্ফুটয়তি—যথা চ সম্বেষ্টনেতি। আয়ামো দৈর্ঘ্যম্। (ইতি রত্নপ্রভা) ॥ ২ । ১ । ১৯ ॥

বুঝা যায় না। কিন্তু তাহাই প্রসারিত হইলে স্পষ্ট বুঝা যায়, বস্ত্র বলিয়া প্রতীত হয়। অপিচ, সম্বেষ্টিত বস্তুকে বস্ত্র বলিয়া জানিলেও তাহার দৈর্ঘ্যবিস্তারাদি অজ্ঞাত থাকে, কিন্তু প্রসারিত হইবার পর তাহা আর অজ্ঞাত থাকে না। এ স্থলে সম্বেষ্টিত পট ও প্রসারিত পট ভিন্ন বস্তু নহে, একই। এইরূপ, সূত্রাবস্থ বা কারণাবস্থ বস্ত্রাদিও বিস্পষ্ট বুঝা যায় না, বস্ত্রাদিরূপে জ্ঞানগোচর হয় না, কিন্তু যখন তাহা তুরী, বেমা ও তন্তুবায় প্রভৃতির ব্যাপারে বিস্পষ্ট ভাব প্রাপ্ত হয়, তখন বিস্পষ্ট বুঝায়, অর্থাৎ তখন তাহাতে বস্ত্রজ্ঞান জন্মে। এতদ্দৃষ্টান্তে নিশ্চয় হয় যে, কার্য্য মাত্রই কারণ হইতে ভিন্ন বা পৃথক্ বস্তু নহে। সূতা ও কাপড় একই জিনিশ ॥ ২ । ১ । ১৯ ॥

লোকমধ্যেও দেখা যায়, প্রাণ অপান সমান উদান ব্যান—এই পঞ্চপ্রাণ প্রাণায়ামের দ্বারা রুদ্ধ হইলে তাহা মাত্র কারণরূপে অবস্থান করে এবং কেবল জীবন-কার্য্য মাত্র (বেঁচে থাকা) নির্ব্বাহ করে, দেহের আকুঞ্চন ও প্রসারণ কিছুই

* যথা লোকে বৃত্তিভেদেন পঞ্চধা বিভক্তেষু প্রাণাদিষু প্রাণায়ামেন নিরুদ্ধেষু কেবলং কারণাত্মনা স্বরূপমাত্র মবশিষ্যতে, নতু ব্যাপার বিভাগঃ, তথা প্রকৃতে ঽপি বোদ্ধব্যমিত্যর্থঃ।

প্রাণায়ামের দ্বারা প্রাণ অপান সমান উদান ও ব্যান এতন্নামক বৃত্তিপঞ্চক রুদ্ধ হইলে ঐ সকল কেবলমাত্র কারণভাবে বিদ্যমান থাকে। এতদ্দৃষ্টে যেমন মূল প্রাণের সহিত কার্য্যভূত প্রাণাদির অভেদ অঙ্গীকৃত হয়, অন্যান্য কার্য্যও সেইরূপ জানিবে। (বিস্তৃত বিবরণ ভাষ্য ব্যাখ্যায় দেখ)।

নির্ব্বর্ত্ত্যতে নাকুঞ্চনপ্রসারণাদিকং কার্য্যান্তরং, তেম্বেব প্রাণ-ভেদেষু পুনঃ প্রবৃত্তেষু জীবনাদধিকমাকুঞ্চন-প্রসারণাদিকমপি কার্য্যান্তরং নির্ব্বর্ত্ত্যতে। ন চ প্রাণভেদানাং প্রভেদবতঃ প্রাণাদন্যত্বং সমীরণস্বভাবাবিশেষাৎ। এবং কার্য্যস্য কারণা-দনন্যত্বম্। অতশ্চ কৃৎস্নস্য জগতো ব্রহ্মকার্য্যত্বাৎ তদনন্য-ত্বাচ্চ সিদ্ধৈষা শ্রৌতী প্রতিজ্ঞা "যেনাশ্রুতং শ্রুতং ভবত্য-মতং মতমবিজ্ঞাতং বিজ্ঞাতম্" ইতি ॥ ২ । ১ । ২০ ॥

ইতরব্যপদেশাদ্ধিতাকরণাদিদোষ-প্রসক্তিঃ ॥ ২ । ১ । ২১ ॥ *

অন্যথা পুনশ্চেতনকারণবাদ আক্ষিপ্যতে। চেতনাদ্ধি জগৎপ্রক্রিয়ায়ামাশ্রীয়মাণায়াং হিতাকরণাদয়ো দোষাঃ প্রস-জ্যন্তে। কুতঃ ? ইতরব্যপদেশাৎ। ইতরস্য শারীরস্য ব্রহ্মা-

---

পটবচ্চ। যথাচ প্রাণাদি—ইতি চ সূত্রে নিগদব্যাখ্যাতেন ভাষ্যেণ ব্যাখ্যাতে ॥ ২ । ১ । ১৯-২০ ॥

যদ্যপি শারীরাৎ পরমাত্মনো ভেদমাহুঃ শ্রুতয়ঃ, তথাপ্যভেদমপি দর্শয়ন্তি শ্রুতয়ো

করে না। সময়ান্তরে আবার ঐ সকল প্রাণই বৃত্তিমান্ হইয়া জীবনাতিরিক্ত আকুঞ্চনাদি কার্য্যও নির্ব্বাহ করে। উক্ত প্রাণপঞ্চক যে মুখ্য প্রাণের প্রভেদ মাত্র, সেই মূল প্রাণ হইতে উক্ত প্রাণপঞ্চকের ভিন্নতা নাই ; সকলগুলিই বায়ুস্বভাব, সুতরাং সকলগুলিই বস্তুতঃ এক অর্থাৎ অভিন্ন। কার্য্য যে কারণ ভিন্ন নহে, তাহা এই প্রাণদৃষ্টান্তেও নিশ্চয় হয়। যে হেতু সমস্ত জগৎ ব্রহ্মকার্য্য ও ব্রহ্মাভিন্ন, সেই হেতুই শ্রুত্যুক্ত একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান উপপন্ন হয়, কাজেই সর্ব্ববিজ্ঞান-প্রতিজ্ঞাও সিদ্ধ হয় ॥২।১।২০॥

চেতন ব্রহ্মই জগতের কারণ, এই মতের বিরুদ্ধে অন্য একটী আপত্তি উত্থাপিত হইতেছে ! চেতন ব্রহ্ম হইতে জগৎসৃষ্টি হওয়ার প্রণালীতে হিতাকরণাদি দোষ আসিয়া পড়ে। কেন-না, শ্রুতি ইতরভাব অর্থাৎ জীবের ব্রহ্মাত্মতা উপদেশ

---

* পূর্ব্বপক্ষসূত্রমেতৎ। চেতনকারণবাদে হিতাকরণাদিদোষপ্রসক্তির্ভবতি। কস্মাৎ? ইতরব্যপদেশাৎ—ইতরস্য জীবস্য ব্রহ্মত্বকথনাৎ, অথবা ইতরস্য ব্রহ্মণো জীবত্বাভিধানাৎ। হিতাকরণং অহিতকরণঞ্চ। ব্রহ্ম যদি জীবো ভবেৎ, তদা স্বানিষ্টং নরকাদিকং কস্মাৎ কথং বা জনয়েৎ ? নৈব জনয়েদিতি ভাবঃ।

ব্রহ্মকারণবাদ স্বীকার করিতে গেলে, ব্রহ্মের জীবভাবপ্রাপ্তি-বোধক শ্রুতি থাকায় নিজেই নিজের বন্ধন সৃষ্টি করায় যে দোষ; সেই দোষ হইবে।

ত্মত্বং ব্যপদিশতি শ্রুতিঃ, "স আত্মা, তত্ত্বমসি শ্বেতকেতো" ইতি প্রতিবোধনাৎ। যদ্বা, ইতরস্য চ ব্রহ্মণঃ শারীরাত্মত্বং ব্যপদিশতি, "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" ইতি স্রষ্টুরেবাবিকৃতস্য ব্রহ্মণঃ কার্য্যানুপ্রবেশেন শারীরাত্মত্বদর্শনাৎ। "অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নাম-রূপে ব্যাকরবাণি" ইতি চ পরা দেবতা জীবমাত্মশব্দেন ব্যপদিশন্তী ন ব্রহ্মণো ভিন্নঃ শারীর ইতি দর্শয়তি। তস্মাদ্ যদ্‌ব্রহ্মণঃ স্রষ্টৃত্বং, তচ্ছারীরস্যৈবেতি। অতশ্চ স্বতন্ত্রঃ কর্ত্তা সন্ হিতমেবাত্মনঃ সৌমনস্যকরং কুর্য্যাৎ, নাহিতং জন্মমরণজরারোগাদ্যনেকানর্থজালম্।

নহি কশ্চিদপরতন্ত্রো বন্ধনাগারমাত্মনঃ কৃত্বানুপ্রবিশতি।

বক্তব্যঃ। ন চ ভেদাভেদাবেকত্র সমবেতৌ, বিরোধাৎ। ন চ ভেদস্তাত্ত্বিক ইত্যুক্তম্। তস্মাৎ পরমাত্মনঃ সর্ব্বজ্ঞান্ন শারীরস্তত্ত্বতো ভিদ্যতে। স এব ত্ববিদ্যোপধানভেদাদ্ঘটকরকাদ্যাকাশবদ্ভেদেন প্রথতে। উপহিতস্যাস্য রূপং শারীরম্। তেন যা নাম জীবাঃ পরমাত্মতামাত্মনোঽনুভূবন, পরমাত্মা তু তানাত্মনোঽভিন্নাননুভবতি, অননুভবে সার্ব্বজ্ঞ্যব্যাঘাতঃ। তথা চায়ং জীবান্ বধ্নন্নাত্মানমেব বধ্নীয়াৎ।

করিয়াছেন (ব্রহ্মকেই জীব বলিয়াছেন)। যথা—"হে শ্বেতকেতো, তাহাই আত্মা এবং তাহাই তুমি।" অথবা ইতর-শব্দে জীব-ভিন্ন অর্থাৎ ব্রহ্ম। শ্রুতি তাঁহার জীব হওয়া বলিয়াছেন। যথা—"ব্রহ্ম জগৎ সৃষ্টি করিয়া সৃষ্ট পদার্থে প্রবিষ্ট হইলেন।" এই শ্রুতিতে দেখা যায়, সৃষ্টিকর্ত্তা ব্রহ্মই অবিকৃতভাবে সৃষ্ট পদার্থে প্রবিষ্ট আছেন; সুতরাং ব্রহ্মই জীব। [অনেন...দর্শয়তি] "সেই দেবতা আলোচনা করিলেন, আমি জীবাত্মারূপে প্রবিষ্ট হইয়া নাম-রূপের বিকাশ করিব।" এতৎ-শ্রুত্যুক্ত পরা দেবতা জীবকে আত্মশব্দে বিশেষিত করিয়া ইহাই দেখাইয়াছেন যে, জীব ব্রহ্ম হইতে ভিন্ন নহে। [তস্মাদ্...কৃতমিতি] অতএব ব্রহ্মের সৃষ্টিকর্তৃত্ব তুল্য কথা। যদি তাহাই হয়, তবে ইহাও হইবে যে, যে স্বতন্ত্র কর্ত্তা হয়, সে অবশ্যই আপনার হিতকর কার্য্য করে। যাহাতে আপনার অহিত হয়, তাহা করে না। অহিতকর কার্য্য করে না। ব্রহ্মই যদি জীব হইয়া থাকেন ও সৃষ্টি করিয়া থাকেন, তাহা হইলে যাহাতে জন্ম, মরণ, জরা, রোগ, শোক প্রভৃতি বহুল অনর্থ আছে, তাহা করিবেন কেন? (জীব হইয়া, সৃষ্টি করিয়া, নরকাদি যন্ত্রণা ভোগ করিবেন কেন)?

যে ব্যক্তি পরতন্ত্র নহে, স্বাধীন, সে-কি কখনও কারাগার প্রস্তুত করিয়া তন্মধ্যে

ন চ স্বয়মত্যন্তনির্ম্মলঃ সন্নত্যন্তমলিনং দেহমাত্মত্বেনোপেয়াৎ। কৃতমপি কথঞ্চিৎ যৎ দুঃখকরং, তদিচ্ছয়া জহ্যাৎ, সুখকরঞ্চোপাদদীত। স্মরেচ্চ—ময়েদং জগদ্বিম্বং বিচিত্রং বিরচিতমিতি, সর্ব্বো হি লোকঃ স্পষ্টং কার্য্যং কৃত্বা স্মরতি—ময়েদং কৃতমিতি। যথা চ মায়াবী স্বয়ং প্রসারিতাং মায়ামিচ্ছয়ানায়াসেনৈবোপসংহরতি, এবং শারীরোঽপি ইমাং সৃষ্টিং উপসংহরেৎ। স্বকীয়মপি তাবৎ শরীরং শারীরো ন শক্নোত্যনায়াসেনোপসংহর্তুম্। এবং হিতক্রিয়াদ্যদর্শনাদন্যায্যা চেতনাৎ জগৎপ্রক্রিয়েতি মন্যতে ॥ ২। ১। ২১ ॥

অধিকন্তু ভেদনির্দ্দেশাৎ ॥ ২। ১। ২২ ॥ *

তুশব্দঃ পূর্ব্বপক্ষং ব্যাবর্ত্তয়তি। যৎ সর্ব্বজ্ঞং সর্ব্বশক্তি

তত্রেদমুক্তং "ন হি কশ্চিদপরতন্ত্রো বন্ধনাগারমাত্মনঃ কৃত্বানুপ্রবিশতি" ইত্যাদি। তস্মান্ন চেতনকারণং জগদিতি পূর্ব্বঃ পক্ষঃ ॥ ২। ১। ২১ ॥

সত্যময়ং পরমাত্মা সর্ব্বজ্ঞত্বাৎ যথা জীবান্ বস্তুত আত্মনোঽভিন্নান্ পশ্যতি,

---

প্রবিষ্ট হয়? অত্যন্ত নির্ম্মল ব্রহ্ম কি কারণে মলিন দেহকে আত্মভাবে গ্রহণ করিবেন? যদিও করিয়াছেন, তথাপি, যাহা দুঃখময়, তাহা ইচ্ছাপূর্ব্বক ত্যাগ করিতে এবং যাহা সুখকর তাহা গ্রহণ করিতে না পারেন কেন? অপিচ, যখন যে যাহা করে, সে তাহা স্মরণ করিতেও পারে। প্রত্যেক লোককেই কার্য্য করিবার পর স্বকৃত কার্য্য "আমি ইহা করিয়াছি" এইরূপে স্মরণ করিতে দেখা যায়। অতএব জীবভাবাপন্ন ব্রহ্মেরও ইহা স্মরণ করা উচিত হয়, অর্থাৎ মনে পড়া উচিত যে, আমিই এই বিচিত্র জগৎ সৃষ্টি করিয়াছি! [যথা চ…মন্যতে] যেমন মায়াবী (ঐন্দ্রজালিক বা বাজিকর) স্বপ্রারিত (নিজের উদ্ভাবিত) মায়াকে স্বেচ্ছাক্রমে ও বিনা ক্লেশে উপসংহার করে, জীবভাবাপন্ন ব্রহ্ম স্বকৃত সৃষ্টিকে এবং শরীরকেও সেরূপ স্বেচ্ছাক্রমে ও অক্লেশে উপসংহার করিতে না পারেন কেন? অতএব, অহিতকার্য্য দেখা যায় বলিয়া নিশ্চিত হইতেছে যে, চেতন ব্রহ্ম জগতের স্রষ্টা নহে। (স্বতন্ত্র চেতন ব্রহ্ম এ সকল উৎপাদন করিলে অবশ্যই ইহাকে আত্মহিতোপযোগী করিতেন। তাহা যখন করেন নাই, তখন ব্রহ্ম-কারণক জগৎ-প্রক্রিয়া অঙ্গীকার করা অবশ্যই অন্যাহ্য।) ॥ ২। ১। ২১ ॥

তু-শব্দের দ্বারা পূর্ব্বপক্ষের অর্থাৎ হিতাকরণাদি দোষ হওয়ার আপত্তি নিরস্ত

---

* তু-শব্দঃ পূর্ব্বপক্ষনিরাসার্থঃ। ভেদনির্দ্দেশাৎ ভিন্নতয়া ব্রহ্মণোঽভিধানাৎ জীবাদধিকং ব্রহ্ম। ততো ন পূর্ব্বোক্তপূর্ব্বপক্ষাবসর ইত্যর্থঃ।

ব্রহ্ম নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবং শারীরাদধিকমন্যৎ, তদ্বয়ং জগতঃ স্রষ্টৃ ব্রূমঃ। ন তস্মিন্ হিতাকরণাদয়ো দোষাঃ প্রসজ্যন্তে। নহি তস্য হিতং কিঞ্চিৎ কর্ত্তব্যমস্ত্যহিতং বা পরিহর্ত্তব্যং, নিত্যমুক্তত্বাৎ। ন চ তস্য জ্ঞানপ্রতিবন্ধঃ শক্তিপ্রতিবন্ধো বা কচিদপ্যস্তি, সর্ব্বজ্ঞত্বাৎ সর্ব্বশক্তিত্বাচ্চ। শারীরস্ত্বনেবম্বিধঃ। তস্মিন্ প্রসজ্যন্তে হিতাকরণাদয়ো দোষাঃ। ন তু তং বয়ং জগতঃ স্রষ্টারং ব্রূমঃ। কুত এতৎ? ভেদনির্দ্দেশাৎ। "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ," "সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ", "সতা সোম্য, তদা সম্পন্নো ভবতি," "শারীর আত্মা প্রাজ্ঞেনাত্মনান্বারূঢ়ঃ" ইত্যেবঞ্জাতীয়কঃ কর্তৃকর্ম্মাদিভেদনির্দ্দেশো জীবাদধিকং ব্রহ্ম দর্শয়তি।

পশ্যত্যেবং ন ভাবত এষাং সুখদুঃখাদিবেদনাসঙ্গোঽস্তি। অবিদ্যাবশাৎ তেষাং তদ্বদভিমান ইতি। তথা চ তেষাং সুখদুঃখাদিবেদনায়ামপ্যহমুদাসীনঃ, ইতি ন

করা হইতেছে। ব্রহ্ম নিত্য-শুদ্ধবুদ্ধমুক্ত-স্বভাব, সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তি, তিনি জীব হইতে অধিক; সুতরাং ভিন্ন। তাঁহাকেই আমরা জগতের স্রষ্টা বলি, জীবকে স্রষ্টা বলি না। ব্রহ্মে হিতাকরণাদি দোষের প্রসক্তিই নাই। ব্রহ্ম নিত্যমুক্ত; সুতরাং তাঁহার হিত বা অহিত কোন প্রকার কর্ত্তব্য নাই। তিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তি, সে-কারণে তাঁহার জ্ঞানপ্রতিবন্ধক ও শক্তিপ্রতিবন্ধক কিছু নাই। জীব অনেবম্বিধ অর্থাৎ সেরূপ নহে। (জীবেরই হিতাহিত, কর্ত্তব্য জ্ঞান, জ্ঞানপ্রতিবন্ধক ও শক্তিপ্রতিবন্ধক আছে,) জীবের স্রষ্টৃত্বপক্ষে ঐ সকল আছে সত্য; কিন্তু আমরা জীবকে স্রষ্টা বলি না। শ্রুতিতে ভেদনির্দ্দেশ থাকাতেই বলি না। [আত্মা···দর্শয়তি] "হে মৈত্রেয়ি, আত্মাই দ্রষ্টব্য, আত্মাই শ্রোতব্য, আত্মাই নিদিধ্যাসিতব্য অর্থাৎ শ্রবণাদির দ্বারা আত্মসাক্ষাৎকার করাই কর্ত্তব্য।" "তিনিই অন্বেষণীয় এবং তিনিই বিচারণীয়।" "হে সোম্য, সেই কালে আত্মা সৎসম্পন্ন হন।" "জীবাত্মা প্রাজ্ঞ আত্মায় অন্বারূঢ়—" ইত্যাদিবিধ শ্রুতিতে যে কর্তৃ-কর্ম্মাদি ভিন্নতার উল্লেখ আছে, সেই উল্লেখের দ্বারাই ব্রহ্মের জীবাধিকতা দর্শিত হই-

শ্রুতি ব্রহ্মকে জীবভিন্ন বলিয়াছেন, সুতরাং তিনি জীব হইতে অধিক। যে হেতু ব্রহ্ম জীবাধিক—সেই হেতু ঐ সকল দোষ (হিতাকরণাদি দোষ) হয় না। আমরা যদি জীবকেই স্রষ্টা বলিতাম, তাহা হইলে অবশ্যই ঐ সকল দোষ হইত। কিন্তু আমরা ব্রহ্মকে সৃষ্টিকর্ত্তা বলি। ব্রহ্ম জীব হইতে ভিন্ন। জীবে কাল্পনিক ধর্ম্ম আছে, ব্রহ্মে তাহা নাই; সেই জন্যই ব্রহ্মবাদে হিতাকরণ দোষ হয় না।

নন্বভেদনির্দ্দেশোঽপি দর্শিতঃ "তত্ত্বমসি" ইত্যেবঞ্জাতীয়কঃ, কথং ভেদাভেদৌ বিরুদ্ধৌ সম্ভবেয়াতাম্। নৈষ দোষঃ। আকাশঘটাকাশন্যায়েনোভয়সম্ভবস্য তত্র তত্র প্রতিষ্ঠাপিতত্বাৎ।

অপি চ, যদা তত্ত্বমসীত্যেবঞ্জাতীয়কেনাভেদনির্দ্দেশেনাভেদঃ প্রতিবোধিতো ভবতি, অপগতং ভবতি তদা জীবস্য সংসারিত্বং ব্রহ্মণশ্চ স্রষ্টৃত্বম্। সমস্তস্য মিথ্যাজ্ঞানবিজৃম্ভিতস্য ভেদব্যবহারস্য সম্যক্‌জ্ঞানেন বাধিতত্বাৎ। তত্র কুত এব সৃষ্টিঃ কুতো বা হিতাকরণাদয়ো দোষাঃ? অবিদ্যাপ্রত্যুপস্থাপিত-নামরূপকৃত-কার্য্যকরণসঙ্ঘাতোপাধ্যবিবেককৃতা হি ভ্রান্তিঃ, হিতাহিতকরণাদিলক্ষণঃ সংসারো ন তু পরমার্থতোঽস্তীত্যসকৃদবোচাম, জন্মমরণচ্ছেদনভেদনাদ্যভিমানবৎ। অবাধিতে তু

তেষাং বন্ধনাগারনিবেশেঽপ্যস্তি ক্ষতিঃ কাচিন্মমেতি ন হিতাকরণাদিদোষাপত্তিরিতি রাদ্ধান্তঃ।

তদিদমুক্তম্।—"অপি চ যদা তত্ত্বমসি" ইতি। অপি চেতি চঃ পূর্ব্বোপপত্তিসাহিত্যং দ্যোতয়তি, নোপপত্ত্যন্তরতাম্॥ ২। ১। ২২॥

য়াছে। [নন্বভেদ...তত্ত্বাৎ] বলিতে পার, ভেদ উপদেশের ন্যায় অভেদ উপদেশও আছে, যথা—"তিনিই তুমি" ইত্যাদি। অতএব ভেদাভেদ উভয় কি প্রকারে সম্ভাবিত হইতে পারে? এ বিষয়ে আমরা বলি, ভেদাভেদ উভয়বিধ নির্দ্দেশে দোষ হয় না। আকাশের ও ঘটাকাশের দৃষ্টান্তে উক্ত উভয় অসম্ভব নহে, প্রত্যুত সম্ভব, ইহা ভিন্ন ভিন্ন স্থানে প্রতিপাদিত হইয়াছে। (আকাশের বাস্তব ভেদ নাই, কিন্তু ঘটাদি-উপাধিকৃত কাল্পনিক ভেদ আছে)।

[অপি চ...দোষাঃ] আরও দেখ, যখন "তত্ত্বমসি—তিনিই তুমি" এইরূপ এইরূপ উপদেশের দ্বারা অভেদ বা একত্ব জ্ঞানগোচর হয়, তখন জীবের সংসারিত্ব ও ব্রহ্মের সৃষ্টিকর্তৃত্ব উভয়ই পরিত্যক্ত হয়, অর্থাৎ থাকে না। কারণ এই যে, যে কিছু ভেদব্যবহার—সমস্তই মিথ্যাজ্ঞানবিজৃম্ভিত (ভ্রম)। সেই কারণে সম্যক্ জ্ঞান তাহাকে নষ্ট করে। অতএব, পরমার্থদর্শনে সৃষ্টিই বা কোথায়? অহিতকরণাদি দোষই বা কোথায়? অর্থাৎ পারমার্থিক সৃষ্টিও নাই, দোষও নাই। [অবিদ্যা...মানবৎ] অবিদ্যাজনিত অব্যক্ত নামরূপ, তজ্জনিত কার্য্য-করণ-সঙ্ঘাত (দেহেন্দ্রিয়ের মেলন), সেই সংঘাতই উপাধি, এই উপাধি থাকাতেই হিত, অহিত, করা, না করা, এতদ্রূপ সংসারভ্রম জন্মিতেছে বা জন্মিয়াছে। সংসার যে ভ্রমরচিত তাহা অনেকবার বলিয়াছি, বুঝাইয়াও দিয়াছি। জন্ম, মরণ, ছেদন, ভেদন, এ সকল অভিমান যদ্রূপ, সংসারও তদ্রূপ অর্থাৎ পরমার্থ-সৎ

ভেদব্যবহারে "সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ" ইত্যেবঞ্জাতীয়-ভেদনির্দ্দেশেনাবগম্যমানং ব্রহ্মণোঽধিকত্বং হিতাকরণাদিদোষ-প্রসক্তিং নিরুণদ্ধি ॥ ২ । ১ । ২২ ॥

অশ্মাদিবচ্চ তদনুপপত্তিঃ ॥ ২ । ১ । ২৩ ॥ *

যথা চ লোকে পৃথিবীত্বসামান্যান্বিতানামপ্যশ্মনাং কেচিন্মহার্হা মণয়ো বজ্রবৈদুর্য্যাদয়ঃ, অন্যে মধ্যমবীর্য্যাঃ সূর্য্যকান্তাদয়ঃ, অন্যে প্রহীণাঃ শ্ব-বায়সপ্রক্ষেপণার্হাঃ পাষাণাঃ—ইত্যনেক-বিধং বৈচিত্র্যং দৃশ্যতে। যথা চৈকপৃথিবীব্যপাশ্রয়াণামপি বীজানাং বহুবিধং পত্রপুষ্পফলগন্ধরসাদিবৈচিত্র্যং চন্দনকিম্পাকাদিষূপলভ্যতে। যথা চৈকস্যাপ্যন্নরসস্য লোহিতাদীনি কেশলোমাদীনি চ বিচিত্রাণি কার্য্যাণি ভবন্তি, এবমেকস্যাপি ব্রহ্মণো জীবপ্রাজ্ঞপৃথক্ত্বং কার্য্যবৈচিত্র্যঞ্চোপপদ্যত ইত্যত

স্যাদেতৎ। যদি ব্রহ্মবিবর্ত্তো জগৎ, হন্ত সর্ব্বস্যৈব জীববচ্চৈতন্যপ্রসঙ্গ ইত্যত আহ—অশ্মাদিবচ্চ তদনুপপত্তিঃ]।

অতিরোহিতার্থেন ভাষ্যেণ ব্যাখ্যাতম্ ॥ ২ । ১ । ২৩ ॥

নহে। [অবা...নিরুণদ্ধি] জ্ঞানের পরে স্রষ্টৃত্বাদি ধর্ম্মের বাধ হয় সত্য, কিন্তু তাহা জ্ঞানের পূর্ব্বে অবাধিত থাকে। জ্ঞানের পূর্ব্বে যে ভেদব্যবহার অবাধিত থাকে, শ্রুতি সেই অবাধিত ব্যবহারের অনুবাদ করিয়া "তিনিই জীবের অন্বেষণীয়, তিনিই বিচারণীয়" (বিচার দ্বারা সাক্ষাৎকরণীয়)" ইত্যাদি প্রকার ভেদ (জীব-ব্রহ্মের ভিন্নতা) উপদেশ করিয়াছেন। সেই উপদেশের দ্বারাই ব্রহ্মের অধিকত্ব (জীব ভিন্নতা) অনুভূত হয়, হইয়া অহিতকরণাদি দোষপ্রসক্তির অবরোধ করে, অর্থাৎ উক্ত আশঙ্কা হইতে দেয় না অথবা নিবৃত্তি করায় ॥ ২ । ১ । ২২ ॥

পৃথিবীর বিকার প্রস্তর। সকল প্রস্তরেই পৃথিবীত্ব আছে, অথচ কোন প্রস্তর মহামূল্য ও মহাগুণ, কোন প্রস্তর মধ্যমগুণ, কোন প্রস্তর বা কেবল লোষ্ট্রকার্য্যকারী। একই বীজ পৃথিবীতে উপ্ত হয়, অথচ তাহার পত্র পুষ্প ফল ও রসাদি নানা-প্রকার হইতে দেখা যায়। আরও দেখ, একই অন্নরসের রক্তাদি ও লোমাদি পরিণাম হইতে দেখা যায়। এতদ্ দৃষ্টান্তে একই ব্রহ্মের জীব-প্রাজ্ঞভেদ ও অন্যান্য বৈচিত্র্য

* প্রস্তরাদিদৃষ্টান্তেনৈকস্য বৈচিত্র্যোপপত্তেঃ প্রাগুক্তদোষানুপপত্তিরেব স্যাদিতি সূত্রার্থঃ।

প্রস্তরাদিব দৃষ্টান্তে একের বৈচিত্র্য অর্থাৎ বহুপ্রকারতা সিদ্ধ হয়; সুতরাং পূর্ব্বোক্ত দোষ স্থান প্রাপ্ত হয় না।

স্তদনুপপত্তিঃ, পরপরিকল্পিতদোষানুপপত্তিরিত্যর্থঃ। শ্রুতেশ্চ প্রামাণ্যাদ্বিকারস্য বাচারম্ভণমাত্রত্বাৎ স্বপ্নদৃশ্যভাব-বৈচিত্র্য-বচ্চেত্যভ্যুচ্চয়ঃ ॥ ২। ১। ২৩ ॥

উপসংহারদর্শনান্নেতি চেন্ন, ক্ষীরবদ্ধি ॥২।১।২৪ ॥*

চেতনং ব্রহ্মৈকমদ্বিতীয়ং জগতঃ কারণমিতি যদুক্তং, তন্নোপপদ্যতে। কস্মাৎ? উপসংহারদর্শনাৎ। ইহ হি লোকে কুলালাদয়ো ঘটপটাদীনাং কর্ত্তারো মৃদ্দণ্ডচক্রসূত্রাদ্যনেককারকোপ-সংহারেণ সংগৃহীতসাধনাঃ সন্তস্তত্তৎ কার্য্যং কুর্ব্বাণা দৃশ্যন্তে। ব্রহ্ম চাসহায়ং তবাভিপ্রেতম্। তস্য সাধনান্তরানুপসংগ্রহে সতি কথং স্রষ্টৃত্বমুপপদ্যেত। তস্মান্ন ব্রহ্ম জগৎকারণমিতি চেৎ,

ব্রহ্ম খল্বেকমদ্বিতীয়তয়া পরানপেক্ষং ক্রমেণোৎপদ্যমানস্য জগতো বিবিধবিচিত্র-রূপস্যোপাদানমুপেয়তে, তদনুপপন্নম্। নহ্যেকরূপাৎ কার্য্যভেদো ভবিতুমর্হতি, তস্যাকস্মিকত্বপ্রসঙ্গাৎ। কারণভেদো হি কার্য্যভেদহেতুঃ। ক্ষীরবীজাদিভেদাদ্দধ্যঙ্কু-রাদিকার্য্যভেদদর্শনাৎ। ন চাক্রমাৎ কারণাৎ কার্য্যক্রমো যুজ্যতে, সমর্থস্য ক্ষেপাযোগাৎ। দ্বিতীয়তয়া চ ক্রমবত্তৎসহকারিসমবধানানুপপত্তেঃ। তদিদমুক্তং "ইহ হি লোক" ইতি। একৈকং মৃদাদি কারকং, তেষান্তু সামগ্র্যং সাধনম্,

উপপন্ন হইতে পারে। অতএব, তাঁহাতে পরকল্পিত দোষের অনুপপত্তি আছেই, অর্থাৎ বেদান্তসিদ্ধান্তে পরকল্পিত দোষ আদৌ স্থানপ্রাপ্ত হয় না। শ্রুতি স্বতঃ-প্রমাণ, তাহাতে কথিত আছে যে, বিকার সকল কথামাত্র, সুতরাং সে সকলের স্বপ্নদৃষ্টপদার্থের ন্যায় বিচিত্রতা সুসম্ভব ॥ ২। ১। ২৩ ॥

[আপত্তি]—এক অদ্বয় চেতন ব্রহ্ম জগৎস্রষ্টা, এ কথা অনুপপন্ন। অর্থাৎ দৃষ্টান্তবিরুদ্ধ। লোক মধ্যে, উপসংহার অর্থাৎ কারণকূটসংগ্রহপূর্ব্বক কর্তৃত্ব করিতে দেখা যায়, একের কর্তৃত্ব দেখা যায় না। কুলাল প্রভৃতি ঘটাদি কার্য্যের কর্ত্তা, তাহারা মৃত্তিকা, দণ্ড, চক্র, সূত্র প্রভৃতি অনেক উপকরণ সংগ্রহ পূর্ব্বক সেই সেই কার্য্য করে, বিনা উপকরণে কিছুই করিতে পারে না। তোমার মতে ব্রহ্ম একক, অসহায়, ব্রহ্ম ভিন্ন অন্য কিছুই নাই। যদি অন্য কিছু না থাকিল, তবে উপকরণ থাকিল না; সুতরাং একক ব্রহ্মের সৃষ্টিকর্তৃত্বও মিথ্যা হইল। এই জন্যই বলি, ব্রহ্ম জগতের কর্ত্তা নহেন। এ বিষয়ে (এ আপত্তিতে) আমরা বলি, ব্রহ্ম এক হইলেও তাঁহাতে উক্ত দোষ আশ্রয় করে না। কেন-না, দুগ্ধাদির

* উপসংহারদর্শনাৎ কার্য্যনিষ্পাদকসামগ্রীসংগ্রহদর্শনান্নাসহায়ং ব্রহ্ম জগৎকারণমিতি ন বক্তব্যম্। হি যস্মাৎ ক্ষীরবৎ ক্ষীরাদিদৃষ্টান্তেন অসহায়স্যাপি দ্রব্যস্বভাববিশেষাত্তদুপপদ্যত এব।

দুগ্ধ অথবা জল যেমন বাহ্য সাধন অপেক্ষা করে না, অথচ দধি ও হিমানীরূপে পরিণত হয়, তেমনি অদ্বয় ব্রহ্মও সাধনান্তর সংগ্রহ ব্যতীত জগৎ সৃষ্টি করেন।

নৈষ দোষঃ। যতঃ ক্ষীরবৎ দ্রব্যস্বভাববিশেষাদুপপদ্যতে। যথা হি লোকে ক্ষীরং জলং বা স্বয়মেব দধি-হিমভাবেন পরিণমতেঽন-পেক্ষ্য বাহ্যং সাধনং, তথেহাপি ভবিষ্যতি।

নন্বু ক্ষীরাদ্যপি দধ্যাদিভাবেন পরিণমমানমপেক্ষত এব বাহ্যং সাধনং ঔষ্ণ্যাদিকং, কথমুচ্যতে ক্ষীরবদ্ধীতি। নৈষ দোষঃ। স্বয়মপি হি ক্ষীরং যাঞ্চ যাবতীঞ্চ পরিণামমাত্রামনুভবত্যেব, ত্বার্য্যতে ত্বৌষ্ণ্যাদিনা দধিভাবায়। যদি চ স্বয়ং দধিভাবশীলতা ন স্যাৎ, নৈবৌষ্ণ্যাদিনাপি বলাদ্ দধিভাবমাপদ্যেত। নহি বায়ুরাকাশো বৌষ্ণ্যাদিনা বলাদ্ দধিভাবমাপদ্যতে। সাধনসম্পত্ত্যাচ তস্য পূর্ণতা সম্পাদ্যতে। পরিপূর্ণশক্তিকন্তু ব্রহ্ম ন তস্যান্যেন কেনচিৎ পূর্ণতা সম্পাদয়িতব্যা। শ্রুতিশ্চ তত্র ভবতি—

ততোহি কার্য্যং ভবত্যেব, তস্মান্নাদ্বিতীয়ং ব্রহ্ম জগদুপাদানমিতি প্রাপ্ত উচ্যতে—"ক্ষীরবদ্ধি"

ইদং তাবদ্ভবান্ পৃষ্টো ব্যাচষ্টাং—কিং তাত্ত্বিকমস্য রূপমপেক্ষ্যেদমুচ্যতে? উত্নামাদিনামরূপবীজসহিতং কাল্পনিকং সার্ব্বজ্ঞ্যং সর্ব্বশক্তিত্বম্। তত্র পূর্ব্বস্মিন্ কল্পে কিং নাম ততোঽদ্বিতীয়াদসহায়াদুপজায়েত। ন হি তস্য শুদ্ধবুদ্ধমুক্তস্বভাবস্য বস্তুসৎ

দৃষ্টান্তে একত্বের বহুভাবিত্ব উপপন্ন হয়। [যথা হি...ভবিষ্যতি] দুগ্ধ ও জল দধিরূপে ও হিমানীরূপে পরিণত হয়, তাহাতে দ্রব্যান্তরের সাহায্যের অপেক্ষা নাই। এই যেমন দৃষ্টান্ত, তেমনি, ব্রহ্ম হইতেও বিবিধ সৃষ্টি হয়, অথচ তাহাতে সাধনান্তর সদ্ভাবের অপেক্ষা নাই।

[নন্বু...পদ্যতে] যদি বল, দুগ্ধ যে দধি হয়, তাহা বাহ্য সাধনের সাহায্যেই হয়। তাহাতে উষ্মার ও আতঞ্চনের (দম্বল—দধিবীজ) সাহায্য আছে। অতএব দুগ্ধের দৃষ্টান্ত ত্বৎপক্ষের সমর্থক নহে। এ কথার প্রত্যুত্তরে আমরা বলি, দধি-ভাবের প্রতি উষ্মাদির সাহায্য দৃষ্ট হইলেও দোষ হয় না। দুগ্ধ নিজেই দধি হয়, উষ্মাদি তাহার শীঘ্রতামাত্র জন্মায়। দুগ্ধ নিজে দধিস্বভাব না হইলে উষ্মাদি কি তাহাকে বলপূর্ব্বক দধি করিতে পারে? উষ্মা ও আতঞ্চন কি বায়ুকে ও আকাশকে দধি করিতে পারে? তাহা কখনই পারে না। সাধন বা উপকরণ বস্তুর পূর্ণতা সম্পাদন ভিন্ন অন্য কিছু করে না। [সাধন...উপপদ্যতে] ব্রহ্ম পূর্ণ-শক্তিক, সে কারণে তাঁহার শক্তিপূরণের জন্য অন্য কিছুর কল্পনা করিতে হয় না। এ কথা শ্রুতিও বলিয়াছেন। যথা—"তাঁহার কার্য্য (শরীর) নাই, করণও

"ন তস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে
ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে ।
পরাস্য শক্তির্ব্বিবিধৈব শ্রূয়তে
স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ ॥" ইতি ।

তস্মাদেকস্যাপি ব্রহ্মণো বিচিত্রশক্তিযোগাৎ ক্ষীরাদিবদ্‌-বিচিত্রপরিণাম উপপদ্যতে ॥ ২ । ১ । ২৪ ॥

দেবাদিবদপি লোকে ॥ ২ । ১ । ২৫ ॥ *

স্যাদেতৎ, উপপদ্যতে ক্ষীরাদীনামচেতনানামনপেক্ষ্যাপি বাহ্যং সাধনং দধ্যাদিভাবঃ, দৃষ্টত্বাৎ । চেতনাঃ পুনঃ কুলালাদয়শ্চ সাধনসামগ্রীমপেক্ষ্যৈব তস্মৈ তস্মৈ কার্য্যায় প্রবর্ত্তমানা দৃশ্যন্তে ।

কার্য্যমস্তি । তথা চ শ্রুতিঃ "ন তস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে" ইতি । উত্তরস্মিংস্তু কল্পে যদি কুলালাদিবদত্যন্তব্যতিরিক্তসহকারিকারণাভাবাদনুপাদানত্বং সাধ্যতে, ততঃ ক্ষীরাদিভির্ব্যভিচারঃ । তেঽপি হি বাহ্যাতঞ্চনাদি-কারণানপেক্ষা এব কাল-পরিবাসবশেন স্বত এব পরিণামান্তরমাসাদয়ন্তি । অথান্তরকারণানপেক্ষত্বং হেতুঃ ক্রিয়তে, তদসিদ্ধম্, নির্ব্বাচ্যানামরূপবীজসহায়ত্বাৎ । তথা চ শ্রুতিঃ—"মায়ান্তু প্রকৃতিং বিদ্ধি মায়িনন্তু মহেশ্বরম্ ।" ইতি । কার্য্যক্রমেণ তৎপরিপাকোঽপি ক্রমবানুন্নেয়ঃ । একস্মাদপি চ বিচিত্রশক্তেঃ কারণাদনেককার্য্যোৎপাদো দৃশ্যতে । যথৈকস্মাদ্বহ্নের্দাহপাকৌ, একস্মাদ্বা কর্ম্মণঃ সংযোগবিভাগসংস্কারাঃ ॥২।১।২৪॥

(ইন্দ্রিয়ও) নাই । তাঁহার সমান বা অধিকও দেখা যায় না । শ্রুতিতে তাঁহার পূর্ণবিচিত্রশক্তি এবং স্বতঃসিদ্ধ জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তি থাকা কথিত আছে ।" যেহেতু তিনি পূর্ণশক্তিক, সেই হেতু এক হইলেও তাঁহাতে বিচিত্রশক্তি থাকা (দুগ্ধাদির দৃষ্টান্তে বিচিত্র পরিণাম) উপপন্ন হইয়া থাকে ॥ ২ । ১ । ২৪ ॥

[আপত্তি] দুগ্ধ ও ব্রহ্ম সমস্বভাব নহে । দুগ্ধ অচেতন, তাহাকে তুমি বিনা বাহ্যসাধনসাহায্যে দধি হইতে দেখিয়াছ । কুম্ভকার চেতন, তাহাকে তুমি বিনা সাধনে কার্য্য করিতে দেখ নাই, প্রত্যুত তাহাকে উপকরণ লইয়াই ঘটাদি-কার্য্য করিতে দেখিয়াছ । তবে তুমি কি দেখিয়া বা কি প্রকারে বলিলে, চেতন ব্রহ্ম একক জগৎকার্য্য নির্ব্বাহ করিয়াছেন ? কোনও একক চেতনকে ত বিনা উপকরণে কার্য্য করিতে দেখ নাই । [উত্তর] এ বিষয়ে আমরা বলি, আমরা

* চেতনমপি ব্রহ্ম অনপেক্ষ্যৈব বাহ্যং সাধনং দেবাদিদৃষ্টান্তেন স্বত এব জগৎ স্রক্ষ্যতীতি ন কশ্চিদ্দোষ ইতি সূত্রাক্ষরাণামর্থঃ ।

চেতন ব্রহ্ম একক বা অসহায় হইলেও দেবতাদির দৃষ্টান্তে বিনা সাধনে সৃষ্টি করিতে পারেন, সে বিষয়ে অন্যান্য দোষও উদ্ভাবিত করিতে পার না ।

কথং ব্রহ্ম চেতনং সদসহায়ং প্রবর্ত্তেতেতি ? দেবাদিবদিতি ক্রমঃ। যথা হি লোকে দেবাঃ পিতর ঋষয় ইত্যেবমাদয়ো মহাপ্রভাবাশ্চেতনা অপি সন্তোঽনপেক্ষ্যৈব কিঞ্চিদ্বাহ্যং সাধনমৈশ্বর্য্যবিশেষযোগাদভিধ্যানমাত্রেণ স্বত এব বহূনি নানাসংস্থানানি শরীরাণি প্রাসাদাদীনি রথাদীনি চ নির্ম্মিমাণা উপলভ্যন্তে, মন্ত্রার্থবাদেতিহাসপুরাণ-প্রামাণ্যাৎ, তন্তুনাভশ্চ স্বত এব তন্তূন্ সৃজতি, বলাকা চান্তরেণৈব শুক্রং গর্ভং ধত্তে, পদ্মিনী চানপেক্ষ্য কিঞ্চিৎ প্রস্থানসাধনং সরোঽন্তরাৎ সরোঽন্তরং প্রতিষ্ঠতে, এবং চেতনমপি ব্রহ্মানপেক্ষ্য বাহ্যং সাধনং স্বত এব জগৎ স্রক্ষ্যতি। স যদি ব্রুয়াদ্, য এতে দেবাদয়ো ব্রহ্মণো দৃষ্টান্তা উপাত্তাঃ, তে দার্ষ্টান্তিকেন ব্রহ্মণা সমানস্বভাবা ন ভবন্তি। শরীরমেব হ্যচেতনং দেবাদীনাং শরীরান্তরাদিবিভূত্যুৎপাদেনোপাদানং, ন তু চেতন আত্মা। তন্তুনাভস্য চ ক্ষুদ্রতরজন্তুভক্ষণাল্লালা কঠিনতামাপদ্যমানা তন্তুর্ভবতি।

যদি তু চেতনত্বে সতীতি বিশেষণান্ন ক্ষীরাদিভির্ব্যভিচারঃ, দৃষ্টা হি কুলালাদয়ো বাহ্যমৃদাদ্যপেক্ষাশ্চেতনঞ্চ ব্রহ্মেতি। তত্রেদমুপতিষ্ঠতে—

দেবতাদির দৃষ্টান্তে ঐ সিদ্ধান্ত করিতেছি। [যথা হি...প্রামাণ্যাৎ] দেবতা, পিতৃ, ঋষি ইহাঁরা যেমন মহাপ্রভাব ও চেতন, অথচ বিনা উপকরণে কেবলমাত্র স্বমহিমাবলে অভিধ্যান (সংকল্প) মাত্রে বহুবিধ শরীর, বিচিত্র অট্টালিকা ও রথাদি নির্ম্মাণ করেন, এ তত্ত্ব মন্ত্র, অর্থবাদ, ইতিহাস ও পুরাণাদির প্রামাণ্যে নিশ্চিত হয়, সেইরূপ, ব্রহ্মও বিনা সাধনে কেবল স্বমহিমাবলে জগৎসৃষ্টি করিয়া থাকেন। [তন্তু...স্রক্ষ্যতি] তন্তুনাভ (মাকড়শা) একাকীই সূত্র সৃষ্টি করে, বকীসকল বিনা রেতঃপাতে (সঙ্গমে) গর্ভধারণ করে, পদ্মিনী এক সরোবর হইতে অন্য সরোবরে গমন করে, অথচ গমনের উপকরণ গ্রহণ করে না। এতদ্দৃষ্টান্তে জানা যায়, চেতন ব্রহ্ম বিনা বহিঃসাধনেও জগৎসৃষ্টি করিতে পারেন। [স যদি...দিতি) বাদী যদি বলেন, প্রদর্শিত দেবাদি-দৃষ্টান্ত দার্ষ্টান্তিক ব্রহ্মের সহিত সমান নহে, অসমান ; কেন-না, দেবাদির শরীর আছে—তাঁহারা অচেতন—অচেতন দেহই তাঁহাদের ঐশ্বর্য্য (ক্ষমতাদিবিশেষ) উৎপাদনের সহায়। তন্তুনাভসকল ক্ষুদ্র জীব ভক্ষণ করে, তাহাতে তাহাদের লালাস্রাব হয়, সেই লালা কাঠিন্য প্রাপ্ত হইয়া সূত্রাকার ধারণ করে। মেঘগর্জ্জন শ্রবণে বকীর গর্ভ হয়। পদ্মিনীও—বৃক্ষে লতার ন্যায় চেতন জীবকর্ত্তৃক সরোবর হইতে সরোবর প্রাপিত হয়। চেতন-

বলাকা চ স্তনয়িত্নুরবশ্রবণাদ্গর্ভং ধত্তে। পদ্মিনী চ চেতনপ্রযুক্তা সত্যচেতনেনৈব শরীরেণ সরোঽন্তরাৎ সরোঽন্তরমুপসর্পতি—বল্লীব বৃক্ষং, ন তু স্বয়মেবাচেতনা সরোঽন্তরোপসর্পণে ব্যাপ্রিয়তে। তস্মান্নৈতে ব্রহ্মণো দৃষ্টান্তা ইতি।

তং প্রতি ব্রূয়াৎ, নায়ং দোষঃ। কুলালাদিদৃষ্টান্তবৈলক্ষণ্য-মাত্রস্য বিবক্ষিতত্বাদিতি। যথা হি কুলালাদীনাং দেবাদীনাঞ্চ সমানে চেতনত্বে কুলালাদয়ঃ কার্য্যারম্ভে বাহ্যং সাধনমপেক্ষন্তে, ন দেবাদয়ঃ, তথা ব্রহ্ম চেতনমপি ন বাহ্যং সাধনমপেক্ষিষ্যত ইত্যে-তাবদ্ বয়ং দেবাদ্যুদাহরণেন বিবক্ষামঃ। তস্মাৎ যথৈকস্য সামর্থ্যং দৃষ্টং, তথা সর্ব্বেষামেব ভবিতুমর্হতীতি নাস্ত্যেকান্ত ইত্যভি-প্রায়ঃ ॥ ২। ১। ২৫ ॥

কৃৎস্নপ্রসক্তির্নিরবয়বত্ব-শব্দকোপো বা॥ ২। ১। ২৬॥ *

চেতনমেকমদ্বিতীয়ং ব্রহ্ম ক্ষীরাদিবদ্দেবাদিবচ্চানপেক্ষিতবাহ্য-

সাধনং স্বয়ং পরিণামমানং জগৎকারণমিতি স্থিতম্। শাস্ত্রার্থপরিশুদ্ধয়ে তু প্রতিবক্ষ্যামঃ। (?)

লোক্যতেঽনেনেতি লোকঃ শব্দ এব, তস্মিন্ ॥ ২। ১। ২৫ ॥

নন্থ ন ব্রহ্মণস্তত্ত্বতঃ পরিণামঃ, যেন কাৎস্ন্য-ভাগবিকল্পেনাক্ষিপ্যেত। অবিদ্যা-

সম্বন্ধ ব্যতীত অচেতন পদ্মিনী সরোবর হইতে প্রস্থান করিতে অসমর্থ। অতএব, ঐ সকল উদাহরণ ব্রহ্মের দৃষ্টান্ত হইতে পারে না।

বাদীর এই আপত্তির প্রত্যাপত্তি এই যে, ঐ সকল দৃষ্টান্ত প্রদর্শিত হইলেও, বিষম দৃষ্টান্ত হইবে না। কেন না, কেবলমাত্র কুলালের সহিত দেবতার বৈলক্ষণ্য দেখানই উক্ত দৃষ্টান্তের অভিপ্রেত। (দৃষ্টান্ত সর্ব্বাংশে সমান হয় না, হইবার প্রয়োজনও নাই।' একাংশে সমান হইলেই তাহা দৃষ্টান্ত হইতে পারে। 'পদ্মের ন্যায় মুখ' বলিলে কি মুখ ও পদ্ম সর্ব্বাংশে সমান বুঝিবে?)। যথাহি...প্রায়ঃ] কুলালও চেতন, দেবতাও চেতন, সে অংশে সমান হইলেও কুলাল বাহ্য সাধন সংগ্রহ ব্যতীত কার্য্য করিতে পারে না, কিন্তু দেবতা বিনা বাহ্যসাধনেও কার্য্য করিতে পারেন, এই অংশেই দৃষ্টান্ত। ব্রহ্ম চেতন হইলেও তাঁহার কার্য্যে বাহ্যসাধনের অপেক্ষা নাই, এইমাত্র দেবতাদি দৃষ্টান্তের বিবক্ষিত। ফলিতার্থ এই যে, একের যে সামর্থ্য দেখা যায়, সেই সামর্থ্য যে সকলেরই হইবেক বা থাকিবেক, এমন কোন নিয়ম নাই। (অধিকও হয়, অল্পও হয়) ॥ ২। ১। ২৬ ॥

চেতন ও দ্বিতীয়রহিত এক ব্রহ্মই দুগ্ধাদির ও দেবতাপ্রভৃতির দৃষ্টান্তে বিনা

* পুনঃ পূর্ব্বপক্ষসূত্রম্। চেতনঃ ব্রহ্ম জগৎকারণমিত্যস্মিন্ পক্ষে কৃৎস্নপ্রসক্তিঃ—নিরবয়বত্বাৎ ব্রহ্মণঃ কৃৎস্নস্য সমুদায়স্য জগদ্রূপেণ পরিণামঃ প্রাপ্নোতিত্যনেন চ ব্রহ্মাভাবপ্রসঙ্গশ্চ স্যাৎ। পক্ষা-ন্তরে নিরবয়বত্ববোধকশব্দস্য বাধিকোপো ভবতীতি সূত্রার্থঃ।

সাধনং স্বয়ং পরিণমমানং জগতঃ কারণমিতি স্থিতম্, শাস্ত্রার্থপরিশুদ্ধয়ে তু পুনরাক্ষিপতি—কৃৎস্নপ্রসক্তিঃ কৃৎস্নস্যাস্য ব্রহ্মণঃ কার্য্যরূপেণ পরিণামঃ প্রাপ্নোতি, নিরবয়বত্বাৎ। যদি ব্রহ্ম পৃথিব্যাদিবৎ সাবয়বমভবিষ্যৎ,ততোঽস্যৈকদেশঃ পর্য্যণংস্যত, একদেশশ্চাবাস্থাস্যত। নিরবয়বন্তু ব্রহ্ম শ্রুতিভ্যোঽবগম্যতে—

"নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্।

দিব্যো হ্যমূর্ত্তঃ পুরুষঃ স বাহ্যাভ্যন্তরো হ্যজঃ॥"

"ইদং মহদ্ভূতমনন্তমপারম্" "বিজ্ঞানঘন এব", "স এষ নেতি নেত্যাত্মা" "অস্থূলমনণু" ইত্যাদ্যাভ্যঃ সর্ব্ববিশেষপ্রতিষেধয়িত্রীভ্যঃ।

ততশ্চৈকদেশপরিণামাসম্ভবাৎ কৃৎস্নপরিণামপ্রসক্তৌ সত্যাং

কল্পিতেন তু নামরূপলক্ষণেন রূপভেদেন ব্যাকৃতাব্যাকৃতাত্মনা তত্ত্বান্যত্বাভ্যামনির্ব্বচনীয়েন পরিণামাদিব্যবহারাস্পদত্বং ব্রহ্ম প্রতিপদ্যতে। ন চ কল্পিতং রূপং বস্তু স্পৃশতি। ন হি চন্দ্রমসি তৈমিরিকস্য দ্বিত্বকল্পনা চন্দ্রমসো দ্বিত্বমাবহতি। তদনুপপত্ত্যা বা চন্দ্রমসোঽনুপপত্তিঃ। তস্মাদবাস্তবপরিণামকল্পনানুপপদ্যমানাপি

বাহ্য সাধনে জগদাকারে ভাসমান বা পরিণত হন। এই সিদ্ধান্ত অকাট্য হইলেও পুনর্ব্বার শাস্ত্রার্থ সংশোধনের নিমিত্ত পূর্ব্বপক্ষ উদ্ভাবিত হইতেছে। যেহেতু ব্রহ্ম নিরবয়ব, সেই হেতু পাওয়া যায়, সম্পূর্ণ ব্রহ্মই কার্য্যরূপে অর্থাৎ জগদ্রূপে পরিণত হইয়াছেন। [যদি...ত্রীভ্যঃ] ব্রহ্ম যদি পৃথিব্যাদির ন্যায় সাবয়ব হইতেন, তাহা হইলে বুঝা যাইত, ব্রহ্মের একাংশে জগৎ হইয়াছে ; অবশিষ্টাংশ অবিকৃত আছে। ব্রহ্ম যে সাবয়ব নহেন, নিরবয়ব, তাহা শ্রুতি হইতে অবগত হওয়া যায়। শ্রুতি যথা—"ব্রহ্ম নিষ্কল অর্থাৎ নিরবয়ব, নিষ্ক্রিয়, শান্ত, অনিন্দনীয় ও নিরঞ্জন অর্থাৎ নির্লেপ।" "সেই দিব্য পুরুষ (পূর্ণ আত্মা) অমূর্ত্ত (মূর্ত্তিরহিত বা নিরবয়ব), জন্মাদিবর্জ্জিত এবং তিনিই বাহিরে ও অন্তরে পরিপূর্ণ বা বিদ্যমান।" "এই মহদ্ভূত অনন্ত, অপার, কেবল বিজ্ঞান।" "সেই ইনি ইহা নহেন, তাহা নহেন। তিনি অস্তি (সৎ) এতদ্রূপে জ্ঞেয়।" "আত্মা স্থূল নহে, সূক্ষ্মও নহে" ইত্যাদি।

[ততশ্চ...ক্ষিপতি] যেহেতু ব্রহ্মের অংশ নাই, সেই-হেতু আংশিক পরিণামও

ব্রহ্ম জগৎকারণ, জগতের উপাদান, এ সিদ্ধান্তে কৃৎস্নপ্রসক্তিদোষ অর্থাৎ নিরবয়বত্বহেতু ব্রহ্মের সর্ব্বাংশে জগৎ হওয়ার যে দোষ, সেই দোষ হয়। সে দোষ খণ্ডনার্থ সাবয়ব বলিলে নিরবয়বত্ববোধক শব্দের আনর্থক্য ও ব্রহ্মের অনিত্যতা এই দুই দোষ হইবে।

মূলোচ্ছেদঃ প্রসজ্যেত। দ্রষ্টব্যত্বোপদেশানর্থক্যঞ্চাপন্নম্, অযত্নদৃষ্টত্বাৎ কার্য্যস্য, তদ্ব্যতিরিক্তস্য চ ব্রহ্মণোঽভাবাৎ। অজত্বাদিশব্দব্যাকোপশ্চ। অথৈতদ্দোষপরিজিহীর্ষয়া সাবয়বমেব ব্রহ্মাভ্যুপগম্যেত, তথাপি যে নিরবয়বত্বস্য প্রতিপাদকাঃ শব্দা উদাহৃতাঃ, তে প্রকুপ্যেয়ুঃ। সাবয়বত্বে চানিত্যত্বপ্রসঙ্গ ইতি সর্ব্বথায়ং পক্ষো ন ঘটয়িতুং শক্যত ইত্যাক্ষিপতি ॥ ২। ১। ২৬ ॥

শ্রুতেস্তু শব্দমূলত্বাৎ ॥ ২। ১। ২৭ ॥ *

তু-শব্দেনাক্ষেপং পরিহরতি। ন খল্বস্মৎপক্ষে কশ্চিদপি দোষোঽস্তি। ন তাবৎ কৃৎস্নপ্রসক্তিরস্তি। কুতঃ ? শ্রুতেঃ। যথৈব

ন পরমার্থসতো ব্রহ্মণোঽনুপপত্তিমাবহতি। তস্মাৎ পূর্ব্বপক্ষাভাবাদনারভ্যমিদমধিকরণমিত্যত আহ "চেতনমেকং" ইতি ॥ ২১২৬ ॥

যদ্যপি শ্রুতিশতাদৈকান্তিকাদ্বৈতপ্রতিপাদনপরাৎ পরিণামো বস্তুতো নিষিদ্ধঃ,

অসম্ভব। কাযেই মানিতে হইবে, ব্রহ্মই জগদাকারে পরিণত হইয়াছেন। কিন্তু সমুদায় পরিণাম স্বীকার করিলে মূল থাকে না। (মূল=ব্রহ্ম। ব্রহ্মের ব্রহ্মত্ব নষ্ট হইয়া জগৎ হইয়াছে, ইহাই পাওয়া যায়। যদি মূল না থাকিল অর্থাৎ ব্রহ্ম না থাকিল, তবে "তাঁহাকে দেখিবেক, জানিবেক" এ সকল উপদেশও ব্যর্থ হয়। কেন-না, কার্য্যমাত্রই অযত্নদৃশ্য, অর্থাৎ জগৎ দর্শনের জন্য যত্নের প্রয়োজন হয় না। আবার ইহাও প্রতীত হয়, তদতিরিক্ত ব্রহ্ম নাই। (জগৎ-ই ব্রহ্ম)। ব্রহ্মের ঐরূপ পারিণামিক জন্মবিনাশ স্বীকার পক্ষে 'অজর' 'অমর' এ সকল শব্দের ব্যাকোপ (অর্থ-ব্যাঘাত) হইবেক। যদি এই সকল দোষের পরিহারার্থ ব্রহ্মকে সাবয়ব বল, তাহা হইলে নিরবয়বত্বপ্রতিপাদক শব্দের অর্থহানি হইবেক। অপিচ, সাবয়ব-পক্ষে ব্রহ্মের নশ্বরতা আপত্তি হইবেক। কোন প্রকারেই সাবয়বত্বপক্ষ সমর্থন করিতে পারিবে না ॥ ২। ১। ২৬ ॥

পূর্ব্বপক্ষ নিরাসের জন্য সূত্রে তু-শব্দের প্রয়োগ হইয়াছে। অভিপ্রায় এই যে, আমাদের (বেদান্তবাদীর) পক্ষে উল্লিখিত দোষের কোনও দোষ হয় না। কৃৎস্নপ্রসক্তি দোষ ত হয়ই না। অবয়ব না থাকায় সমুদয় ব্রহ্মই জগদাকারে

* তু-শব্দঃ পূর্ব্বপক্ষপরিহারার্থঃ। কৃৎস্নপ্রসক্তিরিতি পূর্ব্বপক্ষো ন ভবতীত্যর্থঃ। কুতঃ ? শ্রুতেঃ। বিকারব্যতিরেকেণ হি ব্রহ্মণোঽবস্থানং শ্রূয়ত ইতি যাবৎ। শব্দমূলত্বাৎ শব্দপ্রমাণকত্বাচ্চ-ব্রহ্মণঃ কৃৎস্নপ্রসক্তিদোষাভাবঃ। শব্দো হি উভয়মপি ব্রহ্মণঃ প্রতিপাদয়তি অকৃৎস্নপ্রসক্তিং নিরবয়বতাঞ্চেতি সূত্রার্থঃ।

ঐ পূর্ব্বপক্ষ হইতেই পারে না। কেন-না, শ্রুতি ব্রহ্ম হইতে জগদুৎপত্তি ও জগদ্ব্যতিরেকে ব্রহ্মের অবস্থান বলিয়াছেন। আরও দেখ, ব্রহ্ম শব্দপ্রমাণের প্রমেয়। তদনুসারে শব্দানুরূপ প্রতিপত্তিই হইবে। শব্দ বলিয়াছেন, বুঝাইয়া দিয়াছেন, ব্রহ্মের একাংশে জগৎ অথচ ব্রহ্ম নিরবয়ব।

হি ব্রহ্মণো জগদুৎপত্তিঃ শ্রূয়তে, এবং বিকারব্যতিরেকেণাপি ব্রহ্মণোঽবস্থানং শ্রূয়তে। প্রকৃতিবিকারয়োর্ভেদেন ব্যপদেশাৎ। "সেয়ং দেবতৈক্ষত হন্তাহমিমাস্তিস্রো দেবতা অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণি" ইতি,

"তাবানস্য মহিমা ততো জ্যায়াংশ্চ পূরুষঃ।

অন্য হেতুতেও তার্কিক-কল্পিত ঈশ্বর উপপত্তিরহিত। তার্কিকেরা ঈশ্বরকে সর্ব্বজ্ঞ ও অনন্ত বলেন। তাঁহাদের মতে প্রধান ও পুরুষ এ উভয়ও অনন্ত; অথচ পরস্পর ভিন্ন। এ স্থলে আমাদের জিজ্ঞাস্য, সর্ব্বজ্ঞ ঈশ্বরকর্ত্তৃক প্রধানের, পুরুষের ও আপনার ইয়ত্তা (সংখ্যা ও পরিমাণ) পরিচ্ছেদবিশিষ্টতা (নির্দ্দিষ্ট বা নিশ্চিত) হয় কি-না। না, হ্যাঁ, উভয় পক্ষেই দোষ আছে। [কথং...স্যাৎ] কি দোষ? বলিতেছি। প্রথম কল্পে অর্থাৎ পরিচ্ছিন্ন পক্ষে পরিচ্ছিন্নতা (অল্পতা)

---

* তার্কিকাভিমতেশ্বরকারণবাদে প্রধানপুরুষেশ্বরাণামন্তবত্ত্বং নাশবত্ত্বমীশ্বরস্যাসার্ব্বজ্ঞ্যঞ্চ প্রসজ্যেত ইতি তত্রাদোষোঽনুষক্ত এব।

তার্কিকেরা যে ভাবে ঈশ্বরকে উপস্থাপিত করেন, সে ভাবে ঈশ্বরের অসর্ব্বজ্ঞতা ও প্রধানাদির বিনাশিত্ব স্বীকার্য্য হইয়া পড়ে; পরন্তু তাহা সত্য নহে।

এবং লোকে দৃষ্টত্বাৎ। যদ্ধি লোকে ইয়ত্তাপরিচ্ছিন্নং বস্তু ঘটাদি, তদন্তবদ্ দৃষ্টম্, তথা প্রধান-পুরুষেশ্বরত্রয়মপীয়ত্তা-পরিচ্ছিন্নত্বাদন্তবৎ স্যাৎ। সংখ্যা পরিমাণং তাবৎ প্রধান-পুরুষেশ্বরত্রয়রূপেণ পরিচ্ছিন্নং, স্বরূপপরিমাণমপি তদ্গতমীশ্বরেণ পরিচ্ছিদ্যেতেতি, পুরুষগতা চ মহাসংখ্যা। ততশ্চ ইয়ত্তা-পরিচ্ছিন্নানাং মধ্যে যে সংসারান্মুচ্যন্তে, তেষাং সংসারোঽন্তবান্, সংসারিত্বঞ্চ তেষামন্তবৎ, এবমিতরেষ্বপি ক্রমেণ মুচ্যমানেষু সংসারস্য সংসারিণাং চান্তবত্ত্বং স্যাৎ। প্রধানঞ্চ সবিকারং পুরুষার্থমীশ্বরস্যাধিষ্ঠেয়ং সংসারবত্ত্বেনাভিমতং, তচ্ছূন্যতায়ামীশ্বরঃ কিমধিতিষ্ঠেৎ, কিংবিষয়ে বা সর্ব্বজ্ঞতেশ্বরতে

বা। অস্মাকং ত্বাগমগম্যেঽর্থে তদ্বাধিতবিষয়তয়া নানুমানং প্রভবতীতি ভাবঃ। স্বরূপপরিমাণমপি বস্তু যাদৃশমণু মহৎ পরমমহদ্দীর্ঘং হ্রস্বঞ্চেতি।

নিবন্ধন প্রধান, পুরুষও ঈশ্বর, সকলেরই অন্তবত্তা অর্থাৎ অনিত্যতা অবশ্যম্ভাবী। কেন-না, লোকমধ্যে ঐরূপই দেখা যায়। যে কোন বস্তু ইয়ত্তাপরিচ্ছিন্ন (যে কিছু ঘটাদি বস্তু, এত ও এত বড়, এতদ্রূপ নির্দ্দেশে নির্দ্দিষ্ট হয়), সমস্তই অন্তবৎ অর্থাৎ নশ্বর। এতদ্দৃষ্টান্তে প্রধানাদিও ইয়ত্তা-পবিচ্ছিন্ন বলিয়া অন্তবান্ হইতে পারে। [সংখ্যা...স্যাৎ] যে সকল বস্তু পরস্পর ভিন্ন, সে সমস্তই নিশ্চিত-পরিমাণ। যেমন ঘটাদি। এতন্নিয়মানুসারে প্রধান, পুরুষ, ঈশ্বর, ইহাঁরাও নিশ্চিত-পরিমাণ অর্থাৎ অপরিমিত নহেন। প্রোক্ত নিদর্শনদ্বারা সিদ্ধ হয়, প্রধান পুরুষও ঈশ্বর; এই বিভিন্ন তিন রূপের স্বীকার থাকায় তাঁহাদের সংখ্যারূপটা পরিচ্ছিন্ন অর্থাৎ নির্দ্দিষ্ট পরিমাণবিশিষ্ট। উহাদের স্বরূপ ঈশ্বরের দ্বারা পরিচ্ছিন্ন অর্থাৎ পরিমিত, (অপরিমিত নহে)। যদিও তন্মতে জীব অনন্ত, সুতরাং সংখ্যার নিশ্চয়তা নাই, সে বিষয়ে আমরা বলি, জীবসংখ্যা অস্মদাদির অনিশ্চিত থাকিলেও ঈশ্বরের নিকট নিশ্চিতই আছে। না থাকিলে তিনি অসর্ব্বজ্ঞ, ইহাই স্থির হইবে। পরিচ্ছেদ পক্ষে ফল এই যে, সংসারমুক্ত জীবের সংসার ও সংসারিত্ব, উভয়ই অন্তবান্ এবং জীব ক্রমান্বয়ে মুক্ত হইতে থাকিলেও একসময়ে সংসারের ও সংসারি-সংখ্যার বিনাশ ঘটিতে পারে। (ইহার ফল জগতে জীবশূন্যতা)। [প্রধানঞ্চ...প্রসঙ্গঃ] এতাবতা এই বলা হইল যে, নিত্য কিছুই নাই, কথিত প্রধানাদি সমস্তই অনিত্য, এবং সংসারোৎপত্তির উপকরণ-স্বরূপ পুরুষ-ভোগ্য সবিকার (মহদাদি পদার্থের সহিত) প্রধান যদি ঈশ্বরের অধিষ্ঠেয়ই হয়, তাহা হইলে ঈশ্বর প্রধানাদির অভাবে (যখন তাহাদের অন্ত হইবে, তখন) কিসে অধিষ্ঠিত থাকিবেন? কাহাকে সংসারে বা কার্য্যে প্রবৃত্ত করিবেন? তাঁহার ঈশ্বরত্ব ও সর্ব্বজ্ঞত্ব কোন্ বিষয়ে পর্য্যবসিত হইবে? কাহাকে লইয়া থাকিবে?

স্যাতাম্। প্রধানপুরুষেশ্বরাণাং চৈবমন্তবত্ত্বে সত্যাদিমত্ত্বপ্রসঙ্গঃ, আদ্যন্তবত্ত্বে চ শূন্যবাদপ্রসঙ্গঃ।

অথ মা ভূদেষ দোষ ইত্যুত্তরো বিকল্পোঽভ্যুপগম্যেত, ন প্রধানস্য পুরুষাণামাত্মনশ্চেয়ত্তেশ্বরেণ পরিচ্ছিদ্যত ইতি। তত ঈশ্বরস্য সর্ব্বজ্ঞতাভ্যুপগমহানিরপরো দোষঃ প্রসজ্যেত। তস্মাদপ্যসঙ্গতস্তার্কিকপরিগৃহীত ঈশ্বরকারণবাদঃ ॥ ২ । ২ । ৪১ ॥

উৎপত্ত্যসম্ভবাৎ ॥ ২ । ২ । ৪২ ॥ *

যেষামপ্রকৃতিরধিষ্ঠাতা কেবলং নিমিত্তকারণমীশ্বরোঽভিমতঃ, তেষাং পক্ষঃ প্রত্যাখ্যাতঃ। যেষাং পুনঃ প্রকৃতিশ্চাধিষ্ঠাতা

"অথ মা ভূদেষ দোষঃ" ইত্যুত্তরো বিকল্পঃ। যস্তাস্ত্যোঽস্তি তস্তান্তবত্তাগ্রহণমসর্ব্বজ্ঞতামাপাদয়েৎ। যস্ত ত্বস্ত এব নাস্তি, তস্য তদগ্রহণং নাসর্ব্বজ্ঞতামাবহতি। ন হি শশ-বিষাণাজ্ঞানাদজ্ঞো ভবতীতি ভাবঃ। পরিহরতি—"ততঃ" ইতি আগমানপেক্ষস্যানুমানমেষামন্তবত্ত্বমবগময়তীত্যুক্তম্। ২ । ২ । ৪১ ॥

অন্যত্র বেদাবিসম্বাদাদ্যত্রাংশে বিসম্বাদঃ, স নিরস্যতে। তমংশমাহ—

ঈশ্বর থাকিবেন, তাহাও বলিতে পার না। ঈশ্বর যখন ভিন্ন পদার্থ, তখন অবশ্যই তিনি ঘটাদি পদার্থের ন্যায় অন্তবান্ অর্থাৎ নশ্বর। যদি প্রধান, পুরুষ, ঈশ্বর, এই তিনই অন্তবান্ বলিয়া গণ্য হয়, তাহা হইলে, ইহাও স্বীকার করিতে হইবে যে, ঐ তিনের আদিও (উৎপত্তি ও) আছে। ঐ তিনের আদি অন্ত মানিতে গেলেই শূন্যবাদ স্বীকার করা হইবে।

[অথ...বাদঃ] যদি বল, এতদ্দোষ পরিহারার্থ শেষোক্ত বিকল্প অর্থাৎ প্রধানাদি ইয়ত্তাপরিচ্ছিন্ন নহে, এই কল্প স্বীকার করিব, তাহাতে আমরা বলিব ও বলিয়াছি, প্রধানাদির ইয়ত্তা ঈশ্বরপরিচ্ছেদ্য না হইলে (অর্থাৎ ঈশ্বর প্রধানাদির পরিমাণ ও সংখ্যা না জানিলে) ঈশ্বরের ঈশ্বরত্ব ও সর্ব্বজ্ঞত্ব বিলোপ প্রাপ্ত হইবেক। এই কারণে, তার্কিক-কল্পিত ঈশ্বর-কারণবাদ অসঙ্গত, সুতরাং অগ্রাহ্য। ২ । ২ । ৪১ ॥

যে মতে ঈশ্বর প্রকৃতিকারণ নহেন, কেবলমাত্র অধিষ্ঠাতা, সুতরাং নিমিত্ত-কারণমাত্র, সে মত নিরাকৃত হইয়াছে। (সে মতের অসাধুতা দেখান হইয়াছে)। যাঁহাদের মতে ঈশ্বরই প্রকৃতি এবং ঈশ্বরই অধিষ্ঠাতা, সম্প্রতি (এতৎ সূত্রে)

* জীবস্যোৎপত্ত্যসম্ভবাৎ চতুর্ব্যূহবাদস্যাপ্যসামঞ্জস্যমিতি সূত্রাক্ষরার্থঃ। চতুর্ব্যূহবাদিনো ভাগবতাঃ।

ভাগবত-মতাবলম্বীরা বলেন, বাসুদেবনামক পরমাত্মা হইতে সঙ্কর্ষণ-সংজ্ঞক জীবের উৎপত্তি হয়, কিন্তু তাহা অসম্ভব। যেহেতু অসম্ভব, সেই হেতু, ভাগবত মতও অযুক্ত অর্থাৎ যুক্তিশূন্য। (ভাষ্য ব্যাখ্যা দেখ)।

চোভয়াত্মকং কারণমীশ্বরোঽভিমতঃ, তেষাং পক্ষঃ প্রত্যাখ্যায়তে। ননু শ্রুতিসমাশ্রয়ণেনাপ্যেবংরূপ এবেশ্বরঃ প্রাগ্‌নির্দ্ধারিতঃ প্রকৃতিশ্চাধিষ্ঠাতা চেতি। শ্রুত্যনুসারিণী চ স্মৃতিঃ প্রমাণমিতি স্থিতিঃ, তৎ কস্য হেতোরেষ পক্ষঃ প্রত্যাচিখ্যাসিত ইতি। উচ্যতে,—যদ্যপ্যেবঞ্জাতীয়কোঽংশঃ সমানত্বান্ন বিসম্বাদগোচরো ভবতি, অস্তি ত্বংশান্তরং বিসম্বাদস্থানমিত্যতস্তৎপ্রত্যাখ্যানায়ারম্ভঃ।

তত্র ভাগবতা মন্যন্তে—ভগবানেবৈকো বাসুদেবো নিরঞ্জনোজ্ঞানস্বরূপঃ পরমার্থতত্ত্বম্। স চতুর্ধাত্মানং প্রবিভজ্য প্রতিষ্ঠিতঃ—বাসুদেবব্যূহরূপেণ সঙ্কর্ষণব্যূহরূপেণ প্রদ্যুম্নব্যূহরূপেণানিরুদ্ধব্যূহরূপেণ চ। বাসুদেবো নাম পরমাত্মোচ্যতে, সঙ্কর্ষণো নাম জীবঃ, প্রদ্যুম্নো নাম মনঃ, অনিরুদ্ধো নামাহঙ্কারঃ। তেষাং বাসুদেবঃ পরা প্রকৃতিঃ, ইতরে সঙ্কর্ষণাদয়ঃ কার্য্যম্। তমিত্থম্ভূতং ভগবন্তমভিগমনোপাদানেজ্যাস্বাধ্যায়যোগৈর্ব্বর্ষশতমিষ্ট্বা ক্ষীণক্লেশো ভগবন্তমেব প্রতিপদ্যত ইতি। তত্র যত্তাবদুচ্যতে

তাঁহাদের মত প্রত্যাখ্যাত হইবে। [নমু...ইতি] বলিতে পার যে, পূর্ব্বে শ্রুত্যনুসারে ঐরূপ ঈশ্বরতত্ত্বই অবধৃত হইয়াছে। স্মৃতিও (স্মৃতি—ভাগবত ও পঞ্চরাত্র শাস্ত্রও) শ্রুতির অনুগামিনী, তবে কি নিমিত্ত পুনঃ ঐরূপ (প্রকৃতি ও নিমিত্ত পর) ঈশ্বরবাদ নিরস্ত করিবার ইচ্ছা হইল? [উচ্যতে...রম্ভঃ] বলিতেছি। যদিও ঐ অংশ (ঈশ্বর জগতের প্রকৃতিও বটেন, নিমিত্তও বটেন, এই অংশ) পক্ষভুক্ত বা সমানতা বিধায় বিবাদস্থান নহে; তথাপি অন্য অংশে বিবাদ আছে, অর্থাৎ অন্য অংশ শ্রুতিবিরুদ্ধ; সেই নিমিত্ত তাদৃশ পরমত প্রত্যাখ্যাত হইতেছে।

[তত্র...ইতি] ভগবদ্ভক্তেরা মনে করে, ভগবান্ বাসুদেব এক, তিনি নিরঞ্জন, জ্ঞানবপুঃ, এবং তিনিই পরমার্থতত্ত্ব। তিনি আপনাকে চারিপ্রকারে বিভক্ত করিয়া বিরাজিত আছেন। বাসুদেব-ব্যূহ, সঙ্কর্ষণ-ব্যূহ, প্রদ্যুম্ন-ব্যূহ, অনিরুদ্ধ-ব্যূহ, এই চারিপ্রকার ব্যূহ তাঁহারই স্বরূপ। বাসুদেবের অপর নাম পরমাত্মা, সঙ্কর্ষণের অপর নাম জীব, প্রদ্যুম্নের নামান্তর মন, এবং অনিরুদ্ধের নামান্তর অহঙ্কার। এই চারি প্রকার ব্যূহের মধ্যে বাসুদেব-ব্যূহই পরা প্রকৃতি অর্থাৎ মূলকারণ। সঙ্কর্ষণ প্রভৃতি তাঁহা হইতে সমুৎপন্ন, সুতরাং তাঁহারা সেই পরা প্রকৃতির কার্য্য। জীব দীর্ঘকাল অভিগমন, উপাদান, ইজ্যা, স্বাধ্যায় ও যোগসাধনে * রত থাকিলে নিষ্পাপ হয়, হইয়া পরাপ্রকৃতি ভগবান্‌কে প্রাপ্ত হয়। [তত্র...প্রসিদ্ধত্বাৎ] ভাগবতগণ যে বলেন, "নারায়ণ প্রকৃতির পর, এবং পরমাত্মা

* অভিগমন—তদগতভাবে কায়মনোবাক্যে ভগবদ্‌গৃহগমনাদি। উপাদান—পূজাদ্রব্যাদি আহরণ বা আয়োজন। ইজ্যা—পূজা। স্বাধ্যায়—অষ্টাক্ষরাদি মন্ত্রের জপ। যোগ—ধ্যান।

যোঽসৌ নারায়ণঃ পরোঽব্যক্তাৎ প্রসিদ্ধঃ পরমাত্মা সর্ব্বাত্মা, স আত্মনাত্মানমনেকধা ব্যূহ্যাবস্থিত ইতি, তন্ন নিরাক্রিয়তে। "স একধা ভবতি ত্রিধা ভবতি" ইত্যাদিশ্রুতিভ্যঃ পরমাত্মনোঽনেকধা ভাবস্যাধিগতত্বাৎ। যদপি তস্য ভগবতোঽভিগমনাদিলক্ষণমারাধনমজস্রমনন্যচিত্ততয়াভিপ্রেয়তে, তদপি ন প্রতিষিধ্যতে, শ্রুতিস্মৃত্যোরীশ্বরপ্রণিধানস্য প্রসিদ্ধত্বাৎ।

যৎ পুনরিদমুচ্যতে—বাসুদেবাৎ সঙ্কর্ষণ উৎপদ্যতে, সঙ্কর্ষণাচ্চ প্রদ্যুম্নঃ, প্রদ্যুম্নাচ্চানিরুদ্ধ ইতি, অত্র ক্রমঃ। ন বাসুদেবসংজ্ঞকাৎ পরমাত্মনঃ সঙ্কর্ষণসংজ্ঞস্য জীবস্যোৎপত্তিঃ সম্ভবতি, অনিত্যত্বাদিদোষপ্রসঙ্গাৎ। উৎপত্তিমত্ত্বে হি জীবস্যানিত্যত্বাদয়ো দোষাঃ প্রসজ্যেরন্, ততশ্চ নৈবাস্য ভগবৎপ্রাপ্তির্মোক্ষঃ স্যাৎ, কারণপ্রাপ্তৌ কার্য্যস্য প্রবিলয়প্রসঙ্গাৎ। প্রতিষেধিষ্যতে

"যৎপুনরিদমুচ্যতে"। "বাসুদেবাৎ সঙ্কর্ষণো জীবঃ" ইতি জীবস্ত কারণবত্ত্বে সত্যনিত্যত্বমনিত্যত্বে পরলোকিনোঽভাবাৎ পরলোকাভাবঃ। ততশ্চ স্বর্গনরকাপ-

---

নামে প্রসিদ্ধ ও সর্ব্বাত্মা, তাহা শ্রুতিবিরুদ্ধ নহে এবং তিনি যে, আপনা আপনি অনেক প্রকারে বা ব্যূহ (সমূহ) ভাবে অবস্থিত বা বিরাজিত, তাহাও অবিরুদ্ধ, বিরুদ্ধ কথা নহে।" অতএব, ভাগবত মতের ঐ অংশ এতৎ সূত্রের নিরাকরণীয় নহে। কেন-না, "পরমাত্মা এক প্রকার হন, বহু প্রকারও হন" ইত্যাদি শ্রুতিতে পরমাত্মার বহুভাবে অবস্থান কথিত হইয়াছে। নিরন্তর অনন্যচিত্ত হইয়া অভিগমনাদিরূপ আরাধনায় তৎপর হইতে হইবে, এ অংশও নিষেধ্য নহে। তৎপ্রতি হেতু এই যে, শ্রুতি স্মৃতি উভয়ত্রই ঈশ্বর-প্রণিধানের বিধান আছে, সুতরাং ঐ অংশও অবিরুদ্ধ, শ্রুতিবিরুদ্ধ নহে। [যৎ পুনঃ...প্রসঙ্গাৎ] তাঁহারা যে, আরও বলেন, বাসুদেব হইতে সঙ্কর্ষণের, সঙ্কর্ষণ হইতে প্রদ্যুম্নের, প্রদ্যুম্ন হইতে অনিরুদ্ধের জন্ম হয়, উৎপত্তি হয়, এই অংশের নিষেধার্থ এতৎ সূত্র অভিহিত হইল। সূত্রের অর্থ এই যে, অনিত্যত্বাদিদোষ প্রসক্ত হয় বলিয়া বাসুদেবসংজ্ঞক পরমাত্মা হইতে সংকর্ষণসংজ্ঞক জীবের উৎপত্তি অসম্ভব। [উৎপত্তিমত্ত্বে...কল্পনা] জীব যদি উৎপত্তিমানই হয়, তাহা হইলে তাহাতে অনিত্যত্বাদি দোষ থাকিবেক। জীব অনিত্য অর্থাৎ নশ্বরস্বভাব হইলে তাহার ভগবৎপ্রাপ্তিরূপ মোক্ষ হইতেই পারে না। কারণের বিনাশে কার্য্যের বিনাশ অবশ্যম্ভাবী। আচার্য্য ব্যাস জীবের উৎপত্তি "নাত্মাশ্রুতের্নিত্যত্বাচ্চ তাভ্যঃ" (অং ২, পাং ৩) এতৎ সূত্রে নিষেধ করি-

চাচার্য্যো জীবস্যোৎপত্তিং "নাত্মাশ্রুতের্নিত্যত্বাচ্চ তাভ্যঃ" [অ০ ২।পা০ ৩সূ০ ১৭] ইতি। তস্মাদসঙ্গতৈষাং কল্পনা ॥২।২।৪২॥

ন চ কর্ত্তুঃ করণম্ ২।২।৪৩॥ *

ইতশ্চাসঙ্গতৈষাং কল্পনা, যস্মাৎ নহি লোকে কর্ত্তুর্দ্দেবদত্তাদেঃ করণং পরশ্বাদ্যুৎপদ্যমানং দৃশ্যতে। বর্ণয়ন্তি চ ভাগবতাঃ কর্ত্তুর্জীবাৎ সঙ্কর্ষণসংজ্ঞকাৎ করণং মনঃ প্রদ্যুম্নসংজ্ঞকমুৎপদ্যতে, কর্ত্তৃজাচ্চ তস্মাদনিরুদ্ধসংজ্ঞকোঽহঙ্কার উৎপদ্যত' ইতি। ন চৈতদ্ দৃষ্টান্তমন্তরেণাধ্যবসাতুং শক্নুমঃ। ন চৈবম্ভূতাং শ্রুতিমুপলভামহে ॥ ২।২।৪৩॥

বিজ্ঞানাদিভাবে বা তদপ্রতিষেধঃ ॥২।২।৪৪॥ *

অথাপি স্যাৎ, ন চৈতে সঙ্কর্ষণাদয়ো জীবাদিভাবেনাভিপ্রে-

বর্গ্যভাবাপত্তের্নাস্তিক্যমিত্যর্থঃ। অনুপপন্না চ জীবস্যোৎপত্তিরিত্যাহ—"প্রতিষেধিষ্যতে চ" ইতি ॥ ২।২।৪২॥

যদ্যপ্যনেকশিল্পপর্য্যবদাতঃ পরশুং কৃত্বা তেন পলাশং ছিনত্তি, যদ্যপি চ প্রযত্নেনেন্দ্রিয়ার্থাত্মমনঃসন্নিকর্ষলক্ষণং জ্ঞানকরণমুপাদায়াত্মার্থং বিজানাতি, তথাপি সঙ্কর্ষণোঽকরণঃ কথং প্রদ্যুম্নাখ্যং মনঃ করণং কুর্য্যাৎ। অকরণস্য বা করণনির্ম্মাণসামর্থ্যে কৃতং করণনির্ম্মাণেন, অকরণাদেব নিখিলকার্য্যসিদ্ধেরিতি ভাবঃ ॥২।২।৪৩॥

বাসুদেবা এবৈতে সংকর্ষণাদয়ো "নির্দ্দোষাঃ" অবিদ্যাদিদোষরহিতাঃ। "নির-

---

বেন। অর্থাৎ উৎপত্তিনিষেধপূর্ব্বক নিত্যতা প্রদর্শন করিবেন। অতএব, ভাগবতদিগের ঐ কল্পনা নিতান্ত অসঙ্গত ॥ ২।২॥ ৪২॥

ঐ কল্পনা যে অসঙ্গত, তৎপ্রতি অন্য হেতুও আছে। সে হেতু এই :—লোকমধ্যে দেবদত্তাদি কর্ত্তা হইতে দাত্রাদি করণের (ক্রিয়ানিষ্পাদক পদার্থের) উৎপত্তি দৃষ্টিগোচর হয় না। অথচ ভাগবতেরা বর্ণনা করেন, সঙ্কর্ষণনামক জীব প্রদ্যুম্ন-নামক করণ (মন) জন্মান্। আবার সেই কর্ত্তৃজন্মা প্রদ্যুম্ন (মন) হইতে অনিরুদ্ধের (অহঙ্কারের) উৎপত্তি হয়। ভাগবতদিগের এ কথাও আমরা বিনা দৃষ্টান্তে গ্রহণ করিতে ও মানিতে পারি না। ঐ তত্ত্বের অববোধক শ্রুতিবাক্যও নাই ॥ ২।২।৪৩॥

ভাগবতদিগের এমন অভিপ্রায়ও হইতে পারে যে, প্রোক্ত সঙ্কর্ষণাদি জীব-

---

* যস্মাৎ কর্ত্তুঃ করণোৎপত্তির্ন দৃশ্যতে, তস্মাদসঙ্গতৈষাং কল্পনেতি সূত্রার্থঃ।

যেহেতু কর্ত্তা হইতে করণের উৎপত্তি দেখা যায় না, সেই হেতু ভাগবতদিগের কল্পনা অসঙ্গত। প্রকৃতস্থলে কর্ত্তা জীব, করণ মন।

* আদিশব্দেনৈশ্বর্য্যাদয়ো গৃহ্যন্তে। যদ্যপি সঙ্কর্ষণাদীনাং সর্ব্বেষাং জ্ঞানৈশ্বর্য্যশক্তিবলবীর্য্যতেজোবত্ত্বং স্বীক্রিয়তে, তথাপি তদপ্রতিষেধঃ উৎপত্ত্যসম্ভবপ্রতিষেধাভাবঃ। বিস্তরস্তু ভাষ্যে।

যদি বলেন, বাসুদেব সঙ্কর্ষণ প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ, ইঁহারা সকলেই ঈশ্বরধর্ম্মযুক্ত, সকলেই নির্দ্দোষ

য়ন্তে, কিং তর্হি, ঈশ্বরা এবৈতে সর্ব্বে জ্ঞানৈশ্বর্য্যশক্তিবলবীর্য্য-তেজোভিরৈশ্বর্য্যধর্ম্মৈরন্বিতা অভ্যুপগম্যন্তে, বাসুদেবা এবৈতে সর্ব্বে নির্দ্দোষা নিরধিষ্ঠানা নিরবদ্যাশ্চেতি, তস্মান্নায়ং যথা-বর্ণিত উৎপত্ত্যসম্ভবো দোষঃ প্রাপ্নোতীতি। অত্রোচ্যতে,—

এবমপি তদপ্রতিষেধ উৎপত্ত্যসম্ভবস্যাপ্রতিষেধঃ প্রাপ্নোত্যেব। অয়মুৎপত্ত্যসম্ভবো দোষঃ প্রকারান্তরেণেত্যভিপ্রায়ঃ। কথম্। যদি তাবদয়মভিপ্রায়ঃ—পরস্পরভিন্না এবৈতে বাসুদেবাদয়-শ্চত্বার ঈশ্বরাস্তুল্যধর্ম্মাণঃ, নৈষামেকাত্মকত্বমস্তীতি, ততো-ঽনেকেশ্বরকল্পনানর্থক্যং, একেনৈবেশ্বরেণেশ্বরকার্য্যসিদ্ধেঃ। সিদ্ধান্তহানিশ্চ,—ভগবানেকো বাসুদেবঃ পরমার্থতত্ত্বমিত্যভ্যুপ-গমাৎ। অথায়মভিপ্রায়ঃ—একস্যৈব ভগবত এতে চত্বারো

ধিষ্ঠানাঃ" নিরুপাদানাঃ, অতএব "নিরবদ্যাঃ" অনিত্যত্বাদিদোষরহিতাঃ। তস্মাদুৎ-পত্ত্যসম্ভবোঽনুগুণত্বান্ন দোষ ইত্যর্থঃ।

অত্রোচ্যতে—"এবমপি" ইতি। মা ভূদভ্যুপগমে ন দোষঃ, প্রকারান্তরেণ ত্বয়মেব দোষঃ। প্রশ্নপূর্ব্বং প্রকারান্তরমাহ—"কথং, যদি তাবৎ" ইতি। ন তাব দেতে পরস্পরং ভিন্না ঈশ্বরাঃ পরস্পরব্যাহতেচ্ছা ভবিতুমর্হন্তি। ব্যাহতকামত্বে

ভাবান্বিত নহেন। উঁহারা সকলেই ঈশ্বর, সকলেই জ্ঞানশক্তি ও ঐশ্বর্য্যশক্তি যুক্ত, বল, বীর্য্য ও তেজঃসম্পন্ন, সকলেই বাসুদেব, সকলেই নির্দ্দোষ, নিরধিষ্ঠিত নিরবদ্য (নির্দ্দোষ = রাগাদিরহিত। নিরধিষ্ঠিত = অপ্রাকৃতিক অর্থাৎ প্রকৃতি-জন্য নহে। নিরবদ্য = নাশাদিরহিত); সুতরাং তাঁহাদের সম্বন্ধে উৎপত্ত্য-সম্ভব দোষ নাই।

এই অভিপ্রায়ের উপর বলা যাইতেছে যে, উক্ত প্রকার অভিপ্রায় থাকিলেও উৎপত্ত্যসম্ভব দোষ নিবারিত হয় না। অর্থাৎ অন্য প্রকারে ঐ দোষ আগমন করে। কিপ্রকারে? তাহা বলিতেছি। [যদি...গমাৎ] বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ, ইহারা পরস্পর ভিন্ন, একাত্মক নহেন, অথচ সকলেই সমধর্ম্মী ও ঈশ্বর। এই অর্থ অভিপ্রেত হইলে অনেক ঈশ্বর স্বীকার করা হয়; পরন্তু অনেক ঈশ্বর স্বীকার ব্যর্থ। কেন-না, এক ঈশ্বর স্বীকার করিলেই ইষ্টসিদ্ধি হইতে পারে। অপিচ, ভগবান্ বাসুদেব এক অর্থাৎ অদ্বিতীয় ও পরমার্থতত্ত্ব, এইরূপ প্রতিজ্ঞা থাকায় সিদ্ধান্তহানিদোষও প্রসক্ত হয়। [অথায়...সম্ভবঃ] ঐ চতুর্ব্যূহ

নিরধিষ্ঠান অর্থাৎ প্রকৃতিজন্য নহে, সুতরাং ইহাঁদের সম্বন্ধে উৎপত্ত্যসম্ভবদোষ দোষ বলিয়া গণ্য হয় না, এ বিষয়ে আমরা বলি, ঐরূপ বলিলেও উৎপত্ত্যসম্ভবদোষ নিবারিত হইবে না। (ভাষ্যানুবাদ দেখ)।

ব্যূহাস্তুল্যধর্ম্মাণ ইতি, তথাপি তদবস্থ এবোৎপত্ত্যসম্ভবঃ। নহি বাসুদেবাৎ সঙ্কর্ষণস্যোৎপত্তিঃ সম্ভবতি, সঙ্কর্ষণাচ্চ প্রদ্যুম্নস্য, প্রদ্যুম্নাচ্চানিরুদ্ধস্য, অতিশয়াভাবাৎ। ভবিতব্যং হি কার্য্য-কারণয়োরতিশয়েন, যথা মৃদ্ঘটয়োঃ। ন হ্যসত্যতিশয়ে কার্য্যং কারণমিত্যবকল্পতে। ন চ পঞ্চরাত্রসিদ্ধান্তিভির্ব্বাসুদেবাদিষ্বে-কৈকস্মিন্ সর্ব্বেষু বা জ্ঞানৈশ্বর্য্যাদি-তারতম্যকৃতঃ কশ্চিদ্ভেদো-ঽভ্যুপগম্যতে। বাসুদেবা এব হি সর্ব্বে ব্যূহা নির্ব্বিশেষা ইষ্যন্তে। ন চৈতে ভগবদ্‌ব্যূহাশ্চতুঃসংখ্যায়ামেবাবতিষ্ঠেরন্, ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তস্য সমস্তস্যৈব জগতো ভগবদ্‌ব্যূহত্বাব-গমাৎ॥ ২। ২।.৪৪॥

বিপ্রতিষেধাচ্চ॥ ২। ২। ৪৫॥ *

বিপ্রতিষেধশ্চাস্মিন্ শাস্ত্রে বহুবিধ উপলভ্যতে গুণগুণিত্ব-

চ কার্য্যানুৎপাদাৎ। অব্যাহতকামত্বে বা প্রত্যেকমীশ্বরত্বে একেনৈবেশনায়াঃ কৃতত্বাদানর্থক্যমিতরেষাম্, সম্ভূয় চেশনায়াং পরিশুদ্ধো ন কশ্চিদীশ্বরঃ স্যাৎ, সিদ্ধান্তহানিশ্চ। ভগবানেবৈকো বাসুদেবঃ পরমার্থতত্ত্বমিত্যভ্যুপগমাৎ। তস্মাৎ কল্পান্তরমাস্থেয়ম্। তত্র চোৎপত্ত্যসম্ভবো দোষ ইত্যাশয়বান্ কল্পান্তরমুপন্য-স্যোৎপত্ত্যসম্ভবেনাপাকরোতি—"অথায়মভিপ্রায়ঃ" ইতি। সুগমমন্যৎ॥২।২।৪৪॥

* গুণিভ্যঃ খল্বাত্মভ্যো জ্ঞানাদীন্ গুণান্ ভেদেনোক্ত্বা পুনরভেদং ব্রূতে—

ভগবানেরই এবং তাঁহারা সকলেই সমধর্ম্মী, এরূপ হইলেও উৎপত্ত্যসম্ভব-দোষ তদবস্থই থাকে।। [ন হি...গমাৎ] হেতু যে, অতিশয় (ছোট বড়—তরতমভাব) না থাকায় বাসুদেব হইতে সঙ্কর্ষণের, সঙ্কর্ষণ হইতে প্রদ্যুম্নের ও প্রদ্যুম্ন হইতে অনিরুদ্ধের উৎপত্তি হইতে পারে না। কার্য্য-কারণের মধ্যে অতিশয় থাকাই নিয়ম। যেমন মৃত্তিকা ও ঘট। অতিশয় না থাকিলে কোন্‌টী কার্য্য, কোন্‌টী কারণ, তাহা নির্দ্দেশ করিতে পারিবে না। আরও দেখ, পঞ্চরাত্রসিদ্ধান্তীরা (পঞ্চরাত্র=বৈষ্ণবদিগের শাস্ত্র) বাসুদেবাদির জ্ঞানাদি-তারতম্যকৃত ভেদ মানেন না, প্রত্যুত ব্যূহচতুষ্টয়কে অবিশেষে বাসুদেব বলিয়াই মান্য করেন। ভগবানের ব্যূহ (ভিন্ন ভিন্ন সংস্থান) কি চতুঃসংখ্যাতেই পর্য্যাপ্ত? তাহা নহে। ব্রহ্মাদি স্তম্বপর্য্যন্ত (স্তম্ব=তৃণগুচ্ছ) সমুদায় জগৎই ভগবদ্‌ব্যূহ, ইহা শ্রুতি স্মৃতি উভয়ত্র প্রদর্শিত আছে॥ ২। ২। ৪৪॥

ভাগবতদিগের পঞ্চরাত্রাদি শাস্ত্রে গুণগুণিভাব প্রভৃতি অনেকপ্রকার বিরুদ্ধ

* বিপ্রতিষেধাচ্চ বিরুদ্ধোক্তিদর্শনাদপি জীবোৎপত্তিবাদ উপেক্ষ্য ইতি যোজ্যম্।
ভাগবতদিগের স্বশাস্ত্রে পূর্ব্বাপরবিরুদ্ধ ও বেদবিরুদ্ধ বর্ণন থাকায় তাঁহাদিগের যে সকল কল্পনা, সে সকল শ্রেয়ঃকামীর অগ্রাহ্য।

কল্পনাদিলক্ষণঃ। জ্ঞানৈশ্বর্য্যশক্তিবলবীর্য্যতেজাংসি গুণাঃ, আত্মান এবৈতে ভগবন্তো বাসুদেবা ইত্যাদিদর্শনাৎ। বেদবিপ্রতিষেধশ্চ ভবতি। চতুর্ষু বেদেষু পরং শ্রেয়োঽলব্ধ্বা শাণ্ডিল্য ইদং শাস্ত্রমধিগতবান্—ইত্যাদিবেদনিন্দাদর্শনাৎ। তস্মাদসঙ্গতৈষাং কল্পনেতি সিদ্ধম্ ॥ ২। ২। ৪৫ ॥

ইতি শ্রীমদ্‌গোবিন্দভাগবৎপূজ্যপাদশিষ্য-শ্রীমচ্ছঙ্করভগবৎপাদকৃতৌ শারীরকমীমাংসাভাষ্যে দ্বিতীয়াধ্যায়স্য দ্বিতীয়ঃ পাদঃ॥২।২॥

"আত্মান এবৈতে ভগবন্তো বাসুদেবাঃ" ইতি। আদিগ্রহণেন প্রদ্যুম্নানিরুদ্ধয়োর্ম্মনোঽহঙ্কারলক্ষণতয়াত্মনো ভেদমভিধায়াত্মান এবৈত ইতি তদ্বিরুদ্ধাভেদাভিধানমপরং সংগৃহীতম্। বেদবিপ্রতিষেধো ব্যাখ্যাতঃ ॥ ২। ২। ৪৫ ॥

ইতি শ্রীবাচস্পতিমিশ্রবিরচিতে শারীরকমীমাংসাভাষ্যবিভাগে ভামত্যাং দ্বিতীয়াধ্যায়স্য দ্বিতীয়ঃ পাদঃ ॥ ২। ২ ॥

কল্পনা দেখা যায়। নিজেই গুণ, নিজেই গুণী, ইহা অবশ্যই বিরুদ্ধ। ভাগবতগণ বলিয়া থাকেন, জ্ঞানশক্তি, ঐশ্বর্য্যশক্তি, বল, বীর্য্য, তেজঃ, এ সকল গুণ এবং প্রদ্যুম্নাদি ব্যূহ ভিন্ন হইলেও, তাঁহারা আত্মা ও ভগবান্ বাসুদেব। আরও দেখ, তাঁহাদিগের শাস্ত্রে বেদনিন্দাও আছে। যথা—"শাণ্ডিল্য চার বেদে পরমশ্রেয়ঃপ্রাপ্ত না হইয়া অবশেষে এই শাস্ত্রলাভ করিয়াছিলেন।" ইত্যাদি। এই সকল কারণে ভাগবতদিগের প্রোক্তবিধ কল্পনা অসঙ্গত ও অগ্রাহ্য ॥ ২। ২। ৪৫ ॥

তৃতীয়ঃ পাদঃ।

ন বিয়দশ্রুতেঃ ॥ ২।৩।১ ॥ *

বেদান্তেষু তত্র তত্র ভিন্নপ্রস্থানা উৎপত্তিশ্রুতয় উপলভ্যন্তে। কেচিদাকাশস্যোৎপত্তিমমানন্তি, কেচিন্ন। তথা কেচিদ্বায়োরুৎপত্তিমামনন্তি, কেচিন্ন। এবং জীবস্য প্রাণানাঞ্চ। এবমেব ক্রমাদিদ্বারকোঽপি বিপ্রতিষেধঃ শ্রুত্যন্তরেষূপলক্ষ্যতে। শ্রুতিবিপ্রতিষেধাচ্চ পরপক্ষাণামনপেক্ষত্বং স্থাপিতং, তদ্বৎ স্বপক্ষস্যাপি শ্রুতিবিপ্রতিষেধাদেবানপেক্ষিত্বমাশঙ্ক্যেত,

---

পূর্ব্বং প্রমাণান্তরবিরোধঃ শ্রুতের্নিরাকৃতঃ, সম্প্রতি তু শ্রুতীনামেব পরস্পরবিরোধো নিরাক্রিয়তে। তত্র সৃষ্টিশ্রুতীনাং পরস্পরবিরোধমাহ।—"বেদান্তেষু তত্র তত্র" ইতি। শ্রুতিবিপ্রতিষেধাচ্চ পরপক্ষাণামনপেক্ষত্বং খ্যাপিতং, তদ্বৎ স্বপক্ষস্য শ্রুতিবিপ্রতিষেধাদিতি। তদর্থনির্ম্মলত্বম্—অর্থাভাসবিনিবৃত্ত্যার্থতত্ত্বপ্রতিপাদনম্। তস্য ফলং স্বপক্ষস্য জগতো ব্রহ্মকারণত্বস্যানপেক্ষত্বাশঙ্কানিবৃত্তিঃ। ইহ হি পূর্ব্বপক্ষে শ্রুতীনাং মিথো বিরোধঃ প্রতিপাদ্যতে, সিদ্ধান্তে ত্ববিরোধঃ। তত্র সিদ্ধান্ত্যেকদেশিনো বচনং "ন বিয়দশ্রুতেঃ" ইতি। তস্যাভিসন্ধিঃ—যদ্যপি তৈত্তিরীয়কে বিয়দুৎপত্তিশ্রুতিরস্তি, তথাপি তস্যাঃ প্রমাণান্তরবিরোধাদ্বহুশ্রুতি-

---

বেদান্তমধ্যে ভিন্ন ভিন্ন প্রকারের উৎপত্তি কথা অর্থাৎ সৃষ্টিপ্রক্রিয়া বর্ণিত থাকা দৃষ্ট হয়। যথা—কোন কোন শ্রুতিতে আকাশের উৎপত্তি কথিত হইয়াছে, কোন কোন শ্রুতিতে তাহা কথিত হয় নাই। কোন শ্রুতি বায়ুর উৎপত্তি উপদেশ করেন, কোন শ্রুতি তাহা করেন না। জীব ও প্রাণ, এতৎসম্বন্ধেও ঐরূপ কথা। অর্থাৎ কোন কোন শ্রুতিতে জীবের ও প্রাণের উৎপত্তি বর্ণিত আছে এবং কোন কোন শ্রুতিতে তাহা নাই। অন্যান্য শ্রুতিতে ক্রমের এবং সংখ্যারও বৈপরীত্য আছে। (কোন শ্রুতিতে পূর্ব্বে আকাশ, পরে তেজ, আবার অন্য শ্রুতিতে পূর্ব্বে তেজ, পরে অন্যান্য ভূত। আবার কোন শ্রুতিতে সপ্ত প্রাণ ও কোন কোন শ্রুতিতে অষ্ট প্রাণ, ইত্যাদি) যেমন বিরুদ্ধ বলিয়া পরমত অপেক্ষণীয় নহে, অর্থাৎ অগ্রাহ্য, তেমনি, বেদান্তমতও পরস্পর বিরুদ্ধ ও ব্যাহত বলিয়া

---

* জীবানুৎপত্তিপ্রসঙ্গেনাকাশস্যাপ্যুৎপত্ত্যসম্ভবমাশঙ্ক্য পরিহরন্নাদাবেকদেশিমতমাহ নেতি। বিয়ৎ আকাশং নোৎপদ্যতে। কুতঃ? অশ্রুতেঃ, উৎপত্তিপ্রকরণেঽস্যোৎপত্ত্যশ্রবণাদিত্যর্থঃ। এতচ্চ পূর্ব্বপক্ষসূত্রম্।

জীবের ন্যায় আকাশও অনুৎপন্ন অর্থাৎ নিত্যপদার্থ। শ্রুতির উৎপত্তিপ্রকরণে আকাশের উৎপত্তি কথিত হয় নাই, সুতরাং বুঝা যাইতেছে যে, আকাশ উৎপন্ন পদার্থ নহে, অর্থাৎ নিত্য। আকাশের উৎপত্তি অসম্ভব, ইহা যুক্তিতেও পাওয়া যায়।

ইত্যতঃ সর্ব্ববেদান্তগত-সৃষ্টিশ্রুত্যর্থনির্ম্মলত্বায় পরঃ প্রপঞ্চ আরভ্যতে। তদর্থনির্ম্মলত্বে চ ফলং যথোক্তাশঙ্কানিবৃত্তিরেব।

তত্র প্রথমং তাবদাকাশমাশ্রিত্য চিন্ত্যতে,—কিমস্যাকাশস্যোৎপত্তিরস্ত্যুত নাস্তীতি। তত্র তাবৎ প্রতিপদ্যতে—ন বিয়দশ্রুতেরিতি। ন খল্বাকাশমুৎপদ্যতে। কস্মাৎ? অশ্রুতেঃ। ন হ্যস্যোৎপত্তিপ্রকরণে শ্রবণমস্তি। ছান্দোগ্যে হি "সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ং" ইতি সচ্ছব্দবাচ্যং ব্রহ্ম প্রকৃত্য "তদৈক্ষত" "তত্তেজোঽসৃজত" ইতি চ পঞ্চানাং মহাভূতানাং মধ্যমং তেজ আদি কৃত্বা ত্রয়াণাং তেজোঽবন্নানামুৎপত্তিঃ শ্রাব্যতে। শ্রুতিশ্চ নঃ প্রমাণমতীন্দ্রিয়ার্থবিজ্ঞানোৎপত্তৌ। ন চাত্র শ্রুতিরস্ত্যাকাশস্যোৎপত্তিপ্রতিপাদিনী। তস্মান্নাকাশস্যোৎপত্তিরিতি ॥২।৩।১॥

বিরোধাচ্চ গৌণত্বম্। তথা চ বিয়তো নিত্যত্বাত্তেজঃপ্রমুখঃ এব সর্গঃ, তথা চ ন বিরোধঃ শ্রুতীনামিতি।

তদিদমুক্তম্।—"প্রথমং তাবদাকাশমাশ্রিত্য চিন্ত্যতে—কিমস্যাকাশস্যোৎপত্তিরস্ত্যুত নাস্তি" ইতি। যদি নাস্তি, ন শ্রুতিবিরোধাশঙ্কা। অথাস্তি, ততঃ শ্রুতিবিরোধ ইতি তৎপরিহারায় প্রযত্নান্তরমাস্থেয়মিত্যর্থঃ ॥ ২।৩।১ ॥

অপেক্ষণীয় নহে, এই আশঙ্কা হইতে পারে। সৃষ্টিশ্রুতি প্রোক্তপ্রকারে শঙ্কাস্থান বলিয়াই বেদান্তস্থ সমুদায় সৃষ্টিশ্রুতির অর্থ নির্ম্মল (নির্দ্দোষ) করিবার জন্য এতৎপাদের আরম্ভ। সে সকল সৃষ্টিবাক্যের অর্থ নির্ম্মল (বিশদ,—পরিস্ফুট বা সঙ্গতার্থ) করিবার ফল বা প্রয়োজন—প্রদর্শিত প্রকার আশঙ্কার নিবৃত্তি।

[তত্র…মস্তি] প্রথমতঃ আকাশের উৎপত্তি আছে কি-না, তাহার চিন্তা অর্থাৎ বিচার করা যাইতেছে। বিচারের অঙ্গ পূর্ব্বপক্ষ। তাহাতে পাওয়া যায়, আকাশ উৎপন্ন হয় নাই। হেতু এই যে, তদ্বোধিকা শ্রুতি নাই। অর্থাৎ উৎপত্তিপ্রকরণে আকাশের উল্লেখ দেখা যায় না। [ছান্দোগ্য…রিতি] ছান্দোগ্য শ্রুতি "সৃষ্টির পূর্ব্বে কেবলমাত্র দ্বিতীয়-রহিত এক সৎ (ইঁহার অন্য নাম ব্রহ্ম) ছিলেন" এইরূপে সৎশব্দ-বাচ্য ব্রহ্মের প্রস্তাব (উপদেশ) করিয়া "তিনি আলোচনা করিলেন, করিয়া তেজের সৃষ্টি করিলেন" এইরূপে পঞ্চ মহাভূতের মধ্যে মধ্যম ভূত তেজকে আদি অর্থাৎ প্রথম বলিয়া তদনন্তর জলের ও পৃথিবীর উৎপত্তি উপদেশ করিয়াছেন। অতীন্দ্রিয় অর্থাৎ ইন্দ্রিয়ের অগোচর পদার্থের প্রমিতিবিষয়ে একমাত্র শ্রুতিই প্রমাণ; কিন্তু আকাশের উৎপত্তিবাদিনী শ্রুতি নাই। যেহেতু আকাশোৎপত্তিবোধিনী শ্রুতি নাই, সেই হেতু আকাশ অনুৎপন্ন পদার্থ ॥২।৩।১॥

অস্তি তু ॥ ২। ৩। ২ ॥*

তু-শব্দঃ পক্ষান্তরপরিগ্রহে। মা নামাকাশস্য ছান্দোগ্যেঽভূদুৎপত্তিঃ, শ্রুত্যন্তরে ত্বস্তি। তৈত্তিরীয়কাঃ সমামনন্তি "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইতি প্রকৃত্য "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" ইতি। ততশ্চ শ্রুত্যোর্ব্বিপ্রতিষেধঃ—কচিৎ তেজঃপ্রমুখা সৃষ্টিঃ, কচিদাকাশপ্রমুখেতি। নন্বেকবাক্যতাঽনয়োঃ শ্রুত্যোর্যুক্তা। সত্যং সা যুক্তা, ন তু সাবগন্তুং শক্যতে। কুতঃ? "তত্তেজোঽসৃজত ইতি সকৃচ্ছ্রুতস্য স্রষ্টুঃ স্রষ্টব্যদ্বয়েন সম্বন্ধানুপপত্তেঃ—"তত্তেজোঽসৃজত, তদাকাশমসৃজত" ইতি।

তত্র পূর্ব্বপক্ষসূত্রম্—"অস্তি তু"। তৈত্তিরীয়ে হি সর্গপ্রকরণে কেবলস্যাকাশস্যৈব প্রথমঃ সর্গঃ শ্রূয়তে, ছান্দোগ্যে চ কেবলস্য তেজসঃ প্রথমঃ সর্গঃ। ন চ শ্রুত্যন্তরানুরোধেনাসহায়স্যাধিগতস্যাপি সসহায়তাকল্পনং যুক্তম্। সহায়ত্বাবগমবিরোধাৎ। শ্রুতসিদ্ধ্যর্থং খল্বশ্রুতং কল্প্যতে; ন তু তদ্বিঘাতায়। বিহন্যতে চাসহায়ত্বং শ্রুতং কল্পিতেন সসহায়ত্বেন।

তু-শব্দের অর্থ পক্ষান্তর। পক্ষান্তরে দেখা যায়, ছান্দোগ্যে আকাশের উৎপত্তি অভিহিত না হউক, অন্য শ্রুতিতে আকাশের উৎপত্তি কথিত আছে। তৈত্তিরীয় শ্রুতি "ব্রহ্ম সত্য জ্ঞানানন্দরূপী" এইরূপে ব্রহ্মের প্রস্তাব করিয়া বলিয়াছেন, "তাঁহা হইতে আকাশ সম্ভূত হইয়াছে।" এই শ্রুতিতে তেজঃই প্রথম সৃষ্ট, অন্য শ্রুতিতে আকাশ প্রথম সৃষ্ট, এইরূপ কথিত হওয়ায় তদুভয় শ্রুতি পরস্পর বিরুদ্ধবাদিনী হইতেছে এবং বিরুদ্ধবাদিনী বলিয়া অপ্রমাণ হইতেছে। [নন্বেকবাক্যতা...ইতি] শ্রুতিদ্বয়ের একবাক্যতা (একার্থবোধকতা) করিবার রীতি আছে, এবং তাহাই করা উচিত সত্য; কিন্তু এখানে একবাক্য করিবার উপায় নাই। কেন-না, এখানে একবাক্যতার গমক (বোধক) কিছু নাই। (তিনি আকাশ ও তেজ সৃষ্টি করিলেন, এইরূপ হইলে উক্ত দুই বাক্য এক বা একার্থবাচক হইতে পারে সত্য; কিন্তু তাহা এখানে অসম্ভব)। হেতু এই যে, "তিনি তেজ সৃষ্টি করিলেন" এতদ্বাক্যস্থ তৎশব্দবোধ্য স্রষ্টার সহিত স্রষ্টব্য আকাশের ও তেজের সম্বন্ধ ঘটনা হয় না।

* উৎপত্তিশ্রুতির্ন্নখ্যা নাস্তীতি মতাহ—অস্তীতি। পক্ষান্তরদ্যোতনার্থস্তু-শব্দঃ। ছান্দোগ্যে তাবদাকাশস্যোৎপত্তির্ম্মাভূৎ, শ্রুত্যন্তরে ত্বস্তীতি পূর্ব্বপক্ষাবসর ইতি ভাবঃ।
ছান্দোগ্যে আকাশের উৎপত্তি কথিত না হউক, অন্য শ্রুতিতে তাহার উৎপত্তি অভিহিত আছে।

নম্ন সক্বচ্ছ্রুতস্যাপি কর্তুঃ কর্তব্যদ্বয়েন সম্বন্ধো দৃশ্যতে। যথা "স সূপং পক্ত্বৌদনং পচতি" ইতি, এবং তদাকাশং সৃষ্ট্বা ততস্তেজোঽসৃজতেতি যোজয়িষ্যামঃ, নৈবং যুজ্যতে। প্রথমজত্বং হি ছান্দোগ্যে তেজসোঽবগম্যতে, তৈত্তিরীয়কে চাকাশস্য। ন চোভয়োঃ প্রথমজত্বং সম্ভবতি। এতেনেতরশ্রুত্যন্তরবিরোধোঽপি ব্যাখ্যাতঃ। "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" ইত্যত্রাপি তস্মাদাকাশঃ সম্ভূতস্তস্মত্তেজঃ সম্ভূতমিতি সক্বচ্ছ্রুতস্যাপাদানস্য সম্ভবনস্য চ বিয়ত্তেজোভ্যাং যুগপৎ সম্বন্ধানুপপত্তেঃ। বায়োরগ্নিরিতি চ পৃথগাম্নানাৎ ॥ ২ । ৩ । ২ ॥

অস্মিন্ বিপ্রতিষেধে কশ্চিদাহ—

ন চ পরস্পরানপেক্ষাণাং ব্রীহিযববদ্বিকল্পঃ, অনুষ্ঠানং হি বিকল্প্যতে ন বস্তু। ন হি স্থাণুপুরুষবিকল্পো বস্তুনি প্রতিষ্ঠাং লভতে। ন চ সর্গভেদেন ব্যবস্থোপপদ্যতে। সাম্প্রতিকসর্গবদ্ভূতসর্বস্যাপি তথাত্বাৎ। ন খল্বিহ সর্গে ক্ষীরাদ্দধি জায়তে, সর্গান্তরে তু দধ্নঃ ক্ষীরমিতি ভবতি। তস্মাৎ সর্গশ্রুতয়ঃ পরস্পরবিরোধিন্যো নাস্মিন্নর্থে প্রমাণং ভবিতুমর্হন্তীতি পূর্বঃ পক্ষঃ। সিদ্ধান্ত্যেকদেশী সূত্রেণ স্বাভিপ্রায়মাবিষ্করোতি ॥ ২ । ৩ । ২ ॥

[নম্ন ..ব্যাখ্যাতঃ] যদি বল, যুগপৎ (এককালে) সম্বন্ধ না হয়, না হউক, ক্রমিক সম্বন্ধ হইতে পারে, "তিনি সূপ পাক করিয়া অন্ন পাক করিতেছেন" এই প্রয়োগ যদ্রূপ, "তিনি আকাশ সৃষ্টি করিয়া তেজ সৃষ্টি করিয়াছেন" এ প্রয়োগও সেইরূপ হইবেক। এরূপ বলাও অযুক্ত। হেতু এই যে, ছান্দোগ্য শ্রুতি তেজকে প্রথম ও তৈত্তিরীয় শ্রুতি আকাশকে প্রথম বলিয়াছেন। উভয়েন প্রথমজত্ব অবশ্য অসম্ভব। অন্যান্য শ্রুতিবিরোধও এতদ্রূপে অপরিহার্য্য। [তস্মাদ্বা...দাহ] "সেই এই আত্মা (ব্রহ্ম) হইতে আকাশ উৎপন্ন হইয়াছে" এ শ্রুতির তাঁহা হইতে আকাশ, তাঁহা হইতে তেজ, এরূপ অর্থ হইতে পারে না। একবারমাত্র অপাদানের (যাহা হইতে হয়, তাহা অপাদান) উল্লেখ হইয়াছে ; সুতরাং তাহার সহিত যুগপৎ উভয়ের উৎপত্তিসম্বন্ধ ঘটনা করা যায় না, (সেরূপ করা বাক্যার্থরীতি বহির্ভূত,) এবং "বায়ু হইতে অগ্নি" এইরূপ পৃথগুক্তিও আছে ॥২।৩।২॥

এইরূপ শ্রুতিবিরোধ পরিহারার্থ কেহ কেহ বলেন—

গৌণ্যসম্ভবাৎ ॥ ২। ৩। ৩॥

নাস্তি বিয়দুৎপত্তিরশ্রুতেরেব। যা ত্বিতরা বিয়দুৎপত্তিবাদিনী শ্রুতিরুদাহৃতা, সা গৌণী ভবিতুমর্হতি। কস্মাৎ? অসম্ভবাৎ। ন হ্যাকাশস্যোৎপত্তিঃ সম্ভাবয়িতুং শক্যা শ্রীমৎকণভুগভিপ্রায়ানুসারিষু জীবৎসু। তে হি কারণসামগ্র্যসম্ভবাদাকাশস্যোৎপত্তিং বারয়ন্তি। সমবায্যসমবায়ি-নিমিত্তকারণেভ্যো হি কিল সর্ব্বমুৎপদ্যমানং সমুৎপদ্যতে। দ্রব্যস্য চৈকজাতীয়কমনেকঞ্চ দ্রব্যং সমবায়িকারণং ভবতি। ন চাকাশস্যৈকজাতীয়কমনেকঞ্চ দ্রব্যমারম্ভকমস্তি, যস্মিন্ সমবায়িকারণে সত্য-

প্রমাণান্তরবিরোধেন বহুশ্রুত্যন্তরবিরোধেন চাকাশোৎপত্ত্যসম্ভবাৎ গৌণ্যেবাকাশোৎপত্তিশ্রুতিরিত্যবিরোধ ইত্যর্থঃ। প্রমাণান্তরবিরোধমাহ—"ন হ্যাকাশস্য" ইতি। সমবায্যসমবায়িনিমিত্তকারণেভ্যো হি কার্য্যস্যোৎপত্তির্নিয়তা তদভাবে ন ভবিতুমর্হতি—ধূম ইব ধূমধ্বজাভাবে। তস্মাৎ সদকারণমাকাশং নিত্যমিতি। অপি চ, য উৎপদ্যন্তে, তেষাং প্রাগুৎপত্তেরনুভবার্থক্রিয়ে নোপলভ্যেতে, উৎপন্নস্য চ

যেহেতু শ্রুতি নাই অর্থাৎ বেদবাক্যে আকাশের উৎপত্তি শুনা যায় না, সেই হেতু আকাশ অনুৎপন্ন পদার্থ)। যে একটী উৎপত্তিবাদিনী শ্রুতি (তৈত্তিরীয় শ্রুতি) আছে, তাহা গৌণী অর্থাৎ তাহার উৎপত্তি অর্থ মুখ্য নহে, কিন্তু গৌণ। ফলিতার্থ—উৎপত্তি অংশে তাহার তাৎপর্য্য নাই। নাই কেন? অসম্ভব বলিয়াই নাই। কণাদমতানুসারিগণ জীবিত থাকিতে কেহই আকাশের উৎপত্তি বুঝাইতে বা স্থাপন করিতে পারিবেন না। [তেহি⋯সিদ্ধিঃ] কণাদমতাবলম্বীরা কারণসামগ্রীর অভাব দেখাইয়া আকাশের উৎপত্তি নিবারণ করিয়াছেন। কাণাদদিগের অভিমত উৎপত্তি-নিয়ামক প্রক্রিয়া এইরূপঃ—সমুদায় জন্য বস্তুই সমবায়ী, অসমবায়ী ও নিমিত্ত, † এই ত্রিবিধ কারণ আশ্রয় করিয়া জন্মলাভ করে। তুল্যজাতীয় বহু দ্রব্যই দ্রব্যোৎপত্তির সমবায়ী কারণ। আকাশ জন্মাইতে পারে, এরূপ আকাশজাতীয় দ্রব্যান্তর বা বহুদ্রব্য নাই (আকাশীয় পরমাণু নাই); সুতরাং আকাশের সমবায়ী কারণ না থাকায় আকাশ অনুৎপন্ন অর্থাৎ

---

* অসম্ভবাৎ আকাশোৎপত্ত্যসম্ভবাৎ তদুৎপত্তিবাদিনী শ্রুতির্গৌণী। শ্রুত্যোর্ব্বিরোধে সত্যাধ্যয়নবিধ্যুপাত্তয়োরপ্রামাণ্যাযোগাদ্বিয়দুৎপত্ত্যসম্ভবরূপতর্কানুগৃহীত-ছান্দোগ্যশ্রুতির্মুখ্যার্থা, ইতরা তু গৌণীত্যবিরোধ ইত্যেকদেশিমতমিতি সূত্রতাৎপর্য্যম্।

আকাশের উৎপত্তি অসম্ভব, সেই কারণে ছান্দোগ্যশ্রুতির অর্থ মুখ্য, তৈত্তিরীয় শ্রুতির অর্থ ঔপচারিক। অর্থাৎ তৈত্তিরীয় শ্রুতির অর্থ ছান্দোগ্যশ্রুতির অনুরূপ করিয়া লইতে হইবেক।

† যেমন ঘটের সমবায়ী কারণ কপাল ও কপালিকা, অসমবায়ী কারণ তদুভয়ের সংযোগ, নিমিত্তকারণ—দণ্ড, চক্র, সলিল, সূত্র ও কুম্ভকারাদি।

সমবায়িকারণে চ তৎসংযোগ আকাশ উৎপদ্যেত। তদভাবাত্তু তদনুগ্রহপ্রবৃত্তং নিমিত্তকারণং দূরাপেতমেবাকাশস্য ভবতি।

উৎপত্তিমতাঞ্চ তেজঃপ্রভৃতীনাং পূর্ব্বোত্তরকালয়োর্ব্বিশেষঃ সম্ভাব্যতে, প্রাগুৎপত্তেঃ প্রকাশনাদি কার্য্যং ন বভূব, পশ্চাচ্চ ভবতীতি, আকাশস্য পুনর্ন পূর্ব্বোত্তরকালয়োর্ব্বিশেষঃ সম্ভাবয়িতুং শক্যতে। কিং হি প্রাগুৎপত্তেরনবকাশমশুষিরমচ্ছিদ্রং বভূবেতি শক্যতেঽধ্যবসাতুম্। পৃথিব্যাদিবৈধর্ম্ম্যাচ্চ বিভুত্বাদিলক্ষণাদাকাশস্যাজত্বসিদ্ধিঃ। তস্মাদ্ যথা লোক আকাশং কুরু, আকাশো জাতঃ, ইত্যেবঞ্জাতীয়কো গৌণঃ প্রয়োগো ভবতি, যথা চ ঘটাকাশঃ করকাকাশো গৃহাকাশ ইত্যেকস্যাপ্যাকাশস্যৈবঞ্জাতীয়কো ভেদ-

---

দৃশ্যেতে, যথা তেজঃপ্রভৃতীনাম্। ন চাকাশস্য তাদৃশো বিশেষ উৎপাদানুৎপাদয়োরস্তি।

তস্মান্নোৎপদ্যত ইত্যাহ—"উৎপত্তিমতাং চ" ইতি। "প্রকাশনং" প্রকাশো ঘটপটাদিগোচরঃ। "পৃথিব্যাদিবৈধর্ম্মাচ্চ" ইতি। আদিগ্রহণেন দ্রব্যত্বে সত্যস্পর্শবত্ত্বাদাত্মবন্নিত্যমাকাশমিতি গৃহীতম্। "আরণ্যানাকাশেষু" ইতি বেদেঽপ্যো-

---

নিত্য। দ্রব্যোৎপত্তির অসমবায়ী কারণ সংযোগ, সমবায়ী দ্রব্য না থাকায় তাহারও অভাব আছে। যদি সমবায়ী ও অসমবায়ী কারণ থাকে, তবেই নিমিত্ত-কারণের প্রয়োজন বা প্রবৃত্তি হয়। যখন সমবায়ী ও অসমবায়ী এই দুইটী প্রধান কারণের অভাব, তখন যে, তাহার (আকাশের) নিমিত্ত কারণও নাই, তাহা বলাই বাহুল্য। ফলিতার্থ এই যে, যে তিন কারণে দ্রব্যোৎপত্তি হয়, সেই তিনটী কারণ না থাকায় আকাশের উৎপত্তি নাই।

আরও দেখ, উৎপত্তিমান্ তেজঃপ্রভৃতি পদার্থের উৎপত্তির পূর্ব্বে ও পরে বিশেষ ভাব আছে। উৎপত্তির পূর্ব্বে একরূপ, পরে অন্যরূপ। তেজ যখন অনুদ্ভূত বা অনুৎপন্ন থাকে, তখন তাহার প্রকাশাদি (প্রকাশ, অন্ধকার নাশ, উষ্ণতা, ইত্যাদি) কার্য্য থাকে না, উদ্ভূত বা উৎপন্ন হইলে তখন ঐ সকল কার্য্য হইতে থাকে। কিন্তু আকাশের সেরূপ বিশেষ দেখাইতে বা অনুভব করাইতে কেহই পারিবে না। আকাশ যখন না হইয়াছিল, তখন কি অনবকাশ অশুষির বা অচ্ছিদ্র ছিল? (নীরেট্ ছিল কি?) নীরেট্ ছিল, ইহা কেহই মনে করিতে বা অবধারণ করিতে পারিবেন না। (এতাবতা বলা হইল যে, জন্য বস্তু মাত্রের প্রাগভাব থাকে, প্রাগভাব না থাকায় আকাশ অনুৎপন্ন পদার্থ। আকাশ আত্মার ন্যায় প্রাগভাববর্জ্জিত)। আকাশে পৃথিব্যাদি জন্য পদার্থের ধর্ম্ম নাই এবং ইয়ত্তাও নাই অর্থাৎ আকাশ বিভু (সর্ব্বব্যাপী)। এইরূপ এইরূপ হেতুতে আকাশ অজ অর্থাৎ জন্মবান্ নহে। [তস্মাদ্...দ্রষ্টব্যা] অতএব লোক মধ্যে যেমন "আকাশ কর, ফাঁক কর," এইরূপ গৌণ প্রয়োগ হয়, অথবা যেমন ঘটা-

ব্যপদেশো ভবতি, বেদেঽপি "আরণ্যানাকাশেষ্বালভেরন্" ইতি, এবমুৎপত্তিশ্রুতিরপি গৌণী দ্রষ্টব্যা ॥ ২। ৩। ৩॥

শব্দাচ্চ ॥ ২। ৩। ৪ ॥ *

শব্দঃ খল্বাকাশস্যাজত্বং খ্যাপয়তি। যত আহ "বায়ুশ্চান্তরিক্ষঞ্চৈতদমৃতম্" ইতি। ন হ্যমৃতস্যোৎপত্তিরুপপদ্যতে। "আকাশবৎ সর্ব্বগতশ্চ নিত্যঃ" ইতি চ (শব্দঃ) আকাশেন ব্রহ্ম সর্ব্বগতত্বনিত্যত্বাভ্যাং ধর্ম্মাভ্যামুপমিমান আকাশস্যাপি তৌ ধর্ম্মৌ সূচয়তি। ন চ তাদৃশস্যোৎপত্তিরুপপদ্যতে। "স যথানন্তোঽয়মাকাশ এবমনন্ত আত্মা বেদিতব্যঃ" ইতি চোদাহরণম্, "আকাশশরীরং ব্রহ্ম" "আকাশ আত্মা" ইতি চ। ন হ্যাকাশস্যোৎ-

কস্যাকাশস্যৌপাধিকং বহুত্বম্। তদেবং প্রমাণান্তরবিরোধেন গৌণত্বমুক্ত্বা শ্রুত্যন্তরবিরোধেনাপি গৌণত্বমাহ। সুগমম্ ॥ ২। ৩। ৪ ॥

[রত্নপ্রভা] ন কেবলং তর্কাদাকাশস্যানুৎপত্তিঃ, কিন্তু শ্রুতিতোঽপীত্যাহ সূত্রকারঃ—শব্দাচ্চেতি। নিত্যভাবস্যানাদিত্বাদিতি ভাবঃ। আত্মেতি চ শব্দ

কাশ, মঠাকাশ, ইত্যাদিবিধ ভেদব্যপদেশ হয়, তেমনি, বেদমধ্যেও "আকাশে আরণ্য-জীব-বধ বা স্পর্শ করিবেক" ইত্যাদি প্রয়োগের ন্যায় আকাশের উৎপত্তিও গৌণীরূপে প্রযুক্ত হইয়াছে, ইহা বুঝিতে হইবেক ॥ ২। ৩। ৩॥

শব্দও আকাশের অনুৎপত্তি দেখাইয়াছেন। (শব্দ=শ্রুতি)। যথা— "বায়ু ও অন্তরিক্ষ" ইহারা অমৃত। যাহা অমৃত (অবিনাশী), তাহার উৎপত্তি নাই। 'আত্মা আকাশের ন্যায় সর্ব্বগত ও নিত্য" এ শ্রুতিও আকাশের অনুৎপত্তি পক্ষে উদাহরণ। ব্রহ্মের সর্ব্বব্যাপিত্ব ও নিত্যত্ব আকাশের সহিত উপমিত (তুলিত) হওয়ায় আকাশের ঐ দুই ধর্ম্ম (ব্যাপিত্ব ও নিত্যতা) থাকা সূচিত হইয়াছে। যাহা সর্ব্বব্যাপী ও নিত্য, তাহার উৎপত্তি অনুপপন্ন। "যদ্রূপ এই আকাশ অনন্ত, তদ্রূপ আত্মাও অনন্ত।" "ব্রহ্ম আকাশশরীর ও আকাশাত্মা।" এই দুই শ্রুতিও উদাহরণ হইতে পারে। আকাশের উৎপত্তি থাকিলে আকাশ ব্রহ্মের বিশেষণ হইবে কেন? নীল যেমন উৎপলের

* শব্দাচ্চ শব্দাদপি। ন কেবলং তর্কাদাকাশস্যানুৎপত্তিঃ সম্ভাব্যতে, কিন্তু শ্রুতিতোঽপীত্যর্থঃ।

কেবল তর্কের দ্বারা নহে, যুক্তির দ্বারাও নহে, শ্রুতির দ্বারাও আকাশের অনুৎপত্তি নির্ণীত হয়।

পত্তিমত্ত্বে ব্রহ্মণস্তেন বিশেষণং সম্ভবতি নীলেনেবোৎপলস্য। তস্মান্নিত্যমেবাকাশেন সাধারণং ব্রহ্মেতি গম্যতে ॥ ২। ৩। ৪ ॥

স্যাচ্চৈকস্য ব্রহ্মশব্দবৎ ॥ ২। ৩। ৫ ॥ *

ইদং পদোত্তরং সূত্রম্। স্যাদেতৎ। কথং পুনরেকস্য 'সম্ভূত'-শব্দস্য "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" ইত্যস্মিন্নধিকারে, পরেষু তেজঃপ্রভৃতিষনুবর্ত্তমানস্য মুখ্যত্বং সম্ভবতি, আকাশে চ গৌণত্বমিতি। অত উত্তরমুচ্যতে—স্যাচ্চৈকস্যাপি সম্ভূতশব্দস্য বিষয়বিশেষবশাদ্গৌণো মুখ্যশ্চ প্রয়োগঃ, ব্রহ্মশব্দবৎ। যথৈকস্যাপি ব্রহ্মশব্দস্য "তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব, তপো ব্রহ্ম" ইত্যস্মিন্নধিকারেঽন্নাদিষু গৌণঃ প্রয়োগঃ, আনন্দে চ

ইহোদাহরণমিত্যন্বয়ঃ। আকাশঃ শরীরমস্যেতি বহুব্রীহিণাত্যন্তসাম্যভানাৎ ব্রহ্মবদাকাশস্যানাদিত্বমিত্যর্থঃ। ইতি রত্নপ্রভা ॥ ২। ৩। ৪ ॥]

পদস্যানুষঙ্গো ন পদার্থস্য। তদ্ধি ক্বচিন্মুখ্যং ক্বচিদৌপচারিকং সম্ভবাসম্ভবাভ্যামিত্যবিরোধঃ।

বিশেষণ, তেমনি আকাশও ব্রহ্মের বিশেষণ। আকাশ-বিশেষণের দ্বারা ইহাই বুঝা যায় যে, নিত্যতা ব্রহ্মে ও আকাশে সমান ॥ ২। ৩। ৪ ॥

এই সূত্রটী পদোত্তর অর্থাৎ শব্দঘটিত আশঙ্কার প্রত্যুত্তর। এ স্থলে এই আশঙ্কা হইতে পারে যে, "পরমাত্মা হইতে আকাশ সম্ভূত হইয়াছে" এতদ্বাক্যস্থ এক সম্ভূতশব্দ পশ্চাদুক্ত তেজ প্রভৃতিতে অনুগমন করিয়া মুখ্যার্থ বলিবে, অথচ আকাশ-বিষয়ে গৌণার্থ থাকিবেক, ইহা কিরূপে হইতে পারে? ইহারই প্রত্যুত্তরার্থ বলিতেছেন, একই সম্ভূত শব্দের গৌণ মুখ্য দ্বিবিধ অর্থ, বিষয়-ভেদে ও ব্রহ্মশব্দের দৃষ্টান্তে হইতে পারে। [যথৈক···তদ্বৎ] যেমন একই ব্রহ্মশব্দ "তপস্যার দ্বারা ব্রহ্ম জান, তপস্যা ব্রহ্ম" এতদুপলক্ষিত প্রকরণে অন্নাদিতে

---

* কথমেকস্য সম্ভূত-শব্দস্য তেজঃপ্রভৃতিষু মুখ্যত্বমাকাশে চ গৌণত্বমিত্যাশঙ্ক্য তন্নিরাসার্থমাহ—স্যাদিতি। একস্যাপি সম্ভূতশব্দস্য বিষয়বিশেষবশাৎ গৌণো মুখ্যশ্চ প্রয়োগঃ স্যাৎ, ব্রহ্মশব্দবৎ। যথৈকস্যাপি ব্রহ্মশব্দস্যান্নাদিষু গৌণঃ প্রয়োগ আনন্দে চ মুখ্যস্তথেত্যর্থঃ।

সম্ভূত-শব্দ একবার মাত্র প্রযুক্ত হইয়াছে এবং সেই এক সম্ভূতশব্দই তেজঃপ্রভৃতিতে অনুগমন করিবে, তবে কিপ্রকারে তাহার একস্থলে গৌণ অর্থ এবং অন্যস্থলে মুখ্যার্থ হইতে পারে? বাদী প্রত্যুত্তর দিতেছেন, হাঁ, পারে। যেমন একই ব্রহ্মশব্দ অন্নাদিতে গৌণ এবং আনন্দে মুখ্য সেইরূপ একই সম্ভূতশব্দ আকাশে গৌণ এবং তেজঃপ্রভৃতিতে মুখ্য হইবে।

মুখ্যঃ, যথা চ তপসি ব্রহ্মবিজ্ঞানসাধনে ব্রহ্মশব্দো ভক্ত্যা প্রযুজ্যতে, অঞ্জসা তু বিজ্ঞেয়ে ব্রহ্মণি, তদ্বৎ।

কথং পুনরনুৎপত্তৌ নভসঃ "একমেবাদ্বিতীয়ম্" ইতীয়ং প্রতিজ্ঞা সমর্থ্যতে। নন্বু নভসা দ্বিতীয়েন সদ্বিতীয়ং ব্রহ্ম প্রাপ্নোতি, কথঞ্চ ব্রহ্মণি বিদিতে সর্ব্বং বিদিতং স্যাদিতি। তদুচ্যতে—একমেবেতি তাবৎ স্বকার্য্যাপেক্ষয়োপপদ্যতে। যথা লোকে কশ্চিৎ কুম্ভকারকুলে পূর্ব্বেদ্যুর্মৃদ্দণ্ডচক্রাদীনি চোপলভ্যাপরেদ্যুশ্চ নানাবিধান্যমত্রাণি প্রসারিতান্যুপলভ্য ব্রূয়াৎ—মৃদেবৈকাকিনী পূর্ব্বেদ্যুরাসীদিতি। ন চ তয়াবধারণয়া মৃৎকার্য্যজাতমেব পূর্ব্বেদ্যুর্নাসীদিত্যভিপ্রেয়াৎ, ন দণ্ডচক্রাদি, তদ্বৎ। অদ্বিতীয়শ্রুতিরধিষ্ঠাত্রন্তরং বারয়তি। যথা মৃদোঽমত্রপ্রকৃতেঃ

চোদ্যদ্বয়ং করোতি—"কথম্" ইতি। প্রথমং চোদ্যং পরিহরতি—"একমেবেতি তাবৎ" ইতি। "কুলং" গৃহম্। "অমত্রাণি" পাত্রাণি ঘটশরাবাদীনি। আপেক্ষিকমবধারণং ন সর্ব্ববিষয়মিত্যর্থঃ।

ও ব্রহ্মজ্ঞানোপায় ভুত তপস্যায় গৌণ অর্থে প্রযুক্ত হইয়াছে এবং বিজ্ঞেয়-ব্রহ্মে মুখ্যার্থে প্রযুক্ত হইয়াছে, ঐ সম্ভূত শব্দও সেইরূপ জানিবে।

[কথং...পদ্যতে] আচ্ছা, আকাশ যদি অনুৎপন্ন অর্থাৎ নিত্যপদার্থই হয়, তাহা হইলে "একমেবাদ্বিতীয়ম্" এ প্রতিজ্ঞা কিরূপে সমর্থিত হইবে? ব্রহ্ম বিদিত হইলে সমস্তই বিদিত হয়, এ প্রতিজ্ঞাইবা কিরূপে সংরক্ষিত হইবে? নিত্য আকাশ মান্য করায় ব্রহ্মকে সদ্বিতীয় বলা হয় এবং ব্রহ্মবিজ্ঞান হইতে আকাশের জ্ঞান দূরে অবস্থান করে। ইহার সমাধান এইরূপঃ—'একই' এই কথাটী স্বকীয়কার্য্য অপেক্ষা প্রযুক্ত। এরূপ প্রয়োগ অসঙ্গত নহে, প্রত্যুত সঙ্গতই। [যথা...তদ্বৎ] যেমন কোন পুরুষ কুম্ভকার-গৃহে পূর্ব্বদিবসে মৃত্তিকা, দণ্ড ও চক্র প্রভৃতি দেখিল, তৎপর দিবস তদ্গৃহে ভাণ্ডাদি প্রসারিত দেখিল, দেখিয়া বলিল, 'কাল কেবল মৃত্তিকাই ছিল'। তাহার এই সাবধারণ বাক্যের ভাণ্ডাদি মৃৎকার্য্য ছিল না, এই অর্থই অভিপ্রেত, দণ্ডচক্রাদি ছিল না, এ অর্থ অভিপ্রেত নহে। তেমনি, 'একমেবাদ্বিতীয়ং' বাক্যের কার্য্যভূত জগৎ না থাকাই অভিপ্রেত, ইহাই অবধারণ করিবে। [অদ্বিতীয়...সিদ্ধিঃ] অপিচ, ঐ অদ্বিতীয় শ্রুতি অন্য অধিষ্ঠাতা থাকা নিষেধ করিয়াছেন। দেখা যায় বটে যে, ভাণ্ডাদি কার্য্যের প্রকৃতি মৃত্তিকা, তাহার অধিষ্ঠাতা কুম্ভকার, কিন্তু জগৎপ্রকৃতি

কুম্ভকারোঽধিষ্ঠাতা দৃশ্যতে, নৈবং ব্রহ্মণো জগৎপ্রকৃতেরন্যোঽধিষ্ঠাতাস্তীতি।

ন চ নভসাপি দ্বিতীয়েন সদ্বিতীয়ং ব্রহ্ম প্রসজ্যতে। লক্ষণান্যত্বনিমিত্তং হি নানাত্বম্। ন চ প্রাগুৎপত্তের্ব্রহ্ম-নভসোর্লক্ষণান্যত্বমস্তি, ক্ষীরোদকয়োরিব সংসৃষ্টয়োর্ব্যাপিত্বামূর্ত্তত্বাদিধর্ম্মসামান্যাৎ। সর্গকালে তু ব্রহ্ম জগদুৎপাদয়িতুং যততে, স্তিমিতমিতরত্তিষ্ঠতি, তেনান্যত্বমবসীয়তে। তথাচাকাশ-শরীরং ব্রহ্মেত্যাদিশ্রুতিভ্যোঽপি ব্রহ্মাকাশয়োরভেদোপচার-সিদ্ধিঃ। অত এব চ ব্রহ্মবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানসিদ্ধিঃ।

অপি চ, সর্ব্বং কার্য্যমুৎপদ্যমানমাকাশেনাব্যতিরিক্তদেশ-কালমেবোৎপদ্যতে, ব্রহ্মণা চাব্যতিরিক্তদেশকালমেবাকাশং

উপপত্ত্যন্তরমাহ—"ন চ নভসাপি" ইতি। অপিরভ্যুপগমে। যদি সর্ব্বাপেক্ষং, তথাপ্যদোষ ইত্যর্থঃ। "ন চ প্রাগুৎপত্তেঃ"। জগত ইতি শেষঃ। দ্বিতীয়ং চোদ্যমপাকরোতি—"অতএব চ ব্রহ্মবিজ্ঞানেন" ইতি। লক্ষণান্যত্বাভাবেনাকাশস্য ব্রহ্মণোঽনন্যত্বাদিতি।

অপি চ, অব্যতিরিক্তদেশকালমাকাশং ব্রহ্মণা চ ব্রহ্মকার্য্যৈশ্চ তদভিন্নস্বভাবৈঃ,

ব্রহ্মের ব্রহ্ম-ভিন্ন অন্য কোন লোক-দৃষ্টানুযায়ী অধিষ্ঠাতা নাই, ইহাও ঐ শ্রুতির অভিপ্রেত।

[নচ...সিদ্ধিঃ] অপিচ, আকাশ থাকিলেও তদ্দ্বারা ব্রহ্ম সদ্বিতীয় হইবেন না। কেন-না, ভিন্নলক্ষণাক্রান্ত পদার্থান্তর থাকিলেই নানাপদার্থ থাকা হয়। উৎপত্তির পূর্ব্বের আকাশ ও ব্রহ্ম সমলক্ষণ, সুতরাং তাহা নানাত্বের প্রয়োজক নহে। যেমন, দুগ্ধ ও জল পরস্পর পরিমিশ্রিত থাকিলে তদুভয়ের ব্যাপিত্বাদি ধর্ম্ম সমান, সেইরূপ। প্রভেদ এই যে, ব্রহ্ম জগৎ-উৎপাদনার্থ যত্নবান্ হন, আকাশ তৎকালে স্তিমিত (নিশ্চল) থাকে। মাত্র এই প্রভেদের দ্বারা আকাশের অন্যত্ব (ব্রহ্মভিন্নতা) নিশ্চয় হয়। "ব্রহ্ম আকাশ-শরীর" ইত্যাদি শ্রুতিতেও ব্রহ্মাকাশের অভেদোপচার আছে। সেই জন্য ব্রহ্মবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান সিদ্ধ হইবার বাধা হয় না।

[অপিচ...ইদমাহ] আরও দেখ, যে-কিছু জন্মে, সমস্তই আকাশের দেশ-কালাদির অব্যতিরিক্ত এবং আকাশ আবার ব্রহ্মের দেশকালাদির অব্যতিরিক্ত। যেহেতু অব্যতিরিক্ত বা অপৃথক্, সেই হেতু ব্রহ্ম ও ব্রহ্মোৎপন্ন পদার্থ বিজ্ঞাত হইলে তৎসঙ্গে আকাশও বিজ্ঞাত হয়। যেমন দুগ্ধপূর্ণ কলসে

ভবতি, ইত্যতো ব্রহ্মণা তৎকার্য্যেণ চ বিজ্ঞাতেন সহ বিজ্ঞাতমেবাকাশং ভবতি। যথা ক্ষীরপূর্ণে ঘটে কতিচিদবিবন্দবঃ প্রক্ষিপ্তাঃ সন্তঃ ক্ষীরগ্রহণেনৈব গৃহীতা ভবন্তি। ন হি ক্ষীরগ্রহণাদবিবন্দুগ্রহণং পরিশিষ্যতে। এবং ব্রহ্মণা তৎকার্য্যৈশ্চাব্যতিরিক্তদেশকালত্বাদ্ গৃহীতমেব ব্রহ্মগ্রহণেন নভো ভবতি। তস্মাদ্ভাক্তং নভসঃ সম্ভবশ্রবণমিতি ॥ ২ । ৩ । ৫ ॥

এবং প্রাপ্ত ইদমাহ—

প্রতিজ্ঞাঽহানিরব্যতিরেকাচ্ছব্দেভ্যঃ ॥২।৩।৬॥

"যেনাশ্রুতং শ্রুতংভবত্যমতং মতমবিজ্ঞাতং বিজ্ঞাতম্" ইতি, "আত্মনি খল্বরে দৃষ্টে শ্রুতে মতে বিজ্ঞাত ইদং সর্ব্বং বিদি-

---

অতঃ ক্ষীরকুম্ভপ্রক্ষিপ্তকতিপয়-পয়োবিন্দুবদ্ ব্রহ্মণি তৎকার্য্যে চ বিজ্ঞাতে নভো বিদিতং ভবতীত্যাহ—"অপি চ সর্ব্বং কার্য্যমুৎপদ্যমানম্" ইতি। এবং সিদ্ধান্তৈকদেশিমতে প্রাপ্ত ইদমাহ ॥ ২ । ৩ । ৫ ॥

ব্রহ্মবিবর্ত্তাত্মতয়া জগতস্তদ্বিকারস্য বস্তুতো ব্রহ্মণোঽভেদে ব্রহ্মণি জ্ঞাতে জ্ঞানমুপপদ্যতে। ন হি জগত্তত্ত্বং ব্রহ্মণোঽন্যৎ। তস্মাদাকাশমপি তদ্বিবর্ত্ততয়া তদ্বিকারঃ

কতিপয় জলবিন্দু প্রক্ষিপ্ত হইলে, তাদৃশ দুগ্ধের জ্ঞানে তদন্তর্গত জলবিন্দুরও জ্ঞান সিদ্ধ হয়, কলসস্থ দুগ্ধের জ্ঞান হইলে জলবিন্দুগুলি পৃথক্ থাকিল, এরূপ হয় না, তেমনি, আকাশও ব্রহ্মের ও ব্রহ্মোৎপন্ন পদার্থের সহিত অভিন্ন-দেশকালতা-হেতু ব্রহ্মাবগতির সঙ্গে অবগত (জ্ঞানের বিষয়) হয়, আকাশ তখন জ্ঞানের বিষয় হইতে অবশিষ্ট থাকে না। অতএব কোন কোন শ্রুতিতে যে, আকাশের উৎপত্তি শুনা যায়, সে উৎপত্তি ভাক্ত অর্থাৎ গৌণ (মুখ্য নহে)। ব্যাসদেব এইরূপ পূর্ব্বপক্ষ অবগত হইয়া মুখ্যসিদ্ধান্ত বলিতেছেন ॥ ২ । ৩ । ৫ ॥

'যাহা শুনিলে অশ্রুতও শ্রুত হয়, যাহা মনোগোচর হইলে অমনোযোগের বস্তুও মনোগোচরীকৃত হয়, যাহা অবিজ্ঞাত, তাহাও বিজ্ঞাত হয়।' 'আত্মা দৃষ্ট, শ্রুত ও মত (মনোগোচরীকৃত) হইলে এ সমস্তই বিদিত হয়।' 'হে ভগবন্, কোন্ বস্তু বিজ্ঞাত হইলে জগৎ বিজ্ঞাত হয়?' প্রত্যেক বেদান্তে এইরূপ প্রতিজ্ঞা

---

* অব্যতিরেকাৎ কৃৎস্নস্য বস্তুজাতস্য ব্রহ্মসত্তাতিরিক্তসত্তাকত্বাভাবাৎ। শব্দেভ্যশ্চ কার্য্য-কারণাভেদপ্রতিপাদনপরৈঃ শব্দৈঃ, প্রতিজ্ঞায়াঃ 'একমেবাঽদ্বিতীয়ং' 'ব্রহ্মণি বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতি' ইত্যেবংরূপায়াঃ, অহানি অবাধঃ স্যাদিতি শেষঃ।

আকাশের উৎপত্তি স্বীকার করিলেও অব্যতিরেক-যুক্তিতে ও শ্রুত্যুক্ত কার্য্য-কারণাভেদ-যুক্তিতে 'একমেবাদ্বিতীয়ং' প্রতিজ্ঞার ও ব্রহ্ম জানিলে সমস্তই জানা হয়, এ প্রতিজ্ঞার হানি হয় না। (ভাষ্য ও ভাষ্যব্যাখ্যা দেখ)।

তম্" ইতি, "কস্মিন্নু ভগবো বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতি" ইতি, "ন কাচন মদ্বহির্ধা বিদ্যাস্তি" ইতি চৈবংরূপা প্রতিবেদান্তং প্রতিজ্ঞা বিজ্ঞায়তে। তস্যাঃ প্রতিজ্ঞায়া এবমহানিরনুপরোধঃ স্যাৎ, যদ্যব্যতিরেকঃ কৃৎস্নস্য বস্তুজাতস্য বিজ্ঞেয়াদ্ব্রহ্মণঃ স্যাৎ। ব্যতিরেকে হি সতি একবিজ্ঞানেন সর্ব্বং বিজ্ঞায়ত-ইতীয়ং প্রতিজ্ঞা হীয়েত। স চাব্যতিরেক এবমুপপদ্যতে—যদি কৃৎস্নং বস্তুজাতমেকস্মাদ্ ব্রহ্মণ উৎপদ্যেত। শব্দেভ্যশ্চ প্রকৃতিবিকারাব্যতিরেকন্যায়েনৈব প্রতিজ্ঞাসিদ্ধিরবগম্যতে। তথা হি "যেনাশ্রুতং শ্রুতং ভবতি" ইতি প্রতিজ্ঞায় মৃদাদিদৃষ্টান্তৈঃ কার্য্যকারণাভেদপ্রতিপাদনপরৈঃ প্রতিজ্ঞৈষা সমর্থ্যতে, তৎ-সাধনায়ৈব চোত্তরে শব্দাঃ "সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবা-দ্বিতীয়ং" "তদৈক্ষত", "তত্তেজোঽসৃজত" ইতি। এবং কার্য্যজাতং ব্রহ্মণঃ প্রদর্শ্যাব্যতিরেকং প্রদর্শয়ন্তি "ঐতদাত্ম্যমিদং সর্ব্বম্"

সৎতজ্জ্ঞানেন জ্ঞাতং ভবতি, নান্যথা। অবিকারত্বে তু, তত্তত্ত্বান্তরং ন ব্রহ্মণি বিদিতে বিদিতং ভবতি। ভিন্নয়োস্ত লক্ষণান্যত্বাভাবেঽপি দেশকালভেদেঽপি নান্যতরজ্ঞানেনান্যতরজ্ঞানং ভবতি। ন হি ক্ষীরস্য পূর্ণকুম্ভে ক্ষীরে গৃহ্যমাণে

(একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞানপ্রতিজ্ঞা) দৃষ্ট হয়। এরূপ প্রতিজ্ঞার হানি বা বাধ হয় না, যদি এ সকল বিজ্ঞেয় ব্রহ্মের অব্যতিরিক্ত হয়। অর্থাৎ ব্রহ্মাতিরিক্ত (ব্রহ্ম ছাড়া) না হয়। ব্যতিরেক হইলে অবশ্যই একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান প্রতি-জ্ঞার হানি হইবেক। অব্যতিরেক জ্ঞান জন্মিতে বা হইতে পারে, যদি সমস্ত বস্তু এক ব্রহ্ম হইতে উৎপন্ন হইয়া থাকে। শাস্ত্র যে, কার্য্য-কারণের অব্যতিরেক অর্থাৎ অভেদ প্রদর্শন করিয়াছেন, তদ্দ্বারাও ঐ প্রতিজ্ঞা (একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান) সিদ্ধ হইতে পারে। [তথা হি...সমাপ্তেঃ] শাস্ত্র, "যাহার শ্রবণে অশ্রুতও শ্রুত হয়" এইরূপ প্রতিজ্ঞা করিয়া পশ্চাৎ কার্য্যকারণের অভেদ প্রতিপাদক মৃত্তিকাদির দৃষ্টান্ত দেখাইয়া স্বীয় প্রতিজ্ঞার সমর্থন করিয়াছেন এবং তাহারই পোষকতায় "সৃষ্টির পূর্ব্বে এ সকল সৎ-স্বরূপ ছিল, তাহা এক ও অদ্বিতীয়। সেই সৎ আলো-চনা করিলেন, আলোচনান্তে তিনিই তেজঃ সৃষ্টি করিলেন" এইরূপ এইরূপ বাক্য বলিয়াছেন। অপিচ, প্রদর্শিতক্রমে এ সকলের ব্রহ্মোদ্ভবতা প্রদর্শনপূর্ব্বক ব্রহ্মোৎ-পন্ন জগতের সহিত ব্রহ্মের অব্যতিরেক (অভেদ) "এ সমস্তই তদাত্মক অর্থাৎ ব্রহ্মাত্মক" এতদ্বাক্য হইতে প্রপাঠক (অধ্যায়) সমাপ্তি পর্য্যন্ত একটী সন্দর্ভে

ইত্যারভ্যাপ্রপাঠকসমাপ্তেঃ। তদ্ যদ্যাকাশং ন ব্রহ্মকার্য্যং স্যাৎ, ন ব্রহ্মণি বিজ্ঞাত আকাশং বিজ্ঞায়েত। ততশ্চ প্রতিজ্ঞাহানিঃ স্যাৎ। ন চ প্রতিজ্ঞাহান্যা বেদস্যাপ্রামাণ্যং যুক্তং কর্ত্তুম্। তথা চ প্রতিবেদান্তং তে তে শব্দাস্তেন তেন দৃষ্টান্তেন তামেব প্রতিজ্ঞাং জ্ঞাপয়ন্তি "ইদং সর্ব্বং যদয়মাত্মা" "ব্রহ্মৈবেদমমৃতং পুরস্তাদ্" ইত্যেবমাদয়ঃ। তস্মাজ্জ্বলনাদিবদেব গগনমপ্যুৎপদ্যতে।

যত্তুক্তমশ্রুতের্ন বিয়দুৎপদ্যত ইতি, তদযুক্তম্। বিয়দুৎপত্তিবিষয়শ্রুত্যন্তরস্য দর্শিতত্বাৎ "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" ইতি। সত্যং দর্শিতং, বিরুদ্ধন্তু তৎ, "তত্তেজোঽসৃজত" ইত্যনেন শ্রুত্যন্তরেণ, ন, একবাক্যত্বাৎ। সর্ব্বশ্রুতীনাং ভবত্যেকবাক্যত্বমবিরুদ্ধানাম্, ইহ তু বিরোধ উক্তঃ,—সকৃচ্ছ্রুতস্য স্রষ্টুঃ স্রষ্টব্যদ্বয়সম্বন্ধাসম্ভবাৎ, দ্বয়োশ্চ প্রথমজত্বাসম্ভবাদ্বি-

---

সৎস্বপি পাথোবিন্দুষু পাথস্তত্ত্বপ্রতিজ্ঞাতত্বমস্তি বিজ্ঞানং, তস্মান্ন তে ক্ষীরে বিদিতে বিদিতা ইতি প্রতিজ্ঞাদৃষ্টান্তপ্রচয়ানুপরোধায় বিয়ত উৎপত্তিরকামেনাভ্যুপেয়েতি।

তদেবং সিদ্ধান্তৈকদেশিনি দূষিতে পূর্ব্বপক্ষী স্বপক্ষে বিশেষমাহ—"সত্যং

দেখাইয়াছেন। [তদ্ যদ্যাকাশং...পদ্যতে] এখন বিবেচনা কর, আকাশ যদি ব্রহ্মোৎপন্ন না হয়, তাহা হইলে ব্রহ্মের জ্ঞানে আকাশের জ্ঞান হইতে পারে না, সুতরাং একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান প্রতিজ্ঞার হানি হয়। প্রতিজ্ঞাহানি স্বীকার করিয়া বেদকে অপ্রমাণ বলা যুক্তিসিদ্ধ নহে। প্রমাণভূত প্রত্যেক বেদের শিরোভাগে (বেদান্তে) সেই সেই শব্দ সেই সেই দৃষ্টান্তের উল্লেখ করতঃ সর্ব্ববিজ্ঞান প্রতিজ্ঞার দৃঢ়তা জানাইয়াছেন। "এ সমস্তই আত্মা।" "সম্মুখে যে কিছু দেখ—সমস্তই ব্রহ্ম" ইত্যাদি। অতএব, তেজের ন্যায় আকাশও উৎপন্ন পদার্থ।

[যত্তুক্তং...সম্ভবাচ্চেতি] বলিয়াছিলে যে, শ্রুতি বলেন নাই বলিয়া আকাশ অনুৎপন্ন পদার্থ, তাহা ন্যায্য নহে। কেন-না, ছান্দোগ্য শ্রুতিতে আকাশের উৎপত্তি-শ্রবণ না থাকিলেও, তাহা "সেই এই পরমাত্মা হইতে আকাশ সম্ভূত হইয়াছে" এই তৈত্তিরীয়-শ্রুতিতে আছে, এবং তাহা দেখান হইয়াছে। যদি বল, দেখাইয়াছ সত্য; কিন্তু তাহা "তিনি তেজ সৃষ্টি করিলেন" এই শ্রুতির বিরোধী, (বিরোধ হেতু তাহা তদর্থে অপ্রমাণ), অবিরুদ্ধ দুই তিন বা ততোঽধিক বাক্য এক করিয়া অবিরোধ সম্পাদন করা যায় সত্য; কিন্তু তাহা উদাহৃত স্থলে অসম্ভব। উদাহৃত স্থলে বিরোধ কি? কিসে একবাক্যতার বাধা হয়? তাহা বলাই হইয়াছে। প্রদর্শিত শ্রুতিদ্বয়ে একবার মাত্র তৎশব্দ-বোধ্য স্রষ্টার উল্লেখ আছে, সুতরাং তাহার সহিত এক সময়ে দুই স্রষ্টব্যের অন্বয় বা সম্বন্ধ হইতে

কল্পাসম্ভবাচ্চেতি। নৈষ দোষঃ। তেজঃসর্গস্য তৈত্তিরীয়কে তৃতীয়ত্বশ্রবণাৎ "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত আকাশা-দ্বায়ুর্ব্বায়োরগ্নিঃ" ইতি। অশক্যা হীয়ং শ্রুতিরন্যথা পরিণেতুং, শক্যা পরিণেতুং ছান্দোগ্যশ্রুতিঃ, তদাকাশং বায়ুঞ্চ সৃষ্ট্বা তত্তেজোঽসৃজতেতি। ন হীয়ং শ্রুতিস্তেজোজনিপ্রধানা সতী শ্রুত্যন্তরপ্রসিদ্ধামাকাশস্যোৎপত্তিং বারয়িতুং শক্নোতি, একস্য বাক্যস্য ব্যাপারদ্বয়াসম্ভবাৎ। স্রষ্টা ত্বেকোঽপি ক্রমেণানেকং

দর্শিতম্" অতএব "বিরুদ্ধন্তু তৎ" ইতি। সিদ্ধান্তসারমাহ—"নৈষ দোষস্তেজঃসর্গস্য তৈত্তিরীয়কে" ইতি। শ্রুত্যোরন্যথোপপদ্যমানান্যথানুপপদ্যমানয়োরন্যথানুপপদ্য-মানা বলবতী তৈত্তিরীয়কশ্রুতিঃ। ছান্দোগ্যশ্রুতিশ্চান্যথোপপদ্যমানা দুর্ব্বলা। নষসহায়ং তেজঃ প্রথমমবগম্যমানং সসহায়ত্বেন বিরুধ্যত ইত্যুক্তম্, অত আহ—"ন হীয়ং শ্রুতিস্তেজোজনিপ্রধানা" ইতি। সর্গসংসর্গঃ শ্রৌতঃ, ভেদস্ত্বার্থঃ। স চ শ্রুত্যন্তরেণ বিরোধিনা বাধ্যতে জঘন্যত্বাৎ। ন চ তেজঃপ্রমুখসর্গসংসর্গবদসহায়ত্বম-প্যস্য শ্রৌতং, কিন্তু ব্যতিরেকলভ্যম্। ন চ শ্রুতেন তদপবাদবাধনে শ্রুতস্য তেজঃ-সর্গস্যানুপপত্তিঃ। তদিদমুক্তম্।—তেজোজনিপ্রধানেতি। স্যাদেতৎ। যদ্যেকং বাক্যমনেকার্থং ন ভবত্যেকস্য ব্যাপারদ্বয়াসম্ভবাৎ। হন্ত ভোঃ কথমেকস্য স্রষ্টুরনেকব্যাপারত্বমবিরুদ্ধমিত্যত আহ "স্রষ্টা ত্বেকোঽপি" ইতি। বৃদ্ধপ্রয়োগা-

---

পারে না। অপিচ, উভয়ের প্রাথম্য ও বিকল্প, উভয়ই অসম্ভব। (বিকল্প= শাখাভেদে ও বিষয়ভেদে ব্যবস্থা। তাদৃশী ব্যবস্থা ক্রিয়ায় বা কর্ত্তব্যবিষয়েই সম্ভবে, বস্তুবিজ্ঞানে সম্ভবে না। কেন-না, যাহা বস্তু, তাহা সকল শাখায় ও সকল কালে একরূপ*)। [নৈষ...সম্ভবাৎ] এ বিষয়ে প্রধান সিদ্ধান্তী (শঙ্কর) বলেন, ঐ দোষ হয় না অর্থাৎ একবাক্য হয়। কারণ এই যে, তৈত্তিরীয় শ্রুতিতে তেজ তৃতীয় স্থানে পঠিত। যথা—"সেই এই পরমাত্মা হইতে আকাশ সম্ভূত হইয়াছে, আকাশ হইতে বায়ু ও বায়ু হইতে তেজ সম্ভূত হইয়াছে।" এ শ্রুতির অন্যথা (অন্যপ্রকার অর্থ) করিতে পার না; কিন্তু ছান্দোগ্যশ্রুতির অন্যার্থ (অধিকার্থ) করিতে পার। অর্থাৎ তিনি আকাশ ও বায়ু সৃষ্টি করিয়া তেজ সৃষ্টি করিয়াছেন, এইরূপ পরিণাম বা অর্থ করিতে পার।* ছান্দোগ্য শ্রুতিযখন প্রাধান্যরূপে তেজোজন্মবাদিনী, তখন তাহার দ্বারা আর শ্রুত্যন্তর প্রসিদ্ধ আকাশোৎপত্তির নিষেধ করিতে পার না। কারণ, একবাক্যের দুই ব্যাপার (তেজ উৎপত্তির বিধান ও আকাশোৎপত্তির নিষেধ, এতদ্রূপ দুই অর্থ) অসম্ভব। [স্রষ্টা...মর্হতি] যদিও স্রষ্টা এক, তথাপি তিনি ক্রমে অনেক স্রষ্টব্যের সৃষ্টি করিতে পারেন। তদ্দৃষ্টান্তে যখন একবাক্য (প্রোক্তবাক্যদ্বয় এক হইয়া একবিধ

স্রষ্টব্যং স্বজেৎ, ইত্যেকবাক্যত্বকল্পনায়াং সম্ভবন্ত্যাং ন বিরুদ্ধার্থত্বেন শ্রুতির্হাতব্যা।

ন চাস্মাভিঃ সকৃচ্ছ্রুতস্য স্রষ্টুঃ স্রষ্টব্যদ্বয়সম্বন্ধোঽভিপ্রেয়তে, শ্রুত্যন্তরবশেন স্রষ্টব্যান্তরোপসংগ্রহাৎ। যথা চ "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম, তজ্জলান্" ইত্যত্র সাক্ষাদেব সর্ব্বস্য বস্তুজাতস্য ব্রহ্মজত্বং শ্রূয়মাণং ন প্রদেশান্তরবিহিতং তেজঃপ্রমুখমুৎপত্তিক্রমং বারয়তি, এবং তেজসোঽপি ব্রহ্মজত্বং শ্রূয়মাণং ন শ্রুত্যন্তরবিহিতং নভঃপ্রমুখমুৎপত্তিক্রমং বারয়িতুমর্হতি। নন্বু শমবিধানার্থমেতদ্বাক্যং, "তজ্জলানিতি শান্ত উপাসীত" ইতি শ্রুতের্নৈতৎ সৃষ্টিবাক্যং, ন তস্মাদেতৎ প্রদেশান্তরপ্রসিদ্ধং ক্রমমুপরোদ্ধুমর্হতি, তত্তেজোঽসৃজতেত্যেতৎ সৃষ্টিবাক্যং, তস্মাদত্র যথাশ্রুতি ক্রমো গ্রহীতব্য ইতি। নেত্যুচ্যতে। ন হি তেজঃপ্রাথ-

ধীনাবধারণং শব্দসামর্থ্যং, ন চাবৃত্তস্য শব্দস্য ক্রমাক্রমাভ্যামনেকত্রার্থে ব্যাপারঃ, দৃষ্টন্তু ক্রমাক্রমাভ্যামেকস্যাপি কর্ত্তুরনেকব্যাপারত্বমিত্যর্থঃ।

ন চাস্মিন্নর্থ একস্য বাক্যস্য ব্যাপারঃ, অপি তু ভিন্নানাং বাক্যানামিত্যাহ—"ন চাস্মাভিঃ" ইতি। সুগমম্। চোদয়তি—"নন্বু শমবিধানার্থম্" ইতি। যৎপরঃ শব্দঃ স শব্দার্থঃ, ন চৈব সৃষ্টিপরোঽপি তু শমপর ইত্যর্থঃ। পরিহরতি

অর্থের প্রকাশক) হইবার সম্ভাবনা আছে, তখন আর বিরুদ্ধার্থতা দেখাইয়া একতরের পরিত্যাগ বা গৌণার্থ কল্পনা করিতে পার না।

সকৃদুচ্চরিত (সকৃৎ=একবার কথিত) স্রষ্টার সহিত স্রষ্টব্যদ্বয়ের অন্বয় (সম্বন্ধ) করা আমাদের অভিপ্রেত নহে। আমরা অন্য শ্রুতি হইতে স্রষ্টব্যান্তরের সংগ্রহ (আকর্ষণপূর্ব্বক যোজনা) করিব। "এ সমস্তই ব্রহ্ম। কেন-না, "এ সকল ব্রহ্ম হইতে জন্মিয়াছে, ব্রহ্মে লয়প্রাপ্ত হয় ও ব্রহ্মে অবস্থিত আছে।" এই শ্রুতিতে যেমন সমুদায় বস্তুর সাক্ষাৎ ব্রহ্মোৎপন্নতা শুনা যায়, অথচ এতদ্দ্বারা শ্রুত্যন্তর-বিহিত তেজ-আদিক উৎপত্তিক্রম প্রতিবিদ্ধ হয় না, তেমনি, তেজের সাক্ষাৎ ব্রহ্মজত্ব শ্রুত হইলেও তাহা শ্রুত্যন্তরবোধিত আকাশাদিক উৎপত্তিক্রমের নিষেধক হয় না। [নন্বু...ক্রমস্য] যদি বল, শান্তিগুণের বিধানার্থ ঐ বাক্য অভিহিত হইয়াছে, সুতরাং "তজ্জলানিতি শান্ত উপাসীত" এ শ্রুতি সৃষ্টিপরা (সৃষ্টিবোধিকা) নহে, প্রত্যুত শান্তিবিধান-পরা ; তৎকারণে উহা শ্রুত্যন্তরপ্রসিদ্ধ ক্রমের আকর্ষক বা বোধক হইতে পারে না, "তিনি তেজ

ম্যানুরোধেন শ্রুত্যন্তরপ্রসিদ্ধো বিয়ৎপদার্থঃ পরিত্যক্তব্যো ভবতি, পদার্থধর্ম্মত্বাৎ ক্রমস্য। অপি চ, "তত্তেজোঽসৃজত" ইতি নাত্র ক্রমস্য বাচকঃ কশ্চিচ্ছব্দোঽস্তি, অর্থাত্তু ক্রমো গম্যতে, স চ বায়োরগ্নিরিত্যনেন শ্রুত্যন্তরপ্রসিদ্ধেন ক্রমেণ নিবার্য্যতে। বিকল্পসমুচ্চয়ৌ তু বিয়ত্তেজসোঃ প্রথমজত্ববিষয়াবসম্ভবানভ্যুপগমাভ্যাং নিবারিতৌ। তস্মান্নাস্তি শ্রুত্যোর্ব্বিপ্রতিষেধঃ।

অপি চ, ছান্দোগ্যে "যেনাশ্রুতং শ্রুতং ভবতি" ইত্যেতাং প্রতিজ্ঞাং বাক্যোপক্রমে শ্রুতাং সমর্থয়িতুমসমাম্নাতমপি বিয়ৎ উৎপত্তাবুপসঙ্খ্যাতব্যং, কিমঙ্গ পুনস্তৈত্তিরীয়কে সমাম্নাতং নভো ন সংগৃহ্যতে। যচ্চোক্তমাকাশস্য সর্ব্বেণানন্যদেশকালত্বাদ্-

—"ন হি তেজঃপ্রাথম্যানুরোধেন" ইতি। গুণত্বাদার্থত্বাচ্চ ক্রমস্য শ্রুতপ্রধানপদার্থবিরোধাৎ তত্ত্যাগোঽযুক্ত ইত্যর্থঃ।

সিংহাবলোকিতন্যায়েন বিয়দনুৎপত্তিবাদিনং প্রত্যাহ—"অপি চ ছান্দোগ্যে"ইতি। যৎপুনরন্যথা প্রতিজ্ঞোপপাদনং কৃতং, তদ্দূষয়তি—"যচ্চো-

সৃষ্টি করিলেন" এইটাই সৃষ্টিবাক্য, সুতরাং এতদ্বাক্যে যদ্রূপ ক্রম আছে, তদ্রূপ ক্রমই গ্রহণীয়; (তেজের প্রাথম্য শ্রুত হইয়াছে; সুতরাং তাহাই গ্রাহ্য)। আমরা বলি, তাহা নহে। অর্থাৎ ঐরূপ বলিতে পার না। কেন-না, তেজঃপ্রাথম্যের অনুরোধে শ্রুত্যন্তরপ্রসিদ্ধ আকাশের পরিত্যাগ অন্যায্য। ক্রম পদার্থের ধর্ম্ম, তাহা অপ্রধান, অপ্রধানের অনুরোধে প্রধানের ত্যাগ অবশ্যই অন্যায্য। [অপি...ষেধঃ] আরও দেখ, "তিনি তেজ সৃষ্টি করিলেন" এ বাক্যে ক্রমবোধক (প্রথমেই তেজের সৃষ্টি? কি পদার্থান্তর সৃষ্টির পরে তেজের সৃষ্টি?) তন্নিশ্চায়ক শব্দ নাই। শব্দ না থাকায় তাহা উহ্য করিয়া লইতে হয়। কিন্তু "বায়ু হইতে অগ্নি" এই ক্রম উহ্য-ক্রমের বাধা জন্মায়। আকাশের ও তেজের উৎপত্তিগত বিকল্প ও সমুচ্চয় (সমুচ্চয়=একসঙ্গে) পূর্ব্বেই নিবারিত হইয়াছে। বিচারের উপসংহার এই যে, প্রদর্শিত কারণে ছান্দোগ্য-শ্রুতি ও তৈত্তিরীয়শ্রুতি বিরুদ্ধবাদিনী নহে।

[অপিচ...গৃহ্যতে] অধিক কি বলিব, দেখাইব, ছান্দোগ্য-শ্রুতির প্রকরণ-বিশেষের প্রারম্ভে "যাহার শ্রবণে সমস্তই শ্রুত হয়" এই প্রতিজ্ঞা থাকায় তাহার সমর্থনার্থ (সঙ্গতার্থ করিবার জন্য) যখন অনুক্ত আকাশকেও উপসংহৃত (স্থানান্তর হইতে সংগৃহীত) করিতে হয়, তখন কি জন্য তৈত্তিরীয়-শ্রুতি-কথিত আকাশের উপসংখ্যান না হইবে? [যচ্চোক্ত...গম্যতে] বলিয়াছিলে যে, ব্রহ্মের ও ব্রহ্মোদ্ভব পদার্থের সহিত আকাশের সমদেশতা ও সমকালতা বিধায়

ততোক্রমঃ—বিপর্য্যয়েণ তু প্রলয়ক্রমঃ, অত উৎপত্তিক্রমাত্তবিতুমর্হতি। তথা হি লোকে দৃশ্যতে, যেন ক্রমেণ সোপানমারূঢ়স্ততো বিপরীতক্রমেণাবরোহতীতি। অপি চ, দৃশ্যতে মৃদো জাতং ঘটশরাবাদি অপ্যয়কালে মৃদ্ভাবমপ্যেতি, অদ্ভ্যশ্চ জাতং হিমকরকাদি অব্‌ভাবমপ্যেতীতি। অতশ্চোপপদ্যত এতৎ, যৎ পৃথিব্যদ্ভ্যো জাতা সতী স্থিতিকালব্যতিক্রান্তাবপোহপীয়াৎ, আপশ্চ তেজসো জাতাঃ সত্যস্তেজ অপীয়ুঃ। এবং ক্রমেণ সূক্ষ্মং সূক্ষ্মতরং চানন্তরমনন্তরতরং কারণমপীত্য সর্ব্বং কার্য্যজাতং পরমকারণং পরমসূক্ষ্মঞ্চ ব্রহ্মাপ্যেতীতি বেদিতব্যম্।

নহি স্বকারণব্যতিক্রমেণ কারণ-কারণে কার্য্যাপ্যয়ো ন্যায্যঃ। স্মৃতাবপ্যুৎপত্তিক্রমবিপর্য্যয়েণৈবাপ্যয়ক্রমস্তত্র তত্র দর্শিতঃ।

"জগৎপ্রতিষ্ঠা দেবর্ষে পৃথিব্যপ্‌সু প্রলীয়তে।
জ্যোতিষ্যাপঃ প্রলীয়ন্তে জ্যোতির্ব্বায়ৌ প্রলীয়তে॥"

মহাভূতাপ্যয়ক্রমনিয়ামকোহস্ত! অহো শ্রৌত উৎপত্তিক্রম ইতি বিশয়ে শ্রৌতস্য শ্রৌতান্তরমভ্যর্হিতং সমানজাতীয়তয়া তস্যৈব বুদ্ধিসান্নিধ্যাৎ ন দৃষ্টং বিরুদ্ধজাতীয়ত্বাৎ। তস্মাৎ শ্রৌতেনৈবোৎপত্তিক্রমেণাপ্যয়ক্রমো নিয়ম্যত ইতি প্রাপ্তে উচ্যতে—

অপ্যয়স্য ক্রমাপেক্ষায়াং খলূৎপত্তিক্রমো নিয়ামকো ভবেৎ, ন তু অস্ত্যপ্যয়স্য ক্রমাপেক্ষা, দৃষ্টানুমানোপনীতেন ক্রমভেদেন শ্রুত্যনুসারিণোহপ্যয়ক্রমস্য বাধ্যমানত্বাৎ। তস্মিন্ হি সত্যুপাদানোপরমেহপ্যুপাদেয়মস্তীতি স্যাৎ, নচৈতদস্তি।

মধ্যেও দেখা যায়, মনুষ্য যে-ক্রমে সোপানারোহণ করে, তাহারই বিপরীত ক্রমে অবরোহণ করে। আরও দেখা যায়, মৃত্তিকাজাত ঘটাদি প্রলয়-প্রাপ্ত হইয়া মৃদ্ভাব প্রাপ্ত হয়, জলজন্মা করকাদি (করকা=বর্ষোপল, শিল) জলরূপই প্রাপ্ত হয়। অতএব, পৃথিবী জল হইতে জন্মগ্রহণ করিয়া স্থিতিকাল অতিক্রম করতঃ আবার জলেই প্রলীন হয়। এইরূপ জলও তেজ হইতে উৎপন্ন হইয়া স্থিতিকাল অতিক্রমের পর প্রলয়কালে তেজেই লয় প্রাপ্ত হয়, তদপেক্ষা সূক্ষ্মভূত সকল কারণীভূত সূক্ষ্মতম পদার্থে গিয়া লীন হয়, এইরূপ ক্রমে পরমসূক্ষ্ম পরমকারণ ব্রহ্মে সমুদায় জন্যপদার্থ লয়-প্রাপ্ত হয়, ইহাই যুক্তিসিদ্ধ। [ন হি... দৃষ্টত্বাৎ] কার্য্য স্ব স্ব কারণে লীন না হইলে সহসা পরম-কারণে লয় পাইতে পারে না। স্মৃতিতেও উৎপত্তিক্রমের বিপরীতক্রমে প্রলয় হওয়া বর্ণিত আছে। যথা—"হে দেবর্ষে, জগতের প্রতিষ্ঠা বা সমাপ্তি (প্রলয়) এইরূপ ;—পৃথিবী জলে লয়প্রাপ্ত

ইত্যেবমাদৌ। উৎপত্তিক্রমস্তূৎপত্তাবেব শ্রুতত্বাৎ নাপ্যয়ে ভবিতুমর্হতি। ন চাসাবযোগ্যত্বাদপ্যয়েনাকাঙ্ক্ষ্যতে। ন হি কার্য্যে ধ্রিয়মাণে কারণস্যাপ্যয়ো যুক্তঃ, কারণাপ্যয়ে কার্য্যস্যা-বস্থানানুপপত্তেঃ। কার্য্যাপ্যয়ে তু কারণস্যাবস্থানং যুক্তং, মৃদাদিষ্বেবং দৃষ্টত্বাৎ ॥ ২। ৩। ১৪ ॥

অন্তরা বিজ্ঞান-মনসী ক্রমেণ তল্লিঙ্গাদিতি চেন্নাবিশেষাৎ ॥ ২। ৩। ১৫ ॥ *

ভূতানামুৎপত্তিপ্রলয়াবনুলোমপ্রতিলোমক্রমাভ্যাং ভবত ইত্যুক্তম্। আত্মাদিরুৎপত্তিঃ প্রলয়শ্চাত্মান্ত ইত্যপ্যুক্তম্। সেন্দ্রিয়স্য তু মনসো বুদ্ধেশ্চ সদ্ভাবঃ প্রসিদ্ধঃ শ্রুতিস্মৃত্যোঃ—

"বুদ্ধিন্তু সারথিং বিদ্ধি মনঃ প্রগ্রহমেব চ।

তস্মাত্তদ্বিরুদ্ধ-দৃষ্টক্রমাবরোধাদাকাঙ্ক্ষৈব নাস্তি, ক্রমান্তরং প্রত্যযোগ্যত্বাৎ তস্য। তদিদমুক্তং সূত্রকৃতা "উপপদ্যতে চ" ইতি।

ভাষ্যকারোৎপ্যাহ—"ন চাসাবযোগ্যত্বাদপ্যয়েনাকাঙ্ক্ষ্যতে" ইতি। তস্মাদুৎ-পত্তিক্রমাদ্বিপরীতঃ ক্রম ইত্যেতন্ন্যায়মূলা চ স্মৃতিরুক্তা ॥ ২। ৩। ১৪ ॥

তদেবং ভাবনোপযোগিনৌ ভূতানামুৎপত্তিপ্রলয়ৌ বিচার্য্য বুদ্ধীন্দ্রিয়মনসাং ক্রমং বিচারয়তি। অত্র চ বিজ্ঞায়তেঽনেনেতি ব্যুৎপত্ত্যা বিজ্ঞানশব্দেনেন্দ্রিয়াণি চ

হয়, জল তেজে এবং তেজ বায়ুতে লয়প্রাপ্ত হইয়া থাকে।" উৎপত্তিক্রম উৎপত্তি-বিষয়েই শ্রুত (শ্রুতিকর্তৃক কথিত) হইয়াছে, সুতরাং সে ক্রম প্রলয়বিষয়ে গৃহীত হইতে পারে না। অপিচ, ঐ ক্রম প্রলয়ক্রমের আকাঙ্ক্ষীও নহে, অর্থাৎ প্রলয়ক্রম কি? এ আকাঙ্ক্ষা উৎপত্তি ক্রমকে আকর্ষণ করে না। আরও দেখ, কার্য্য বিদ্যমান থাকিতে কারণের বিনাশ যুক্তিসিদ্ধ নহে। সেরূপ হইলে কার্য্য থাকিতেই পারে না। কিন্তু কার্য্যের প্রলয়ে কারণের অবস্থান যুক্তিতেও পাওয়া যায়। কেন-না, মৃত্তিকাদি কারণে তাহা দৃষ্ট হইয়া থাকে ॥ ২। ৩। ১৪ ॥

অনুলোম ও বিলোম ক্রমে পঞ্চভূতের উৎপত্তি ও লয় হয়, ইহা বলা হইল। আত্মা হইতে উৎপত্তি ও আত্মাতে লয় হয়, এ কথাও বলা হইয়াছে। কিন্তু ইন্দ্রিয়, মন, ও বুদ্ধি, এই কয়েকটীর সদ্ভাব অর্থাৎ অস্তিত্ব শ্রুতি-স্মৃতি-প্রসিদ্ধ। যথা—"বুদ্ধিকে সারথি, মনকে প্রগ্রহ (লাগাম) ও ইন্দ্রিয়দিগকে অশ্ব বলিয়া

---

* তল্লিঙ্গাৎ শ্রুতিবাক্যাৎ "এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ" ইত্যাদিরূপাৎ, অন্তরা আত্মনো ভূতানাঞ্চ মধ্যে, ক্রমেণ বিজ্ঞান-মনসী উৎপদ্যেতে, ততশ্চ পূর্ব্বোক্তস্য ক্রমস্য বাধ ইতি চেৎ, ন, কুতঃ? অবিশেষাৎ বিশেষাভাবাৎ। ইন্দ্রিয়োৎপত্তিক্রমেণ ভূতোৎপত্তিক্রমো ন বাধ্যত ইতি ভাবঃ। বিস্তরার্থস্তু ভাষ্যে।

সিদ্ধান্ত হইয়াছে যে, ভূত সকলের উৎপত্তি ও প্রলয় আত্মাদি ও আত্মান্ত। কিন্তু শ্রুতিতে মধ্যস্থলে বুদ্ধির ও মনের উৎপত্তি কথিত হইয়াছে। তাহাতে শঙ্কা হইতে পারে যে, পূর্ব্বে যে

ইন্দ্রিয়াণি হয়ানাহুঃ" ইত্যাদিলিঙ্গেভ্যঃ।

তয়োরপি কস্মিংশ্চিদন্তরালে ক্রমেণোৎপত্তিপ্রলয়াবুপসংগ্রাহ্যৌ, সর্ব্বস্য বস্তুজাতস্য ব্রহ্মজত্বাভ্যুপগমাৎ।

অপিচ, আথর্ব্বণ উৎপত্তিপ্রকরণে ভূতানামাত্মনশ্চান্তরালে করণান্যনুক্রম্যন্তে—

"এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ।
খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী॥" ইতি।

তস্মাৎ পূর্ব্বোক্তোৎপত্তিপ্রলয়-ক্রমভঙ্গপ্রসঙ্গো ভূতানামিতি চেৎ, ন, অবিশেষাৎ। যদি তাবদ্ভৌতিকানি করণানি, ততো ভূতোৎপত্তিপ্রলয়াভ্যামেবৈষামুৎপত্তিপ্রলয়ৌ ভবত ইতি নৈতয়োঃ ক্রমান্তরং মৃগ্যম্। ভবতি চ ভৌতিকত্বে লিঙ্গং করণানাম্—

বুদ্ধিঞ্চ ক্রূতে। তত্রৈতেষাং ক্রমাপেক্ষায়ামাত্মনশ্চ ভূতানাং চান্তরা সমাম্নানাত্তেনৈব পাঠেন ক্রমো নিয়ম্যতে। তস্মাৎ পূর্ব্বোৎপত্তিক্রমভঙ্গপ্রসঙ্গঃ। যতঃ আত্মনঃ করণানি, করণেভ্যশ্চ ভূতানীতি প্রতীয়তে, তস্মাদাত্মন আকাশ ইতি ভজ্যতে। অন্নময়মিতি চ ময়ড়ানন্দময় ইতিবৎ ন বিকারার্থ ইতি প্রাপ্তেঽভিধীয়তে।

বিভক্তত্বাভাবন্মনঃপ্রভৃতীনাং কারণাপেক্ষায়ামন্নময়ং মন ইত্যাদিলিঙ্গশ্রবণাদপেক্ষিতার্থকথনায় বিকারার্থত্বমেব ময়টো যুক্তম্, ইতরথা ত্বনপেক্ষিতমুক্তং ভবেৎ।

জানিবে।" ইত্যাদি। সুতরাং কোন এক অন্তরালে (অবকাশে) ঐ কয়েকটীর ক্রমানুগত উৎপত্তি ও লয় সংগ্রহ) করা আবশ্যক। কেন-না, বস্তু মাত্রেই ব্রহ্মপ্রভব বা ব্রহ্মোৎপন্ন, ইহা স্বীকৃত হইয়াছে।

[অপি...বিশেষাৎ] আরও দেখ, অথর্ব্ব-শ্রুতির উৎপত্তিপ্রকরণে আত্মা ও ভূত, এই দুএর মধ্যে ইন্দ্রিয়োৎপত্তির উল্লেখ আছে। যথা—"এই ব্রহ্ম হইতে প্রাণ, মন, ইন্দ্রিয়, আকাশ, বায়ু, তেজ, জলও বিশ্বাধার পৃথিবী জন্মে।" অতএব, পূর্ব্বে যে, ভূতোৎপত্তির ও ভূতলয়ের ক্রম কথিত হইয়াছে, সে ক্রম অন্তরালবর্ত্তী মনোবুদ্ধির দ্বারা ভঙ্গ হইল। যদি কেহ ঐরূপ বলেন, পূর্ব্বপক্ষ করেন, তাহা হইলে তৎপ্রতিকূলে সূত্রকার বলিতেছেন, শ্রুতিতে মনোবুদ্ধির অনুক্রম (পাঠ) থাকিলেও তাহা ভূত হইতে বিশেষ অর্থাৎ ভিন্ন পদার্থ নহে। (ইন্দ্রিয়মাত্রেই ভৌতিক)। [যদি...নেতব্য] যেহেতু ইন্দ্রিয়গণ ভৌতিক, সেই হেতু ভূতোৎপত্তিপ্রলয় বলাতেই ইন্দ্রিয়োৎপত্তিপ্রলয়ও বলা সিদ্ধ হয়, তাহাদের ক্রম পৃথক্ অন্বেষণীয় নহে। ইন্দ্রিয়গণ ভৌতিক, এ বিষয়ে শাস্ত্র ও অনুমান উভয়ই আছে।

ক্রমের কথা বলা হইয়াছে, তাহা, ঐকান্তিক নহে, অথবা বিরুদ্ধ। এই আশঙ্কা নিবারণার্থ সূত্রকার বলিতেছেন," বুদ্ধির ও মনের উৎপত্তিতে অল্পমাত্রও বিশেষ নাই। অর্থাৎ তাহা ভূতোৎপত্তিক্রমবিরুদ্ধ নহে; প্রত্যুত তাহারই অন্তর্নিবিষ্ট। (ভাষ্যানুবাদ দেখ)।

"অন্নময়ং হি সোম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাক্" ইত্যেবঞ্জাতীয়কম্। ব্যপদেশোঽপি কচিদ্ভূতানাং করণানাঞ্চ ব্রাহ্মণ পরিব্রাজকন্যায়েন নেতব্যঃ।

অথ ত্বভৌতিকানি করণানি, তথাপি ভূতোৎপত্তিক্রমো ন করণৈর্ব্বিশেষ্যতে। প্রথমং করণান্যুৎপদ্যন্তে, চরমং ভূতানি, প্রথমং বা ভূতান্যুৎপদ্যন্তে, চরমং করণানীতি। আথর্ব্বণে তু সমাম্নায়-ক্রমমাত্রং করণানাং ভূতানাঞ্চ, ন তত্রোৎপত্তিক্রম উচ্যতে। তথান্যত্রাপি পৃথগেব ভূতক্রমাৎ করণক্রম আম্নায়তে—"প্রজাপতির্ব্বা ইদমগ্র আসীৎ, স আত্মানমৈক্ষত, স মনোঽসৃজত, তন্মন এবাসীৎ, তদাত্মানমৈক্ষত, তদ্বাচমসৃজত" ইত্যাদিনা। তস্মান্নাস্তি ভূতোৎপত্তিক্রমস্য ভঙ্গঃ ॥২।৩।১৫॥

ন চ তদপি ঘটতে। ন হ্যন্নময়ো যজ্ঞ ইতিবদন্নপ্রাচুর্য্যং মনসঃ সম্ভবতি। এবেঞ্চেৎ-ভূতবিকারা মন-আদয়ো ভূতানাং পরস্তাদুৎপদ্যন্ত ইতি যুক্তম্।

প্রৌঢ়বাদিতয়াঽভ্যুপেত্যাহ—"অথ ত্বভৌতিকানি" ইতি। ভবত্বাত্মন এব করণানামুৎপত্তিঃ। ন খল্বেতাবতা ভূতৈরাত্মনো নোৎপত্তব্যম্। তথা চ নোক্তক্রমপ্রসঙ্গঃ। বিশিষ্যতে ভিদ্যতে ভজ্যত ইতি যাবৎ ॥ ২। ৩। ১৫ ॥

যথা—"হে সোম্য, শ্বেতকেতো, মনঃ অন্নময়, প্রাণ আপোময় এবং বাগিন্দ্রিয় তেজোময় (তেজঃ পদার্থের বিকার)।" ইত্যাদি। "ইন্দ্রিয়" এইরূপ নামভেদ ব্রাহ্মণ-পরিব্রাজকের দৃষ্টান্তে সঙ্গত করিবে। অর্থাৎ পরিব্রাজক ব্যক্তি যেমন ব্রাহ্মণ ও পরিব্রাজক উভয়রূপী, তেমনি, ইন্দ্রিয়গণও ভূতবিশেষ ও ইন্দ্রিয়—দ্বিরূপবিশিষ্ট। (ব্রাহ্মণই পরিব্রাজক হয়, ভূতই ইন্দ্রিয়ভাব প্রাপ্ত হয়)।

[অথ...ক্রমস্য ভঙ্গঃ] ইন্দ্রিয়গণ ভৌতিক না হইলেও ভূতোৎপত্তিক্রমে কোনও বিশেষভাব হইবেক না। প্রথমে ইন্দ্রিয়োৎপত্তি, পরে ভূতোৎপত্তি, অথবা প্রথমে ভূতোৎপত্তি, পরে ইন্দ্রিয়োৎপত্তি, এরূপ সংশয়ও হইবেক না। অথর্ব্ব-শ্রুতি কেবল ইন্দ্রিয়গণের ও ভূতবর্গের ক্রম (পূর্ব্বাপরীভাব) বলিয়াছেন, উৎপত্তির ক্রম বলেন নাই। আবার অন্য-শ্রুতিতে ঠিক্ ভূতোৎপত্তি ক্রমের অনুরূপ ক্রমে ইন্দ্রিয়োৎপত্তির ক্রম কথিত হইয়াছে। যথা—"সৃষ্টির পূর্ব্বে এ সমস্তই প্রজাপতি ছিল। সেই প্রজাপতি আপনাকে আলোচনা করিলেন, করিয়া মন সৃষ্টি করিলেন। তখন সেই মন-ই একমাত্র ছিল, (এ সকল কিছুই ছিল না)। সেই মন আপনাকে ঈক্ষণ করিলেন, করিয়া বাগিন্দ্রিয় সৃজন করিলেন।" ইত্যাদি। অতএব, ইন্দ্রিয়ের দ্বারা ভূতোৎপত্তিক্রমের ভঙ্গ হয় নাই। ২। ৩ ১৫ ॥

চরাচরব্যপাশ্রয়স্তু স্যাৎ, তদ্ব্যপদেশো ভাক্তস্তদ্ভাবভাবিত্বাৎ ॥ ২।৩।১৬ ॥ *

স্তো জীবস্যাপ্যুৎপত্তিপ্রলয়ৌ, জাতো দেবদত্তো মৃতো দেবদত্ত ইত্যেবঞ্জাতীয়কাল্লৌকিকব্যপদেশাৎ, জাতকর্ম্মাদিসংস্কারবিধানাচ্চ—ইতি স্যাৎ কস্যচিদ্ভ্রান্তিঃ, তামপনুদামঃ। ন জীবস্যোৎপত্তিপ্রলয়ৌ স্তঃ, শাস্ত্রফলসম্বন্ধোপপত্তেঃ। শরীরানুবিনাশিনি হি জীবে শরীরান্তরগতেষ্টানিষ্ট-প্রাপ্তিপরিহারার্থৌ বিধি-প্রতিষেধাবনর্থকৌ স্যাতাম্। শ্রূয়তে চ "জীবাপেতং বাব কিলেদং ম্রিয়তে, ন জীবো ম্রিয়তে" ইতি। নন্মু লৌকিকো জন্মমরণব্যপদেশো জীবস্য দর্শিতঃ? সত্যং দর্শিতঃ, ভাক্ত-

---

দেবদত্তাদিনামধেয়ং তাবজ্জীবাত্মনঃ, ন শরীরস্য, তন্নাম্নে শরীরায় শ্রদ্ধাদিকরণানুপপত্তেঃ। তস্মাতো দেবদত্তো জাতো দেবদত্ত ইতি ব্যপদেশস্য মুখ্যত্বং মন্বানস্য পূর্ব্বঃ পক্ষঃ।

মুখ্যত্বে শাস্ত্রোক্তামুষ্মিক-স্বর্গাদিফলসম্বন্ধানুপপত্তেঃ শাস্ত্রবিরোধাল্লৌকিকব্যপদেশো ভাক্তো ব্যাখ্যেয়ঃ। ভক্তিশ্চ শরীরস্যোৎপাদবিনাশৌ, তত্তস্তৎসংযোগঃ,

---

অমুক জন্মিয়াছে, অমুক মরিয়াছে, এইরূপ এইরূপ লৌকিক উল্লেখ, এবং শাস্ত্রে জাতকর্ম্মাদি সংস্কারের বিধান থাকায় ভ্রম হইতে পারে যে, পঞ্চ মহাভূতের ন্যায় জীবেরও উৎপত্তি ও প্রলয় আছে। এক্ষণে সে ভ্রম অপনোদিত হইতেছে। [ন...ইতি] শাস্ত্র ও কর্ম্মফলসম্বন্ধ, এই দুই হেতুতে নিশ্চিত হয়, জীবের উৎপত্তিও বিনাশ নাই। জীব শরীর বিনাশের সঙ্গে বিনষ্ট হইলে পারলৌকিক ইষ্টানিষ্টপ্রাপ্তিপরিহারবোধক শাস্ত্রের সার্থক্য থাকে না। বিশেষতঃ শ্রুতি বলিয়াছেন "জীবপরিত্যক্ত দেহই মরে, জীব মরে না।" [নন্মু··· চর্য্যেতে] যদি বল, জীব জন্মে ও মরে, এই লৌকিক ব্যপদেশের (প্রয়োগের) গতি কি? গতি আছে। লোকমধ্যে যে, জীবের জন্ম-মরণ-সংজ্ঞা ব্যবহৃত হয়, অর্থাৎ লোকে যে, জীবের জন্ম মরণ সংজ্ঞা ব্যবহার করে, সে সংজ্ঞা বা

---

* তুশব্দঃ শঙ্কানিরাসার্থঃ। ইন্দ্রিয়োৎপত্তিক্রমেণ ভূতক্রমস্য বাধাভাবেঽপি জীবোৎপত্তিক্রমেণ তস্য বাধঃ স্যাদিতি প্রত্যুদাহরণেন জীবোৎপত্তিমাশঙ্ক্য শাস্ত্রফলসম্বন্ধাদিভির্হেতুভিস্তস্য নিরাসো ভবতীতি মনসিকৃত্য তদুৎপত্তিপ্রলয়ব্যপদেশস্য ভাক্তত্বমাহ চরাচরেতি। তল্লোকজন্মমরণয়োর্ব্যপদেশো লৌকিক উল্লেখশ্চরাচরাশ্রয়ঃ স্থাবরজঙ্গমশরীরবিষয়ঃ। তত্রৈব তৌ শব্দৌ মুখ্যাবিত্যর্থঃ। ততশ্চ স ব্যপদেশো জীবে ভাক্তঃ। তত্র হেতুস্তদ্ভাবভাবিত্বাদিতি। তস্য দেহস্য ভাব আত্মক্ষণসম্বন্ধোজন্ম, তস্মিন্ সতি ভাবিত্বং জন্মবত্বং, তস্মাৎ।

জীব জন্মে ও মরে এই উল্লেখ মুখ্য নহে, কিন্তু গৌণ। ঐ দুই শব্দ চরাচরদেহের ভাবাভাব লক্ষ্য করিয়াই প্রযুক্ত হয়, তৎ সম্পর্কবিশিষ্ট জীবে তাহা উপরিত হয়। (ভাষ্য ব্যাখ্যা দেখ)।

স্ত্বেষ জীবস্য জন্মমরণব্যপদেশঃ। কিমাশ্রয়ঃ পুনরয়ং মুখ্যঃ, যদপেক্ষয়া ভাক্ত ইতি। উচ্যতে—

চরাচরব্যপাশ্রয়ঃ। স্থাবরজঙ্গমশরীরবিষয়ৌ জন্ম-মরণশব্দৌ। স্থাবরজঙ্গমানি হি ভূতানি জায়ন্তে চ ম্রিয়ন্তে চ, অতস্তদ্বিষয়ৌ জন্মমরণশব্দৌ মুখ্যৌ সন্তৌ তৎস্থে জীবাত্মন্যুপচর্য্যেতে, তদ্ভাব-ভাবিত্বাৎ। শরীরপ্রাদুর্ভাব-তিরোভাবয়োর্হি সতোর্জন্ম-মরণশব্দৌ ভবতঃ, নাসতোঃ। ন হি শরীরসম্বন্ধাদন্যত্র জীবো জাতো মৃতো বা কেনচিদুপলক্ষ্যতে। "স বা অয়ং পুরুষো জায়মানঃ শরীর-মভিসম্পদ্যমানঃ, স উৎক্রামন্ ম্রিয়মাণঃ" ইতি চ শরীরসংযোগ-বিয়োগনিমিত্তাবেব জন্মমরণশব্দৌ দর্শয়তি। জাতকর্ম্মাদি-বিধানমপি দেহপ্রাদুর্ভাবাপেক্ষমেব দ্রষ্টব্যম্, অভাবাজ্জীব-

---

ইতি জাতকর্ম্মাদি চ গর্ভবীজসমুদ্ভব-জীবপাপপ্রক্ষয়ার্থং, ন তু জীবজন্মজ-পাপক্ষয়ার্থম্। অত এব স্মরন্তি—"এবমেনঃ শমং যাতি বীজগর্ভসমুদ্ভবম্" ইতি।

তস্মান্ন শরীরোৎপত্তিবিনাশাভ্যাং জীবজন্মবিনাশাবিতি সিদ্ধম্। এতচ্চ লৌকিকব্যপদেশস্যাভ্রান্তিমূলত্বমভ্যুপেত্যাধিকরণম্। উক্তা ত্বধ্যাসভাষ্যেঽস্য ভ্রান্তিমূলতেতি। মা ভূতামস্য শরীরোদয়ব্যয়াভ্যাং স্থূলাব্যুৎপত্তিবিনাশৌ।

প্রয়োগ গৌণ। ভাল, জন্ম ও মরণ, এই দুই শব্দের মুখ্য আশ্রয় কি? যাহার অনুগুণে ঐ দুই শব্দ জীবে গৌণ বা ঔপচারিকরূপে প্রযুক্ত হয়? তাহা বলিতেছি।

স্থাবর ও জঙ্গম, এই দ্বিবিধ দেহবিষয়েই জন্ম-মরণ-শব্দের মুখ্য প্রয়োগ। স্থাবর-জঙ্গম দেহই জন্মে ও মরে, সেই জন্য, স্থাবর-জঙ্গম দেহের উপরেই (দেহের ভাবও অভাব দৃষ্টে) জন্মমরণ শব্দের মুখ্য প্রয়োগ। জীব সেই জন্মমরণবান্ দেহে থাকে, সেই জন্য জীবে তাহা (জন্ম-মরণ-শব্দ) উপচার ক্রমে প্রযুক্ত হয়। [তদ্ভাব...দর্শয়তি] দেহের ভাবে অর্থাৎ বিদ্যমানতায় বা উৎপত্তিতে জন্ম, এবং তাহার অবিদ্যমানতায় বা বিনাশে মরণ। শরীরের প্রাদুর্ভাব ও তিরোভাব দেখিলে ঐ দুই শব্দের প্রয়োগ হয়, না দেখিলে হয় না। শরীরসম্বন্ধ ব্যতীত কেবল জীবের জন্ম বা মরণ কেহ কখনও দেখেন নাই, কেহ কখন দেখাইতেও পারিবেন না। শ্রুতিও শরীরসংযোগে জন্ম ও শরীরবিয়োগে মরণ হওয়া দেখাইয়াছেন। যথা,—"এই পুরুষ (আত্মা) শরীরপ্রাপ্তিতে জায়মান ও শরীর-ত্যাগে ম্রিয়মাণ হন।" [জাত...বোচৎ] শাস্ত্রে যে, জাতকর্ম্মাদির বিধান আছে, পুত্র জন্মিলে যে, সংস্কার-বিশেষ অনুষ্ঠান করিবার উপদেশ আছে, তাহাও শরীরপ্রাদুর্ভাব-ঘটিত। কারণ, জীবের প্রাদুর্ভাব (জন্ম) হয় না, দেহেরই প্রাদুর্ভাব হয়। পরমাত্মা হইতে আকাশাদির ন্যায় জীবেরও উৎপত্তি হয় কিনা,

প্রাদুর্ভাবস্য। জীবস্য পরস্মাদাত্মন উৎপত্তির্বিয়দাদীনামিবাস্তি নাস্তি বেত্যেতদুত্তরেণ সূত্রেণ বক্ষ্যতি। দেহাশ্রয়ৌ তাবজ্জীবস্য স্থূলাবুৎপত্তিপ্রলয়ৌ ন স্ত ইত্যেতদনেনে সূত্রেণাবোচৎ ॥২।৩।১৬॥

নাত্মাঽশ্রুতের্নিত্যত্বাচ্চ তাভ্যঃ ॥২।৩।১৭॥*

অস্ত্যাত্মা জীবাখ্যঃ শরীরেন্দ্রিয়পঞ্জরাধ্যক্ষঃ কর্ম্মফল-সম্বন্ধী। স কিং ব্যোমাদিবদুৎপদ্যতে ব্রহ্মণঃ? আহোস্বিদ্‌ব্রহ্ম-বদেব নোৎপদ্যতে? ইতি শ্রুতিবিপ্রতিপত্তের্বিশয়ঃ। কাসুচিদ্ধি শ্রুতিষ্বগ্নিবিস্ফুলিঙ্গাদিনিদর্শনৈর্জ্জীবাত্মনঃ পরস্মাৎ ব্রহ্মণ উৎ-পত্তিরাম্নায়তে, কাসুচিত্তু অবিকৃতস্যৈব পরস্য ব্রহ্মণঃ কার্য্যপ্রবে-শেন জীবভাবো বিজ্ঞায়তে, ন চোৎপত্তিরাম্নায়ত ইতি।

তত্র প্রাপ্তং তাবদুৎপদ্যতে জীব ইতি। কুতঃ? প্রতিজ্ঞানু-

আকাশাদেরিব তু মহাসর্গাদৌ তদন্তে চোৎপত্তিবিনাশৌ জীবস্য ভবিষ্যত ইতি শঙ্কান্তরমপনেতুমিদমারভ্যতে॥ ২। ৩। ১৬॥

বিচারমূলসংশয়স্য বীজমাহ—"শ্রুতিবিপ্রতিপত্তেঃ" ইতি। তামেব দর্শ-য়তি—"কাসুচিদ্ধি শ্রুতিষু" ইতি।

পূর্ব্বপক্ষং গৃহ্লাতি—"তত্র প্রাপ্তম্" ইতি। পরমাত্মনস্তাবদ্‌বিরুদ্ধধর্ম্মসং-

---

তাহা পর সূত্রে বলা হইবে। এ সূত্রে বলা হইল যে, দেহাশ্রিত স্থূল উৎপত্তি-বিনাশ জীবে উপচরিত, বাস্তবতঃ জীবে তাহা নাই, জীবে তাহার অভাব আছে॥ ২। ৩। ১৬॥

ইন্দ্রিয়ান্বিত শরীরের অধ্যক্ষ ও কর্ম্মফলভোক্তা জীবনামক আত্মা আছেন। তিনি আকাশাদির ন্যায় ব্রহ্ম হইতে উৎপন্ন অথবা ব্রহ্মের ন্যায় নিত্য, এরূপ সংশয় হইতে পারে। পরস্পর বিরুদ্ধ শ্রুতিবাক্য থাকায় ঐরূপ সংশয় হয়। কোন কোন শ্রুতি অগ্নিস্ফুলিঙ্গের দৃষ্টান্ত দিয়া বলিয়াছেন, জীবাত্মা পরব্রহ্ম হইতে উৎপন্ন হয়। আবার অন্য শ্রুতি বলিয়াছেন, অবিকৃত পরব্রহ্মই বপুষ্ট শরীরে প্রবিষ্ট হইয়া জীবভাবে বিরাজ করেন।

[তত্র...রুধ্যেত] সংশয় হইলেই পূর্ব্বপক্ষ, তাহাতে পাওয়া যায়, জীবও

---

* আত্মা জীবো নোৎপদ্যতে। কস্মাৎ? অশ্রুতেঃ। উৎপত্তিপ্রকরণে হ্যস্যোৎপত্তিশ্রবণং নাস্তি। অপিচ, তাভ্যঃ শ্রুতিভ্যঃ অজত্বাদিশব্দেভ্যশ্চ তস্য নিত্যত্বমবগম্যতে।

আত্মা আকাশাদির ন্যায় উৎপন্ন পদার্থ নহেন। কেন না, শ্রুতি উৎপত্তিপ্রকরণে আত্মার উৎপত্তি বলেন নাই, প্রত্যুত "অজ—জন্মরহিত" ইত্যাদি বাক্যে তাঁহার নিত্যতাই বলিয়াছেন।

পরোধাৎ। "একস্মিন্ বিদিতে সর্ব্বমিদং বিদিতম্" ইতীয়ং প্রতিজ্ঞা সর্ব্বস্য বস্তুজাতস্য ব্রহ্মপ্রভবত্বে সতি নোপরুধ্যেত; তত্ত্বান্তরত্বে তু জীবস্য প্রতিজ্ঞেয়মুপরুধ্যেত। ন চ বিকৃতঃ পরমাত্মৈব জীব ইতি শক্যতে বিজ্ঞাতুং, লক্ষণভেদাৎ। অপহতপাপ্মত্বাদিধর্ম্মকো হি পরমাত্মা, তদ্বিপরীতো হি জীবঃ বিভক্তত্বাদাকাশবদস্য বিকারত্বসিদ্ধিঃ। যাবান্ হ্যাকাশাদিঃ প্রবিভক্তঃ, স সর্ব্বো বিকারঃ। তস্য চাকাশাদেরুৎপত্তিঃ সমধিগতা। জীবাত্মাপি পুণ্যাপুণ্যকর্ম্মা সুখদুঃখভাক্ প্রতিশরীরং বিভক্ত ইতি তস্যাপি প্রপঞ্চোৎপত্ত্যবসর উৎপত্তির্ভবিতুমর্হতি। অপি চ "যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেবাস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণাঃ" ইতি প্রাণাদের্ভোগ্যজাতস্য সৃষ্টিং শিষ্ট্বা

সর্গাদপহতানপহতপাপ্মত্বাদিলক্ষণাজ্জীবানামন্যত্বম্। তে চেন্ন বিকারাঃ, ততস্তত্ত্বান্তরত্বে বহুতত্ত্বাদ্বৈতশ্রুতিবিরোধঃ। ব্রহ্মবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানপ্রতিজ্ঞাবিরোধশ্চ। তস্মাচ্ছ্রুতিভিরনুজ্ঞায়তে বিকারত্বম্। প্রমাণান্তরং চাত্রোক্তং—"বিভক্তত্বাদাকাশাদিবৎ" ইতি। যথা "অগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গাঃ" ইতি চ শ্রুতিঃ সাক্ষাদেব ব্রহ্মবিকারত্বং জীবানাং দর্শয়তি। "যথা সুদীপ্তাৎ পাবকাৎ" ইতি চ প্রশ্নণো জীবানামুৎপত্তিঞ্চ তত্রাপ্যয়ঞ্চ সাক্ষাদ্দর্শয়তি। নযক্রান্তাবানামুৎপত্তিপ্রলয়াববগম্যেতে,

---

উৎপন্ন হয়। এ পক্ষের পোষক প্রমাণ শ্রুত্যুক্ত প্রতিজ্ঞার অবাধ। অর্থাৎ শ্রুতি যে, একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান প্রতিজ্ঞা করিয়াছেন, সমুদায় বস্তু ব্রহ্মপ্রভব না হইলে সে প্রতিজ্ঞা সংরক্ষিত হয় না। জীব যদি ব্রহ্মপ্রভব না হয়, আর পৃথক্ পদার্থ হয়, তাহা হইলেও ব্রহ্মকে জানিলে জীবকে জানা হইবে না, কাযেই সর্ব্ববিজ্ঞান-প্রতিজ্ঞা ভঙ্গ হইবে। [ন চা...মর্হতি] অবিকৃত পরমাত্মাই যে, শরীরে জীবভাবে বিরাজ করিতেছেন, ইহা কিসে জানা যায়? জানা যায় না। যেহেতু পরমাত্মা ও জীবাত্মা সমলক্ষণ নহে; সেই হেতু পরমাত্মাই জীব, এ তত্ত্ব দুর্ব্বিজ্ঞেয়। পরমাত্মা নিষ্পাপ নিষ্ক্রিয় নির্দ্দোষক, জীব তাহার সম্পূর্ণ বিপরীত। বিভাগ থাকাতেও জীবের বিকারত্ব (জন্ম-মরণ) জানা যায়। আকাশাদি যে-কিছু বিভক্ত বস্তু, সমস্তই বিকার অর্থাৎ জন্য পদার্থ, এবং তজ্জন্য তাদৃশ আকাশাদির উৎপত্তিও অবগত হওয়া গিয়াছে। জীবও পুণ্য-পাপ-কারী সুখদুঃখভাগী এবং প্রতিশরীরে বিভক্ত, এ জন্য জীবেরও জগদুৎপত্তিকালে উৎপত্তি হইয়াছিল, এই কথাই সঙ্গত। [অপিচ...যোগাৎ] আরও দেখ, "যেমন অগ্নি হইতে ক্ষুদ্র বিস্ফুলিঙ্গ বহির্গত হয়, তেমনি, পরমাত্মা হইতে সমুদায় প্রাণ জন্মলাভ করে।" শ্রুতি এইরূপে

"সর্ব্বে এতে আত্মানো ব্যুচ্চরন্তি" ইতি ভোক্তৄণামাত্মনাং পৃথক্ সৃষ্টিং শাস্তি।

"যথা সুদীপ্তাৎ পাবকাৎ বিস্ফুলিঙ্গাঃ সহস্রশঃ প্রভবন্তি সরূপাঃ। তথাক্ষরাদ্বিবিধাঃ সোম্য ভাবাঃ প্রজায়ন্তে তত্র চৈবাপি যন্তি ॥"

ইতি চ জীবাত্মনামুৎপত্তিপ্রলয়াবুচ্যেতে, সরূপবচনাৎ। জীবাত্মানো হি পরমাত্মনা সরূপা ভবন্তি, চৈতন্যযোগাৎ। ন চ কচিদশ্রবণমন্যত্র শ্রুতং বারয়িতুমর্হতি, শ্রুত্যন্তরগতস্যাপ্যবিরুদ্ধস্যাধিকস্যার্থস্য সর্ব্বত্রোপসংহর্ত্তব্যত্বাৎ। প্রবেশশ্রুতিরপ্যেবং সতি বিকারভাবাপত্ত্যৈব ব্যাখ্যাতব্যা "তদাত্মানং স্বয়মকুরুত" ইত্যাদিবৎ। তস্মাদুৎপদ্যতে জীব ইত্যেবং প্রাপ্তে ব্রূমঃ—

ন জীবানাম্,ইত্যত আহ—"জীবাত্মনাম্" ইতি। স্যাদেতৎ। সৃষ্টিশ্রুতিষাকাশাদ্যুৎপত্তিরিব কস্মাজ্জীবোৎপত্তির্নাম্নায়তে। তস্মাদাম্নানযোগ্যস্থানাম্নানাৎ তদুৎপত্ত্যভাবং প্রতীম ইত্যত আহ।—"ন চ কচিদশ্রবণম্" ইতি। এবং হি কস্যাঞ্চিচ্ছাখায়ামাম্নাতস্য কতিপয়াঙ্গসহিতস্য কর্ম্মণঃ শাখান্তরীয়াঙ্গোপসংহারো ন ভবেৎ। তস্মাদ্বহুতরশ্রুতিবিরোধাদনুপ্রবেশশ্রুতির্ব্বিকারভাবাপত্ত্যা ব্যাখ্যেয়া। তস্মাদাকাশবজ্জীবাত্মান উৎপদ্যন্ত ইতি প্রাপ্ত উচ্যতে,—

জীবভোগ্য প্রাণাদির সৃষ্টি উপদেশ করিয়া বলিয়াছেন "এই সকল আত্মা তাঁহা হইতে ব্যুচ্চরিত হয়।" শ্রুতির এই উক্তিতে ভোক্তাত্মগণের সৃষ্টি উপদিষ্ট হইয়াছে। "যেমন প্রদীপ্ত পাবক হইতে পাবকরূপী সহস্র সহস্র স্ফুলিঙ্গ জন্মে, সেইরূপ, এই অক্ষর (ব্রহ্ম) হইতে অক্ষর-সমানরূপী বিবিধ পদার্থ জন্মে, আবার অক্ষরেই লয়প্রাপ্ত হয়।" এই শ্রুতিতেই সমানরূপী ; এই শব্দ থাকায় জীবাত্মার উৎপত্তি-বিনাশ কথিত হইয়াছে ; ইহা বুঝিতে হইবে। স্ফুলিঙ্গ অগ্নিসমানরূপী-জীবাত্মাও পরমাত্মসমানরূপী। (উভয়েই চেতন, সুতরাং সমানরূপী)। [নচ...জীবঃ] এক শ্রুতিতে উৎপত্তিকথন নাই, তাই বলিয়া অন্য শ্রুত্যুক্ত উৎপত্তির যে, নিষেধ হইবে, তাহা হইবে না। অন্য শ্রুতিস্থ অবিরুদ্ধ অতিরিক্ত পদার্থ সর্ব্বত্র সংগৃহীত হয়। "তিনি আপনাকে করিলেন," এই শ্রুতির ন্যায় "বহুষ্ট শরীরে অনুপ্রবিষ্ট হইয়াছেন" এতৎশ্রুতিস্থ অনুপ্রবেশশব্দের বিকার অর্থ গ্রহণ করাই উচিত। অভিপ্রায় এই যে, দেহে অবিকৃত ব্রহ্মের প্রবেশ নহে, কিন্তু তাহা ব্রহ্মের বিকার। বিকার ও উৎপত্তি সমান, ইহা সর্ব্বত্র প্রসিদ্ধ। পূর্ব্বপক্ষের উপসংহার এই যে, উল্লিখিত যুক্তিতে জীবও ব্রহ্ম হইতে আকাশাদির ন্যায় জন্মে [ইত্যেবং...দেশেবৃ] এইরূপ পক্ষ প্রাপ্তিতে বলা হইতেছে।

ন আত্মা জীব উৎপদ্যত ইতি। কস্মাৎ। অশ্রুতেঃ। নহ্যস্যোৎপত্তিপ্রকরণে শ্রবণমস্তি ভূয়ঃসু প্রদেশেষু। নতু কচিদশ্রবণমন্যত্র শ্রুতং ন বারয়তীত্যুক্তং, সত্যমুক্তং, উৎপত্তিরেব ত্বস্য ন সম্ভবতীতি বদামঃ। কস্মাৎ। নিত্যত্বাচ্চ তাভ্যঃ। চ-শব্দাদজত্বাদিভ্যশ্চ। নিত্যত্বং হ্যস্য শ্রুতিভ্যোঽবগম্যতে, তথা-জত্বমবিকারিত্বমবিকৃতস্যৈব ব্রহ্মণো জীবাত্মনাবস্থানং ব্রহ্মাত্মতা চেতি। ন চৈবং রূপস্যোৎপত্তিরুপপদ্যতে। তাঃ কাঃ শ্রুতয়ঃ—

"ন জীবো ম্রিয়তে" "স বা এষ মহানজ আত্মাঽজরোঽমৃতোঽভয়ো ব্রহ্ম" "ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিৎ" "অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণঃ" "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" "অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণি" "স এষ ইহ প্রবিষ্ট আনখাগ্রেভ্যঃ" "তত্ত্বমসি" অহংব্রহ্মাস্মি" "অয়মাত্মা ব্রহ্ম

ভবেদেবং, যদি জীবা ব্রহ্মণো ভিদ্যেরন্, ন ত্বেতদস্তি। "তৎ সৃষ্ট্বা তদেবানু-প্রাবিশৎ" "অনেন জীবেন" ইত্যাদ্যবিভাগশ্রুতেরৌপাধিকত্বাচ্চ ভেদস্য ঘটকর-কাদ্যাকাশবদ্বিরুদ্ধধর্মসংসর্গস্যোপপত্তেঃ।

উপাধীনাঞ্চ মনোময় ইত্যাদীনাং শ্রুতেভূর্য়সীনাঞ্চ নিত্যত্বাজত্বাদিগোচরাণাং শ্রুতীনাং দর্শনাদুপাধিপ্রবিলয়ে নোপহিতস্যেতি চ প্রশ্নোত্তরাভ্যামনেকধোপপাদ-

---

আত্মা অর্থাৎ জীব উৎপন্ন হয় না। কারণ এই যে, শ্রুত্যুক্ত উৎপত্তিপ্রকরণের বহু প্রদেশে জীবের উৎপত্তি অশ্রুত আছে। [নতু...চেতি] একস্থানে অশ্রবণ থাকিলে তদ্দ্বারা শ্রুত্যন্তর-কথিত উৎপত্তি নিবারিত হয় না সত্য ; কিন্তু জীবের উৎপত্তি অসম্ভব। কেন-না, জীব নিত্য। শ্রুতির ও শ্রুতিস্থ অজত্বাদি শব্দের দ্বারা জীবের নিত্যতা প্রতীত হয়। অজত্ব কি ? অজত্ব অবিকারিত্ব। অতএব, অবিকৃত ব্রহ্মেরই জীবভাবে অবস্থান ও জীবের ব্রহ্মত্ব শ্রুতির দ্বারা বিনিশ্চিত হয়। [নচৈবং...বদন্তি] তাদৃশ জীবের উৎপত্তি যুক্তিবহির্ভূত। আত্মনিত্যত্ব-বাদিনী শ্রুতিনিচয় এই—"জীব মরে না।" "তিনিই এই। ইনি মহান্, জন্ম-রহিত, আত্মা, অজর, অমর, অভয় ও ব্রহ্ম।" "বিপশ্চিৎ অর্থাৎ আত্মা জন্মেন না ও মরেন না।" "এই আত্মা অজ নিত্য শাশ্বত ও পুরাতন।" "তিনি সৃজন করিয়া তাহাতে অনুপ্রবিষ্ট আছেন।" "জীবনামক আত্মারূপে অনুপ্রবেশ করতঃ নামরূপ ব্যক্ত করিব।" "সেই পরমাত্মা এই শরীরে নাসাগ্রপর্য্যন্ত আবিষ্ট আছেন।" "হে শ্বেতকেতো, তিনিই তুমি।" "আমি ব্রহ্ম" "এই জীবই

সর্ব্বানুভূঃ" ইত্যেবমাদ্যা নিত্যত্ববাদিন্যঃ সত্যো জীবস্যোৎপত্তিং প্রতিবধ্নন্তি।

নন্বু প্রবিভক্তত্বাদ্বিকারঃ, বিকারত্বাচ্চোৎপদ্যত ইত্যুক্তং অত্রোচ্যতে—নাস্য প্রবিভাগঃ স্বতোঽস্তি। "একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা" ইতি শ্রুতেঃ বুদ্ধ্যাদ্যুপাধিনিমিত্তং ত্বস্য প্রবিভাগপ্রতিভানমাকাশস্যেব ঘটাদিসম্বন্ধনিমিত্তম্। তথাচ শাস্ত্রং "স বা অয়মাত্মা ব্রহ্ম বিজ্ঞানময়ো মনোময়ঃ প্রাণময়শ্চক্ষুর্ম্ময়ঃ শ্রোত্রময়ঃ" ইত্যেবমাদি ব্রহ্মণ এবাবিকৃতস্য সতোঽপ্যেকস্যানেকবুদ্ধ্যাদিময়ত্বং দর্শয়তি। তন্ময়ত্বঞ্চাস্য তদ্বিবিক্তস্বরূপানভিব্যক্ত্যা তদুপরক্তস্বরূপত্বং 'স্ত্রীময়ো জাল্মঃ' ইত্যাদিবদ্ দ্রষ্টব্যম্।

যদপি ক্বচিদস্যোৎপত্তিপ্রলয়শ্রবণং, তদপ্যতএবোপাধিসম্বন্ধান্নেতব্যম্। উপাধ্যুৎপত্ত্যো চাস্যোৎপত্তিস্তৎপ্রলয়ে চ প্রলয়

নাচ্ছুত্যা অবিভাগস্য চ—"একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ" ইতি শ্রুত্যৈবোক্ত-

আত্মা, ব্রহ্ম ও সর্ব্বানুভূ অর্থাৎ সর্ব্বসাক্ষী।" এই সকল জীবনিত্যবাদিনী শ্রুতি জীবোৎপত্তির বাধক প্রমাণ।

[নন্বু...দর্শয়তি] বলিয়াছিলে যে, জীব বিভক্ত, (পৃথক্ পৃথক্), বিভক্ত বলিয়া বিকার, বিকারত্ব নিবন্ধন উৎপত্তিমান্, সে কথার প্রত্যুত্তর দিতেছি। জীবের স্বতঃ প্রবিভাগ (পার্থক্য) নাই। "সেই সর্ব্বব্যাপী একই দেব সর্ব্বভূতের বুদ্ধি-গুহায় অবস্থিত, সুতরাং সমুদায় ভূতের অন্তরাত্মা।" এই শ্রুতি তাহার প্রমাণ। আকাশ যেমন ঘটাদি সম্বন্ধাধীন বিভক্তরূপে (পৃথক্ পৃথক্রূপে) প্রতিভাত হয়, পরমাত্মাও তেমনি বুদ্ধ্যাদি-উপাধি সম্বন্ধের দ্বারা বিভক্তের ন্যায় (পৃথক্ প্রায়) প্রতিভাত হন। এ বিষয়ে শাস্ত্র প্রমাণ যথা— "সেই এই ব্রহ্ম আত্মা বিজ্ঞানময়, মনোময়, প্রাণময়, চক্ষুর্ময়, শ্রোত্রময়" ইত্যাদি। এই শাস্ত্র একই সতের (ব্রহ্মের) বহুত্ব ও বুদ্ধ্যাদিময়ত্ব বলিতেছেন। [তন্ময়ত্ব... ভবতি ইতি]। বিজ্ঞানময়, ইত্যাদি শব্দের অর্থ, তৎপ্রাচুর্য্য—অথবা তৎপরতন্ত্র-প্রকাশ। জীবের যাহা যথার্থরূপ, তাহা বিস্পষ্ট বা বিজ্ঞানগোচর না হওয়ায় বুদ্ধ্যাদির সহিত একীভাবপ্রাপ্তিনিবন্ধন তদ্ভাবাপত্তি হওয়া, যেমন স্ত্রীময়, ইত্যাদি।

[যদপি...] কোন কোন শ্রুতিতে যে, জীবের উৎপত্তি ও প্রলয় কথিত হইয়াছে, তাহাও ঔপাধিক অর্থাৎ শরীরাদি-উপাধি-নিবন্ধন। উপাধির উৎপত্তিতে উপহিতের (উপাধি—দেহাদি, উপহিত আত্মা) উৎপত্তি ও উপা-

ইতি। তথা চ দর্শয়তি "প্রজ্ঞানঘন এবৈতেভ্যো ভূতেভ্যঃ সমুত্থায় তান্যেবানুবিনশ্যতি, ন প্রেত্য সংজ্ঞাস্তি" ইতি। তথোপাধিপ্রলয় এবায়ং, নাত্মপ্রলয় ইত্যেতদপি—"অত্রৈব মা ভগবান্মোহান্তমাপীপদৎ, ন বা অহমিমং বিজানামি, ন প্রেত্য সংজ্ঞাস্তি" ইতি প্রশ্নপূর্ব্বকং প্রতিপাদয়তি—"ন বা অরে অহং মোহং ব্রবীম্যবিনাশী বা অরেঽয়মাত্মানুচ্ছিত্তিধর্ম্মা, মাত্রাসংসর্গস্ত্বস্য ভবতি" ইতি। প্রতিজ্ঞানুপরোধোঽপ্যবিকৃতস্যৈব ব্রহ্মণো জীবভাবাভ্যুপগমাৎ। লক্ষণভেদোঽপ্যনয়োরুপাধিনিমিত্ত এব। "অত ঊর্দ্ধং বিমোক্ষায়ৈব ব্রূহি" ইতি চ প্রকৃতস্যৈব বিজ্ঞানময়স্যাত্মনঃ সর্ব্বসংসারধর্ম্মপ্রত্যাখ্যানেন পরমাত্মভাবপ্রতিপাদনাৎ। তস্মান্নৈবাত্মোৎপদ্যতে প্রবিলীয়তে বেতি ॥২।৩।১৭॥

ত্বান্নিত্যা জীবাত্মানো ন বিকারাঃ। ন চাদ্বৈতপ্রতিজ্ঞাবিরোধ ইতি সিদ্ধম্। মৈত্রেয়ীব্রাহ্মণঞ্চাধস্তাদ্ব্যাখ্যাতমিতি নেহ ব্যাখ্যাতম্॥ ২। ৩। ১৭॥

ধির বিনাশে উপহিতের বিনাশ কথিত হইয়া থাকে। উপাধির বিনাশে যে বিশেষ বিজ্ঞান বিনষ্ট হয়, তাহা শ্রুতিকর্ত্তৃক দর্শিত হইয়াছে। যথা—"এই বিজ্ঞানঘন, কেবল বিজ্ঞান, এই সকল ভূত হইতে উত্থিত (প্রব্যক্ত) হইয়া আবার ভূতের বিনাশে বিনষ্ট হন এবং উপাধির বিনাশ হওয়ার পর সংজ্ঞা অর্থাৎ বিশেষ বিজ্ঞান বিনাশ প্রাপ্ত হয়।" ঐ বিনাশ যে, উপাধিরই বিনাশ, আত্মার বিনাশ নহে, তাহাও শ্রুতি প্রশ্নপূর্ব্বক বলিয়াছেন। প্রশ্ন যথা—"হে ভগবন্, আত্মা বিজ্ঞানঘন, কেবল বিজ্ঞান, অথচ সংজ্ঞা থাকে না, আপনার এই কথায় আমি মোহপ্রাপ্ত হইলাম অর্থাৎ উহা বুঝিতে পারিলাম না।" ইহার প্রত্যুত্তরে ঋষি বলিলেন—"আমি মোহজনক কথা (ভ্রান্ত কথা) বলি নাই। আত্মা অবিনাশী, আত্মার উচ্ছেদ ও পরিণাম হয় না। তবে কি না তাঁহার সহিত মাত্রার অর্থাৎ বিষয়ের সম্পর্ক হয়। (ফলিতার্থ, বিষয়সম্পর্ককালে বিষয়রূপী হন, আবার বিষয় বিগমে কেবল হন)।" [প্রতিজ্ঞা...বেতি] অবিকৃত ব্রহ্মই শরীরসম্পর্কে জীব, ইহা স্বীকার করিলেও একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান উপরুদ্ধ (নষ্ট) হয় না। উপাধিনিবন্ধন লক্ষণভেদ সংঘটিত হইয়াছে অর্থাৎ ব্রহ্মলক্ষণ একরূপ ও জীবলক্ষণ অন্যরূপ হইয়াছে। শ্রুতি প্রাণময় মনোময় ও বিজ্ঞানময় ব্রহ্ম উপদেশের পর "অতঃপর মোক্ষের উপায় ও স্বরূপ বলুন" এতদ্রূপ প্রশ্ন উত্থাপনপূর্ব্বক পূর্ব্বপ্রস্তাবিত বিজ্ঞানময় আত্মার সংসারধর্ম্ম নিষেধপূর্ব্বক পরমাত্মভাব উপদেশ করিয়াছেন। এই সকল হেতুবাদ দ্বারা নিশ্চিত হইল যে আত্মা উৎপন্নও হন না, লয়প্রাপ্তও হন না॥ ২। ৩। ১৭॥

জ্ঞোঽত এব ॥ ২ । ৩ । ১৮ ॥ *

স কিং কাণভুজানামিবাগন্তুকচৈতন্যঃ স্বতোঽচেতনঃ ? আহোস্বিৎ সাংখ্যানামিব নিত্যচৈতন্যস্বরূপ এব ? ইতি বাদিবিপ্রতিপত্তেঃ সংশয়ঃ। কিং তাবৎ প্রাপ্তম্ ? আগন্তুকমাত্মনশ্চৈতন্যমাত্মমনঃ-সংযোগজমগ্নি-ঘটসংযোগজ-রোহিতাদিগুণবদিতি প্রাপ্তম্। নিত্যচৈতন্যত্বে হি সুপ্তমূর্চ্ছিতগ্রহাবিষ্টানামপি চৈতন্যং স্যাৎ। তে পৃষ্টাঃ সন্তো ন কিঞ্চিদ্বয়ং বিজানীমোঽচেতয়ামহীতি জল্পন্তি। স্বস্থশ্চ চেতয়মানা দৃশ্যন্তে। অতঃ কাদাচিৎকচৈতন্যত্বাদাগন্তুকচৈতন্য আত্মেত্যেবং প্রাপ্তেঽভিধীয়তে—

জ্ঞঃ নিত্যচৈতন্যোঽয়মাত্মা ; অতএব—যস্মাদেব নোৎপ-

কর্ম্মণা হি জ্ঞানাত্যর্থো ব্যাপ্তস্তদভাবে ন ভবতি, ধূম ইব ধূমধ্বজাভাবে। সুষুপ্ত্যাদ্যবস্থাসু চ জ্ঞেয়স্যাভাবাৎ তদ্ব্যাপ্যস্য জ্ঞানস্যাভাবঃ। তথা চ নাত্মস্বভাবশ্চৈতন্যং, তদনুবৃত্তাবপি চৈতন্যস্য ব্যাবৃত্তেঃ। তস্মাদিন্দ্রিয়াদিভাবাভাবানুবিধানাৎ জ্ঞানভাবাভাবয়োরিন্দ্রিয়াদিসন্নিকর্ষাধেয়মাগন্তুকমস্য চৈতন্যং ধর্ম্মঃ, ন স্বাভাবিকঃ। অতএবেন্দ্রিয়াদীনামর্থবত্ত্বমিতরথা বৈয়র্থ্যমিন্দ্রিয়াণাং ভবেৎ।

কণাদ-দর্শনের মতে আত্মা আগন্তুক-চৈতন্য, অর্থাৎ আত্মা স্বতঃ চেতন নহেন, নিমিত্ত বশতঃ তাঁহাতে চৈতন্যনামক গুণ জন্মে। আবার সাংখ্যদর্শনের মতে আত্মা নিত্যচৈতন্যরূপী। এই দুই বিরুদ্ধ মতদৃষ্টে সংশয় হয় যে, আত্মা কিংস্বরূপ ? তিনি কি বৈশেষিকদিগের ন্যায় আগন্তুকচৈতন্য ? না সাংখ্যের অভিমত নিত্যচৈতন্যরূপী ? কি পাওয়া যায় ? যুক্তিতে আগন্তুক-চৈতন্যতাই পাওয়া যায়। যদ্রূপ অগ্নির সহিত ঘটের সংযোগ হইলে ঘটে লৌহিত্য গুণ জন্মে, তদ্রূপ, মনের সহিত আত্মার সংযোগ হইলে পর আত্মাতে ও চৈতন্যগুণ জন্মে। আত্মা নিত্যচৈতন্যরূপী হইলে অবশ্যই সুপ্ত, মূর্চ্ছিত ও গ্রহাবিষ্ট অবস্থায়ও চৈতন্য দর্শন থাকিত। ঐ সকল অবস্থায় যে, চৈতন্য থাকে না, চৈতন্যের অভাব হয়, তাহা ঐ সকল অবস্থার পর তাহারাই ব্যক্ত করিয়া থাকে। তাহারা বলে, আমরা অচেতন ছিলাম, কিছুই জানিতে পারি নাই। অপিচ, যখন তাহারা স্বস্থ হয়, তখন তাহাদের চৈতন্যাগম হইয়া থাকে। [অতঃ...তিষ্ঠতে] আত্মা কখন

---

* অতএব উক্তাদেব হেতোঃ আত্মা জ্ঞঃ নিত্যচৈতন্যস্বরূপঃ। যস্মান্নোৎপদ্যতে পরমেব ব্রহ্মাবিকৃতমুপাধিসম্পর্কাজ্জীবভাবেনাবতিষ্ঠতে, তস্মাদেব কারণাদাত্মা জ্ঞঃ নিত্যোদিতচৈতন্যরূপ ইত্যর্থঃ।

যেহেতু আত্মার উৎপত্তি প্রলয় নাই, অবিকৃত ব্রহ্মই উপাধিবশে জীবভাবপ্রাপ্ত, সেই হেতু আত্মা নিত্যচৈতন্যরূপী, আগন্তুকচৈতন্য নহেন।

পদ্যতে, পরমেব ব্রহ্মাবিকৃতমুপাধিসম্পর্কাজ্জীবভাবেনাবতিষ্ঠতে। পরস্য হি ব্রহ্মণশ্চৈতন্যস্বরূপত্বমাম্নাতং "বিজ্ঞানমানন্দং ব্রহ্ম" "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" "অনন্তরোঽবাহ্যঃ প্রজ্ঞানঘন এব" ইত্যাদিষু শ্রুতিষু। তদেব চেৎ পরং ব্রহ্ম জীবঃ, তস্মাজ্জীবস্যাপি নিত্যচৈতন্যস্বরূপত্বমগ্ন্যৌষ্ণ্য-প্রকাশবদিতি গম্যতে। বিজ্ঞানময়প্রক্রিয়ায়াঞ্চ শ্রুতয়ো ভবন্তি "অসুপ্তঃ সুপ্তানভিচাকশীতি" ইতি, "অত্রায়ং পুরুষঃ স্বয়ং জ্যোতির্ভবতি", "ন হি বিজ্ঞাতুর্বিজ্ঞাতের্বিপরিলোপো বিদ্যতে" ইত্যেবংরূপাঃ। অথ "যো বেদেদং জিঘ্রাণি" ইতি, "স আত্মা" ইতি চ সর্ব্বৈঃ করণদ্বারৈরিদং বেদেদং বেদেতি বিজ্ঞানেনানুসন্ধানাৎ তদ্রূপত্বসিদ্ধিঃ। নিত্যস্বরূপচৈতন্যত্বে ঘ্রাণাদ্যানর্থক্যমিতি চেৎ, ন,

---

নিত্যচৈতন্যশ্রুতয়শ্চ শক্ত্যভিপ্রায়েণ ব্যাখ্যেয়াঃ। অস্তি হি জ্ঞানোৎপাদনশক্তির্নিত্যা জীবানাং, ন তু ব্যোম ইবেন্দ্রিয়াদিসন্নিকর্ষেঽপ্যেষাং জ্ঞানং ন ভবতীতি। তস্মাজ্জড়া এব জীবা ইতি প্রাপ্তেঽভিধীয়তে।

চেতন, কখনও অচেতন, এতদ্দৃষ্টে স্থির হয়, আত্মা নিত্যোদিতচৈতন্য নহেন, কিন্তু আগন্তুকচৈতন্য। এইরূপ পূর্ব্বপক্ষের সিদ্ধান্তার্থ বলা যাইতেছে।

আত্মা জ্ঞ অর্থাৎ নিত্যোদিতচৈতন্য। পূর্ব্বোক্ত হেতুই তাহার হেতু। অর্থাৎ যেহেতু আত্মা উৎপন্ন হন না, অবিকৃত পর ব্রহ্মই দেহাদি-উপাধিসম্পর্কে জীবভাবান্বিত আছেন, সেই হেতু তিনি নিত্যচৈতন্যরূপী আগন্তুকচৈতন্য নহেন। [পরস্য...রূপাঃ] পরব্রহ্মের চৈতন্যরূপতা "বিজ্ঞান ও আনন্দই ব্রহ্ম" "ব্রহ্ম সত্যজ্ঞানানন্দস্বরূপ" "ব্রহ্মের অন্তর্বাহ্য নাই, তিনি পূর্ণ ও জ্ঞানঘন" ইত্যাদি শ্রুতিতে অভিহিত আছে। তাদৃশ পরব্রহ্মের জীবভাববোধক শাস্ত্রের ও যুক্তির দ্বারাও জানা যায় যে, জীবও নিত্যচৈতন্যরূপী। বিজ্ঞানময়প্রকরণেও ঐরূপ শ্রুতি আছে। যথা—"তিনি সুপ্ত হন না, স্বয়ম্প্রকাশ থাকেন, থাকিয়া লুপ্তব্যাপার ইন্দ্রিয়দিগকে দেখেন (সে সকলের সাক্ষী থাকেন)।" "সেই সময়ে এই পুরুষ (আত্মা) স্বয়ংজ্যোতিঃ (স্বয়ম্প্রকাশ)।" "যিনি বিজ্ঞানের জ্ঞাতা, সাক্ষী, তাঁহার বিলোপ নাই।" ইত্যাদি। [অথ…মিত্যাদি] "ঘ্রাণ লইতেছি, ইহা যিনি জানেন, তিনিই আত্মা।" ইত্যাদি ইত্যাদি শ্রুতিতে 'ইহা জানিলাম, তাহা জানিলাম,' ইত্যাদিবিধ সমুদায় ঐন্দ্রিয়িক জ্ঞানের জ্ঞাতাকে বা অনুসন্ধাতাকে আত্মা বলায় আত্মার নিত্যজ্ঞানরূপতাই সিদ্ধ হয়। আত্মা যদি নিত্যজ্ঞানস্বরূপই হন, তাহা হইলে ঘ্রাণাদি ইন্দ্রিয়ের প্রয়োজন কি? কার্য্য কি? সে সকল নিরর্থক? এ আপত্তিই হইতে পারে না। কেন-না, তদ্দ্বারা গন্ধাদি বিশেষ বিশেষ বিষয়ের পরিচ্ছেদ (নির্দ্ধারণ) হইয়া থাকে। এ কথা শ্রুতিও বলিয়াছেন। যথা—"গন্ধজ্ঞানের নিমিত্ত ঘ্রাণ" ইত্যাদি।

গন্ধাদিবিষয়বিশেষপরিচ্ছেদার্থত্বাৎ। তথাহি দর্শয়তি—"গন্ধায় ঘ্রাণম্" ইত্যাদি।

যত্তু সুপ্তাদয়ো ন চেতয়ন্ত ইতি, তস্য শ্রুত্যৈব পরিহারোঽভিহিতঃ। সুষুপ্তং প্রকৃত্য "যদ্বৈ তন্ন পশ্যতি, পশ্যন্ বৈ তন্ন পশ্যতি। ন হি দ্রষ্টুর্দৃষ্টের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ। ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যৎ পশ্যেৎ" ইত্যাদিনা। এতদুক্তং ভবতি—বিষয়াভাবাদিয়মচেতয়মানতা, ন চৈতন্যাভাবাদিতি। যথা বিয়দাশ্রয়স্য প্রকাশস্য প্রকাশ্যাভাবাদনভিব্যক্তির্ন স্বরূপাভাবাৎ, তদ্বৎ। বৈশেষিকাদিতর্কশ্চ শ্রুতিবিরোধাদাভাসীভবতি। তস্মান্নিত্যচৈতন্যস্বরূপ এবাত্মেতি নিশ্চিনুমঃ ॥ ২। ৩। ১৮ ॥

যদাগন্তুকজ্ঞানং জড়স্বভাবং, তৎ কদাচিৎ পরোক্ষং কদাচিৎ সন্দিগ্ধং কদাচিদ্বিপর্য্যস্তম্, যথা ঘটাদি। ন চৈবমাত্মা। তথা হ্যনুমিমানোঽপ্যপরোক্ষঃ, স্মরন্নপ্যানুভবিকঃ, সন্দিহানোঽপ্যসন্দিগ্ধঃ, বিপর্য্যস্যন্নপ্যবিপরীতঃ সর্ব্বস্যাত্মা। তথা চ তৎস্বভাবঃ। ন চ তৎস্বভাবস্য চৈতন্যস্যাভাবস্তস্য নিত্যত্বাৎ। তস্মাদ্বৃত্তয়ঃ ক্রিয়ারূপাঃ সকর্ম্মিকাঃ কর্ম্মাভাবে সুষুপ্ত্যাদৌ নিবর্ত্তন্তে। ততশ্চ চৈতন্যমাত্মস্বভাবমিতি সিদ্ধম্। তথা চ নিত্যচৈতন্যবাদিন্যঃ শ্রুতয়ো ন কথঞ্চিৎ ক্লেশেন ব্যাখ্যাতব্যা ভবন্তি। গন্ধাদিবিষয়বৃত্ত্যুপজনে চেন্দ্রিয়াণামর্থবত্ত্বেতি সর্ব্বমবদাতম্ ॥ ২। ৩। ১৮ ॥

[যত্তু...ইত্যাদি না] বলিয়াছিলে যে, সুপ্ত পুরুষের চৈতন্য থাকে না, শ্রুতি তাহার প্রতিবাদে বলিয়াছেন। যথা—"আত্মা সুষুপ্তিকালে যে, দেখেন না, এমত নহে, দেখেন, অথচ দেখেন না। দ্রষ্টব্যই দেখেন না। যিনি দৃষ্টির দ্রষ্টা অর্থাৎ জ্ঞানের জ্ঞাতা (প্রকাশক বা সাক্ষী), তিনি অবিনাশী, সেই জন্য তখনও তাঁহার বিলোপ হয় না। তৎকালে দ্বিতীয় থাকে না, কেবল তিনিই থাকেন, অন্য সময়ে তাঁহা হইতে এ সকল (দ্রষ্টব্য) বিভক্ত হয়, তাই তিনি তাহা দেখেন।" [এতদুক্তং···নিশ্চিনুমঃ] উদাহৃত শ্রুতি ইহাই বলিয়াছেন যে, পুরুষ সুপ্তিকালে অচেতন হন না, অচেতনপ্রায় হন। অর্থাৎ সে অবস্থা চৈতন্যাভাব বশতঃ ঘটে না, বিষয়াভাব বশতই ঘটে। যেমন প্রকাশ্য বস্তুর অভাবে প্রকাশক পদার্থের অনভিব্যক্তি ঘটে (প্রকাশক না থাকার ন্যায় হয়), তেমনি, দ্রষ্টব্যের অভাবে দ্রষ্টারও অনভিব্যক্তি ঘটে; তাঁহার স্বরূপের অভাব হয় না। বৈশেষিকদিগের তর্করাশি শ্রুতিবাধিত, সুতরাং সে সকল তর্ক সৎতর্ক নহে, তাহা তর্কাভাস (তর্কের মতন)। বিচারের উপসংহার এই যে, প্রদর্শিত কারণে আত্মার চৈতন্যরূপতাই নিশ্চয় হয় ॥ ২। ৩। ১৮ ॥

উৎক্রান্তি-গত্যাগতীনাং ॥ ২। ৩। ১৯ ॥ *

ইদানীন্তু কিম্পরিমাণো জীব ইতি চিন্ত্যতে। কিমণুপরিমাণঃ? উত মধ্যমপরিমাণঃ? আহোস্বিন্মহৎপরিমাণঃ? ইতি। নন্বু চ নাত্মোৎপদ্যতে, নিত্যচৈতন্যশ্চায়মিত্যুক্তম্। অতশ্চ পর এবাত্মা জীব ইত্যাপততি। পরস্য চাত্মনোঽনন্তত্বমাম্নাতম্। তত্র কুতো জীবস্য পরিমাণচিন্তাবতার ইতি। উচ্যতে—সত্যমেতৎ, উৎক্রান্তিগত্যাগতিশ্রবণানি তু জীবস্য পরিচ্ছেদং প্রাপয়ন্তি। স্বশব্দেন চাস্য কচিদণুপরিমাণত্বমাম্নায়তে, তস্য সর্ব্বস্যানাকুলত্বোপপাদনায়ায়মারম্ভঃ।

তত্র প্রাপ্তং তাবৎ উৎক্রান্তিগত্যাগতীনাং শ্রবণাৎ পরিচ্ছিন্নো-

---

যদ্যপ্যবিকৃতস্যৈব পরমাত্মনো জীবভাবস্তথা চানণুপরিমাণত্বং, তথাপ্যুৎক্রান্তিগত্যাগতীনাং শ্রুতেশ্চ সাক্ষাদণুপরিমাণশ্রবণস্য চাবিরোধার্থমিদমধিকরণমিত্যাক্ষেপসমাধানাভ্যামাহ—"নন্বু চ" ইতি।

পূর্ব্বপক্ষং গৃহ্নাতি—"তত্র প্রাপ্তং তাবৎ" ইতি। বিভাগ-সংযোগোৎপাদৌ হি

অধুনা জীবের পরিমাণ বিচারিত হইবে। জীব কি ক্ষুদ্র? না মধ্যম-পরিমাণ (দেহ-পরিমাণ)? না মহৎপরিমাণ? যদি বল, আত্মা উৎপন্ন হন না, আত্মা নিত্যচৈতন্যস্বরূপ, এ কথা বলা হইয়াছে, তাহাতে ইহাও বলা হইয়াছে যে, পরমাত্মাই জীব, পরমাত্মা অনন্ত অর্থাৎ পূর্ণ, তবে আর জীবপরিমাণে সংশয়াদি স্থান পায় কৈ? বিচারই বা কি? তাহা বলিতেছি। যাহা বলিলে, তাহা সত্য, কিন্তু উৎক্রান্তি ও গত্যাগতি-শ্রুতি জীবের পরিচ্ছেদ (পরিমাণ থাকা) আপাদন করিতেছে। কোন কোন শ্রুতি সাক্ষাৎ পরিমাণ-বাচক শব্দের (অণু প্রভৃতি শব্দের) দ্বারা জীবের পরিমাণ থাকা উপদেশ করিয়াছেন। কাযেই সে সকলের প্রামাণ্য স্থির রাখিবার জন্য পরিমাণ-বিচার অবশ্য আরম্ভণীয়।

[তত্র...ইতি] প্রথমতঃ পাওয়া যায়, শ্রুতিতে যখন উৎক্রান্তি, গতি ও আগতি শুনা যায়, তখন জীব অবশ্যই পরিচ্ছিন্ন ও অণুপরিমাণ (ক্ষুদ্র)। উৎ-

---

* ইদানীং কিম্পরিমাণো জীব ইতি বিচার্য্যতে। তত্র উৎক্রান্তিশ্চ গতিশ্চাগতিশ্চ তাসাং শ্রবণাৎ জীবোঽণুপরিমাণ ইতি গম্যতে। পূর্ব্বপক্ষসূত্রমেতৎ।

জীব কিম্পরিমাণ? অর্থাৎ জীবের পরিমাণ কি? এ দিকে দেখা যায়, জীব ব্রহ্ম, অন্য দিকে দেখা যায়, জীবের দেহত্যাগ, পরলোকে গতি ও ইহলোকে আগমন হইয়া থাকে; সুতরাং পক্ষদ্বয় দৃষ্টে সংশয় হয়, জীব কিম্পরিমাণ? পূর্ব্বপক্ষে পাওয়া যায়, জীব ব্যাপক নহে, কিন্তু পরিচ্ছিন্ন অর্থাৎ ক্ষুদ্র। কেন-না, জীব উৎক্রান্ত হয়, দেহের বাহিরে যায়, আবার আইসে। ক্ষুদ্র পরিমাণ ব্যতীত তদ্রূপ গত্যাগতি ঘটে না। সর্ব্বব্যাপীর চলন নাই, গত্যাগতিও নাই। যে সর্ব্বব্যাপী অর্থাৎ পূর্ণ, সে আবার কোথায় যাইবে? গমনের প্রদেশই বা কৈ?

হণুপরিমাণো জীব ইতি। উৎক্রান্তিস্তাবৎ "স যদাস্মাচ্ছরীরা-দুৎক্রামতি, সহৈবৈতৈঃ সর্ব্বৈরুৎক্রামতি" ইতি। গতিরপি—"যে বৈ কে চাস্মাল্লোকাৎ প্রয়ন্তি, চন্দ্রমসমেব তে সর্ব্বে গচ্ছন্তি" ইতি। আগতিরপি "তস্মাল্লোকাৎ পুনরেত্যস্মৈ লোকায় কর্ম্মণে" ইতি। আসামুৎক্রান্তিগত্যাগতীনাং শ্রবণাৎ পরিচ্ছিন্ন-স্তাবজ্জীব ইতি প্রাপ্নোতি। ন হি বিভোশ্চলনমবকল্পত-ইতি। সতি চ পরিচ্ছেদে শরীরপরিমাণত্বস্যার্হতপরীক্ষায়াং নিরস্তত্বাদণুরাত্মেতি গম্যতে ॥ ২। ৩। ১৯ ॥

স্বাত্মনা চোত্তরয়োঃ ॥ ২। ৩। ২০ ॥ *

উৎক্রান্তিঃ কদাচিদচলতোঽপি গ্রামস্বাম্যনিবৃত্তিবদ্দেহ-স্বাম্যনিবৃত্ত্যা কর্ম্মক্ষয়েণাবকল্পেত, উত্তরে তু গত্যাগতী নাচ-

---

উৎক্রান্ত্যাদীনাং ফলম্। ন চ সর্ব্বগতস্য তৌ স্তঃ। সর্ব্বত্র নিত্যপ্রাপ্তস্য বা সর্ব্বাত্মকস্য বা তদসম্ভবাদিতি ॥ ২। ৩। ১৯ ॥

উৎক্রমণং হি মরণে নিরূঢ়ম্। তচ্চাচলতোঽপি তত্র সতো দেহস্বাম্যনিবৃ-ত্ত্যোপপদ্যতে, ন তু গত্যাগতী। তয়োশ্চলনে নিরূঢ়য়োঃ কর্ত্তৃস্থভাবয়োর্ব্যাপিনঃ

ক্রান্তি শ্রুতি যথা—"জীব যখন এই শরীর হইতে উৎক্রান্ত বা বহির্নির্গত হয়, তখন ইন্দ্রিয়ের ও প্রাণের সঙ্গে নির্গত হয়।" গতি শ্রুতি যথা—"যে কেহ এ লোক হইতে প্রয়াণ করে, দেহ-পরিত্যাগ করতঃ লোকান্তরগামী হয়, তাহারা সকলেই চন্দ্রলোকে গমন করে।" আগতিশ্রুতি যথা—"কর্ম্ম করিবার জন্য চন্দ্র-লোক হইতে তাহারা পুনর্ব্বার এই লোকে আগমন করে।" [আসা...গম্যতে] উৎক্রান্তি, গতি, আগতি, এই তিনের শ্রবণ (শ্রুতিতে কথন) থাকায় জীবের পরিচ্ছিন্নতাই পাওয়া যায়। বিভুর (পূর্ণ বা ব্যাপক পদার্থের) উৎক্রান্ত্যাদি অসম্ভব। তাহা কল্পনারও অযোগ্য। অতএব, পরিচ্ছেদ থাকা অবধারিত হওয়ায় এবং জৈনমত পরীক্ষায় মধ্যম-পরিমাণ (দেহপরিমাণ) নিরস্ত হওয়ায় অণুপরি-মাণই এখন গ্রাহ্য ॥ ২। ৩। ১৯ ॥

কদাচিৎ বিনা চলনেও উৎক্রান্তি সম্ভাবিত হইতে পারে। যেমন গ্রামস্বামিত্ব নিবৃত্ত হইলে তাহা উৎক্রান্তি শব্দের অভিধেয় হয়, তেমনি, কর্ম্মক্ষয় বশতঃ দেহ-

---

* উত্তরয়োঃ গত্যাগত্যোঃ স্বাত্মনা কর্ত্রা সম্বন্ধাচ্চাণুত্বসিদ্ধিরিতি শেষঃ।
গতি ও আগতি এ দুটী কর্ত্তার সহিত সম্বন্ধ। অর্থাৎ কর্ত্তার চলন ব্যতীত গমনাগমন অসম্ভব। এতৎকারণেও জীবের অণুত্ব পক্ষ গ্রাহ্য।

লতঃ সম্ভবতঃ, স্বাত্মনা হি তয়োঃ সম্বন্ধো ভবতি, গমেঃ কর্ত্তৃস্থক্রিয়াত্বাৎ। অমধ্যমপরিমাণস্য চ গত্যাগতী অণুত্ব এব সম্ভবতঃ। সত্যোশ্চ গত্যাগত্যোরুৎক্রান্তিরপ্যপসৃপ্তিরেব দেহাদিতি প্রতীয়তে। ন হ্যনপসৃপ্তস্য দেহাদ্গত্যাগতী স্যাতাং, দেহপ্রদেশানাঞ্চোৎক্রান্তাবপাদানত্ববচনাৎ "চক্ষুষ্টো বা মূর্দ্ধ্নো বাঽন্যেভ্যো বা শরীরদেশেভ্যঃ" ইতি। "স এতাস্তেজোমাত্রাঃ সমভ্যাদদানো হৃদয়মেবান্ববক্রামতি, শুক্রমাদায় পুনরেতি স্থানম্" ইতি চান্তরেঽপি শরীরে শারীরস্য গত্যাগতী ভবতঃ, তস্মাদপ্যস্যাণুত্বসিদ্ধিঃ ॥ ২। ৩। ২০ ॥

সম্ভবাৎ ইতি মধ্যমং পরিমাণং মহত্ত্বং শারীরস্যৈব, তচ্চাদ্বৈতপরীক্ষায়াং প্রত্যুক্তম্। গত্যাগতী চ পরমমহতি ন সম্ভবতোঽতঃপারিশেষ্যাদণুত্বসিদ্ধিঃ। গত্যাগতিভ্যাঞ্চ প্রাদেশিকত্বসিদ্ধৌ মরণমপি দেহাদপসর্পণমেব জীবস্য, ন তু তত্র সতঃ স্বাম্যনিবৃত্তিমাত্রমিতি সিদ্ধমিত্যাহ—"সত্যোশ্চ গত্যাগত্যোঃ" ইতি। ইতশ্চ দেহাদপসর্পণমেব জীবস্য মরণমিত্যাহ—"দেহপ্রদেশানাম্" ইতি। তস্মাদ্গত্যাগত্যপেক্ষোৎক্রান্তিরপি স্বাপাদানাণুত্বসাধনমিত্যর্থঃ। ন কেবলমুপাদানশ্রুতেঃ, তচ্ছরীরপ্রদেশগন্তব্যত্বশ্রুতেরপ্যেবমেবেত্যাহ—"স এতাস্তেজোমাত্রাঃ" ইতি ॥ ২। ৩। ২০ ॥

স্বামিত্বনিবৃত্তি হইলেও তাহা উৎক্রান্তি শব্দের বোধ্য হইতে পারে। পারে বটে ; কিন্তু গতি ও আগতি এ দুটী বিনা চলনে হয় না। যেহেতু তদুভয়ের সহিত আত্মার (কর্ত্তার) সম্বন্ধ আছে। প্রত্যেক গমনক্রিয়া (গতি) কর্ত্তৃনিষ্ঠ। [অমধ্যম... সিদ্ধিঃ] অমধ্যম-পরিমাণের গত্যাগতি বিনা অণুত্বে সম্ভব হয় না। যখন গত্যাগতি থাকিল, তখন, অবশ্যই অপসর্পণরূপা উৎক্রান্তি, দেহস্বামিত্ব-নিবৃত্তিরূপা নহে, ইহা বুঝিতে হইবে। দেহ হইতে অপসৃত না হইলে গতি আগতি কিছুই হয় না। আরও দেখ, শাস্ত্রে দেহের প্রদেশবিশেষ উৎক্রান্তির অপাদানরূপে নির্দ্দিষ্ট আছে। যথা—"হয় চক্ষুঃ হইতে না হয় মূর্দ্ধা হইতে, অথবা অন্য অঙ্গ উৎক্রান্ত হয়" ইত্যাদি। "জীব তেজোমাত্রা অর্থাৎ ইন্দ্রিয়দিগকে গ্রহণপূর্ব্বক হৃদয়ে গমন করে, এবং শুক্র অর্থাৎ ইন্দ্রিয়দিগকে গ্রহণপূর্ব্বক পুনর্ব্বার স্বস্থানে অর্থাৎ জাগ্রদবস্থায় আগমন করে।" এ শ্রুতিতে দেহমধ্যেও জীবের গত্যাগতি শ্রুত হইতেছে। এতদ্দ্বারা জীবের অণুত্বই সিদ্ধ হয়, অন্য কিছু হয় না ॥ ২। ৩। ২০ ॥

নাণুরতচ্ছ্রুতেরিতি চেন্নেতরাধিকারাৎ ॥২।৩।২১॥*

অথাপি স্যান্নাণুরয়মাত্মা। কস্মাৎ। অতচ্ছ্রুতেরণুত্ববিপরীতপরিমাণশ্রবণাদিত্যর্থঃ। "স বা এষ মহানজ আত্মা যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু," "আকাশবৎ সর্ব্বগতশ্চ নিত্যঃ," "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইত্যেবঞ্জাতীয়কা হি শ্রুতিরাত্মনোঽণুত্বে বিপ্রতিষিধ্যেতেতি চেৎ। নৈষ দোষঃ। কস্মাৎ ? ইতরাধিকারাৎ। পরস্য হ্যাত্মনঃ প্রক্রিয়ায়ামেষা পরিমাণান্তরশ্রুতিঃ। পরস্যৈবাত্মনঃ প্রাধান্যেন বেদান্তেষু বেদিতব্যত্বেন প্রকৃতত্বাৎ "বিরজঃ পর আকাশাৎ" ইত্যেবম্বিধাচ্চ পরস্যৈবাত্মনস্তত্র তত্র বিশেষাধিকারাৎ।

ননু "যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু" ইতি শারীর এব মহত্ত্ব-

যত উৎক্রান্ত্যাদিশ্রুতিভির্জ্জীবানামণুত্বং প্রসাধিতং, ততো ব্যাপকাৎ পরমাত্মনস্তেষাং তদ্বিকারতয়া ভেদঃ। তথা চ মহত্ত্বানন্ত্যাদিশ্রুতয়ঃ পরমাত্মবিষয়া ন জীববিষয়া ইত্যবিরোধ ইত্যর্থঃ॥

যদি জীবা অণবঃ, ততো যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষ্বিতি কথং শারীরো মহত্ত্বসম্বন্ধিত্বেন প্রতিনির্দ্দিশ্যতে ? ইতি চোদয়তি—"ননু" ইতি। পরিহরতি—"শাস্ত্র-

---

যদি কেহ বলেন, আপত্তি করেন; আত্মা অণু নহে। হেতু এই যে, শ্রুতি জীবকে অণু-বিপরীত অর্থাৎ মহান্ বলিয়াছেন। যথা—"সেই এই আত্মা মহান্ ও জন্মরহিত—যিনি প্রাণ সমূহের মধ্যে বিজ্ঞানময়।" "আকাশের ন্যায় সর্ব্বগত ও নিত্য।" "সত্য, জ্ঞান, অনন্ত ও ব্রহ্ম (বৃহৎ)।" ইত্যাদি। এই সকল শ্রুতি আত্মার অণুত্ব-বিরোধী। ইহার প্রত্যুত্তরে বলা যায়, উহা দোষ নহে। কেন-না, ঐ সকল কথা ব্রহ্মপ্রকরণে অভিহিত। ঐ পরিমাণান্তর (বৃহৎপরিমাণ) পরমাত্মপ্রকরণে কথিত এবং বেদান্তমধ্যে পরমাত্মাই প্রধান বেদিতব্য (জ্ঞেয়) রূপে প্রস্তাবিত (প্রস্তাবের বিষয়)। "আকাশ হইতেও শ্রেষ্ঠ ও রজঃশূন্য—নির্ম্মল" এইরূপ এইরূপ বিশেষাধিকার সেই সেই বেদান্তে অবস্থিত দেখা যায়।

[ননু ..বিরুধ্যতে] যদি বল, "যিনি প্রাণের মধ্যে বিজ্ঞানময়" এ অধিকার

---

* অতচ্ছ্রুতেঃ অণুত্ববিপরীতপরিমাণশ্রুতেঃ মহত্ত্বশ্রুতেরিতি যাবৎ জীবো নাঽণুরিতি ন, কিন্ত্বণুরেবেতি কাকুঃ। কুতঃ। ইতরাধিকারাৎ ব্রহ্মপ্রকরণাৎ।

শ্রুতিতে মহৎপরিমাণ কথিত হওয়ায় জীব অণু নহে, এরূপ বলা যায় না। কেন-না, সে কথা (ঐ মহৎ পরিমাণের উক্তি) ব্রহ্মপ্রকরণে কথিত। তাহা ব্রহ্মেরই পরিমাণ; সুতরাং তাহা জীবাণুপরিমাণের বিরোধী নহে !

সম্বন্ধিত্বেন প্রতিনির্দ্দিশ্যতে। শাস্ত্রদৃষ্ট্যা ত্বেষ নির্দ্দেশো বামদেববদ্ দ্রষ্টব্যঃ। তস্মাৎ প্রাজ্ঞবিষয়ত্বাৎ পরিমাণান্তরশ্রবণস্য ন জীবস্যাণুত্বং বিরুধ্যতে॥ ২। ৩। ২১॥

স্বশব্দোন্মানাভ্যাঞ্চ॥ ২। ৩। ২২॥ *

ইতশ্চাণুরাত্মা, যতঃ সাক্ষাদেবাস্যাণুত্ববাচী শব্দঃ শ্রূয়তে, "এষোঽণুরাত্মা চেতসা বেদিতব্যো যস্মিন্ প্রাণঃ পঞ্চধা সম্বিবেশ" ইতি। প্রাণসম্বন্ধাচ্চ জীব এবায়মণুরভিহিত ইতি গম্যতে। তথা, উন্মানমপি জীবস্যাণিমানং গময়তি—"বালাগ্রশতভাগস্য শতধা কল্পিতস্য চ। ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ"

দৃষ্ট্যা"—পারমার্থিকদৃষ্ট্যা নির্দ্দেশো বামদেববৎ। যথা হি গর্ভস্থ এব বামদেবো জীবঃ পরমার্থদৃষ্ট্যাত্মনো ব্রহ্মত্বং প্রতিপেদে, এবং বিকারাণাং প্রকৃতের্ব্বাস্তবাদভেদাত্তৎপরিমাণত্বব্যপদেশ ইত্যর্থঃ॥ ২। ৩। ২১॥

স্বশব্দং বিভজতে—"সাক্ষাদেব" ইতি। উন্মানং বিভজতে—"তথা, উন্মানমপি" ইতি। উদ্ধৃত্য মানমুন্মানম্। বালাগ্রাদুদ্ধৃতঃ শততমো ভাগস্তস্মাদপি শততমাদুদ্ধৃতঃ শততমো ভাগ ইতি তদিদমুন্মানম্। আরাগ্রাদুদ্ধৃতং মান-

---

জীবসম্বন্ধীয় মহত্ত্বের ব্যাপক; বস্তুতঃ তাহা নহে। ঐ নির্দ্দেশ বা ঐ বর্ণনা বামদেব ঋষির শাস্ত্রীয় দৃষ্টি-দৃষ্টান্তের অনুযায়ী অর্থাৎ পারমার্থিক, ইহা বুঝিতে হইবেক। (বামদেব ঋষি জ্ঞানী হইয়া আপনার সর্ব্বাত্মকত্তা অনুভব করতঃ বলিয়াছিলেন, আমি মনু, এবং আমি সূর্য্য হইয়াছিলাম ইত্যাদি)। অতএব, পরিমাণান্তর শ্রবণ প্রাজ্ঞবিষয়ক। প্রাজ্ঞবিষয়ক বলিয়া অণু-পরিমাণের অবিরোধী (প্রাজ্ঞ = পরমেশ্বর)॥ ২। ৩। ২১॥

আত্মা (জীব) অণু, এ নির্ণয়ে অন্য হেতুও আছে। তাহা এই—শ্রুতি জীবের স্পষ্টরূপে অণুত্ববাচক-শব্দের প্রয়োগ করিয়াছেন। যথা—"যাহাতে প্রাণ পঞ্চধা বিভক্ত হইয়া আবিষ্ট আছে, সেই এই অণু (সূক্ষ্ম) আত্মা চিত্তের দ্বারা জ্ঞাতব্য।" প্রাণের সহিত সম্বন্ধ আছে, সে কারণেও শ্রুতিতে আত্মার অণুত্ব কথিত হইয়াছে। অপিচ, উন্মান-কথনও জীবের অণুত্ব বোধ করায়। উন্মান-কথন যথা—"কেশের অগ্রভাগ শতভাগে বিভক্ত করিলে তাহার এক ভাগ পরিমাণ জীব, ইহা জ্ঞাতব্য।" "তিনি অবর হইলেও আরাগ্র

---

* স্বশব্দোঽণুবাচকঃ শব্দঃ। উদ্ধৃত্য মানমুন্মানম্। বালাগ্রাদুদ্ধৃতঃ শততমোভাগস্তস্মাদপ্যুদ্ধৃতঃ শততমো ভাগ ইত্যেবং রীত্যাঽত্যল্পত্বমেবোন্মানম্। তাভ্যামপি জীবাণুত্বং গম্যতে।

সাক্ষাৎ অণুবাচক শব্দ ও উন্মান অর্থাৎ অল্প হইতেও অল্প, এই দ্বিবিধ প্রয়োগ থাকায় জীবের অণুত্বই সিদ্ধ হয়।

ইতি, "আরাগ্রমাত্রো হ্যবরোঽপি দৃষ্টঃ" ইতি চোন্মানান্তরম্ ॥ ২ । ৩ । ২২ ॥

নম্বণুত্বে সত্যেকদেশস্থস্য সকলদেহগতোপলব্ধির্ব্বিরুধ্যতে। দৃশ্যতে চ জাহ্নবীহ্রদনিমগ্নানাং সর্ব্বাঙ্গশৈত্যোপলব্ধিঃ, নিদাঘসময়ে চ সকলশরীরপরিতাপোপলব্ধিরিত্যত উত্তরং পঠতি।—

অবিরোধশ্চন্দনবৎ ॥ ২ । ৩ । ২৩ ॥ *

যথা হি হরিচন্দনবিন্দুঃ শরীরৈকদেশসম্বন্ধোঽপি সন্ সকলদেহব্যাপিনমাহ্লাদং করোতি, এবমাত্মাপি দেহৈকদেশস্থঃ সকলদেহব্যাপিনীমুপলব্ধিং করিষ্যতি। ত্বক্সম্বন্ধাচ্চাস্য সকলশরীরগতা বেদনা ন বিরুধ্যতে, ত্বগাত্মনোর্হি সম্বন্ধঃ কৃৎস্নায়াং ত্বচি বর্ত্ততে, ত্বক্ চ কৃৎস্নশরীরব্যাপিনীতি ॥২।৩।২৩॥

মারাগ্রমাত্রমিতি ॥ ২ । ৩ । ২২ ।

সূত্রান্তরমবতারয়িতং চোদয়তি—"নম্বণুত্বে সতি" ইতি। অণুরাত্মা ন শরীরব্যাপীতি ন সর্ব্বাঙ্গীণশৈত্যোপলব্ধিঃ স্যাদিত্যর্থঃ।

ত্বক্সংযুক্তো হি জীবঃ, ত্বক্ চ সকলশরীরব্যাপিনীতি ত্বগ্ব্যাপ্যাত্মসম্বন্ধঃ সকলশৈত্যোপলব্ধৌ সমর্থ ইত্যর্থঃ ॥ ২ । ৩। ২৩ ॥

(আরা=চর্ম্মবেধিকা শলাকা—লোহার কাঁটা।) প্রমাণে দৃষ্ট হন।" ইহাও উন্মান-কথন ॥২।৩।২২॥

[নম্বণুত্বে......পঠতি] বলিতে পার যে, আত্মা যখন অণু, তখন তিনি শরীরের একাংশেই থাকেন, একাংশে থাকা সত্য হইলে যুগপৎ সমুদায় দেহে বেদনাদির জ্ঞান কিরূপে হয়? হ্রদনিমগ্ন দিগের যুগপৎ সর্ব্বাঙ্গে শৈত্যানুভব কি হেতু হয়? নিদাঘকালেই বা সকল শরীরে তাপ জ্ঞান কিসে হয়? ইহার প্রত্যুত্তর সূত্র এই—

যেমন শরীরের একস্থানে এক বিন্দু চন্দন স্থাপিত হইলে সর্ব্বশরীরব্যাপী আহ্লাদ জন্মে, সেইরূপ, দেহৈকদেশস্থ আত্মাও সকল দেহব্যাপী বেদনাদির উপলব্ধি (অনুভব) করেন। ত্বক্সম্বন্ধ থাকায় ঐরূপ উপলব্ধি অবিরুদ্ধ। ত্বগাত্ম-সম্বন্ধ সমুদায় ত্বকে থাকে, ত্বক্ সর্ব্বশরীরব্যাপিনী, সেই কারণে প্রোক্ত প্রণালীতে প্রোক্ত উপলব্ধি সম্পন্ন হয় ॥ ২ । ৩ । ২৩ ॥

---

* চন্দনদৃষ্টান্তেনাঽবিরোধো ভবতি। আত্মসংযুক্তায়াস্ত্বচো দেহব্যাপিস্পর্শোপলব্ধিকারণায়া মহিমাত্মনো ব্যাপিকার্য্যকারিত্বমবিরুদ্ধমিত্যর্থঃ।

আত্মা অণু হইলেও চন্দনস্পর্শদৃষ্টান্তে তাহার দেহব্যাপিকার্য্যকারিত্বের বাধা হয় না। (ভাষ্য দেখ)।

অবস্থিতিবৈশেষ্যাদিতি চেন্নাভ্যুপ-গমাদ্ধৃদি হি ॥ ২। ৩। ২৪ ॥ *

অত্রাহ। যদুক্তমবিরোধশ্চন্দনবদিতি, তদযুক্তং, দৃষ্টান্ত-দার্ষ্টান্তিকয়োরতুল্যত্বাৎ। সিদ্ধে হ্যাত্মনো দেহৈকদেশস্থত্বে, চন্দনদৃষ্টান্তো ভবতি। প্রত্যক্ষস্তু চন্দনস্যাবস্থিতিবৈশেষ্যম্ এক-দেশস্থত্বং সকলদেহাহ্লাদনঞ্চ। আত্মনঃ পুনঃ সকলদেহোপ-লব্ধিমাত্রং প্রত্যক্ষং, নৈকদেশবর্ত্তিত্বম্, অনুমেয়ন্তু তদিতি যদ্যপ্যুচ্যেত, ন চাত্রানুমানং সম্ভবতি। কিমাত্মনঃ সকলশরীর-গতা বেদনা ত্বগিন্দ্রিয়স্যেব সকলদেহব্যাপিনঃ সতঃ? কিং বা বিভোর্নভস ইব? আহোস্বিচ্চন্দনবিন্দোরিবাণোরেকদেশস্থস্য? ইতি সংশয়ানিবৃত্তেরিতি।

চন্দনবিন্দোঃ প্রত্যক্ষতোঽল্পীয়স্ত্বং বুদ্ধা যুক্তা কল্পনা ভবতি। যস্য তু সন্দি-গ্ধমণুত্বং সর্ব্বাঙ্গীণঞ্চ কার্য্যমুপলভ্যতে, তস্য ব্যাপিত্বমৌৎসর্গিকমপহায় নেয়ং কল্পনাবকাশং লভত ইতি শঙ্কার্থঃ। ন চ হরিচন্দনবিন্দুদৃষ্টান্তেনাণুত্বানুমানং জীবস্য, প্রতিদৃষ্টান্তসম্ভবেনানৈকান্তিকত্বাদিত্যাহ—"ন চাত্রানুমানম্" ইতি।

এই স্থলে কেহ কেহ বলিবেন, আপত্তি করিবেন, চন্দনের দৃষ্টান্ত অযুক্ত। যেহেতু উহা দার্ষ্টান্তিকের সমান নহে। যদি আত্মার একদেশস্থতা সিদ্ধ হইত, তাহা হইলে ঐ দৃষ্টান্ত সঙ্গত হইত। (অদ্যাপি আত্মার দেহৈকদেশস্থতা নির্ণীত হয় নাই)। চন্দনের অবস্থিতিবৈশেষ্য অর্থাৎ নির্দিষ্টস্থানে অবস্থান প্রত্যক্ষ, সকলদেহাহ্লাদকতাও প্রত্যক্ষ, কিন্তু আত্মার সকলদেহোপলব্ধিমাত্র প্রত্যক্ষ, একদেশস্থতা অপ্রত্যক্ষ। [অনু......রিতি] তাহা অনুমেয়, এ কথা বলিতে পার না। অনুমান অসম্ভব। (আত্মা অল্প; তৎপ্রতি হেতু, ব্যাপিকার্য্যকারিত্ব, তাহার দৃষ্টান্ত চন্দনবিন্দু। এ অনুমান অযুক্ত)। সকলদেহব্যাপিনী বেদনা কি, আত্মা সকল-দেহব্যাপী ত্বগিন্দ্রিয়ের ন্যায় ব্যাপী বলিয়া অনুভূতা হয়? অথবা আকাশের ন্যায় সর্ব্বব্যাপী বলিয়া? অথবা চন্দনবিন্দুর দৃষ্টান্তে একদেশস্থ ও অল্প বলিয়া? এ সংশয় নিবৃত্ত হয় না। অর্থাৎ সংশয়িত অনুমান অগ্রাহ্য।

---

* বিশেষ এব বৈশেষ্যং একদেশস্থতানিশ্চয়ঃ। চন্দনবিন্দোরবস্থানবৈশেষ্যাদেকদেশস্থতা-নিশ্চয়ান্ন চন্দনবিন্দুর্দৃষ্টান্তো ভবিতুমর্হতীতি বক্তব্যম্। কুতঃ? অভ্যুপগমাৎ। অভ্যুপগম্যতে হি চন্দনস্যেবাত্মনোঽবস্থানবৈশেষ্যং দেহৈকদেশবৃত্তিত্বং, হৃদি হ্যেষ আত্মেত্যাদিশ্রুতৌ চন্দনবিন্দোরল্পত্বস্য প্রত্যক্ষত্বাৎ তদ্ব্যাপ্ত্যা ব্যাপিকার্য্যকারিত্বকল্পনা যুক্তা। জীবস্য ত্বণুত্বে সন্দেহাৎ ব্যাপিকার্য্যদৃষ্ট্যা ব্যাপিত্বকল্পনমেব যুক্তমিতি শঙ্কাভাগতাৎপর্য্যম্।

চন্দন অল্প, তাহার একস্থানে অবস্থান প্রত্যক্ষ, সে কারণে তাহা দৃষ্টান্ত হইতে পারে না। আত্মার অণুত্ব সাংশয়িক, সুতরাং তাহা অসাংশয়িকের সহিত তুলিত হইতে পারে না; এরূপ বলিও না। আত্মারও হৃদয়াবস্থান নিশ্চিত আছে। (ভাষ্যানুবাদ দেখ)।

অত্রোচ্যতে—নায়ং দোষঃ। কস্মাৎ? অভ্যুপগমাৎ। অভ্যুপগম্যতে হ্যাত্মনোঽপি চন্দনস্যেব দেহৈকদেশবৃত্তিত্বমবস্থিতিবৈশেষ্যম্। কথমিতি? উচ্যতে, হৃদি হ্যেষ আত্মা পঠ্যতে বেদান্তেষু "হৃদি হ্যেষ আত্মা" "সবা এষ আত্মা হৃদি", "কতম আত্মা, যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু হৃদ্যন্তর্জ্যোতিঃ পুরুষঃ" ইত্যাদ্যুপদেশেভ্যঃ। তস্মাৎ দৃষ্টান্তদার্ষ্টান্তিকয়োরবৈষম্যাদ্ যুক্তমেবৈতদবিরোধশ্চন্দনবদিতি ॥ ২। ৩। ২৪ ॥

গুণাদ্বালোকবৎ ॥ ২। ৩। ২৫ ॥ *

চৈতন্যগুণব্যাপ্তের্ব্বা অণোরপি সতো জীবস্য সকলদেহব্যাপি কার্য্যং ন বিরুধ্যতে। যথা লোকে মণিপ্রদীপপ্রভৃতী-

শঙ্কামিমামপাকরোতি—"অত্রোচ্যতে"ইতি। যদ্যপি পূর্ব্বোক্তাভিঃ শ্রুতিভিরণুত্বং সিদ্ধমাত্মনঃ, তথাপি বৈভবাচ্ছ্রুত্যন্তরমুপন্যস্তম্ ॥ ২। ৩। ২৪ ॥

যে তু—সাবয়বত্বাচ্চন্দনবিন্দোরণুসঞ্চারেণ দেহব্যাপ্তিরুপপদ্যতে, ন ত্বাত্মনো-

[অত্রো···বদিতি] প্রতিবাদী এই বিষয়ের প্রত্যুত্তরে বা প্রোক্ত আপত্তির খণ্ডনে বলিতেছেন—চন্দনবিন্দুর দৃষ্টান্ত সদোষ নহে। হেতু এই যে, তাহা স্বীকার আছে। চন্দনবিন্দুর ন্যায় আত্মারও দেহৈকদেশে অবস্থান কথিত হইয়াছে। কোথায়? তাহা বলিতেছি। আত্মা হৃদয়দেশে অবস্থান করেন, ইহা বেদান্তশাস্ত্রে পঠিত হইয়াছে। যথা—"এই আত্মা হৃদয়ে।" "সেই, এই প্রসিদ্ধ আত্মা হৃদয়ে", "কোন্ আত্মা?" "প্রাণের মধ্যে যিনি বিজ্ঞানময় হৃদয়ে যিনি অন্তর্জ্যোতিঃ পুরুষ" ইত্যাদি। অতএব চন্দন দৃষ্টান্ত বিষম দৃষ্টান্ত নহে। যেহেতু বিষম দৃষ্টান্ত নহে, প্রত্যুত সমদৃষ্টান্ত, সেই হেতু চন্দন-দৃষ্টান্ত

জীব অণু (সূক্ষ্ম) হইলেও চৈতন্যগুণের ব্যাপ্তিতে সকল দেহব্যাপী কার্য্য সম্পন্ন হইতে পারে। যেমন রত্ন ও প্রদীপ একস্থানে থাকে; কিন্তু তাহার প্রভা গৃহব্যাপিনী হইয়া সমুদায় প্রকাশ্য প্রকাশ করে, সেইরূপ

* বা-শব্দেন চন্দনদৃষ্টান্তাপরিতোষঃ সূচিতঃ। মাভূচ্চন্দনদৃষ্টান্তঃ, আলোকদৃষ্টান্তেন ভবিতব্যম্। গুণাৎ চৈতন্যগুণব্যাপ্তেরণোরপি জীবস্যালোকদৃষ্টান্তেন সকলদেহব্যাপি কার্য্যং ন বিরুধ্যত-ইতি যোজনা।

দীপ অল্প, অল্পস্থানে স্থিত, তথাপি তাহার প্রভা সকল গৃহোদর ব্যাপিয়া থাকে, এতদ্দৃষ্টান্তে জীবেরও চৈতন্যগুণ ব্যাপিকার্য্যকারী অর্থাৎ তদ্দ্বারা দেহব্যাপী কার্য্য নির্ব্বাহ হয়, ইহা অনুমান করা যাইতে পারে।

নামপবরকৈকদেশবর্ত্তিনামপি প্রভা অপবরকব্যাপিনী সতী কৃৎস্নেঽপবরকে কার্য্যং করোতি, তদ্বৎ। স্যাৎ কদাচিচ্চন্দনস্য সাবয়বত্বাৎ সূক্ষ্মাবয়ববিসর্পণেনাপি সকলদেহ আহ্লাদয়িতৃত্বং, ন ত্বণোর্জ্জীবস্যাবয়বাঃ সন্তি, যৈরয়ং সকলং দেহং বিপ্রসর্পতীত্যাশঙ্ক্য গুণাদ্বালোকবদিত্যুক্তম্।

কথং পুনর্গুণো গুণিব্যতিরেকেণান্যত্র বর্ত্তেত। ন হি পটস্য শুক্লো গুণঃ পটব্যতিরেকেণান্যত্র বর্ত্তমানো দৃশ্যতে। প্রদীপপ্রভাবত্তবেদিতি চেৎ, ন, তস্যা অপি দ্রব্যত্বাভ্যুপগমাৎ। নিবিড়াবয়বং হি তেজোদ্রব্যং প্রদীপঃ, প্রবিরলাবয়বন্তু তেজোদ্রব্যমেব প্রভেতি। অতউত্তরং পঠতি—॥ ২। ৩। ২৫ ॥

ব্যতিরেকো গন্ধবৎ ॥ ২। ৩। ২৬ ॥*

যথা গুণস্যাপি সতো গন্ধস্য গন্ধবদ্দ্রব্যব্যতিরেকেণা-

ঽনবয়বস্যাণুসঞ্চারঃ সম্ভবী, তস্মাদ্বৈষম্যমিতি মন্যন্তে, তান্ প্রতীদমুচ্যতে,—"গুণাদ্বালোকবৎ" ইতি।

তদ্বিভজতে—"চৈতন্যে"তি। যদ্যপ্যণুর্জীবঃ, তথাপি তদ্গুণশ্চৈতন্যং সকলদেহব্যাপি, যথা প্রদীপস্যাল্পত্বেঽপি তদ্গুণঃ প্রভা সকলগৃহোদরব্যাপিনীতি। এতদপি শঙ্কাদ্বারেণ দূষয়িত্বা দৃষ্টান্তান্তরমাহ—॥ ২। ৩। ২৫ ॥

আত্মা অণু ও একস্থানাবস্থিত হইলেও তাহার চৈতন্যগুণ সর্ব্বদেহে ব্যাপ্ত হয়, তাই সকল দেহব্যাপিনী বেদনা যুগপৎ অনুভূত হয়। চন্দন সাবয়ব, তাহার সূক্ষ্মাংশ (পরমাণু) সকল দেহে প্রসর্পিত হইয়া পরিতৃপ্ত করে, কিন্তু জীব অণু ও নিরবয়ব, তাহার প্রসর্পণযোগ্য সূক্ষ্মাংশ নাই, সে জন্য অপ্রশস্ত চন্দনদৃষ্টান্ত ত্যাগ করিয়া "গুণাদ্বা" সূত্র বলা হইল।

বলিতে পার, গুণীকে পরিত্যাগ করিয়া গুণ কিপ্রকারে অন্যত্র থাকিতে পারে? বস্ত্রের শুক্ল গুণ কি বস্ত্র ত্যাগ করিয়া অন্যত্র বৃত্তিমান্ হয়? অবস্থিতি করে? দীপপ্রভার কথা বলিবে, তাহাও পারিবে না। কেন-না, তাহাও দ্রব্য, গুণ নহে। কারণ, নিবিড়াবয়ব তেজের নাম দীপ, আর বিরলাবয়ব তেজের নাম প্রভা। এই আপত্তির খণ্ডনার্থ সূত্র বলা হইতেছে—॥ ২। ৩। ২৫ ॥

তর্হি সংসারী” ইতি। অয়মর্থঃ—পরশ্চেৎ সংসারী, তস্যাবিদ্যাপ্রবিলয়ে মুক্তৌ সর্ব্বে মুচ্যেরন্নবিশেষাৎ। ততশ্চ সর্ব্বসংসারোচ্ছেদপ্রসঙ্গঃ। পরস্মাদন্যশ্চেৎ, স বুদ্ধ্যাদিসঙ্ঘাত এবেতি তস্যৈব তর্হি মুক্তিসংসারৌ নাত্মন ইতি। পরিহরতি—“নাবিদ্যাপ্রত্যুপস্থাপিতত্বাৎ” ইতি। ন পরমাত্মনো মুক্তিসংসারৌ, তস্য নিত্যমুক্তত্বাৎ। নাপি বুদ্ধ্যাদিসঙ্ঘাতস্য, তস্যাচেতনত্বাৎ, অপি ত্ববিদ্যোপস্থাপিতানাং বুদ্ধ্যাদিসঙ্ঘাতানাং ভেদাৎ, তদ্বুদ্ধ্যাদিসঙ্ঘাতভেদোপধান আত্মৈকোঽপি ভিন্ন ইব, বিশুদ্ধোঽপ্যবিশুদ্ধ ইব, ততশ্চৈকবুদ্ধ্যাদিসঙ্ঘাতাপগমে তত্র মুক্ত ইবেতরত্র বদ্ধ ইব, যথা মণিকৃপাণাদ্যুপধানভেদাদেকমেব মুখং নানেব দীর্ঘমিব বৃত্তমিব শ্যামমিবাবদাতমিব, অন্যতমোপধানবিগমে তত্র মুক্তমিবান্যত্রোপহিতমিবেতি নৈকমুক্তৌ সর্ব্বমুক্তিপ্রসঙ্গঃ। তস্মান্ন পরমাত্মনো মোক্ষসংসারৌ, নাপি বুদ্ধ্যাদিসঙ্ঘাতস্য, কিন্তু বুদ্ধ্যাদ্যুপহিতস্যাত্মস্বভাবস্য জীবভাবমাপন্নস্যেতি পরমার্থঃ। অত্রৈবান্বয়ব্যতিরেকৌ শ্রুতিভিরাদর্শয়তি—“তথা চ” ইতি।

কিন্তু ঔপাধিক। এ কথা শ্রুতিও বলিয়াছেন। যথা—“আত্মা যেন ধ্যানই করেন, যেন সঞ্চরণই করেন।” “আত্মা, ইন্দ্রিয় ও মন, এই তিনের যোগে ভোক্তা (কর্ত্তাও বটে, ভোক্তাও বটে)।” এ শ্রুতি উপাধিযুক্ত আত্মারই ভোক্তৃত্বাদি বিশেষজ্ঞানলাভ হওয়া দেখাইয়াছেন। [ন হি…সংহারাৎ] বিবেকীর দৃষ্টিতে পরমাত্মা ব্যতীত পৃথক্ কর্ত্তা ভোক্তা জীব নাই। কেন-না, তাঁহারা “এই পরমাত্মা হইতে ভিন্ন, এমন দ্রষ্টা নাই” ইত্যাদি শাস্ত্র শ্রবণ করিয়াছেন (শ্রবণাদির দ্বারা ঐ তত্ত্ব প্রত্যক্ষ করিয়াছেন)। অবিবেকী ভ্রান্তেরাই মিথ্যা জীব-পরমাত্মার ভেদ জানে। জীব পরমাত্মা হইতে ভিন্ন নহে। পরমাত্মা হইতে পৃথক্, এমন সঙ্ঘাতাতিরিক্ত চেতন জীব নাই। তাই বলিয়া পরমাত্মা যে, সংসারী ও কর্ত্তা ভোক্তা, তাহা নহে। কারণ, কর্ত্তৃত্বাদি অজ্ঞানকর্ত্তৃক উপস্থাপিত হয়। শাস্ত্র “যে অবস্থায় দ্বৈতের ন্যায় হয়, সেই অবস্থায় ভিন্ন বস্তুর দর্শন হয়” ইত্যাদি ক্রমে অবিদ্যাবস্থায় কর্ত্তৃত্বাদি সংঘটন হওয়া দেখাইয়া পরে বিদ্যাবস্থায় সে সকলের অভাব বলিয়া-

বস্থায়াং তে এব কর্ত্তৃত্বভোক্তৃত্বে নিবারয়তি "যত্র ত্বস্য সর্ব্ব-মাত্মৈবাভূৎ, তৎ কেন কং পশ্যেৎ"ইতি। তথা স্বপ্নজাগরিতয়োরাত্মন উপাধিসম্পর্ককৃতং শ্রমং শ্যেনস্যেবাকাশে বিপরিপততঃ শ্রাবয়িত্বা তদভাবং সুষুপ্তৌ প্রাজ্ঞেনাত্মনা সম্পরিষ্বক্তস্য শ্রাবয়তি "তদ্বা অস্যৈতদাপ্তকামমাত্মকামমকামং রূপং শোকান্তরম্" ইত্যারভ্য "এষাস্য পরমা গতিরেষাস্য পরমা সম্পদেষোহস্য পরমো লোক এষোহস্য পরম আনন্দঃ" ইত্যুপসংহারাৎ।

তদেতদাহাচার্য্যঃ "যথা চ তক্ষোভয়থা" ইতি। ত্বর্থে চায়ং চঃ পঠিতঃ। নৈবং মন্তব্যং স্বাভাবিকমেবাত্মনঃ কর্ত্তৃত্বমগ্নেরিবৌষ্ণ্যমিতি। যথা তু তক্ষা লোকে বাস্যাদিকরণহস্তঃ কর্ত্তা দুঃখী ভবতি, স এব স্বগৃহং প্রাপ্তো বিমুক্তবাস্যাদিকরণঃ স্বস্থো নির্বৃতো নির্ব্ব্যাপারঃ সুখী ভবতি, এবমবিদ্যাপ্রত্যুপস্থাপিত-দ্বৈতসংযুক্ত আত্মা স্বপ্নজাগরিতাবস্থয়োঃ কর্ত্তা দুঃখী

ইতশ্চৌপাধিকং যদুপাধ্যভিভবোদ্ভবাভ্যামস্যাভিভবোদ্ভবৌ দর্শয়তি শ্রুতিরিত্যাহ—"তথা স্বপ্নজাগরিতয়োঃ" ইতি। অত্রৈবার্থে সূত্রং ব্যাচষ্টে—"তদেতদাহ" ইতি। সম্প্রসাদঃ সুষুপ্তিঃ। স্যাদেতৎ। তক্ষ্ণঃ পাণ্যাদয়ঃ সন্তি ; তৈরয়ং বাস্যাদীন্ ব্যাপারয়ন্ ভবতু দুঃখী, পরমাত্মা ত্বনবয়বঃ কেন মনঃপ্রভৃতীনি ব্যাপারয়েদিতি

ছেন। যথা—"যখন এ সমস্তই আত্মা হয় অর্থাৎ আত্মাতিরিক্ত দর্শন হয় না, তখন আর কে কি দিয়া কি দেখিবে ?" ইত্যাদি। অন্য শ্রুতিও আত্মার স্বপ্ন ও জাগ্রৎ এই দুই অবস্থায় বুদ্ধ্যাদি-উপাধি-সম্পর্কে শ্রম বা ক্লেশ হওয়া উড্ডীয়মান পক্ষীর দৃষ্টান্তে বর্ণন করিয়া, পরে সুষুপ্তিকালে পরমাত্ম-সম্পন্ন হওয়ায় সে সকল শ্রমের (ক্লেশের) অভাব বলিয়াছেন। "এই সুষুপ্তরূপ আত্মা আত্মকাম, আপ্তকাম, অকাম ও লোকস্পর্শশূন্য"* এইরূপ বলিয়া অবশেষে "ইহাই পরমাগতি, ইহাই পরম সম্পৎ, ইহাই পরম লোক ও পরম আনন্দ" এই কথায় উপসংহার (প্রস্তাব সমাপ্তি) করিয়াছেন।

[তদেতদাহাচার্য্যঃ...ভবতি] এই তত্ত্ব আচার্য্য (ব্যাস) "যথাচ" সূত্রে বলিয়াছেন। সূত্রের অর্থ এই যে, আত্মার কর্ত্তৃত্ব অগ্নির উষ্ণতার ন্যায় স্বাভাবিক, ইহা মনে করিও না। যেমন লোকমধ্যে দেখা যায়, তক্ষা (ছুতার)

---

* আত্মকাম—যে কেবল আপনাকে ইচ্ছা করে অর্থাৎ স্বরূপানন্দপ্রাপ্ত হয়। অকাম—যাহার আত্মা ব্যতীত অন্য কাম্য নাই। আপ্তকাম—যেহেতু আপনিই আপনার কাম্য, আপনিই আপনার সদা প্রাপ্ত, সেই হেতু তিনি আপ্তকাম। লোকস্পর্শ—ভোগসম্পর্ক।

ভবতি, স তচ্ছ্রমাপনুত্তয়ে স্বমাত্মানং পরং প্রবিশ্য বিমুক্ত-কার্য্যকরণসঙ্ঘাতোঽকর্ত্তা সুখী ভবতি সম্প্রসাদাবস্থায়াং, তথা মুক্ত্যবস্থায়ামপ্যবিদ্যাধ্বান্তং বিদ্যাপ্রদীপেন বিধূয়াত্মৈব কেবলো নির্বৃতঃ সুখী ভবতি। তক্ষদৃষ্টান্তশ্চৈতাবতাংশেন দ্রষ্টব্যঃ। তক্ষা হি বিশিষ্টেষু তক্ষণাদিব্যাপারেষ্বপেক্ষ্যৈব প্রতিনিয়তানি করণানি বাস্যাদীনি কর্ত্তা ভবতি, স্বশরীরেণ ত্বকর্ত্তৈব, এবময়মাত্মা সর্ব্বব্যাপারেষ্বপেক্ষ্যৈব মনআদীনি করণানি কর্ত্তা ভবতি, স্বাত্মনা ত্বকর্ত্তৈবেতি। ন ত্বাত্মনস্তক্ষ্ণ ইবাবয়বাঃ সন্তি, যৈর্হস্তাদিভিরিব বাস্যাদীনি তক্ষা মনআদীনি করণান্যাত্মোপাদদীত ন্যস্যেদ্বা।

বৈষম্যং তক্ষোদৃষ্টান্তেনেত্যত আহ—"তক্ষোদৃষ্টান্তশ্চ" ইতি। যথা স্বশরীরেণোদাসীনস্তক্ষা সুখী, বাস্যাদীনি তু করণানি ব্যাপারয়ন্ দুঃখী, তথা স্বাত্মনাত্মোদাসীনঃ সুখী, মনঃপ্রভৃতীনি তু করণাদীনি ব্যাপারয়ন্ দুঃখীত্যেতাবতাংশস্ত সাম্যং ন তু সর্ব্বথা। যথা আত্মা চ জীবোঽবয়বান্তরানপেক্ষঃ স্বশরীরং ব্যাপারয়তি, এবং মনঃপ্রভৃতীনি তু করণান্তরাণি ব্যাপারয়তীতি প্রমাণসিদ্ধে নিয়োগপর্য্যনুযোগানুপপত্তিঃ।

বাসি (অস্ত্রবিশেষ) প্রভৃতি উপকরণ গ্রহণপূর্ব্বক কার্য্যকর্ত্তা ও দুঃখী হয়, আবার সেই তক্ষাই গৃহাগত ও বাস্যাদিত্যাগী হইয়া স্বস্থ ও নিবৃত্তব্যাপার হইয়া সুখী হয়, সেইরূপ, আত্মাও অবিদ্যাপ্রত্যুপস্থাপিত নানাত্বে আবিষ্ট হইয়া স্বপ্ন-জাগ্রৎ কর্ত্তাও দুঃখী হন, আবার সেই আত্মাই সুষুপ্তিতে জাগ্রৎ-স্বপ্ন-শ্রান্তি-বিনাশার্থ স্বকীয় পরমরূপে প্রবেশপূর্ব্বক সংঘাতাভিমানশূন্য ও অকর্ত্তা হইয়া সুখী হন। মোক্ষাবস্থাতেও ঐরূপ জ্ঞানপ্রদীপে অজ্ঞানান্ধকার বিদূরিত করিয়া কেবল, নির্বৃত ও সুখী হন। [তক্ষ...ন্যস্যেদ্বা] তক্ষাদৃষ্টান্তটী সর্ব্বাংশে নহে। যে অংশে দৃষ্টান্ত, তাহা এই—তক্ষা তক্ষণ-(কাঠ চাঁচা)-ব্যাপার-কালে নিয়মিত বাস্যাদি উপকরণ অপেক্ষা করিয়া কর্ত্তা হয়; পরন্তু স্বীয় শরীরে সে অকর্ত্তাই থাকে; (তক্ষার কর্তৃত্ব বাস্যাদিসাপেক্ষ; বাস্যাদি ব্যতীত তক্ষণ-কার্য্যে তাহার কর্তৃত্ব সম্ভবে না); সেইরূপ, আত্মা তদীয় সমুদায় ব্যাপারে মনঃপ্রভৃতি করণ (ক্রিয়ানিষ্পাদক ইন্দ্রিয়) অপেক্ষা করিয়া কর্ত্তা হন, স্বীয় স্বরূপে তিনি অকর্ত্তাই থাকেন। (আত্মকর্তৃত্ব মন-আদি-সাপেক্ষ, তদভাবে তিনি অকর্ত্তা)। তক্ষার হস্তাদি অবয়ব আছে, তদ্দ্বারা সে বাস্যাদি গ্রহণ করে, করিয়া কর্ত্তা (কার্য্যনিষ্পাদক) হয়, আবার তাহা ত্যাগ করে, করিয়া অকর্ত্তা হয়। কিন্তু আত্মা নিরবয়ব; সুতরাং তাঁহার মন-আদি গ্রহণ তক্ষার অনুরূপ নহে, সেই জন্য সে অংশে দৃষ্টান্ত নহে।

যত্তূক্তং শাস্ত্রার্থবত্ত্বাদিভির্হেতুভিঃ স্বাভাবিকমাত্মনঃ কর্ত্তৃত্ব-মিতি, তন্ন, বিধিশাস্ত্রং তাবৎ যথাপ্রাপ্তং কর্ত্তৃত্বমুপাদায় কর্ত্তব্য-বিশেষমুপদিশতি, ন কর্ত্তৃত্বমাত্মনঃ প্রতিপাদয়তি। ন চ স্বাভাবিকমস্য কর্ত্তৃত্বমস্তি, ব্রহ্মাত্মত্বোপদেশাদিত্যবোচাম। তস্মাদবিদ্যাকৃতং কর্ত্তৃত্বমুপাদায় বিধিশাস্ত্রং প্রবর্ত্তিষ্যতে। 'কর্ত্তা বিজ্ঞানাত্মা পুরুষঃ' ইত্যেবঞ্জাতীয়কমপি শাস্ত্রমনুবাদরূপত্বাদ্ যথাপ্রাপ্তমেবাবিদ্যাকৃতং কর্ত্তৃত্বমনুবদিষ্যতি। এতেন বিহারো-পাদানে পরিহৃতে, তয়োরপ্যনুবাদরূপত্বাৎ। ননু সন্ধ্যে স্থানে প্রসুপ্তেষু করণেষু স্বে শরীরে যথাকামং পরিবর্ত্তত ইতি বিহার উপদিশ্যমানঃ কেবলস্যাত্মনঃ কর্ত্তৃত্বমাবহতি, তথোপাদানেঽপি

পূর্ব্বপক্ষহেতুননুভাষ্য দূষয়তি—"যত্তূক্তম্" ইতি। যৎপরং হি শাস্ত্রং স এব শাস্ত্রার্থঃ। কর্ত্রপেক্ষিতোপায়ভাবনাপরং তৎ ন কর্ত্তৃস্বরূপপরম্। তেন যথা লোকসিদ্ধং কর্ত্তারমপেক্ষ্য স্ববিষয়ে প্রবর্ত্তমানং ন পুংসঃ স্বাভাবিকং কর্ত্তৃ-ত্বমবগময়িতুমুৎসহতে। তস্মাত্তত্ত্বমসীত্যাদ্যুপদেশবিরোধাদবিদ্যাকৃতং তদব-তিষ্ঠতে। চোদয়তি—"ননু সন্ধ্যে স্থানে" ইতি। ঔপাধিকং হি কর্ত্তৃত্বং নোপা-ধ্যপগমে সম্ভবতীতি স্বাভাবিকমেব যুজ্যত ইত্যর্থঃ। অপি চ, যত্রাপি করণ-মস্তি, তত্রাপি কেবলস্যাত্মনঃ কর্ত্তৃত্বশ্রবণাৎ স্বাভাবিকমেব যুক্তমিত্যাহ—"তথো-পাদানেঽপি" ইতি।

[যত্তূক্তং...রূপত্বাৎ] বলিয়াছিলে, শাস্ত্রসার্থক্যাদি হেতুর দ্বারা আত্মার স্বাভাবিক কর্ত্তৃত্ব নিশ্চিত হয়, বস্তুতঃ তাহা নহে। বিধিশাস্ত্র আত্মার ব্যবহারিক কর্ত্তৃত্ব অনুবাদ করিয়া কর্ত্তব্যবিশেষ উপদেশ করে, কর্ত্তৃত্ব প্রতিপাদন করে না। আত্মার কর্ত্তৃত্ব যে, স্বাভাবিক নহে, তাহা ব্রহ্মাত্মভাব উপদেশ থাকায় প্রতিপন্ন হয় এবং তাহা বলাও হইয়াছে। অতএব, অবিদ্যাকৃত কর্ত্তৃত্ব অবলম্বন করিয়াই বিধিশাস্ত্র প্রবৃত্ত এবং "কর্ত্তা বিজ্ঞানাত্মা পুরুষ" ইত্যাদি অনুবাদরূপী শাস্ত্রও যথাপ্রাপ্ত আবিদ্যক কর্ত্তৃত্বের অনুবাদক। এই বিচারের দ্বারা "বিহার' ও 'উপাদান', এতদ্ঘটিত আপত্তিও পরিহৃত হইল (ইতিপূর্ব্বে এই দুইটী বিষয়পূর্ব্ব-পক্ষসূত্রে গ্রহণ করা হইয়াছিল)। কেন-না, সে শাস্ত্রও অনুবাদরূপী। [ননু... ইতি] যদি এমন বল যে, স্বপ্নাবস্থায় ইন্দ্রিয়গণ প্রসুপ্ত (নির্ব্যাপার) হয়, আত্মা তখন শরীরে ইচ্ছানুরূপ বিহার করেন, এই যে, বিহারোপদেশ, এ উপদেশ কেবল (অসহায়) আত্মার কর্ত্তৃত্ব প্রতিপাদন করিতেছে, তথা "বিজ্ঞানেন বিজ্ঞানং আদায়—বিজ্ঞানের দ্বারা বিজ্ঞান গ্রহণ করিয়া" এই

"তদেষাং প্রাণানাং বিজ্ঞানেন বিজ্ঞানমাদায়" ইতি করণেষু কর্ম্মকরণ-বিভক্তী শ্রূয়মাণে কেবলস্যৈবাত্মনঃ কর্ত্তৃত্বং গময়ত ইতি।

অত্রোচ্যতে। ন তাবৎ সন্ধ্যে স্থানেঽত্যন্তমাত্মনঃ করণ-বিরমণমস্তি, "সধীঃ স্বপ্নো ভূত্বা ইমং লোকমতিক্রামতি" ইতি তত্রাপি ধীসম্বন্ধশ্রবণাৎ। তথা চ স্মরন্তি,—

"ইন্দ্রিয়াণামুপরমে মনোঽনুপরতং যদি।
সেবতে বিষয়ানেব তদ্বিদ্যাৎ স্বপ্নদর্শনম্" ॥ ইতি।

'কামাদয়শ্চ মনসো বৃত্তয়ঃ' ইতি শ্রুতিঃ। তাশ্চ স্বপ্নে দৃশ্যন্তে। তস্মাৎ সমনা এব স্বপ্নে বিহরতি। বিহারোঽপি চ তত্রত্যো বাসনাময় এব, ন তু পারমার্থিকোঽস্তি। তথা চ শ্রুতিঃ 'ইব' কারানুবন্ধমেব স্বপ্নব্যাপারং বর্ণয়তি "উতেব স্ত্রীভিঃ সহ মোদমানো যক্ষদুতেবাপি ভয়ানি পশ্যন্" ইতি। লৌকিকা অপি তথৈব স্বপ্নং কথয়ন্তি—আরুরুক্ষুমিব গিরিশৃঙ্গ-মদ্রাক্ষমিব বনরাজিমিতি। তথোপাদানেঽপি যদ্যপি করণেষু

তদেতৎ পরিহরতি—"ন তাবৎ সন্ধ্যে" ইতি। উপাধ্যপগমোঽসিদ্ধঃ, অন্তঃকরণস্যোপাধেঃ সন্ধ্যেঽপ্যবস্থানাদিত্যর্থঃ। অপি চ স্বপ্নে যাদৃশং জ্ঞানং তাদৃশো বিহারোঽপীত্যাহ—"বিহারোঽপি চ তত্র" ইতি। "তথোপাদানেঽপি" ইতি। যদ্যপি কর্ত্তৃবিভক্তিঃ কেবলে কর্ত্তরি শ্রূয়তে, তথাপি কর্ম্মকরণোপধানকৃতমস্য

উপাদান প্রক্রিয়ায় করণে (ইন্দ্রিয়বাচী শব্দে) শ্রুত কর্ম্মবিভক্তি ও করণ-বিভক্তিও কেবল আত্মারই কর্ত্তৃত্ব বলিতেছে।

[অত্রোচ্যতে...পারমার্থিকোঽস্তি] ইহার প্রত্যুত্তরে এই বলা যায় যে, স্বপ্নাবস্থায় ইন্দ্রিয়গণের আত্যন্তিক বিরাম হয় না। "বুদ্ধির সহিত স্বপ্ত হন, হইয়া এ লোক অতিক্রম করেন" এই শ্রুতিতে স্বপ্নকালেও বুদ্ধিসম্বন্ধ থাকা শ্রুত হইতেছে। এ কথা স্মৃতিতেও আছে। যথা—"ইন্দ্রিয়গণ বিরত হইলেও মন যদি বিরত না হয়, বিষয়-সেবা করে, বিষয় দেখে, তাহা হইলে তাহা স্বপ্ন-দর্শন বলিয়া জানিবে।" শ্রুতি বলিয়াছেন, কামাদি মনের বৃত্তি। স্বপ্নেও তাদৃশ কামাদি বৃত্তির বিদ্যমানতা দেখা যায়; সুতরাং স্বপ্নে সমনস্ক আত্মারই বিহার, করণের নহে। স্বাপ্নিক বিহার বাসনাময়, সে জন্য তাহার পারমার্থিক সত্তা নাই। [তথাচ...মিতি] সেই জন্যই শ্রুতি স্বপ্নব্যাপারকে 'ইব' দিয়া বলিয়াছেন। যথা—"যেন স্ত্রীর সহিত আনন্দ সহকারে ক্রীড়মান, এবং যেন হাস্য করেন, অথবা দেখিয়া ভীত হন" ইত্যাদি। লোকেও স্বপ্নের কথা—"গিরিশৃঙ্গে উঠিতেছিলাম, যেন বন দেখিতেছিলাম" এইরূপে ব্যক্ত করে। [তথোপাদানে ...দৃষ্টত্বাৎ]

কর্ম্মকরণবিভক্তিনির্দ্দেশঃ, তথাপি তৎসংযুক্তস্যৈবাত্মনঃ কর্ত্তৃত্বং দ্রষ্টব্যং, কেবলে কর্ত্তৃত্বাসম্ভবস্য দর্শিতত্বাৎ। ভবতি চ লোকেঽনেকপ্রকারা বিবক্ষা—যোধা যুধ্যন্তে, যোধৈ রাজা যুধ্যত ইতি।

অপি চ, অস্মিন্নুপাদানে করণব্যাপারোপরমমাত্রং বিবক্ষ্যতে, ন স্বাতন্ত্র্যং কস্যচিৎ, অবুদ্ধিপূর্ব্বকস্যাপি স্বাপে করণব্যাপারোপরমস্য দৃষ্টত্বাৎ। যস্ত্বয়ং ব্যপদেশো দর্শিতঃ "বিজ্ঞানং যজ্ঞং তনুতে "ইতি, স বুদ্ধেরেব কর্ত্তৃত্বং প্রাপয়তি, বিজ্ঞানশব্দস্য তত্র প্রসিদ্ধত্বাৎ, মনোঽনন্তরপাঠাচ্চ,"তস্য শ্রদ্ধৈব শিরঃ"ইতি চ বিজ্ঞানময়স্যাত্মনঃ শ্রদ্ধাদ্যবয়বত্বসঙ্কীর্ত্তনাৎ, শ্রদ্ধাদীনাঞ্চ বুদ্ধিধর্ম্মত্বপ্রসিদ্ধেঃ,

---

কর্ত্তৃত্বং, ন শুদ্ধস্য। নহি পরশুসহায়শ্ছেত্তা কেবলশ্ছেত্তা ভবতি। ননু যদি ন কেবলস্য কর্ত্তৃত্বমপি তু করণাদিসহিতস্যৈব, তথা সতি করণাদিষ্বপি কর্ত্তৃবিভক্তিঃ স্যাৎ, ন চৈতদস্তীত্যাহ—"ভবতি চ লোকে" ইতি। করণাদিষ্বপি কর্ত্তৃবিভক্তিঃ কদাচিদস্ত্যেব বিবক্ষাবশাদিত্যর্থঃ। অপি চেয়মুপাদানশ্রুতিঃ করণব্যাপারোপরমমাত্রপরা ন স্বাতন্ত্র্যপরা।

কর্ত্তৃবিভক্তিস্তু ভাক্তী,—কুলং পিপতিষতীতিবৎ, অবুদ্ধিপূর্ব্বকস্য করণব্যাপারোপরমস্য দৃষ্টত্বাদিত্যাহ—"অপি চাস্মিন্নুপাদানে" ইতি। যত্ত্বয়ং ব্যপদেশ ইতি যৎ, তদুক্তমস্মাভিরভ্যুচ্চয়মাত্রমেতদিতি, তদিতঃ সমুত্থিতং "সর্ব্বকারকাণামেব" ইতি। বিক্লিদ্যন্তি তণ্ডুলাঃ, জ্বলন্তি কাষ্ঠানি, বিভর্ত্তি স্থালীতি হি স্বব্যাপারে সর্ব্বেষাং

উপাদান (গ্রহণ) স্থলে করণরূপী বিজ্ঞানশব্দে কর্ম্মবিভক্তি দ্বিতীয়া ও করণবিভক্তি তৃতীয় প্রয়োগ করিলেও তৎসংযুক্ত আত্মারই কর্ত্তৃত্ব বুঝা উচিত। কেবলের কর্ত্তৃত্ব অসম্ভব, তাহা দেখান হইয়াছে। বিবক্ষার (শব্দপ্রয়োগ-ইচ্ছার) কোন নিয়ম নাই, তাহা অনেক প্রকার। যোদ্ধা যুদ্ধ করিতেছে, এরূপ প্রয়োগও দৃষ্ট হয়, আবার রাজা যোদ্ধার দ্বারা যুদ্ধ করিতেছেন, এরূপ প্রয়োগও দেখা যায়।

অতএব, উপাদানপ্রক্রিয়ায় মাত্র ইন্দ্রিয়ব্যাপার-নিবৃত্তিই বিবক্ষিত, স্বাতন্ত্র্য অর্থাৎ কর্ত্তৃত্ব বিবক্ষিত নহে। কেন-না, সুপ্তিকালে অবুদ্ধিপূর্ব্বক (বিনা যত্নে—আপনা আপনি) ইন্দ্রিয়ব্যাপার নিবৃত্ত হইতে দেখা যায়। [যত্ত্বয়ং…ধারণাৎ] 'বিজ্ঞান যজ্ঞ করে', এই শ্রৌত উল্লেখ—যাহা প্রদর্শিত হইয়াছে, তাহাও বুদ্ধিরই কর্ত্তৃত্ব সমর্থন করে। কেন-না, বিজ্ঞান-শব্দ বুদ্ধিতেই রূঢ়। মনের পরে বিজ্ঞানশব্দ পঠিত হওয়াতেও উহা বুদ্ধিরই বাচক। "শ্রদ্ধা তাহার মস্তক" এতৎ-শ্রুতিতে শ্রদ্ধাকে বিজ্ঞানময় আত্মার উত্তমাঙ্গ বলা হইয়াছে। শ্রদ্ধা যে, বুদ্ধির ধর্ম্ম, তাহা সর্ব্বশাস্ত্রে প্রসিদ্ধ। প্রস্তাবের শেষেও "দেবতারা জ্যেষ্ঠ বিজ্ঞানকে ব্রহ্মরূপে উপাসনা করেন" এই কথা আছে। যাহা প্রথমোৎপন্ন—তাহাই জ্যেষ্ঠ,

"বিজ্ঞানং দেবাঃ সর্ব্বে ব্রহ্ম জ্যেষ্ঠমুপাসতে" ইতি চ বাক্যশেষাৎ, জ্যেষ্ঠত্বস্য চ প্রথমজত্বস্য বুদ্ধৌ প্রসিদ্ধত্বাৎ, "স এষ বাচশ্চিত্তস্যোত্তরোত্তরক্রমো যদ্ যজ্ঞঃ" ইতি চ শ্রুত্যন্তরে যজ্ঞস্য বাগ্ বুদ্ধিসাধ্যত্বাবধারণাৎ। ন চ বুদ্ধেঃ শক্তিবিপর্য্যয়ঃ করণানাং কর্ত্তৃত্বাভ্যুপগমে ভবতি, সর্ব্বকারকাণামেব স্বব্যাপারেষু কর্ত্তৃত্বস্যাবশ্যম্ভাবিত্বাৎ। উপলব্ধ্যপেক্ষন্ত্বেষাং করণত্বং, সা চাত্মনঃ। ন চ তস্যামপ্যস্য কর্ত্তৃত্বমস্তি, নিত্যোপলব্ধিস্বরূপত্বাৎ।

অহঙ্কারপূর্ব্বকমপি কর্ত্তৃত্বং নোপলব্ধুর্ভবিতুমর্হতি, অহঙ্কারস্যা-

---

কর্ত্তৃত্বম্। তৎ কিং বুদ্ধ্যাদীনাং কর্ত্তৃত্বমেব ন করণত্বমিত্যত আহ—"উপলব্ধ্যপেক্ষং তেষাং করণত্বম্"। নন্বেবং সতি তস্যামেবাত্মনঃ স্বাভাবিকং কর্ত্তৃত্বমস্তু, ইত্যত আহ—"ন চ তস্যাম্" উপলব্ধাবপ্যস্য স্বাভাবিকং "কর্ত্তৃত্বমস্তি"। কস্মাৎ "নিত্যোপলব্ধিস্বরূপত্বাৎ" আত্মনঃ। ন হি নিত্যে স্বভাবে চাস্তি ভাবস্য ব্যাপার ইত্যর্থঃ। তদেবং নাস্যোপলব্ধৌ স্বাভাবিকং কর্ত্তৃত্বমস্তীত্যুক্তম্।

নাপি বুদ্ধ্যাদেরুপলব্ধিকর্ত্তৃত্বমাত্মন্যধ্যস্তং, যথা তদ্গতমধ্যবসায়াদিকর্ত্তৃত্বমিত্যাহ—"অহঙ্কারপূর্ব্বকমপি কর্ত্তৃত্বং নোপলব্ধুর্ভবিতুমর্হতি"। কুতঃ। "অহঙ্কারস্যাপ্যুপলভ্যমানত্বাৎ"। ন হি শরীরাদি যস্যাং ক্রিয়ায়াং গম্যং, তস্যামেব গন্তৃ ভবতি। এতদুক্তং ভবতি—যদি বুদ্ধিরুপলব্ধ্রী ভবেৎ, ততস্তস্যা উপলব্ধৃত্বমাত্মন্যধ্যস্যেত, ন চৈতদস্তি। তস্যা জড়ত্বেনোপলভ্যমানতয়োপলব্ধিকর্ত্তৃত্বানুপপত্তেঃ। যদা চোপলব্ধৌ বুদ্ধেরকর্ত্তৃত্বং, তদা যদুক্তং বুদ্ধেরুপলব্ধৃত্বে করণান্তরং কল্পনীয়ং তথা

ইহা সর্ব্ববিদিত। (অভিপ্রায় এই যে, বুদ্ধিই সর্ব্ববিকারের প্রথমোৎপন্ন)। "যজ্ঞবাক্যের ও চিত্তের পূর্ব্বাপরীভাব" * এতৎশ্রুতিতেও যজ্ঞের বাগ্‌বুদ্ধি-নিষ্পাদ্যতা কথিত হইয়াছে। [ন চ...রূপত্বাৎ] করণ-কারকের কর্ত্তৃত্ব মান্য করিলেও অর্থাৎ বুদ্ধিকে কর্ত্তা বলিলেও তাহার শক্তিবিপর্য্যয় অর্থাৎ বুদ্ধির করণত্ববিলোপ হইবে না। কেন-না, প্রত্যেক কারকেরই আপন আপন ব্যাপারে কর্ত্তৃত্ব আছে। (তণ্ডুল কর্ম্মকারক হইলেও "বিক্লিদ্যন্তে তণ্ডুলাঃ"—তণ্ডুল গলিয়া যাইতেছে, এরূপ কর্ত্তৃ-প্রয়োগ দেখিতে পাওয়া যায়)। উপলব্ধি-অপেক্ষা ইন্দ্রিয়গণ করণ, এবং সেই উপলব্ধিই আত্মার স্বরূপ। উপলব্ধিরূপী কেবল আত্মার কর্ত্তৃত্ব নাই। কেন-না, তিনি নিত্যোপলব্ধিরূপ।*

[অহঙ্কার···স্থিতম্] কর্ত্তৃত্ব, অহঙ্কারমূলক, অহঙ্কারও উপলব্ধির বিষয়, এ জন্যও কর্ত্তৃত্ব উপলব্ধিতে থাকে না। অপিচ, বুদ্ধির করণত্ব (দাত্র যেমন ছেদন-

---

* আগে চিত্তের বা বুদ্ধির দ্বারা ধ্যান অর্থাৎ যজ্ঞের স্বরূপ বুদ্ধিস্থ করা, পরে মন্ত্ররূপ বাক্যে তাহার নিষ্পত্তি। যজ্ঞে এইরূপে চিত্তের ও যজ্ঞবাক্যের পূর্ব্বাপরীভাব।

* অখণ্ড সাক্ষিচৈতন্য বুদ্ধিবৃত্তির দ্বারা বিভিন্নপ্রায় হয়। হইয়া বিষয়াবচ্ছিন্ন চৈতন্য হয়। সেই বিষয়াবচ্ছিন্ন চৈতন্যোপলব্ধিতে প্রাপ্ত বুদ্ধ্যাদিই করণ এবং বুদ্ধ্যুপহিত চৈতন্যই কর্ত্তা। অতএব ব্যাপার না থাকায় কেবলের অর্থাৎ নিরবচ্ছিন্ন চৈতন্যের কর্ত্তৃত্বাদি নাই।

প্যুপলভ্যমানত্বাৎ। ন চৈবং সতি করণান্তরকল্পনাপ্রসঙ্গঃ, বুদ্ধেঃ করণত্বাভ্যুপগমাৎ। সমাধ্যভাবস্তু শাস্ত্রার্থবত্ত্বেনৈব পরিহৃতঃ। যথাপ্রাপ্তমেব কর্ত্তৃত্বমুপাদায় সমাধিবিধানাৎ। তস্মাৎ কর্ত্তৃত্বমপ্যাত্মন উপাধিনিমিত্তমেবেতি স্থিতম্ ॥২।৩।৪০॥

পরাত্তু তচ্ছ্রুতেঃ ॥ ২ । ৩ । ৪১ ॥*

যদিদমবিদ্যাবস্থায়ামুপাধিনিবন্ধনং কর্ত্তৃত্বং জীবস্যাভিহিতং, তৎ কিমনপেক্ষ্যেশ্বরং ভবতি? আহোস্বিৎ ঈশ্বরাপেক্ষম্? ইতি ভবতি বিচারণা। তত্র প্রাপ্তং তাবন্নেশ্বরমপেক্ষতে জীবঃ কর্ত্তৃত্ব ইতি। কস্মাৎ? অপেক্ষাপ্রয়োজনাভাবাৎ। অয়ং হি

চ নামমাত্রে বিসম্বাদ ইতি, তন্ন ভবতীত্যাহ—"ন চৈবং সতি করণান্তরকল্পনা", বুদ্ধেরুপলব্ধৃত্বাভাবাৎ। তৎকিমিদানীমকরণং বুদ্ধিরুপলব্ধাবাত্মা চানুপলব্ধেত্যত আহ—"বুদ্ধেঃ করণত্বাভ্যুপগমাৎ"। অয়মভিসন্ধিঃ—চৈতন্যমুপলব্ধিরাত্মস্বভাবো নিত্য ইতি ন তত্রাত্মনঃ কর্ত্তৃত্বম্, নাপি বুদ্ধেঃ করণম্, কিন্তু চৈতন্যমেব বিষয়াবচ্ছিন্নং বৃত্তিরিতি চোপলব্ধিরিতি চাখ্যায়তে। তস্য তু তত্তদ্বিষয়াবচ্ছেদে বৃত্তৌ বুদ্ধ্যাদীনাং করণত্বমাত্মনশ্চ তদুপধানেনাহঙ্কারপূর্ব্বকং কর্ত্তৃত্বং যুজ্যত ইতি ॥ ২ । ৩ । ৪০ ॥

যদেতজ্জীবানামৌপাধিকং কর্ত্তৃত্বং, তৎ প্রবর্ত্তনালক্ষণেষু রাগাদিষু সৎসু নেশ্বরমপরং প্রবর্ত্তকং কল্পয়িতুমর্হতি, অতিপ্রসঙ্গাৎ। ন চেশ্বরো দ্বেষপক্ষপাত-

---

ক্রিয়ার করণ, তেমনি বুদ্ধিও জ্ঞানক্রিয়ার করণ) স্বীকৃত থাকায় করণান্তর কল্পনার প্রয়োজন হয় না। আত্মার কর্ত্তৃত্ব না থাকিলে সমাধিবিধান ব্যর্থ হইবে, এ আপত্তির পরিহার করা হইয়াছে। তাহাতে দেখান হইয়াছে, যথাবস্থিত কর্ত্তৃত্ব লইয়াই (ব্যবহারিক কর্ত্তৃত্বের অনুবাদ করিয়াই) শাস্ত্র সমাধির উপদেশ করিয়াছেন। এতাবৎ বিচারে স্থির হইতেছে যে, আত্মার কর্ত্তৃত্ব ঔপাধিক, স্বভাবিক নহে ॥ ২ । ৩ । ৪০ ॥

অবিদ্যাবস্থ জীবেরই বুদ্ধ্যাদি-উপাধি-নিবন্ধন কর্ত্তৃত্ব, ইহা স্থাপিত হইল। এক্ষণে জিজ্ঞাস্য, সেই কর্ত্তৃত্ব ঈশ্বরায়ত্ত কি-না। প্রথমতই পাওয়া যায়, দেখা যায়, বুদ্ধ্যাদিসম্পন্ন জীব আপন কর্ত্তৃত্বে ঈশ্বরাপেক্ষী নহে। কেননা, অপেক্ষার প্রয়োজন দেখা যায় না। [অয়ং...বৈষম্যম্] জীব নিজেই নিজের

---

* তু-শব্দঃ পক্ষব্যাবৃত্ত্যর্থঃ। জীবস্য কর্ত্তৃত্বমীশ্বরায়ত্তং স্বতো বেতি সংশয়ে স্বত ইত্যেতং পক্ষং তু-শব্দেন ব্যাবর্ত্ত্য সিদ্ধান্তপক্ষং স্থাপয়তি পরাদিতি। পরস্মাদেবাত্মনঃ কর্ত্তৃত্বাদিলক্ষণঃ সংসার ইত্যবসীয়তে। কুতঃ? তচ্ছ্রুতেঃ। তস্যৈবেশ্বরস্য সর্ব্বকর্ত্তৃত্বশ্রবণাদিত্যর্থঃ।

কি কর্ত্তৃত্ব কি ভোক্তৃত্ব, সমস্তই পরমাত্মার অধীন। তৎপ্রতি হেতু—শ্রুতি পরমেশ্বরকেই সমস্ত প্রবৃত্তির কারণ বলিয়াছেন।

জীবঃ স্বয়মেব রাগদ্বেষাদিদোষপ্রযুক্তঃ কারকান্তরসামগ্রী-সম্পন্নঃ কর্ত্তৃত্বমনুভবিতুং শক্নোতি, তস্য কিমীশ্বরঃ করিষ্যতি। ন চ লোকে প্রসিদ্ধিরস্তি কৃষ্যাদিকাসু ক্রিয়াসু অনডুহাদি-বদীশ্বরোঽপরোঽপেক্ষিতব্য ইতি। ক্লেশাত্মকেন চ কর্ত্তৃ-ত্বেন জন্তূন্ সংসৃজত ঈশ্বরস্য নৈর্ঘৃণ্যং প্রসজ্যেত, বিষম-ফলঞ্চৈষাং কর্ত্তৃত্বং বিদধতো বৈষম্যম্। নন্বু, "বৈষম্যনৈর্ঘৃণ্যে ন সাপেক্ষত্বাৎ" ইত্যুক্তম্, সত্যমুক্তম্, সতি তু ঈশ্বরস্য সাপেক্ষত্ব-সম্ভবে, সাপেক্ষত্বঞ্চ ঈশ্বরস্য সম্ভবতি—সতোর্জ্জন্তূনাং ধর্ম্মাধর্ম্ময়োঃ, তয়োশ্চ সদ্ভাবঃ—সতি জীবস্য কর্ত্তৃত্বে। তদেব চেৎ কর্ত্তৃত্বং

রহিতো জীবান্ সাধ্বসাধূনি কর্ম্মণি প্রবর্ত্তয়িতুমর্হতি, যেন ধর্ম্মাধর্ম্মাপেক্ষয়া জগদ্বৈচিত্র্যমুপপদ্যেত। স হি স্বতন্ত্রঃ কারুণিকো ধর্ম্ম এব জন্তূন্ প্রবর্ত্তয়েন্নাধর্ম্মে। ততশ্চ তৎপ্রেরিতা জন্তবঃ সর্ব্বে ধার্ম্মিকা এবেতি সুখিন এব স্যুর্ন-দুঃখিনঃ। স্বতন্ত্রাস্তু রাগাদিপ্রযুক্তাঃ প্রবর্ত্তমানা ধর্ম্মাধর্ম্মপ্রচয়বন্তো বৈচিত্র্য-মনুভবন্তীতি যুক্তম্। এবঞ্চ বিধিনিষেধয়োরর্থবত্ত্বম্, ইতরথা তু সর্ব্বথা জীবা অস্বতন্ত্রা ইতীশ্বরেণৈব প্রবর্ত্ত্যন্ত ইতি কৃতং বিধিনিষেধাভ্যাম্। ন হি বলবদ-

রাগ দ্বেষাদি দোষে প্রেরিত হয়, তাহার ক্রিয়ানিষ্পাদক সমস্ত সামগ্রী বিদ্যমান আছে, তদ্দ্বারা সে কর্ত্তৃত্ব অনুভব করিতে সমর্থ। ঈশ্বর তাহার কি করিবেন? কি উপকার বা সহায়তা করিবেন? সমস্ত লোকেই জানে, বৃষ ব্যতিরেকে কৃষি হয় না, কিন্তু ঈশ্বর ব্যতিরেকে হয়। প্রত্যেক কৃষক বৃষের অপেক্ষা করে, কিন্তু কেহই ঈশ্বরের অপেক্ষা করে না। ঈশ্বর কর্ত্তা হইলে প্রয়োজক হইলে, তাঁহার নির্দ্দয়তাই স্থির হয়। কেন-না, তিনি জীবকে ক্লেশাত্মক কর্ত্তৃত্বে নিযুক্ত করেন। অপিচ, তাঁহার বিহিত কর্ত্তৃত্বের ফল সমান নহে, (সকলকে সমান ভাবে কর্ত্তা করেন না); তজ্জন্য তাঁহাকে বিষমকারীও বলা যাইতে পারে। [নন্বু... মিতি] জীব করে, ঈশ্বর করান্, এতন্মধ্যে ঈশ্বরের কারয়িতৃত্ব জীবকর্ম্মসাপেক্ষ অর্থাৎ জীব পূর্ব্বজন্মে যেমন কর্ম্ম করে, যেমন ধর্ম্মাধর্ম্ম সঞ্চয় করে, পর-দেহে ঈশ্বর তাহাকে তদনুরূপ কর্ম্মে নিযুক্ত করান্, সুতরাং তাঁহাকে বিষমকারী ও নির্দ্দয় বলা যায়না, সুতরাং বৈষম্য ও নৈর্ঘৃণ্য, এই দুইটী দোষের পরিহার হয়। হাঁ, এ কথা বলিয়াছ সত্য; উক্ত দোষদ্বয়ের পরিহারও হইতে পারে সত্য, যদি তাঁহার জীব-কর্ম্মসাপেক্ষতা সিদ্ধ হয়, কিন্তু কর্ম্মসাপেক্ষতা অসম্ভব ও অসিদ্ধ। হেতু এই যে, প্রথমতঃ জীবকর্ত্তৃত্বের ঈশ্বরাধীনতা সিদ্ধ হইলে তাহাদের ধর্ম্মাধর্ম্ম হওয়া বা থাকা সিদ্ধ হইবে এবং ধর্ম্মাধর্ম্মসদ্ভাব সিদ্ধ হইলে তাঁহারও তৎসাপেক্ষ (তদনুযায়ী) কারয়িতৃত্ব সিদ্ধ হইবে। আবার, ঈশ্বরের কারয়িতৃত্ব সিদ্ধ হইলে, তৎপরে জীবের কর্ত্তৃত্ব সিদ্ধ হইবে। এইরূপে চক্রকদোষ (তর্ক-

ঈশ্বরাপেক্ষং স্যাৎ, কিংবিষয়মীশ্বরস্য সাপেক্ষত্বমুচ্যেত। অকৃতাভ্যাগমশ্চৈবং জীবস্য প্রসজ্যেত। তস্মাৎ স্বত এব জীবস্য কর্তৃত্বমিতি।

এতাং প্রাপ্তিং তু-শব্দেন ব্যাবর্ত্ত্য প্রতিজানীতে—"পরাৎ" ইতি। অবিদ্যাবস্থায়াং কার্য্যকরণসঙ্ঘাতাবিবেকদর্শিনো জীবস্যাবিদ্যা-তিমিরান্ধস্য সতঃ পরস্মাদাত্মনঃ কর্ম্মাধ্যক্ষাৎ সর্ব্বভূতাধিবাসাৎ সাক্ষিণশ্চেতয়িতুরীশ্বরাৎ তদনুজ্ঞয়া কর্তৃত্বভোক্তৃত্বলক্ষণস্য সংসারস্য সিদ্ধিঃ, তদনুগ্রহহেতুকেনৈব চ বিজ্ঞানেন মোক্ষসিদ্ধির্ভবিতুমর্হতি। কুতঃ? তচ্ছ্রুতেঃ। যদ্যপি রাগাদিদোষপ্রযুক্তঃ সামগ্রীসম্পন্নশ্চ জীবঃ, যদ্যপি চ লোকে কৃষ্যাদিষু কর্ম্মসু নেশ্বরকারণত্বং প্রসিদ্ধং, তথাপি সর্ব্বাস্বেব প্রবৃত্তি-

নিলসলিলৌঘমুহ্যমানং প্রত্যুপদেশোঽর্থবান্। তস্মাৎ এষ হ্যেব সাধু কর্ম্ম কারয়তি"ইত্যাদয়ঃ শ্রুতয়ঃ সমস্তবিধিনিষেধশ্রুতিবিরোধাল্লোকবিরোধাচ্চৈশ্বর্য্যপ্রশংসাপরতয়া নেয়া ইতি প্রাপ্তেঽভিধীয়তে—

"এষ হ্যেব সাধু কর্ম্ম কারয়তি"ইত্যাদয়স্তাবচ্ছ্রুতয়ঃ সর্ব্বব্যাপারেষু জন্তূনামীশ্বরতন্ত্রতামাহুঃ। তদসতি বাধকে ন প্রশংসাপরতয়া ব্যাখ্যাতুমুচিতম্। ন চ

দোষ) উপস্থিত থাকায় ঈশ্বরের কর্ম্মসাপেক্ষতা অসম্ভব বা অনিশ্চিত হইয়া পড়ে। কর্ম্মসাপেক্ষতা অসম্ভব বা অনিশ্চিত হইলে কিংসাপেক্ষতা বলিবে? মানিবে? ঈশ্বর জীবের পূর্ব্বকর্ম্ম পর্য্যালোচন করেন না, অথচ প্রবর্ত্তিত করেন, এরূপ হইলে অকৃতাভ্যাগম দোষ প্রসক্ত হইবেক। (জীব কর্ম্ম করিয়াও ফল পাইবে না, না করিয়াও পাইবে, ইহা একপ্রকার দোষ অর্থাৎ যুক্তিবিরুদ্ধ কুসিদ্ধান্ত)। প্রদর্শিত হেতুবাদ থাকায় মানা উচিত জীবের কর্তৃত্ব স্বাধীন, ঈশ্বরাধীন নহে।

[এতাং...নীয়তে] এই রূপে প্রাপ্তপক্ষ তুশব্দের দ্বারা বিদূরিত করতঃ "পরাত্তু" সূত্রে সিদ্ধান্ত বলিতেছেন। অবিদ্যাবস্থায় কর্ম্মাধ্যক্ষ, সর্ব্বভূতাধিবাস, সর্ব্বসাক্ষী ও চেতয়িতা পরমাত্মা পরমেশ্বর হইতে কার্য্য-করণ-সংঘাতাবিবেকী (কার্য্য=দেহ, করণ—ইন্দ্রিয়, সংঘাত—মিলিত—তৎসমষ্টি। অবিবেক—তদ্বিষয়ক বিবেক জ্ঞান না থাকা অর্থাৎ তন্ত্রাবাপন্ন হইয়া থাকা,) অজ্ঞান-তিমিরান্ধ জীবের কর্তৃত্বাদিলক্ষণ সংসার সিদ্ধ হয়, এবং তদনুগ্রহমূলক বিজ্ঞানের উদয় হইলে তদ্দ্বারা মোক্ষসিদ্ধিও হয়। এ কথা এই জন্য বলি, যেহেতু তাহা শ্রুতিপ্রমাণে প্রমিত হয়। যদিও জীব রাগাদিদোষ বশতঃ কার্য্যেপ্রবৃত্ত হয়, যদিও সে সর্ব্বকারকসম্পন্ন, এবং যদিও লোকমধ্যে কৃষ্যাদিকার্য্যে ঈশ্বরের কারণতা অপ্রসিদ্ধ, তথাপি, সর্ব্বকার্য্যের

হ্যীশ্বরো হেতুকর্ত্তেতি শ্রুতেরবসীয়তে। তথা হি শ্রুতির্ভবতি "এষ হ্যেব সাধু কর্ম্ম কারয়তি তং, যমেভ্যো লোকেভ্য উন্নিনীষতে, এষ হ্যেবাসাধু কর্ম্ম কারয়তি তং, যমধো নিনীষতে" ইতি, "য আত্মনি তিষ্ঠন্ আত্মানমন্তরো যময়তি" ইতি চৈবঞ্জাতীয়কা ॥ ২। ৩। ৪১ ॥

নন্বেবমীশ্বরস্য কারয়িতৃত্বে সতি বৈষম্য-নৈর্ঘৃণ্যে স্যাতামকৃতাভ্যাগমশ্চ জীবস্যেতি, নেত্যুচ্যতে—

কৃত-প্রযত্নাপেক্ষস্তু বিহিত-প্রতিষিদ্ধাবৈয়র্থ্যাদিভ্যঃ ॥ ২। ৩। ৪২ ॥*

তু-শব্দশ্চোদিতদোষব্যাবর্ত্তনার্থঃ। কৃতো যঃ প্রযত্নো জীবস্য ধর্ম্মাধর্ম্মলক্ষণস্তদপেক্ষ এবৈনমীশ্বরঃ কারয়তি, ততশ্চৈতে

শ্রুতিসিদ্ধস্য কল্পনীয়তা, যেন প্রবর্ত্তকেষু রাগাদিষু সৎস্থ তৎকল্পনা বিরুধ্যেত। ন চেশ্বরতন্ত্রত্বে ধর্ম্ম এব জন্তূনাং প্রবৃত্তেঃ সুখিত্বমেব, ন বৈচিত্র্যমিতি যুক্তম্ ॥ ২। ৩। ৪১ ॥

যদ্যপ্যয়মীশ্বরো বীতরাগস্তথাপি পূর্ব্বপূর্ব্বজন্তু-কর্ম্মাপেক্ষয়া জন্তূন্ ধর্ম্মা-

---

বা সর্ব্বপ্রবৃত্তির মূলে ঈশ্বরের নিমিত্ততা (কারণতা) আছে, ইহা শ্রুতির দ্বারা নিশ্চিত হয়। [তথাহি...জাতীয়কা] যথা—"ঈশ্বর যাহাকে এ লোক হইতে উচ্চলোকে লইবার ইচ্ছা করেন, তাহাকে তিনি শোভন কর্ম্ম করান, আর যাহাকে অধোগামী করিবার ইচ্ছা করেন, তাহাকে অশোভন কার্য্য করান্।" "যিনি আত্মায় (দেহে) ও আত্মার অন্তরে অবস্থান করতঃ আত্মাকে (জীবকে) নিয়মন করেন" ইত্যাদি ॥ ২। ৩। ৪১ ॥

[নন্বেবং...নেত্যুচ্যতে] যদি বল, ঈশ্বর করান ও জীব করে, এরূপ হইলে বিষমকারিত্ব ও নির্দ্দয়তা, এই দুই দোষ ঈশ্বরের প্রতি অর্পণ করা হয় এবং জীবেরও অকৃতপ্রাপ্তি স্বীকার করা হয়, কিন্তু বাস্তব পক্ষ দেখিতে গেলে, তাহা নহে। কেন, তাহা সূত্রকার বলিতেছেন—

তু শব্দের অর্থ—প্রদত্ত দোষের নিষেধ অর্থাৎ উল্লিখিত দোষ হয় না।

---

* আদিশব্দেন পুরুষকারবৈয়র্থ্যাং গ্রাহ্যম্। ঈশ্বরস্তু জীবকৃতপ্রযত্নাপেক্ষত্বতো নোক্তদোষঃ। জীবেন কৃতঃ প্রযত্নো ধর্ম্মাধর্ম্মলক্ষণস্তন্নিরপেক্ষা যস্যেতি বিগ্রহঃ। কুত এতজ্জ্ঞায়তে? তত্রাহ বিহিতেতি। বিধিনিষেধশাস্ত্রপ্রামাণ্যাৎ পুরুষকারাবৈয়র্থ্যাচ্চেত্যভিপ্রায়ঃ।—

জীবের প্রযত্ন অর্থাৎ জীব যে, ধর্ম্মাধর্ম্ম সঞ্চয় করে, ঈশ্বর তদনুসারে তাহাকে কার্য্যে প্রবৃত্ত করান্। সুতরাং প্রদত্ত দোষের উদ্ধার হয় এবং শাস্ত্রসার্থক্যও বজায় থাকে।

চোদিতা দোষা ন প্রসজ্যন্তে। জীবকৃত-ধর্ম্মাধর্ম্মবৈষম্যাপেক্ষ এব তত্তৎফলানি বিষমং বিভজতে পর্জ্জন্যবদীশ্বরো নিমিত্তত্ব-মাত্রেণ। যথা লোকে নানাবিধানাং গুচ্ছগুল্মাদীনাং ব্রীহি-যবাদীনাঞ্চাসাধারণেভ্যঃ স্বস্ববীজেভ্যো জায়মানানাং সাধারণং নিমিত্তং ভবতি পর্জ্জন্যঃ। ন হ্যসতি পর্জ্জন্যে রসপুষ্পফল-পলাশাদিবৈষম্যং তেষাং জায়তে, নাপ্যসৎসু স্বস্ববীজেষু; এবং জীবকৃতপ্রযত্নাপেক্ষ ঈশ্বরস্তেষাং শুভাশুভং বিদধ্যাদিতি শ্লিষ্যতে। নমু কৃতপ্রযত্নাপেক্ষত্বমেব জীবস্য পরায়ত্তে কর্ত্তৃত্বে নোপপদ্যতে।

নৈষ দোষঃ। পরায়ত্তেঽপি হি কর্ত্তৃত্বে করোত্যেব জীবঃ, কুর্ব্বন্তং হি তমীশ্বরঃ কারয়তি। অপি চ, পূর্ব্বপ্রযত্নমপেক্ষ্যেদানীং

ধর্ম্ময়োঃ প্রবর্ত্তয়ন্ ন দ্বেষ-পক্ষপাতাভ্যাং বিষমঃ, নাপি নির্ঘৃণঃ। ন চ কর্ম্ম-প্রচয়স্যাদিরস্তি, অনাদিত্বাৎ সংসারস্য। ন চেশ্বরতন্ত্রস্য কৃতং বিধিনিষেধাভ্যামিতি সাম্প্রতম্। ন হীশ্বরঃ প্রবলতরপবন ইব জন্তূন্ প্রবর্ত্তয়তি, অপি তু তচ্চৈতন্য-মনুরুধ্যমানো রাগাদ্যুপহারমুখেন। এবঞ্চেষ্টানিষ্টপ্রাপ্তিপরিহারার্থিনো বিধি-নিষেধাবর্থবন্তৌ ভবতঃ।

তদনেনাভিসন্ধিনোক্তং "পরায়ত্তেঽপি হি কর্ত্তৃত্বে করোত্যেব জীবঃ" ইতি।

যে জীবের যেরূপ প্রযত্ন অর্থাৎ ধর্ম্মাধর্ম্মনামক কর্ম্ম-সংস্কার সঞ্চিত থাকে, ঈশ্বর সে জীবকে সেইরূপ কার্য্যই করান, এরূপ হইলে আর পূর্ব্বোল্লিখিত দোষ থাকে না। জীবকৃত ধর্ম্মাধর্ম্ম সমান বা একরূপ নহে, সেইজন্য সে-সকলের ফলও একরূপ নহে। ঈশ্বর ফল-বৈষম্যের প্রতি পর্জ্জন্যের ন্যায় সাধা-রণ কারণ। [যথা...শ্লিষ্যতে] যেমন লোকমধ্যে দেখা যায়, স্বীয় স্বীয় বীজে সমুৎপন্ন গুচ্ছ, গুল্ম, ধান্য, যব ও গোধূম প্রভৃতির সাধারণ নিমিত্ত (কারণ) মেঘ। মেঘ না থাকিলে রস, পুষ্প, ফল ও পত্র প্রভৃতি অসমান বা বিভিন্ন পদার্থ জন্মিত না, পৃথক্ পৃথক্ বীজ না থাকিলেও পৃথক্ পদার্থ জন্মিত না। তেমনি, ঈশ্বর ও জীবকৃত প্রযত্ন না থাকিলে এরূপ সৃষ্টিবৈচিত্র্য হইত না। ঈশ্বর জীবকৃত প্রযত্ন অনুসারে জীবগণের শুভাশুভ বিধান করেন, জীবেরাও তদ্বিধানবশ্য হইয়া ইচ্ছাবান্ হয়, হইয়া কর্ত্তব্য অনুষ্ঠান করে, এ তত্ত্ব বিস্পষ্ট। [নমু...নবত্ত্বম্] বলিয়াছিলে যে, জীবের কর্ত্তৃত্বকে পরাধীন অর্থাৎ ঈশ্বরাধীন বলিতে গেলে ঈশ্বরের জীবকৃতপ্রযত্নাপেক্ষতা উপপন্ন বা সঙ্গত হয় না, কিন্তু আমরা বলি, তাহা হয়।

জীব পরাধীন কর্ত্তা হইলেও জীব করে ও ঈশ্বর করান্। (অধ্যাপকাধীন ছাত্রের পাঠ মুখ্য কর্ত্তৃত্ব দৃষ্ট হয়)। অথবা সংসার অনাদি। যেহেতু অনাদি—

কারয়তি, পূর্ব্বতরঞ্চ প্রযত্নমপেক্ষ্য পূর্ব্বমকারয়দিত্যনাদিত্বাৎ সংসারস্যেনবদ্যম্। কথং পুনরবগম্যতে—কৃতপ্রযত্নাপেক্ষ ঈশ্বর ইতি? বিহিত-প্রতিষিদ্ধাবৈয়র্থ্যাদিভ্য ইত্যাহ। এবং হি "স্বর্গকামো যজেত," "ব্রাহ্মণো ন হন্তব্যঃ" ইত্যেবঞ্জাতীয়কস্য বিহিতস্য প্রতিষিদ্ধস্য চাবৈয়র্থ্যং ভবতি, অন্যথা তদনর্থকং স্যাৎ। ঈশ্বর এব বিধি-প্রতিষেধয়োর্নিযুজ্যেত, অত্যন্তপরতন্ত্রত্বাৎ জীবস্য। তথা বিহিতকারিণমপ্যনর্থেন সংসৃজেৎ প্রতিষিদ্ধকারিণমপ্যর্থেন। ততশ্চ প্রামাণ্যং বেদস্যাস্তমিয়াৎ। ঈশ্বরস্য চাত্যন্তানপেক্ষত্বে লৌকিকস্যাপি পুরুষকারস্য বৈয়র্থ্যং, তথা দেশ-কালনিমিত্তানাং পূর্ব্বোক্তদোষপ্রসঙ্গশ্চেত্যেবঞ্জাতীয়কং দোষজাতমাদিগ্রহণেন দর্শয়তি ॥ ২। ৩। ৪২ ॥

তস্মাদ্বিধিনিষেধশাস্ত্রাবিরোধাল্লোকস্য স্থূলদর্শিত্বাৎ "এষ হ্যেব সাধু কর্ম্ম কারয়তি" ইত্যাদিশ্রুতেঃ—

"অজ্ঞো জন্তুরনীশোঽয়মাত্মনঃ সুখদুঃখয়োঃ।
ঈশ্বরপ্রেরিতো গচ্ছেৎ স্বর্গং বা শ্বভ্রমেব বা" ॥ ইতি

স্মৃতেশ্চেশ্বরতন্ত্রাণামেব জন্তূনাং কর্তৃত্বং, ন তু স্বতন্ত্রাণামিতি সিদ্ধম্। ঈশ্বর এব বিধিনিষেধয়োঃ স্থানে নিযুজ্যেত, যদ্বিধিনিষেধয়োঃ ফলং, তদীশ্বরেণ তৎপ্রতিপাদিতধর্ম্মাধর্ম্মনিরপেক্ষেণ কৃতমিতি বিধিনিষেধয়োরানর্থক্যম্। ন কেবলমানর্থক্যং বিপরীতঞ্চাপদ্যত ইত্যাহ—"তথা বিহিতকারিণম্" ইতি। পূর্ব্বোক্তশ্চ দোষঃ কৃতনাশাকৃতাভ্যাগমঃ প্রসজ্যেত। অতিরোহিতার্থমন্যৎ ॥ ২। ৩। ৪২ ॥

সেই হেতুই ঐ দোষ নগণ্য। ঈশ্বর পূর্ব্বকৃত প্রযত্ন (ধর্ম্মাধর্ম্ম) অনুসারে জীবকে এতৎকালে করান, তৎপূর্ব্বকৃত কর্ম্মানুসারে তৎপূর্ব্বে করাইয়াছিলেন, এইরূপ অনাদিপ্রবাহ অনিন্দীয়। [কথং...মিয়াৎ] ঈশ্বর যে, জীবকৃত প্রযত্নাপেক্ষ, তাহা বিহিত নিষিদ্ধের সার্থক্যাদির দ্বারা জানা যায়। অর্থাৎ ঐরূপ হইলেই "স্বর্গকামনায় যাগ করিবেক" "ব্রাহ্মণ বধ করিবেক না" ইত্যাদি ইত্যাদি বিধি ও নিষেধশাস্ত্রের সার্থক্য থাকিতে পারে, এবং অন্যরূপ (ঈশ্বর জীবকৃত প্রযত্নাপেক্ষ না হইয়া সম্পূর্ণ স্বেচ্ছাচারী) হইলে ঐ সকল বিধানের ও অনুষ্ঠানের আনর্থক্য ঘটনা হয়। জীব অত্যন্ত পরাধীন, ঈশ্বরাধীন, ঈশ্বরই তাহাদিগকে বৈধাবৈধ কার্য্য করান, বৈধকারীকে অনিষ্টে পাতিত ও অবৈধকারীকে ইষ্টফলে যোজিত করেন, এরূপ হইলে বেদের প্রামাণ্য অস্তগত হয় অর্থাৎ বেদকে মিথ্যা বলা হয়। [ঈশ্বরস্য...দর্শয়তি] সূত্রে 'আদি' শব্দ দিয়া দেখাইয়াছেন যে, ঈশ্বর অত্যন্ত নিরপেক্ষ হইলে লৌকিক পুরুষকারেরও বৈফল্য এবং দেশ, কাল, নিমিত্ত, এ সকলের প্রতি ও পূর্ব্বোক্ত দোষ আপতিত হয় ॥ ২। ৩। ৪২ ॥

অংশো নানাব্যপদেশাদন্যথা চাপি দাশকিতবাদিত্বমধীয়ত একে ॥ ২ । ৩ । ৪৩ ॥*

জীবেশ্বরয়োরুপকার্য্যোপকারকভাব উক্তঃ। স চ সম্বন্ধয়োরেব লোকে দৃষ্টঃ। যথা স্বামিভৃত্যয়োর্যথাবাঽগ্নিস্ফুলিঙ্গয়োঃ। ততশ্চ জীবেশ্বরয়োরপ্যুপকার্য্যোপকারকভাবাভ্যুপগমাৎ কিং স্বামিভৃত্যবৎ সম্বন্ধঃ? আহোস্বিৎ অগ্নি-বিস্ফুলিঙ্গবদিত্যস্যাং বিচিকিৎসায়ামনিয়মো বা প্রাপ্নোতি, অথবা স্বামিভৃত্যপ্রকারেম্বেব ঈশিত্রীশিতব্যভাবস্য প্রসিদ্ধত্বাৎ তদ্বিধ এব সম্বন্ধ ইতি প্রাপ্নোতি, অতো ব্রবীতি 'অংশঃ' ইতি। জীব ঈশ্বরস্যাংশো ভবিতুমর্হতি,—যথাগ্নের্ব্বিস্ফুলিঙ্গঃ। অংশ

অবান্তরসঙ্গতিমাহ—"জীবেশ্বরয়োঃ" ইতি। উপকার্য্যোপকারকভাবঃ প্রযোজ্য-প্রযোজকভাবঃ। অত্রাপাততো বিনগমনাহেতোরভাবাদনিয়মোঽনিশ্চয় ইত্যুক্ত নিশ্চয়হেত্বাভাসদর্শনেন। ভেদপক্ষমালম্ব্যাহ—"অথবা" ইতি। ঈশিত-

---

জীবেশ্বরের উপকার্য্য-উপকারকভাব বর্ণিত হইল। (জীব উপকার্য্য, ঈশ্বর উপকারক), পরন্তু ঐ ভাবটী পরস্পর সম্বন্ধ, অর্থাৎ সম্বন্ধবিশিষ্ট দুইএর মধ্যে দৃষ্ট হয়। ইহা প্রভু-ভৃত্যের মধ্যেও দেখা যায়, অগ্নি-স্ফুলিঙ্গের মধ্যেও দেখা যায়। প্রোক্ত দ্বিবিধ দৃষ্টান্ত ও জীবেশ্বরের উপকার্য্য-উপকারক ভাব স্বীকার থাকায় সন্দেহ হয়, জীবেশ্বরের সম্বন্ধ কিম্বিধ?—প্রভু-ভৃত্য-সদৃশ সম্বন্ধ? না অগ্নি-স্ফুলিঙ্গসমান সম্বন্ধ? সন্দেহের পর প্রথম কোটীতে পাওয়া যায়, সম্বন্ধের নিয়ম নাই। অথবা স্বামি-ভৃত্য-সদৃশ সম্বন্ধই আছে। প্রভু ও ভৃত্যের মধ্যেই নিয়ন্তৃ-নিয়ম্যভাব (প্রভু নিয়ন্তা, ভৃত্য তাহার নিয়ম্য) প্রসিদ্ধ। জীবেশ্বরের মধ্যেও ঐরূপ সম্বন্ধ (জীব নিয়ম্য, ঈশ্বর তাহার নিয়ন্তা) যুক্তিলভ্য। [অতো... যুজ্যতে] এতদ্রূপ প্রাপ্ত পক্ষের পরিহারার্থ বলিতেছেন, জীব ঈশ্বরাংশ হইবার যোগ্য। অগ্নির বিস্ফুলিঙ্গ যদ্রূপ, ব্রহ্মের জীবভাবও তদ্রূপ। নিরবয়ব পদার্থের

---

* জীবো ব্রহ্মণোঽংশো ভবিতুমর্হত্যগ্নের্বিস্ফুলিঙ্গ ইবেতি প্রতিজ্ঞা। অত্র হেতুর্নানেতি। ভবতি হি ভেদেনোপদেশো জীবপরয়োঃ "সোঽন্বেষ্টব্য" ইত্যাদৌ। অন্যথাপি প্রকারান্তরেণ চ। একে শাখিনস্তস্য দাশকিতবাদিভাবমধীয়তে। বিস্তরস্তু ভাষ্যে।

জীবেশ্বরের সম্বন্ধ কিরূপ? সেব্য-সেবক-সম্বন্ধ? না অগ্নিবিস্ফুলিঙ্গের ন্যায় অংশাংশিভাব (ভেদাভেদ) সম্বন্ধ? ইহার সিদ্ধান্ত, জীব পরব্রহ্মের অংশ। কেন-না, শ্রুতিতে ভেদকথন ও অন্য প্রকার অর্থাৎ ভেদাভেদ কথন উভয়ই আছে। কোন কোন শাখায় ব্রহ্ম দাশাদিভাবে বর্ণিত হইয়াছেন। অর্থাৎ দাশাদিও ব্রহ্ম, এইরূপ কথন আছে।

ইবাংশঃ। ন হি নিরবয়বস্য মুখ্যোঽংশঃ সম্ভবতি। কস্মাৎ পুনর্নিরবয়বত্বাৎ স এব ন ভবতি? নানাব্যপদেশাৎ। "সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ" "এতমেব বিদিত্বা মুনির্ভবতি" "য আত্মনি তিষ্ঠন্নাত্মানমন্তরো যময়তি" ইতি চৈবঞ্জাতীয়কো ভেদ-নির্দ্দেশো নাসতি ভেদে যুজ্যতে।

নন্থ চায়ং নানাব্যপদেশঃ সুতরাং স্বামিভৃত্যসারূপ্যে যুজ্যত-ইতি, অত আহ—অন্যথা চাপীতি। ন চ নানাব্যপদেশাদেব কেবলাদংশত্বপ্রতিপত্তিঃ। কিন্তর্হি? অন্যথা চাপি ব্যপদেশো ভবত্যনানাত্বস্য প্রতিপাদকঃ। তথা হি—একে শাখিনো দাশ-কিতবাদিভাবং ব্রহ্মণ আমনন্তি আথর্ব্বণিকা ব্রহ্মসূক্তে—"ব্রহ্ম দাশা ব্রহ্ম দাসা ব্রহ্মেমে কিতবা উত" ইত্যাদিনা। দাশা য এতে কৈবর্ত্তাঃ প্রসিদ্ধাঃ, যে চামী দাসাঃ স্বামিষ্বাত্মানমুপক্ষিপন্তি, যে চান্যে কিতবা দ্যূতবৃত্তাঃ,তে সর্ব্বে ব্রহ্মৈবেতি হীনজন্তূদাহরণেন

ব্যেশিতৃভাবশ্চান্বেষ্যান্বেষ্টৃভাবশ্চ জ্ঞেয়জ্ঞাতৃভাবশ্চ নিয়ম্যনিয়ন্তৃভাবশ্চাধারা-ধেয়ভাবশ্চ ন জীবপরমাত্মনোরভেদেঽবকল্পতে।

ন চ "ব্রহ্ম দাশা ব্রহ্ম কিতবাঃ" ইত্যাদ্যাশ্চ শ্রুতয়ঃ—দাশা ব্রহ্ম, কিতবা ব্রহ্ম, ইত্যাদিপ্রতিপাদনপরা জীবানাং ব্রহ্মণোঽভেদেঽবকল্পন্তে। ন চৈতাভির্ভেদা-

---

বাস্তব অংশ না থাকায় কল্পিত অংশ গ্রহণীয়। নিরবয়বত্ব বিধায় বাস্তব অংশ না থাকিলেও জীব ব্রহ্মাংশ, ব্রহ্ম নহে। কেন-না, শ্রুতিতে তদুভয়ের ভেদ-ব্যপ-দেশ (ভিন্নভাবে গণনা) আছে। যথা—"তিনি জীবের অন্বেষণীয়, তিনি বিচারণীয়—বিচারপূর্ব্বক জ্ঞেয়।" "ইহাঁকে জানিয়া মুনি হয়।" "যিনি আত্মায় অবস্থিত ও অন্তরে থাকিয়া আত্মাকে নিযোজিত করেন।" ইত্যাদি। ভেদ না থাকিলে শ্রুতি ঐরূপ ভেদ নির্দ্দেশ করিতেন না।

[নন্থ চায়ং...দিনা] যদি কেহ মনে করেন, ঐ ভেদ প্রভু-ভৃত্য-ভাবেও সঙ্গত হয়, তাই তৎপরিহারার্থ বলিয়াছেন, "অন্যথা চাপি" অন্য প্রকারেও অংশত্ব প্রতীতি হয়। কেবল ভেদ-কথন দ্বারাই যে, অংশত্ব প্রতীতি হয়, তাহা নহে, ভেদ-বোধক অন্য ব্যপদেশও (বর্ণনাও) আছে। তাহারই উদাহরণার্থ কোন কোন শাখা ব্রহ্মের দাশভাবে অবস্থান গান করিয়াছেন। অথর্ব্ববেদীয় ব্রহ্মসূক্তে "দাশেরা ব্রহ্ম, দাশেরা ব্রহ্ম, এই সকল ধূর্ত্তেরাও ব্রহ্ম" ইত্যাদি ক্রমে গীত হইয়াছে। [দাশা...মাহুঃ] কৈবর্ত্তাদি জাতি দাশ-শব্দে প্রসিদ্ধ। ভৃত্যেরা দাস-শব্দে খ্যাত। দ্যূতসেবীরা (যাহারা জুয়া খেলে) কিতব নামে পরিচিত। ইহারা

সর্ব্বেষামেব নামরূপকৃত-কার্য্যকরণসঙ্ঘাতপ্রবিষ্টানাং জীবানাং ব্রহ্মত্বমাহুঃ।

তথা অন্যত্রাপি ব্রহ্মপ্রক্রিয়ায়ামেবায়মর্থঃ প্রপঞ্চ্যতে—"ত্বং স্ত্রী ত্বং পুমানসি, ত্বং কুমার উত বা কুমারী, ত্বং জীর্ণো দণ্ডেন বঞ্চসি, ত্বং জাতো ভবসি বিশ্বতোমুখঃ" ইতি, "সর্ব্বাণি রূপাণি-বিচিত্য ধীরো নামানি কৃত্বাভিবদন্ যদাস্তে" ইতি চ। "নান্যোঽ-তোঽস্তি দ্রষ্টা" ইত্যাদিশ্রুতিভ্যশ্চাস্যার্থস্যসিদ্ধিঃ। চৈতন্যঞ্চা-বিশিষ্টং জীবেশ্বরয়োঃ—যথা অগ্নিবিস্ফুলিঙ্গয়োরৌষ্ণ্যম্। অতো ভেদাভেদাবগমাভ্যামংশত্বাবগমঃ ॥২।৩।৪৩॥

কুতশ্চাংশত্বাবগমঃ ?

ভেদপ্রতিপাদনপরাভিঃ শ্রুতিভিঃ সাক্ষাদংশত্বপ্রতিপাদকাচ্চ মন্ত্রবর্ণাৎ "পাদোঽস্য বিশ্বা ভূতানি" ইত্যাদেঃ, স্মৃতেশ্চ "মমৈবাংশঃ" ইত্যাদের্জ্জীবানামীশ্বরাংশত্ব-সিদ্ধিঃ। নিরতিশয়োপাধিসম্পদা চ বিভূতিযোগেনেশ্বরঃ স্বাংশানামপি নিকৃষ্টো-পাধীনামীষ্ট ইতি যুজ্যতে। ন হি তাবদনবয়বেশ্বরস্য জীবা ভবিতুমর্হন্ত্যংশাঃ।

অপি চ জীবানাং ব্রহ্মাংশত্বে তদ্গতা বেদনা ব্রহ্মণো ভবেৎ, পাদাদিগতা ইব বেদনা দেবদত্তস্য। ততশ্চ ব্রহ্মভূয়ংগতস্য সমস্তজীবগতবেদনানুভবপ্রসঙ্গ ইতি বরং সংসার এব মুক্তেঃ। তত্র হি স্বগতবেদনামাত্রানুভবাৎ ন ভূরি দুঃখমনু-ভবতি। মুক্তশ্চ সর্ব্বজীববেদনাভাগিতি প্রযত্নেন মুক্তিরনর্থবহুলতয়া পরিহর্ত্তব্যা স্যাদিতি।

সকলেই ব্রহ্ম। শ্রুতি উদাহরণ প্রসঙ্গে ঐরূপ ও অন্যরূপ নীচ জাতির উল্লেখ করিয়া দেহপ্রবিষ্ট সমুদায় জীবের ব্রহ্মত্ব খ্যাপন করিয়াছেন।

[তথা...গমঃ] অন্য শ্রুতির ব্রহ্মপ্রস্তাবেও ঐ অর্থ বিস্তৃতরূপে বর্ণিত হইয়াছে। যথা—"তুমি স্ত্রী, তুমি পুরুষ, তুমি কুমার, তুমি কুমারী, তুমিই বৃদ্ধ হইয়া যষ্টি ধারণপূর্ব্বক গমন কর, তুমিই জন্মগ্রহণ কর ও তুমি সর্ব্বতোমুখ অর্থাৎ সর্ব্বময়।" "যিনি নাম ও রূপ (সংজ্ঞা ও মূর্ত্তি) সৃজন করতঃ অন্তঃপ্রবিষ্ট আছেন।" ইত্যাদি। "ইহাঁ ব্যতীত অন্য দ্রষ্টা নাই" ইত্যাদি শ্রুতির দ্বারাও ঐ অভিপ্রায়ই লব্ধ হয়। জীবের ও ঈশ্বরের চৈতন্য অবিশিষ্ট অর্থাৎ চৈতন্যাংশে ভিন্নতা নাই। যেমন অগ্নিতে ও তাহার স্ফুলিঙ্গে উষ্ণতাবিষয়ে বিশেষ বা ভেদ নাই। বিচারের উপসংহার এই যে, শ্রুতির দ্বারা ভেদ ও অভেদ অবগত হওয়া যায় বলিয়া জীব-ব্রহ্মের মধ্যে অংশাংশিভাব প্রতীত হয় ॥ ২ । ৩ । ৪৩ ॥

এতদ্ভিন্ন, অন্য হেতুতেও জীবের অংশভাব নিশ্চিত হয়।

মন্ত্রবর্ণাচ্চ ॥ ২ । ৩ । ৪৪॥*

মন্ত্রবর্ণশ্চৈতমর্থমবগময়তি—

"তাবানস্য মহিমা ততো জ্যায়াংশ্চ পূরুষঃ।

পাদোঽস্য সর্ব্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবি॥" ইতি।

অত্র ভূতশব্দেন জীবপ্রধানানি স্থাবরজঙ্গমানি নির্দ্দিশতি—

তথা ভেদাভেদয়োঃ পরস্পরবিরোধিনোরেকত্রাসম্ভবান্নাংশত্বং জীবানাম্। ন চ ব্রহ্মৈব সৎ, অসন্তস্তু জীবা ইতি যুক্তং, সুখদুঃখমুক্তিসংসারব্যবস্থাভাবপ্রসঙ্গাদ-মুক্তাপরিহারাভাবপ্রসঙ্গাচ্চ। তস্মাজ্জীবা এব পরমার্থসন্তো ন ব্রহ্মৈকমদ্বয়ম্। অদ্বৈতশ্রুতয়স্তু জাতিদেশকালাভেদনিমিত্তোপচারাদিতি প্রাপ্তেঽভিধীয়তে। অনধিগতার্থাববোধনানি প্রমাণানি—বিশেষতঃ শব্দঃ। তত্র ভেদো লোকসিদ্ধত্বান্ন শব্দেন প্রতিপাদ্যঃ। অভেদস্ত্বনধিগতত্বাদধিগতভেদানুবাদেন প্রতিপদান-মর্হতি। যেন চ বাক্যমুপক্রম্যতে, মধ্যে চ পরামৃশ্যতে, অন্তে চোপসংহ্রিয়তে, তত্রৈব তস্য তাৎপর্য্যম্। উপনিষদশ্চাদ্বৈতোপক্রম-তৎপরামর্শ-তদুপসংহারা অদ্বৈত-পরা এব যুজ্যন্তে। ন চ যৎপরাস্তদৌপচারিকং যুক্তম্। অভ্যাসে হি ভূয়-স্ত্বমর্থস্য ভবতি নাল্পত্বমপি, প্রাগেবোপচরিতত্বমিত্যুক্তম্। তস্মাদদ্বৈতে ভাবিকে স্থিতে জীবভাবস্তস্য ব্রহ্মণোঽনাদ্যনির্ব্বচনীয়াবিদ্যোপধানভেদাৎ একস্যেব বিম্বস্য দর্পণাদ্যুপাধিভেদাৎ প্রতিবিম্বভেদাঃ। এবঞ্চামুক্তাপরিহারৌ লৌকিকবৈদিকৌ সুখদুঃখমুক্তিসংসারব্যবস্থা চোপপদ্যতে। ন চ মোক্ষস্যানর্থবহুলতা, যতঃ প্রতিবিম্বানামিব শ্যামতাবদাততাদির্জ্জীবানামেব নানাবেদনাভিসম্বন্ধঃ, ব্রহ্মণস্তু বিম্বস্যেব ন তদভিসম্বন্ধঃ। যথা চ দর্পণাপনয়ে তৎপ্রতিবিম্বং বিম্বভাবেনাব-তিষ্ঠতে, ন কৃপাণে প্রতিবিম্বিতম্, এবমবিদ্যোপধানবিগমে জীবে ব্রহ্মভাবঃ, ইতি সিদ্ধং জীবো ব্রহ্মাংশ ইব তত্ত্বতয়া, ন ত্বংশ ইতি তাৎপর্য্যার্থঃ ॥২।৩।৪৩॥

[রত্নপ্রভা। অস্য সহস্রশীর্ষপুরুষস্য তাবান্ প্রপঞ্চো মহিমা বিভূতিঃ, পুরুষস্তস্মাৎ প্রপঞ্চাৎ জ্যায়ান্মহত্তরঃ। ভূতানি দেহিনো জীবাঃ, ইত্যত্র নিয়ামকমাহ—

বেদ-মন্ত্রের বর্ণনাও ঐ অর্থ বোধ করায়। যথা—"এতাবৎ বস্তু অর্থাৎ সমুদায় জগৎপ্রপঞ্চ এই সহস্রশিরা পুরুষের (বিরাট্-পুরুষের) মহিমা অর্থাৎ বিভূতি। পুরুষ তদপেক্ষাও জ্যেষ্ঠ অর্থাৎ মহত্তর। সমুদায় ভূত তাঁহার পাদ অর্থাৎ একাংশ এবং অন্য ত্রিপাদ স্বর্গীয় প্রপঞ্চাতীত।" উদাহৃত শ্রুতিতে যে, ভূত-শব্দ আছে, তদ্দ্বারা জীবপ্রধান স্থাবর-জঙ্গমের নির্দ্দেশ হইয়াছে। "সর্ব্ব-ভূতের অহিংসা" ইত্যাদি প্রয়োগে ভূত-শব্দে জীবপ্রধান স্থাবর-জঙ্গম অভি-

* মন্ত্রবর্ণাৎ শ্লোকাত্মক-বেদভাগাদপি এবোঽর্থঃপ্রতীয়তে।

শ্লোকাত্মক বেদ-শব্দের দ্বারাও অর্থাৎ বৈদিক শ্লোকের বর্ণনাবিশেষের দ্বারাও অংশত্ব প্রতীতি হয়। মন্ত্র—বৈদিক-শ্লোক।

"অহিংসন্ সর্ব্বভূতান্যন্যত্র তীর্থেভ্যঃ" ইতি প্রয়োগাৎ। অংশঃ পাদো ভাগ ইত্যনর্থান্তরম্। তস্মাদপ্যংশত্বাবগমঃ ॥ ২ । ৩ । ৪৪ ॥

কুতশ্চাংশত্বাবগমঃ ?

অপি চ স্মর্য্যতে ॥ ২ । ৩ । ৪৫ ॥*

ঈশ্বরগীতাস্বপি চেশ্বরাংশত্বং জীবস্য স্মর্য্যতে "মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ" ইতি। তস্মাদপ্যংশত্বাবগমঃ। যত্তূক্তং স্বামিভৃত্যাদিম্বেবেশিত্রীশিতব্যভাবো লোকে প্রসিদ্ধ ইতি। যদ্যপ্যেষা লোকে প্রসিদ্ধিঃ, তথাপি শাস্ত্রাত্ত্বত্রাংশাংশিত্ব-মীশিত্রীশিতব্যভাবশ্চ নিশ্চীয়তে। নিরতিশয়োপাধিসম্পন্ন-শ্চেশ্বরো নিহীনোপাধিসম্পন্নান্ জীবান্ প্রশাস্তীতি ন কিঞ্চি-দ্বিপ্রতিষিধ্যতে ॥ ২ । ৩ । ৪৫ ॥

অত্রাহ—ননু জীবস্য ঈশ্বরাংশত্বাভ্যুপগমে তদীয়েন সংসার-

"অহিংসন্" ইতি। তীর্থানি শাস্ত্রোক্তকর্ম্মাণি, তেভ্যোঽন্যত্র সর্ব্বপ্রাণিহিংসামকুর্ব্বন্ ব্রহ্মলোকমাপ্নোতীত্যর্থঃ। অত্র ভূতশব্দস্য প্রাণিষু প্রয়োগাৎ সূত্রোক্তমন্ত্রেঽপি তথেতি ভাবঃ। ভূতানাং পাদত্বেঽপি অংশত্বং কুতস্তত্রাহ—অংশঃ পাদ ইতি ॥ ২ । ৩ । ৪৪ ॥ ইতি রত্নপ্রভা]

[রত্নপ্রভা। জীবস্য পুরুষসূক্তমন্ত্রোক্তভগবদংশত্বে ভগবদ্গীতামুদাহরতি সূত্র-কারঃ। অপি চেতি। অত্যন্তভিন্নে ঈশিত্রীশিতব্যভাবপ্রসিদ্ধেঃ ঈশিতব্যজীবস্য কথমীশ্বরাংশত্বমিত্যাশঙ্ক্য কল্পিতভেদেনাপীশিতব্যত্বোপপত্তেরনন্যথাসিদ্ধাদ্ভেদ-শাস্ত্রবলাদংশত্বমিত্যাহ যত্ত্বিত্যাদিনা। ঔপাধিকে ঈশ্বরস্য নিয়ন্তৃত্বে জীব

হিত হইতে দেখা যায়। অংশ, পাদ, ভাগ, এ সকল শব্দ সমানার্থক। অতএব মন্ত্র-বর্ণনার দ্বারাও জীবের অংশত্ব প্রতীতি হয় ॥২।৩।৪৪॥

কেন অংশত্ব প্রতীতি হয় ? এইরূপ পুনরাকাঙ্ক্ষা হওয়ায় বলিতেছেন—

জীব যে, ঈশ্বরাংশ, তাহা ঈশ্বরগীতাতেও স্মৃত হইয়াছে। যথা—"আমারই অংশ জীবলোকে সনাতন জীবভাবে অবস্থান করিতেছে।" এ স্মৃতির দ্বারাও জীবের ঈশ্বরাংশতা প্রতীত হয়। বলিয়াছিলে যে, প্রভু-ভৃত্যের মধ্যেই শাস্য শাসকভাব প্রসিদ্ধ, তাহার প্রত্যুত্তর দিতেছি। [যত্তূক্তং...ষিধ্যতে] যদিও লোকে তথাবিধপ্রসিদ্ধি দেখা যায়, তথাপি, শাস্ত্রের দ্বারা অংশাংশিত্ব ও শিষ্য-শাসকভাব নিশ্চিত হইতেছে। উৎকৃষ্ট উপাধিসম্পন্ন ঈশ্বর হীনোপাধিবিশিষ্ট জীবদিগকে শাসন করেন, এ সিদ্ধান্তে অল্পমাত্রও বিরোধ নাই ॥ ২ । ৩ । ৪৫ ॥

[অত্রাহ...অত্রোচ্যতে] এই স্থানে কেহ কেহ বলিবেন,—আপত্তি করিবেন

---

* জীবস্যেশ্বরাংশত্বং স্মর্য্যতে স্মৃতিষূচ্যতে যতঃ, ততোঽপি।

স্মৃতিতেও জীবের ঈশ্বরাংশতা কথিত আছে। স্মৃতিতে কথিত থাকাও অংশত্ব প্রতীতির অন্যতম হেতু।

দুঃখোপভোগেনাংশিন ঈশ্বরস্যাপি দুঃখিত্বং স্যাৎ, যথা লোকে হস্তপাদাদ্যন্যতমাঙ্গগতেন দুঃখেনাঙ্গিনো দেবদত্তস্য দুঃখিত্বং, তদ্বৎ। ততশ্চ তৎপ্রাপ্তানাং মহত্তরং দুঃখং প্রাপ্নুয়াৎ। অতো বরং পূর্ব্বাবস্থঃ সংসার এবাস্ত্বিতি সম্যগ্দর্শনানর্থক্যপ্রসঙ্গঃ স্যাদিতি। অত্রোচ্যতে—

প্রকাশাদিবন্নৈবং পরঃ ॥ ২ । ৩ । ৪৬ ॥*

যথা জীবঃ সংসারদুঃখমনুভবতি, নৈবং পর ঈশ্বরোঽনুভ-

এব তন্নিয়ন্তা কিং ন স্যাদিত্যত আহ—নিরতিশয়েতি। নিতরাং হীনঃ শরীরাদ্যুপাধিঃ, আজ্ঞানিকোপাধিতারতম্যাদীশেশিতব্যব্যবস্থা, ন বস্তুতঃ। তদুক্তং সুরেশ্বরাচার্য্যৈঃ "ঈশেশিতব্যসম্বন্ধঃ প্রত্যগজ্ঞানহেতুজঃ। সম্যগ্‌জ্ঞানে তমোধ্বস্তাবীশ্বরাণামপীশ্বরঃ" ইতি ॥ ২ । ৩ । ৪৫ ॥ রত্নপ্রভা ॥]

'[রত্নপ্রভা। উত্তরসূত্রমবতারয়তি—"অত্রাহ" ইতি। ঈশ্বরঃ স্বাংশদুঃখৈদুঃখী অংশিত্বাৎ দেবদত্তবদিত্যর্থঃ। ততঃ কিং, তত্রাহ—"ততশ্চ" ইতি। জ্ঞানাৎ সর্ব্বাংশদুঃখসমষ্টিপ্রাপ্ত্যপেক্ষয়া সংসারো বরং, তত্র স্বদুঃখমাত্রানুভবাদিত্যর্থঃ।

নৈবং পর ইতি প্রতিজ্ঞাং বিভজতে—"যথা জীবঃ" ইতি। দেবদত্তদৃষ্টান্তে

যে, জীবকে যদি ঈশ্বরের অংশ বল, তাহা হইলে জীবের সংসার-দুঃখের-ভোগ অংশী ঈশ্বরেরও সংসারদুঃখভোগ মান্য করিতে হইবেক। লোকেও দেখা যায়, হস্তের অথবা অন্য অঙ্গের দুঃখে অঙ্গী দেবদত্ত দুঃখিত হন। অঙ্গের দুঃখে অঙ্গীর দুঃখভোগ, এতদ্দৃষ্টান্তে অংশের (জীবের) দুঃখে অংশীর (ঈশ্বরের) দুঃখ অবশ্যই অনুমেয়। ঐ অনুমান যদি সত্য হয়, তাহা হইলে ঈশ্বরত্বপ্রাপ্ত জীব পূর্ব্বাপেক্ষা অধিক দুঃখী হয়, ইহাও অনুমেয় হইবেক। সাধন দ্বারা সংসারমুক্ত বা ঈশ্বরপ্রাপ্ত জীবের যদি অধিক দুঃখই হয়, তাহা হইলে সংসার থাকাই ভাল, মোক্ষ ভাল নহে। সংসার থাকুক, মোক্ষে প্রয়োজন নাই। মোক্ষে সর্ব্বাংশ গত দুঃখে দুঃখী, আর সংসারে একাংশমাত্র দুঃখী। অতএব, মোক্ষ অপ্রয়োজনীয় হওয়ায় তত্ত্বজ্ঞানের ও তত্ত্বজ্ঞানোপদেশক শাস্ত্রাদিরও বৈফল্যাপত্তি হইতেছে। বাদিগণের এই আপত্তি বিদূরিত করিবার জন্য সূত্র—

জীব যদ্রূপ সংসারদুঃখ অনুভব করে, পর অর্থাৎ ঈশ্বর সেরূপ করেন না। জীব

* যথা জীবস্তথা পরঃ পরমেশ্বরো ন ভবতি। প্রকাশাদিবদিতি দৃষ্টান্তঃ। যথা প্রকাশঃ সৌর্য্যশ্চান্দ্রমসো বা পরমার্থতস্তত্তদ্ভাবং ন প্রতিপদ্যতে, তথেতি যোজনা। আদিশব্দাদাকাশাদিদৃষ্টান্তো গ্রাহ্যঃ।

যেমন সৌরালোক প্রভৃতি অঙ্গুল্যাদি উপাধির দ্বারা বক্রাদিভাব প্রাপ্ত হইলেও তাহাদের স্বরূপে সে সকলের অভাব আছে, সেইরূপ, বুদ্ধ্যাদি-উপাধি-সংসর্গে জীবাংশের দুঃখ হওয়া দৃষ্ট হইলেও

বতীতি প্রতিজানীমহে। জীবো হ্যবিদ্যাবেশবশাৎ দেহাদ্যাত্মভাবমিব গত্বা তৎকৃতেন দুঃখেন দুঃখ্যহমিত্যবিদ্যাকৃতং দুঃখোপভোগমভিমন্যতে, নৈবং পরমেশ্বরস্য দেহাদ্যাত্মভাবো দুঃখাভিমানো বাস্তি। জীবস্যাপ্যবিদ্যাকৃত-নামরূপনির্বৃত্ত-দেহেন্দ্রিয়াদ্যুপাধ্যবিবেকভ্রমনিমিত্ত এব দুঃখাভিমানো ন তু পারমার্থিকোঽস্তি। যথা চ স্বদেহগতং দাহচ্ছেদাদিনিমিত্তং দুঃখং তদভিমানভ্রান্ত্যানুভবতি, তথা পুত্রমিত্রাদিগোচরমপি দুঃখং তদভিমানভ্রান্ত্যৈবানুভবতি—অহমেব পুত্রোঽহমেব মিত্রমিত্যেবং স্নেহবশেন পুত্রমিত্রাদিষ্বভিনিবিশমানঃ। ততশ্চ নিশ্চিতমেতদবগম্যতে মিথ্যাভিমানভ্রমনিমিত্ত এব দুঃখানুভব-ইতি।

ব্যতিরেকদর্শনাচ্চৈবমবগম্যতে তথাহি—পুত্রমিত্রাদিমৎসু

ভ্রান্তিকামকর্ম্মরূপদুঃখসামগ্রীসত্ত্বমুপাধিঃ। তদভাবান্নেশ্বরস্য দুঃখিত্বপ্রাপ্তিঃ। উক্তঞ্চৈতদভেদেঽপি বিম্বপ্রতিবিম্বয়োর্ধর্ম্মব্যবস্থেতি ভাবঃ। দুঃখস্য ভ্রান্তিকৃতত্বং প্রপঞ্চয়তি—"জীবস্যাপি" ইত্যাদিনা।

ভ্রান্তৌ সত্যাং দুঃখমিত্যন্বয়মুক্ত্বা ভ্রান্ত্যভাবে দুঃখাভাবদর্শনাচ্চ ভ্রান্তিকৃতমেব দুঃখমিতি নিশ্চীয়ত ইত্যাহ—"ব্যতিরেক" ইতি। ইতরেষু অভিমানশূন্যেষ্বিত্যর্থঃ।

অবিদ্যার বশ্য হইয়া দেহাদিতে আত্মভাব (অহংজ্ঞান) স্থাপন করতঃ দেহাদির দুঃখে দুঃখী হন, মোহবশতঃ আমি দুঃখী এইরূপ ভাবেন, পরমেশ্বরের সেরূপ দুঃখাভিমান ও দেহাদিতে আত্মভাব নাই। জীবগত দুঃখাভিমানও পারমার্থিক নহে, তাহাও ভ্রমমূলক। অবিদ্যা যে নামরূপবিশিষ্ট দেহাদি উৎপাদন করিয়াছে, জীব অভিমান বা অধ্যাসবশতঃ তাহার সহিত একীভূত, সুতরাং ভ্রান্ত, ভ্রান্ত হওয়াতেই তাহার দুঃখ। [যথা চ...ভব ইতি] যেমন দেহাদিতে আত্মাভিমানরূপ ভ্রান্তি থাকায় জীব দেহাদিস্থিত দুঃখকে আপনাতে আরোপিত করতঃ 'আমি দুঃখী' ইত্যাকার অনুভব করে, তেমনি, অত্যন্ত বাহ্য পুত্রমিত্রাদিস্থিত দুঃখকেও আরোপ দ্বারা আপনাতে আনয়নপূর্ব্বক 'আমি দুঃখী, ইত্যাকার অনুভব করিয়া থাকে। পুত্রাদিতে অহং-মমাভিমানরূপ ভ্রম থাকাতেই জীব স্নেহের বশ্য হয়, হইয়া দুঃখী হয়। ইহার দ্বারাও নিশ্চয় হয় যে, দুঃখবোধ মিথ্যা বা ভ্রমমূলক।

[ব্যতিরেক...প্রসঙ্গঃ] ব্যতিরেক দর্শনেও অর্থাৎ ভ্রান্তির অভাবে দুঃখাভাব দৃষ্ট হওয়াতেও স্থির হয় যে, দুঃখ ভ্রান্তিকৃত। নিদর্শন দেখ,—যাহাদের পুত্র

সে দুঃখের দ্বারা অংশী পরমেশ্বরের স্বরূপ দুঃখিত হয় না। কেননা, স্বরূপে তাহার অভাব আছে। অর্থাৎ পরমেশ্বরের দুঃখ হয় না, ভ্রান্ত-জীবেরই ভ্রমবশতঃ দুঃখ হয়।

বহুষূপবিষ্টেষু তৎসম্বন্ধাভিমানিষ্বিতরেষু চ, পুত্রো মৃতো মিত্রং মৃতমিত্যেবমাদ্যুদ্ঘোষিতে যেষামেব পুত্রমিত্রাদিমত্ত্বাভিমানস্তেষামেব তন্নিমিত্তং দুঃখমুৎপদ্যতে, নাভিমানহীনানাং পরিব্রাজকানাম্। অতশ্চ লৌকিকস্যাপি পুংসঃ সম্যগ্দর্শনার্থবত্ত্বং দৃষ্টং, কিমুত বিষয়শূন্যাদাত্মনোঽন্যদ্ বস্ত্বন্তরমপশ্যতো নিত্যচৈতন্যমাত্রস্বরূপস্যেতি। তস্মান্নাস্তি সম্যগ্দর্শনানর্থক্যপ্রসঙ্গঃ।

প্রকাশাদিবদিতি নিদর্শনোপন্যাসঃ। যথা প্রকাশঃ সৌর্য্যশ্চান্দ্রমসো বা বিয়দ্ব্যাপ্যাবতিষ্ঠমানোঽঙ্গুল্যাদ্যুপাধিসম্বন্ধাৎ তেষ্বৃজুবক্রাদিভাবং প্রতিপদ্যমানেষু তত্তদ্ভাবমিব প্রতিপদ্যমানোঽপি ন পরমার্থতস্তত্তদ্ভাবং প্রতিপদ্যতে, যথা চাকাশো ঘটাদিষু গচ্ছৎসু গচ্ছন্নিব বিভাব্যমানোঽপি ন পরমার্থতো গচ্ছতি, যথা বা উদশরাবাদিকম্পনাৎ তদ্গতে সূর্য্যপ্রতিবিম্বে কম্পমানেঽপি ন

জীবস্যাপি সম্যগ্‌জ্ঞানে দুঃখাভাবো দৃষ্টঃ, কিমু বাচ্যং নিত্যসর্ব্বজ্ঞেশ্বরস্যেত্যাহ—"অতশ্চ" ইতি। এবমংশিত্বে হেতোঃ সোপাধিকত্বমুক্ত্বা যোঽংশী, স বস্তুতঃ স্বাংশধর্ম্মবানিতি ব্যাপ্তিং স্থলত্রয়ে ব্যভিচারয়তি—"প্রকাশাদিবৎ" ইতি।

মিত্রাদি আছে, অথবা যাহাদের অমুক আমার পুত্র ইত্যাদিবিধ অভিমান আছে, এবং যাহাদের সে সকল বিষয়, বা তদ্বিষয়ক অভিমান নাই, এমন অনেকগুলি লোক একস্থানে উপবিষ্ট আছে, এমন সময় যদি কেহ বলে, অমুক পুত্র মরিয়াছে, অথবা মিত্র মরিয়াছে, তাহা হইলে যাহাদের পুত্রাদি থাকার অভিমান আছে, তাহাদেরই দুঃখ হয়, যাহারা অনভিমানী সন্ন্যাসী, তাহাদের তাহা হয় না। যখন লৌকিক পুরুষেরও তত্ত্বজ্ঞানের পার্থক্য দৃষ্ট হইতেছে, তখন যে, বিষয়সম্পর্কশূন্য অদ্বয় নিত্যচৈতন্যরূপ আত্মার দুঃখ নাই বা হয় না, তাহা বলাই বাহুল্য। সুতরাং তত্ত্বজ্ঞানের বৈফল্যপ্রসক্তি নাই বা হয় না।

[প্রকাশাদি...ত্যুক্তম্] উদাহরণের নিমিত্ত 'প্রকাশাদিবৎ' বলা হইয়াছে। যেমন সূর্য্যের অথবা চন্দ্রের আলোক সমস্তাকাশব্যাপী হইলেও অঙ্গুলিপ্রভৃতি উপাধির যোগে যেন বক্রাদিভাব প্রাপ্ত হয়, সেই আলোক যেন বাঁকিয়া গিয়াছে, চঞ্চল হইতেছে অথবা সরল রেখাকারে আছে বলিয়া বোধ হয়, বোধ হইলেও বাস্তবিকপক্ষে তাহা তত্তদাকার প্রাপ্ত হয় না। যেমন আকাশকে ঘটাদির চলনে চলিতের ন্যায় দেখাইলেও বাস্তবিক তাহা চলে না, যেমন শরাবস্থ জলের কম্পনে

তদ্বান্ সূর্য্যঃ কম্পতে, এবমবিদ্যাপ্রত্যুপস্থাপিতে বুদ্ধ্যাদ্যুপাধ্যু-পহিতে জীবাখ্যেঽংশে দুঃখায়মানেঽপি ন তদ্বানীশ্বরো দুঃখায়তে। জীবস্যাপি দুঃখপ্রাপ্তিরবিদ্যানিমিত্তৈবেত্যুক্তম্। তথা চাবিদ্যা-নিমিত্তজীবভাববুদাসেন ব্রহ্মভাবমেব জীবস্য প্রতিপাদয়ন্তি বেদান্তাঃ "তত্ত্বমসি" ইত্যেবমাদয়ঃ। তস্মান্নাস্তি জৈবেন দুঃখেন পরমাত্মনো দুঃখিত্বপ্রসঙ্গঃ ॥ ২। ৩। ৪৬ ॥

স্মরন্তি চ ॥ ২। ৩। ৪৭ ॥*

স্মরন্তি চ ব্যাসাদয়ো যথা জৈবেন দুঃখেন ন পরমাত্মা দুঃখায়ত ইতি—

"তত্র যঃ পরমাত্মা হি স নিত্যো নির্গুণঃ স্মৃতঃ।
ন লিপ্যতে ফলৈশ্চাপি পদ্মপত্রমিবাম্ভসা ॥

বস্তুতঃ স্বাংশদুঃখিত্বসাধ্যস্য দেবদত্তদৃষ্টান্তে বৈকল্যমপ্যাহ—"জীবস্য" ইতি। কল্পিতদুঃখিত্বসাধ্যস্তু ভ্রান্ত্যাদ্যভাবাদীশ্বরে নাস্তীত্যুক্তম্। কিঞ্চ, জীবস্যেশ্বরস্য বা বস্তুতো দুঃখিত্বানুমানং ন যুক্তমাগমবাধাদিত্যাহ—"তথা চ" ইতি। দুঃখিত্বে তদ্বোধোপদেশো ন স্যাদিত্যর্থঃ ॥ ২। ৩। ৪৬ ॥ ইতি রত্নপ্রভা।]

সপ্তদশসংখ্যাপরিমিতো রাশির্গণঃ সপ্তদশকঃ। তদ্‌যথা বুদ্ধিকর্ম্মেন্দ্রিয়াণি

তত্রস্থ প্রতিবিম্বের কম্পন হয় না, সূর্য্য যেমন তেমনিই থাকে, তেমনি, অবিদ্যা-জনিত বুদ্ধ্যাদিতে উপহিত জীবনামক অংশ বুদ্ধিযোগবশতঃ দুঃখিতের ন্যায় হইলেও তাহাতে অংশী ঈশ্বর দুঃখিত হন না। জীবের দুঃখসংযোগ আবিদ্যক অর্থাৎ মিথ্যা বা ভ্রান্তিকৃত, ইহা পূর্ব্বেও বলা হইয়াছে। [তথা...প্রসঙ্গঃ] অপিচ, "তত্ত্বমসি—তিনিই তুমি" ইত্যাদি বেদান্তবাক্য অবিদ্যাকৃত জীবভাব নিরসন দ্বারা জীবের ব্রহ্মত্ব বোধন করায়। এই সকল কারণে বলিতে হয় যে, জীবসম্বন্ধীয় দুঃখে পরমাত্মার দুঃখপ্রাপ্তি হয় না ॥ ২। ৩। ৪৬ ॥

ব্যাসাদি ঋষিগণও স্মরণ করিয়াছেন অর্থাৎ বলিয়াছেন যে, জীবের দুঃখ হয় বলিয়া যে পরমাত্মারও দুঃখ হয়, তাহা হয় না। যথা—"তন্মধ্যে যিনি পর-মাত্মা, তিনি নিত্য ও নির্গুণ। পদ্মপত্র যদ্রূপ জলের দ্বারা লিপ্ত হয় না, তদ্রূপ, গুণাতীত পরমাত্মাও কর্ম্মফলে লিপ্ত হন না। যিনি একই কর্ম্মাত্মা অর্থাৎ কর্ম্মা-শ্রয় জীব, তাঁহারই বন্ধন, তাঁহারই মোক্ষ এবং তিনি সপ্তদশ সংখ্যক রাশিতে

* ব্যাসাদয় ইতি যোজ্যম্। সমামনন্তীতি চ পূরণীয়ম্।
জীবের দুঃখ পরমাত্মার স্পৃষ্ট হয় না, একথা ব্যাসাদি ঋষি বলিয়াছেন ও শ্রুতিতেও পঠিত হইয়াছে।

কর্ম্মাত্মা ত্বপরো যোঽসৌ মোক্ষবন্ধৈঃ স যুজ্যতে।
স সপ্তদশকেনাপি রাশিনা যুজ্যতে পুনঃ ॥" ইতি।
চ-শব্দাৎ সমামনন্তি চেতি বাক্যশেষঃ।

"তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্যোঽভিচাকশীতি" ইতি, একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা ন লিপ্যতে লোকদুঃখেন বাহ্যঃ" ইতি চ ॥ ২ । ৩ । ৪৭ ॥

অত্রাহ—যদি তর্হি এক এব সর্ব্বেষাং ভূতানামন্তরাত্মা স্যাৎ, কথমনুজ্ঞাপরিহারৌ স্যাতাং লৌকিকৌ বৈদিকৌ চেতি। নন্বংশো জীব ঈশ্বরস্যেত্যুক্তং, তদ্ভেদাচ্চানুজ্ঞাপরিহারৌ তদাশ্রয়াবব্যতিকীর্ণাবুপপদ্যেতে, কিমত্র চোদ্যত ইতি। উচ্যতে। নৈতদেবম্। অনংশত্বমপি হি জীবস্যাভেদবাদিন্যঃ শ্রুতয়ঃ প্রতিপাদয়ন্তি "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" "নান্যোঽতোঽস্তি দ্রষ্টা" "মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতি"

বাহ্যানি দশ, বুদ্ধিমনসী বৃত্তিভেদমাত্রেণ ভিন্নে অপ্যেকীকৃত্যৈকমন্তঃকরণং, শরীরং, পঞ্চ বিষয়া ইতি সপ্তদশকোরাশিঃ ॥ ২ । ৩ । ৪৭ ॥

সম্মিলিত অর্থাৎ লিঙ্গশরীরবিশিষ্ট।" (১০ ইন্দ্রিয়, ৫ প্রাণ, ১ মন, ১ বুদ্ধি, সমুদায়ে ১৭)। সূত্রে যে, চ-শব্দ আছে, তদ্দ্বারা "শ্রুতিবাক্যও আছে" এইরূপ অর্থ উহ্য করিবে। উহ্যযোগ্য শ্রুতি এই—"সেই দুএর একটী সুস্বাদ জ্ঞানে কর্ম্ম-ফল ভোগ করে, অন্যটী ভোগ না করিয়া সাক্ষীরূপে প্রত্যক্ষ করেন।" এইরূপ, সর্ব্বপ্রাণীর অন্তরাত্মা সেই এক অর্থাৎ দ্বিতীয়রহিত বস্তু অসঙ্গস্বভাবতাহেতু লোকের দুঃখে দুঃখিত (দুঃখলিপ্ত) হন না। অর্থাৎ জীবকৃত দুঃখ তাঁহাকে স্পর্শ করে না" ॥ ২ । ৩ । ৪৭ ॥

[অত্রাহ...জাতীয়কাঃ] এই স্থানে কেহ কেহ পূর্ব্বপক্ষ করেন যে, যদি সর্ব্বভূতের অন্তরাত্মা একই হয়, তাহা হইলে লৌকিক ও বৈদিক বিধি-নিষেধ কিরূপে সঙ্গত হইবে? কিরূপে সে সকলের সার্থক্য থাকিবে? (লৌকিক বৈদিক ব্যবহার নির্ব্বাহ পায় কৈ? দ্বৈত ব্যতীত কি ব্যবহার চলে? তাহা চলে না।) যদি বল, জীব ঈশ্বরের অংশ, সে ভাবে জীব ও ঈশ্বর ভিন্ন, ভিন্নতা থাকায় বিধি-নিষেধ নির্ব্বাহিত হয়, ইহাতে আবার পূর্ব্বপক্ষ কি? আপত্তি কি? আপত্তি বা পূর্ব্বপক্ষ বীজ কি? তাহা বলিতেছি। জীব ঈশ্বরের অংশ, কেবল এ কথা নহে, শ্রুতিতে অনংশত্ববোধক কথাও আছে। "তিনি সৃষ্টি করিয়া তন্মধ্যে প্রবিষ্ট আছেন।" "ইহা ব্যতীত অন্য বা পৃথক্ দ্রষ্টা নাই।" "যে লোক আত্মায়

"তত্ত্বমসি" "অহং ব্রহ্মাস্মি" ইত্যেবঞ্জাতীয়কাঃ। নন্ু ভেদাভেদাবগমাভ্যামংশত্বং সিধ্যতীত্যুক্তম্। স্যাদেতদেবং, যদ্যুভাবপি ভেদাভেদৌ প্রতিপিপাদয়িষিতৌ স্যাতাম্, অভেদ এব ত্বত্র প্রতিপিপাদয়িষিতঃ। ব্রহ্মাত্মত্বপ্রতিপত্তৌ পুরুষার্থসিদ্ধেঃ। স্বভাবপ্রাপ্তস্তু ভেদোঽনূদ্যতে। ন চ নিরবয়বস্য ব্রহ্মণো মুখ্যোঽংশো জীবঃ সম্ভবতীত্যুক্তম্। তস্মাৎ পর এবৈকঃ সর্ব্বেষাং ভূতানামন্তরাত্মা জীবভাবেনাবস্থিত ইত্যতো বক্তব্যানুজ্ঞাপরিহারোপপত্তিঃ, তাং ক্রমঃ—

অনুজ্ঞাপরিহারৌ দেহসম্বন্ধাজ্জ্যোতিরাদিবৎ ॥ ২ । ৩ । ৪৮ ॥ *

"ঋতৌ ভার্য্যামুপেয়াৎ" ইত্যনুজ্ঞা। "গুর্ব্বঙ্গনাং নোপগচ্ছেৎ" ইতি পরিহারঃ। তথা "অগ্নীষোমীয়ং পশুং সংজ্ঞপয়েৎ"

অনুজ্ঞা বিধিরভিমতঃ, ন তু প্রবৃত্তপ্রবর্ত্তনা। অপৌরুষেয়ে বেদে প্রবর্ত্তয়ি-

(আপনাতে) ভেদ দর্শন করে—সে মৃত্যুর পর মরণ প্রাপ্ত হয়।" "তিনিই তুমি" "আমি ব্রহ্ম" ইত্যাদি ইত্যাদি বহু অভেদবাদিনী শ্রুতি বিদ্যমান আছে। [নন্ু···ত্যুক্তম্] জীব-ব্রহ্মের ভেদ ও অভেদ, উভয়রূপতা প্রতীতি হয় বলিয়া জীবের অংশত্ব সিদ্ধ হয়, একথা বলিয়াছ সত্য ; কিন্তু তাহা সাধু হইত—যদি ভেদ ও অভেদ উভয় প্রতিপাদন করাই শ্রুতির ইষ্ট হইত। উভয় প্রতিপাদন করা ত শ্রুতির ইষ্ট নহে ; অভেদ প্রতিপাদন করাই শ্রুতির ইষ্ট। কেন-না, ব্রহ্মাত্মজ্ঞানে জীবের মোক্ষরূপ পরম পুরুষার্থ সিদ্ধ হয়। অতএব, শ্রুতি স্বভাবপ্রাপ্ত ভেদের অনুবাদ করিয়া অভেদোপদেশ করিয়াছেন, ইহাই অবধারিত হয়। ব্রহ্ম নিরবয়ব, তাঁহার মুখ্য অংশ সম্ভবে না, একথাও পূর্ব্বে বলা হইয়াছে। [তস্মাৎ... ক্রমঃ] যেহেতু একই পরমাত্মা সমুদায় ভূতের অন্তরাত্মা ও জীবভাবে অবস্থিত, সেই হেতু বিধি-নিষেধ-শাস্ত্রের সামঞ্জস্য হয়। যেরূপে হয়, তাহা বলিতেছি—

ঋতুকালে ভার্য্যায় উপগত হইবেক, এই একটী অনুজ্ঞা অর্থাৎ শাস্ত্রীয় আদেশ (বিধি)। গুরু-পত্নীতে উপগত হইবেক না, এই একটী পরিহার

* দেহসম্বন্ধাৎ দেহেন সহ দেহে বা সম্বন্ধস্তু সত্বাৎ অনুজ্ঞাপরিহারৌ বিধিনিষেধৌ বৈদিকৌ লৌকিকৌ চ জ্যোতিরাদিদৃষ্টান্তেনোপপদ্যেতে।

দেহের সহিত সম্বন্ধ থাকায় আলোক প্রভৃতির দৃষ্টান্তে শাস্ত্রীয় ও লৌকিক বিধিনিষেধের সঙ্গতি বা সামঞ্জস্য হয়। (ভাষ্যানুবাদ দেখ)।

ইত্যনুজ্ঞা। "মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইতি পরিহারঃ। এবং লোকেঽপি মিত্রমুপসেবিতব্যমিত্যনুজ্ঞা, শত্রুঃ পরিহর্ত্তব্য ইতি পরিহারঃ। এবম্প্রকারাবনুজ্ঞাপরিহারাবেকত্বেঽপ্যাত্মনো দেহসম্বন্ধাৎ স্যাতাম্। দেহৈঃ সম্বন্ধো দেহসম্বন্ধঃ। কঃ পুনর্দ্দেহসম্বন্ধঃ। দেহাদিরয়ং সঙ্ঘাতোঽহমেবেত্যাত্মনি বিপরীতপ্রত্যয়োৎপত্তিঃ। দৃষ্টা চ সা সর্ব্বপ্রাণিনাম্—অহং গচ্ছাম্যহমাগচ্ছাম্যহমন্ধোঽহমনন্ধোঽহং মূঢ়োঽহমমূঢ় ইত্যেবমাত্মিকা। ন হ্যস্যাঃ সম্যগ্দর্শনাদন্যন্নিবারকমস্তি। প্রাক্ তু সম্যগ্দর্শনাৎ প্রততৈষা ভ্রান্তিঃ সর্ব্বজন্তুনাম্। তদেবমবিদ্যানিমিত্ত-দেহাদ্যুপাধিসম্বন্ধকৃতাদ্বিশেষাদেকাত্ম্যাভ্যুপগমেঽপ্যনুজ্ঞাপরিহারাববকল্প্যেতে।

তুরভিপ্রায়ানুরোধাসম্ভবাৎ। ক্রত্বর্থায়ামগ্নীষোমীয়হিংসায়াং প্রবৃত্তপ্রবর্ত্তনানুপপত্তেশ্চ। পুরুষার্থেঽপি নিয়মাংশেঽপ্রবৃত্তেঃ।

"কঃ পুনর্দ্দেহসম্বন্ধঃ" ইতি। ন হি কূটস্থনিত্যস্যাত্মনোঽপরিণামিনোঽস্তি দেহেন সংযোগঃ সমবায়ো বা অন্যো বা কশ্চিৎ সম্বন্ধঃ, সকলধর্ম্মাতিগত্বাদিত্যভিসন্ধিঃ। উত্তরং "দেহাদিরয়ং সঙ্ঘাতোঽহমেবেত্যাত্মনি বিপরীতপ্রত্যয়োৎপত্তিঃ"। অয়মর্থঃ—সত্যং নাস্তি কশ্চিদাত্মনো দেহাদিভিঃ পারমার্থিকঃ সম্বন্ধঃ, কিন্তু বুদ্ধ্যাদিজনিতাত্মবিষয়া বিপরীতা বৃত্তিরহমেব দেহাদিসংঘাত ইত্যেবংরূপা, অস্যাং দেহাদিসঙ্ঘাত আত্মতাদাত্ম্যেন ভাসতে। সোঽয়ং সাংবৃতস্তাদাত্ম্যলক্ষণঃ সম্বন্ধো ন পারমার্থিক ইত্যর্থঃ।

অর্থাৎ ত্যাগবিষয়ক শাস্ত্রীয় আদেশ (নিষেধ)। অগ্নি ও সোম দেবতার উদ্দেশে পশুবধ করিবেক, এই আর একটী অনুজ্ঞা। সমুদায় ভূতে হিংসা বর্জ্জন করিবেক, ইহাও অন্য একটী পরিহার। মিত্রসমীপে গমন করিবেক, শত্রুকে পরিহার (ত্যাগ) করিবেক, ইত্যাদি বৈদিক ও লৌকিক বিধি ও নিষেধ আছে। আত্মা এক হইলেও ঐরূপ ঐরূপ অনুজ্ঞাও পরিহার (বিধি ও নিষেধ দেহসম্বন্ধ থাকায় সফল হয়। দেহসম্বন্ধ অর্থাৎ দেহের সহিত সম্বন্ধ। দেহে আত্মার সম্বন্ধ কিবিধ ? তাহা বলিতেছি। [দেহাদি...জন্তূনাম্] এই দেহাদি সংঘাতে (পরস্পর সংযুক্ত দেহেন্দ্রিয়াদিতে) 'আমি' এতদ্রূপ বিপর্য্যয় জ্ঞান হওয়ার নাম দেহসম্বন্ধ। শরীরাদিতে যে তাদৃশ অহংভাব আছে, তাহা সমুদায় জীবের "আমি যাইতেছি, আমি আসিতেছি, আমি অন্ধ, আমি মূঢ়" ইত্যাদিবিধ ব্যবহারে প্রকাশিত আছে বা হইতেছে।

সম্যগ্দর্শিনস্তর্হ্যনুজ্ঞাপরিহারানর্থক্যং প্রাপ্তম্। ন। তস্য কৃতার্থত্বান্নিযোজ্যত্বানুপপত্তেঃ। হেয়োপাদেয়য়োর্হি নিযোজ্যো নিযোক্তব্যঃ স্যাৎ, আত্মনস্ত্বতিরিক্তং হেয়মুপাদেয়ং বা বস্ত্বপশ্যন্ কথং নিযুজ্যেত। ন চাত্মাত্মন্যেব নিযোজ্যঃ স্যাৎ। শরীরব্যতিরেকদর্শিন এব নিযোজ্যত্বমিতি চেৎ, ন, তৎসংহতত্বাভিমানাৎ।

সত্যং ব্যতিরেকদর্শিনো নিযোজ্যত্বং, তথাপি ব্যোমাদিবদ্দেহাদ্যসংহতত্বমপশ্যত এবাত্মনো নিযোজ্যত্বাভিমানঃ। ন হি দেহাদ্যসংহতত্বদর্শিনঃ কস্যচিদপি নিয়োগো দৃষ্টঃ, কিমুতৈকাত্ম্যদর্শিনঃ। ন চ নিয়োগাভাবাৎ সম্যগ্দর্শিনো যথেষ্টচেষ্টাপ্রসঙ্গঃ,

গূঢ়াভিসন্ধিশ্চোদয়তি—"সম্যগ্দর্শিনস্তর্হি" ইতি। উত্তরং "ন, তস্য" ইতি। যদি সূক্ষ্মস্থূলদেহাদিসঙ্ঘাতোঽবিদ্যোপদর্শিত একমেবাদ্বিতীয়ং ব্রহ্মাস্মীতি সম্যগ্দর্শনমভিমতম্, অদ্ধা, তদ্বন্তং প্রতি বিধিনিষেধয়োরানর্থক্যমেব। এতদেব বিশদয়তি—"হেয়োপাদেয়য়োঃ" ইতি। চোদকো নিগূঢ়াভিসন্ধিমাবিষ্করোতি। "শরীরব্যতিরেকদর্শিন এব"। আমুষ্মিকফলেষু কর্ম্মসু দর্শপূর্ণমাসাদিষু নিযোজ্যত্বমিতি চেৎ, পরিহরতি—"ন, তৎসংহতত্বাভিমানাৎ"।

এতদ্বিভজতে—"সত্যম্" ইতি। যো হ্যাত্মনঃ ষাট্কৌশিকাদ্দেহাদুপপত্ত্যা ব্যতিরেকং বেদ, ন তু সমস্তবুদ্ধ্যাদিসঙ্ঘাতব্যতিরেকং, তস্যামুষ্মিক-

সম্যক্ দর্শন অর্থাৎ আত্মতত্ত্বজ্ঞান ব্যতীত অন্য কেহ ঐ ভ্রমের নিবারক নহে। যাবৎ না সম্যক্ দর্শন হয়, আত্মযাথাত্ম্য সাক্ষাৎকৃত হয়, তাবৎ ঐ ভ্রান্তি অবিচ্ছেদে প্রবাহিত থাকে। [তদেব...স্যাৎ] আত্মা একই, ইহা স্বীকার করিলেও তন্মধ্যে প্রদর্শিত অবিদ্যাজনিত উপাধি (দেহাদি) সম্পর্ককৃত বিশেষ অর্থাৎ ভিন্নতা থাকায় অনুজ্ঞা ও পরিহার (বিধি ও নিষেধ উভয়ই) অব কৢপ্ত অর্থাৎ স্বকার্য্যসাধনে সমর্থ হয়। তবে কি জ্ঞানীর সম্বন্ধে উক্ত উভয়ই অনর্থক? না—তাহাও নহে। কেন না, জ্ঞানী কৃতার্থ, তাঁহার ত্যাজ্যাত্যাজ্য বুদ্ধি অভাব প্রাপ্ত হইয়াছে; সুতরাং তাঁহার নিযোজ্যতা অসম্ভব। যে নিযোজ্য, নিযোক্তা তাঁহাকে—হয় হেয় বিষয়ে, না হয় উপাদেয় গোচরে নিয়োগ করে। যে আত্মাতিরিক্ত হেয় ও উপাদেয় দেখে না, বিধিও নিষেধ তাহাকে কিসে নিয়োগ করিবে? কর বলিয়া প্রেরণ করিবে? আপনিই আপনার নিযোজ্য, ইহাও হয় না। [শরীরব্যতি...দর্শিনঃ] আত্মা শরীরাতিরিক্ত, শরীর হইতে ভিন্ন, ইহা যাহারা জানে, কেবল তাহারাই যে, নিযোজ্য (শাস্ত্রীয় নিয়োগের অর্থাৎ বিধিনিষেধের পাত্র), তাহা নহে। তাহাদের শরীরসম্বন্ধাভিমান থাকা আবশ্যক হয়। ব্যতিরেকদর্শী (যে আপনাকে দেহাতিরিক্ত বলিয়া জানে, সে) নিযোজ্য, এ কথা সত্য হইলেও যাহারা আপনাকে আকাশের

সর্ব্বত্রাভিমানস্যৈব প্রবর্ত্তকত্বাৎ, অভিমানাভাবাচ্চ সম্যগ্দর্শিনঃ। তস্মাদ্দেহসম্বন্ধাদেবানুজ্ঞাপরিহারৌ, জ্যোতিরাদিবৎ। যথা জ্যোতিষ একত্বেঽপ্যগ্নিঃ ক্রব্যাদ্ পরিহ্রিয়তে, নেতরঃ, যথা চ প্রকাশ একস্যাপি সবিতুরমেধ্যপ্রদেশসম্বদ্ধঃ পরিহ্রিয়তে, নেতরঃ শুচিভূমিষ্ঠঃ, তথা ভৌমাঃ প্রদেশা বজ্রবৈদূর্য্যাদয় উপাদীয়ন্তে, ভৌমা অপি সন্তো নরকলেবরাদয়ঃ পরিহ্রিয়ন্তে, তথা মূত্রপুরীষং গবাং পবিত্রতয়া পরিগৃহ্যতে, তদেব জাত্যন্তরে পরিবর্জ্যতে, তদ্বৎ ॥ ২ । ৩ । ৪৮ ॥

ফলেষ্বধিকারঃ। সমস্তবুদ্ধ্যাদিব্যতিরেকবেদিনস্তু কর্ত্তৃভোক্তৃত্বাভিমানরহিতস্য নাধিকারঃ কর্ম্মণি, তথা চ ন যথেষ্টচেষ্টা, অভিমানবিকলস্য তস্যা অপ্যভাবাদিতি ॥ ২ । ৩ ৪৮ ॥

ন্যায় নির্লিপ্ত না জানেন—তাঁহাদেরই নিযোজ্যাভিমান হয়, অন্যের নহে, সুতরাং একাত্মদর্শী নিযোজ্য নহে, একথা বলাই বাহুল্য। কেন-না, কোনও আত্মতত্ত্বদর্শীর (যে আপনাকে দেহাদি সম্পর্কশূন্য বলিয়া জানে, তাহার কিম্বা যাহার দেহাত্মভ্রান্তি নাই, তাহার) নিযোজ্যতা দৃষ্ট হয় না।

* যদিও জ্ঞানীর প্রতি নিয়োগ নাই, বিধি নিষেধ শাস্ত্র আত্মযাথাত্ম্যজ্ঞানীকে স্বীয় বিষয়ে প্রবৃত্ত করায় না, তথাপি, তাঁহার যথেষ্টাচার সংঘটন হয় না। না হইবার কারণ—অভিমানাভাব। অভিমানই প্রবর্ত্তক, অভিমানেই বৈধাবৈধ বিষয়ে প্রবৃত্ত করায়। জ্ঞানীর তাদৃশ অভিমান নাই, তাদৃশ অভিমান না থাকায় তাঁহার যথেষ্টাচার হয় না। [তস্মাদ্...তদ্বৎ] অতএব, দেহসম্বন্ধ অর্থাৎ দেহে আত্মাভিমান থাকায় জ্যোতিঃপ্রভৃতির দৃষ্টান্তে অনুজ্ঞার ও পরিহারের (লৌকিক বৈদিক বিধি নিষেধের) সার্থক্য সংঘটন হয়। যেমন অগ্নি এক হইলেও অশুচিজ্ঞানে শ্মশানাগ্নির ত্যাগ ও শুচিজ্ঞানে অন্য অগ্নির গ্রহণ, সূর্য্যালোক এক হইলেও অমেধ্য দেশস্থের পরিহার ও শুচিদেশস্থের গ্রহণ, সমস্তই মৃত্তিকার অথচ হীরকাদির গ্রহণ ও দেহাদির পরিবর্জন, পবিত্রজ্ঞানে গোজাতির মূত্রপুরীষাদির গ্রহণ ও অপবিত্র জ্ঞানে অন্যজাতির মূত্রপুরীষের পরিবর্জ্জন হইয়া থাকে, সেইরূপ, আত্মা এক হইলেও দেহাদি-উপাধিসম্পর্কে লৌকিক বৈদিক অনুজ্ঞা ও পরিহার, উভয়ই সঙ্গতার্থ হয় ॥ ২ । ৩ । ৪৮ ॥

---

* সমুদায় কথার নিষ্কর্ষ এই যে, কর, করিবেক, করিলে অমুক ফল হয়, অমুক কর্ম্মের অমুক ফল, এইরূপ এইরূপ শাস্ত্রীয় বাক্যের নাম বিধি, অনুজ্ঞা ও নিয়োগ। নিয়োগ শ্রবণে যাহার সেই সেই কার্য্য করিতে ইচ্ছা হয়, সে-ই নিয়োগের নিযোজ্য। দেহাত্মজ্ঞানী ও তত্ত্বজ্ঞানী উভয়ের কেহই নিযোজ্য নহে। কারণ, আজ যজ্ঞ করিলাম, দেহান্তে স্বর্গফল ভোগ করিব, এ জ্ঞান উভয়েরই নাই। দেহাত্মজ্ঞানী দেহকেই আত্মা বলিয়া জানে, সুতরাং তাহার জ্ঞানে দেহান্তই শেষ। তত্ত্বজ্ঞানীও আত্মা ব্যতীত অন্য কিছু দেখে না, সুতরাং তাহার জ্ঞানেও

অসন্ততেশ্চাব্যতিকরঃ ॥ ২ । ৩ । ৪৯ ॥*

স্যাতাং নামানুজ্ঞাপরিহারাবেকস্যাপ্যাত্মনো দেহবিশেষযোগাৎ। যস্ত্বয়ং কর্ম্মফলসম্বন্ধঃ, স চৈকাত্ম্যাভ্যুপগমে ব্যতিকীর্য্যেত, স্বাম্যেকত্বাদিতি চেৎ, নৈতদেবং, অসন্ততেঃ। ন হি কর্ত্তুর্ভোক্তুশ্চাত্মনঃ সন্ততিঃ সর্ব্বৈঃ শরীরৈঃ সম্বন্ধোঽস্তি।

[রত্নপ্রভা।] শঙ্কোত্তরত্বেন সূত্রং ব্যাচষ্টে—স্যাতামিত্যাদিনা। যদ্যপি স্থূলদেহসম্বন্ধাদুপাদানপরিত্যাগৌ স্যাতাং, তথাপ্যন্যকৃতকর্ম্মফলমিতরেণাপি ভুজ্যেত, ইতি কর্ম্মফলব্যতিকরঃ সাঙ্কর্য্যং স্যাৎ, ইতি বিশিষ্টস্য স্বর্গাদিভোগাযোগেণাবিশিষ্টাত্মন একস্যৈব ভোক্তৃত্বাৎ। তস্মাৎ স্বর্গী নারকী চেতি ব্যবস্থাসিদ্ধয়ে আত্মস্বরূপভেদো বাচ্য ইতি শঙ্কার্থঃ। ভবেত্তদা সাঙ্কর্য্যং, যদ্যনুপহিতাত্মন এব ভোক্তৃত্বং স্যাৎ, ন ত্বেতদস্তি। তদ্‌গুণসারত্বাদিত্যত্র মোক্ষস্যাপি বুদ্ধ্যুহিতস্যৈব কর্ত্তৃত্বাদি-

---

আশঙ্কা—দেহবিশেষের সহিত সম্বন্ধ থাকায় শাস্ত্রীয় অনুজ্ঞা ও পরিহার অসঙ্গত বা অনর্থক হয় না বটে ; কিন্তু একাত্মবাদে কর্ম্মের ও কর্ম্মফলের সাঙ্কর্য্যপ্রসক্তি (প্রাপ্তি) হয়। তৎপ্রতি হেতু এই যে, স্বামী অর্থাৎ কর্ম্মকর্ত্তা আত্মা এক। (যে আত্মা আমার দেহে, সেই আত্মাই তোমার দেহে। তুমি আমি ভাল মন্দ কার্য্য করিতেছি, কিন্তু দেহান্তে তাহার ফলভোক্তা একই আত্মা। আমি নরকের কার্য্য না করিলেও তোমার কার্য্যে আমার নরক হইতে পারে, এবং স্বর্গের কার্য্য না করিলেও মৎকৃত স্বর্গজনক কার্য্যে তোমারও স্বর্গ হইতে পারে। এরূপ হওয়ার অন্য নাম ব্যতিকর ও সাঙ্কর্য্য), ইহার সমাধান এই যে, অসন্ততি অর্থাৎ অন্য দেহের সহিত সম্বন্ধাভাব থাকায় ঐ আশঙ্কার বিরাম হয়। [নহি…ভবিষ্যতি] কর্ত্তৃ-আত্মার সহিত সকল শরীরের সম্বন্ধ নাই। যে আত্মা (জীব) যে শরীরে থাকিয়া কর্ম্ম করে, সে আত্মার সহিত অন্য শরীরের ও অন্য শরীরস্থ বুদ্ধ্যুপহিত জীবের কর্ম্মসম্বন্ধ হয় না, হওয়া অসম্ভব। জীব উপাধির

স্বর্গাদি নাই। সেই জন্যই "স্বর্গকামো যজেত" এই শাস্ত্র তত্ত্বজ্ঞানীকে স্বর্গফলপ্রদ যাগে প্রবৃত্ত করাইতে পারে না ; এবং সেই জন্যই জ্ঞানী ঐ নিয়োগের নিযোজ্য নহে।

* অসন্ততেঃ সর্ব্বৈঃ শরীরৈঃ সম্বন্ধাভাবাৎ অব্যতিকরঃ কর্ম্মণস্তৎফলস্য বা অসাঙ্কর্য্যং ভবিষ্যতীতি শেষঃ। বুদ্ধেঃ পরদেহাসম্বন্ধাৎ তদুপহিতস্য জীবস্য নাস্তি পরদেহসম্বন্ধ ইতি বুদ্ধিভেদেন ভোক্তৃভেদাৎ নাস্তি কর্ম্মব্যতিকরাশঙ্কেতি নিষ্কর্ষঃ।

সকল দেহে এক আত্মা, এরূপ স্বীকার করিলে একের কর্ম্মে অন্যের ভোগ হইতে পারে। অমুক স্বর্গী, অমুক নারকী, এ ব্যবস্থা থাকে না। কর্ম্মসঙ্কর বা ফলসঙ্কর হইয়া পড়ে। এ আশঙ্কা করিও না, করা উচিতও নহে। কারণ এই যে, অসন্ততি অর্থাৎ অন্য দেহের সহিত অন্যের সেরূপ সম্বন্ধ নাই। অভিপ্রায় এই যে, স্বীয় বুদ্ধির সহিত পরদেহের তাদৃশ সম্বন্ধ নাই, সেই কারণে তদুপহিত জীবের সহিত দেহান্তরের সেরূপ সম্বন্ধের অভাব আছে। বুদ্ধি ভিন্ন ভিন্ন, সুতরাং কর্ত্তা ও ফলভোক্তা উভয়ই ভিন্ন ভিন্ন। তদ্রূপ বিভিন্নতা নিবন্ধন কর্ম্মফলের (স্বর্গনরকাদির) ব্যবস্থা ঠিক থাকে, সঙ্কর হয় না। অর্থাৎ যে বুদ্ধ্যুপহিত জীব যে-কর্ম্ম করে, সে সেই কর্ম্মেরই ফলভোগ করে, অন্য বুদ্ধ্যুপহিত জীব তাহাতে অসম্বন্ধ বা উদাসীন থাকে।

উপাধিতন্ত্রো হি জীব ইত্যুক্তম্। উপাধ্যসন্তানাচ্চ নাস্তি জীবসন্তানঃ। ততশ্চ কর্ম্মব্যতিকরঃ ফলব্যতিকরো বা ন ভবিষ্যতি ॥ ২। ৩। ৪৯ ॥

আভাস এব চ ॥ ২। ৩। ৫০ ॥*

আভাস এব চৈষ জীবঃ পরস্যাত্মনো জলসূর্য্যকাদিবৎ প্রতিপত্তব্যঃ, ন স এব সাক্ষাৎ, নাপি বস্ত্বন্তরম্। অতশ্চ যথা নৈকস্মিন্ জলসূর্য্যকে কম্পমানে জলসূর্য্যকান্তরং কম্পতে, এবং নৈকস্মিন্ জীবে কর্ম্মফলসম্বন্ধিনি জীবান্তরস্য তৎসম্বন্ধঃ, এবমব্যতিকর এব কর্ম্ম-ফলয়োঃ। আভাসস্য চাবিদ্যাকৃতত্বাৎ তদাশ্রয়স্য সংসারস্যাবিদ্যাকৃতত্বোপপত্তিরিতি তদ্ব্যুদাসেন চ পারমার্থিকস্য ব্রহ্মাত্মভাবস্যোপদেশোপপত্তিঃ।

যেষান্তু বহব আত্মানঃ, তে চ সর্ব্বে সর্ব্বগতাঃ, তেষামেবৈষ

স্থাপনাৎ। তথা চ বুদ্ধেঃ পরদেহাসম্বন্ধাৎ তদুপহিতজীবস্য নাস্তি পরদেহসম্বন্ধ ইতি বুদ্ধিভেদেন ভোক্তৃভেদায় কর্ম্মাদিসাঙ্কর্য্যমিতি সমাধানার্থঃ। ইতি রত্নপ্রভা ॥ ২। ৩। ৪৯ ॥]

যেষান্তু সাংখ্যানাং বৈশেষিকাণাং বা সুখদুঃখব্যবস্থাং পারমার্থিকীমিচ্ছতাং

অধীন, ইহা বলা হইয়াছে এবং প্রতিপাদন করাও হইয়াছে। উপাধির অসন্তান অর্থাৎ অন্য দেহের সহিত সম্বন্ধাভাব হেতু অন্য দেহস্থ জীবের সহিতও তত্তৎকর্ম্মসম্বন্ধের অভাব এবং কর্ম্মসম্বন্ধের অভাব হেতু কর্ম্মের ও ফলের অসাঙ্কর্য্য ॥২।৩।৪৯॥

জলসূর্য্য (জলে সূর্য্যপ্রতিবিম্ব) যেমন বিম্বভূত সূর্য্যের আভাস (প্রতিবিম্ব), তেমনি, জীবও পরমাত্মার আভাস (প্রতিবিম্ব) ইহা জানিতে হইবে। যেহেতু আভাস, সেই হেতুই জীব সাক্ষাৎ পরমাত্মা নহে, পদার্থান্তরও নহে। যেমন একটী জলসূর্য্য কম্পিত হইলে অন্য জলসূর্য্য কম্পিত হয় না, তেমনি, এক জীবে কর্ম্মফল-সম্বন্ধ ঘটিলেও অন্য জীবকে তাহা স্পর্শ করে না। প্রদর্শিত প্রকারেই কর্ম্মফলের ব্যতিকর অর্থাৎ সাঙ্কর্য্য নিবারিত হয়। যেহেতু অবিদ্যা আভাসের জনক, সেই হেতু আভাসাশ্রিত সংসারের অবিদ্যামূলকতা যুক্তিসিদ্ধ। অবিদ্যা অন্তগত হইলেই পারমার্থিক ব্রহ্মাত্মভাব স্ফুরিত হয়, এ উপদেশ যুক্তিযুক্ত ও সার্থক।

[যেষান্তু...সাংখ্যাঃ] যাঁহারা বলেন, আত্মা সর্ব্বগত ও বহু, তাঁহাদের মতে

* স এব জীবঃ পরমাত্মনঃ [ন কেবলমংশঃ] আভাসঃ প্রতিবিম্ব এব চ।

জীব কি? জীব পরমাত্মার প্রতিবিম্ব। যেমন জলে সূর্য্য-প্রতিবিম্ব, তেমনি, জীবও বুদ্ধিতে পরমাত্মার প্রতিবিম্ব। (ভাষ্যব্যাখ্যা দেখ)।

ব্যতিকরঃ প্রাপ্নোতি। কথম্? বহবো বিভবশ্চাত্মানশ্চৈতন্যমাত্রস্বরূপা নির্গুণা নিরতিশয়াশ্চ, তদর্থং সাধারণং প্রধানং, তন্নিমিত্তৈষাং ভোগাপবর্গসিদ্ধিরিতি সাঙ্খ্যাঃ। সতি বহুত্বে বিভুত্বে চ ঘটকুড্যাদিসমানা দ্রব্যমাত্রস্বরূপাঃ স্বতোঽচেতনা আত্মানস্তদুপকরণানি চাণূনি মনাংস্যচেতনানি। তত্রাত্মদ্রব্যাণাং মনোদ্রব্যাণাঞ্চ সংযোগান্নবেচ্ছাদয়ো বৈশেষিকা আত্মগুণা উৎপদ্যন্তে। তে চাব্যতিকরেণ প্রত্যেকমাত্মসু সমবয়ন্তি, স সংসারঃ। তেষাং নবানামাত্মগুণানামত্যন্তানুৎপাদো মোক্ষ ইতি কাণাদাঃ। তত্র সাংখ্যানাং তাবচ্চৈতন্যস্বরূপত্বাৎ সর্ব্বাত্মনাং সন্নিধানাদ্যবিশেষাচ্চৈকস্য সুখদুঃখসম্বন্ধে সর্ব্বেষাং সুখদুঃখসম্বন্ধঃ প্রাপ্নোতি।

স্যাদেতৎ। প্রধানপ্রবৃত্তেঃ পুরুষকৈবল্যার্থত্বাৎ ব্যবস্থা

বহব আত্মানঃ সর্ব্বগতাঃ, তেষামেবৈষ ব্যতিকরঃ প্রাপ্নোতি। তত্র প্রশ্নপূর্ব্বকং সাংখ্যান্ প্রতি ব্যতিক্রমং তাবদাহ—"কথম্" ইতি। যাদৃশস্তাদৃশো গুণসম্বন্ধঃ সর্ব্বান্ পুরুষান্ প্রত্যবিশিষ্টঃ, ইতি তৎকৃতে সুখদুঃখে সর্ব্বান্ প্রত্যবিশিষ্টে। ন চ কর্ম্মনিবন্ধনা ব্যবস্থা, কর্ম্মণঃ প্রাকৃতত্বেন, প্রকৃতেশ্চ সাধারণত্বেনাব্যবস্থাতাদবস্থ্যাৎ।

চোদয়তি—"স্যাদেতৎ" ইতি। অয়মর্থঃ—ন প্রধানং স্ববিভূতিখ্যাপনায়

কর্ম্মফলের সাঙ্কর্য্য হইতে পারে। কি প্রকারে, তাহা বলিতেছি। সাঙ্খ্যমতে আত্মা বহু, সকল আত্মাই বিভু, চৈতন্যমাত্র, নির্গুণ ও নিরতিশয় (তারতম্যরহিত)। প্রধান (প্রকৃতি) সমুদায় আত্মার সাধারণ বস্তু, এবং প্রধান থাকাতেই সে সকলের ভোগ ও মোক্ষ ঘটনা হইতেছে। [সতি...কাণাদাঃ] কণাদ-শিষ্যগণ বলেন, বহু ও বিভু (সর্ব্বব্যাপী) হইলেও আত্মা দ্রব্যমাত্ররূপী ও ঘটকুড্যাদির ন্যায় অচেতন। আত্মার উপকরণ মনঃও বহু ও অচেতন। অথচ সে সকল সূক্ষ্ম—পরমাণুতুল্য। তাদৃশ মনোদ্রব্যের সংযোগে আত্মদ্রব্যে ইচ্ছাদি নয়টী গুণ জন্মে এবং সে সকল গুণ ব্যামিশ্রিত না হইয়া প্রতি আত্মায় সমবেত হয় (সমবায় সম্বন্ধে থাকে বা উৎপন্ন হয়)। তদ্রূপ গুণোদ্ভবেরই নাম সংসার, এবং আত্মদ্রব্যে ইচ্ছাদি নবগুণের আত্যন্তিক উৎপত্ত্যভাব হওয়ার নামই মোক্ষ। [তত্র... প্রাপ্নোতি] যেহেতু সাঙ্খ্যমতে আত্মা চৈতন্যরূপী, অথচ সে সকলের প্রকৃতিসন্নিধানাদির কোন ইতর বিশেষ নাই, প্রকৃতি প্রত্যেক পুরুষেরই ভোগ-মোক্ষার্থ সমানরূপে প্রবৃত্তা, সেই হেতু, একের সুখদুঃখসম্বন্ধে সর্ব্বাত্মার সুখদুঃখসম্বন্ধ হইতে পারে।

[স্যাদেতৎ...ব্যতিকরঃ] সাঙ্খ্য হয় ত বলিবেন, পুরুষমোক্ষের উদ্দেশেই প্রধা-

ভবিষ্যতি। অন্যথা হি স্ববিভূতিখ্যাপনার্থা প্রধানপ্রবৃত্তিঃ স্যাৎ, তথা-চানির্মোক্ষঃ প্রসজ্যেতেতি। নৈতৎ সারম্। ন হ্যভিলষিত-সিদ্ধিনির্বন্ধনা ব্যবস্থা শক্যা বিজ্ঞাতুম্। উপপত্ত্যা তু কয়াচিৎ ব্যবস্থোচ্যেত, অসত্যাং পুনরুপপত্তৌ কামং মাভূদভিলষিতং পুরুষকৈবল্যম্; প্রাপ্নোতি তু ব্যবস্থাহেত্বভাবাদ্ব্যতিকরঃ। কাণাদানামপি যদেকেনাত্মনা মনঃ সংযুজ্যতে, তদাত্মান্তরৈরপি নান্তরীয়কঃ সংযোগঃ স্যাৎ, সন্নিধানাদ্যবিশেষাৎ। ততশ্চ হেত্ববিশেষাৎ ফলাবিশেষ ইত্যেকস্যাত্মনঃ সুখদুঃখসংযোগে সর্ব্বাত্মনামেব সমানং সুখদুঃখিত্বং প্রসজ্যেত ॥ ২। ৩। ৫০ ॥

স্যাদেতৎ, অদৃষ্টনিমিত্তো নিয়মো ভবষ্যতীতি, নেত্যাহ—

প্রবর্ত্ততে, কিন্তু পুরুষার্থম্। যঞ্চ পুরুষং প্রত্যনেন ভোগাপবর্গৌ পুরুষার্থৌ সাধিতৌ, তং প্রতি সমাপ্তাধিকারতয়া নিবর্ত্ততে, পুরুষান্তরন্তু প্রত্যসমাপ্তাধিকারং প্রবর্ত্ততে। এবঞ্চ মুক্তসংসারিব্যবস্থোপপত্তেঃ সুখদুঃখব্যবস্থাপি ভবিষ্যতীতি। নিরাকরোতি—"ন হি" ইতি। সর্ব্বেষাং পুরুষাণাং বিভুত্বাৎ প্রধানস্য চ সাধারণ্যাদমুং পুরুষং প্রত্যনেনার্থঃ সাধিত ইত্যেতদেব নাস্তি। তস্মাৎ প্রয়োজনবশেন বিনা হেতুং ব্যবস্থাস্থেয়া, সা চাযুক্তা, হেত্বভাবাদিত্যর্থ ॥ ২। ৩। ৫০ ॥

নের প্রবৃত্তি; সুতরাং তাহা নিয়মিত। ইহা অস্বীকার করিলে তাহার প্রবৃত্তি কেবল নিজ মহিমামাত্র প্রদর্শনী হইয়া পড়ে এবং অনিয়মিত প্রবৃত্তিপক্ষে পুরুষের মোক্ষ না হইতেও পারে, সুতরাং প্রধানের প্রবৃত্তি উদ্দেশ্যশূন্য হইয়া পড়ে। সেই কারণে নিয়মিত প্রবৃত্তি অবশ্য স্বীকার্য্য। সাঙ্খ্যের এই বাক্য অসার। কেন-না, ব্যবস্থা অভিলষিত সিদ্ধির অনুবন্ধনী (কারণ) নহে, যুক্তিই ব্যবস্থা-সিদ্ধির কারণ। (কথাগুলির অভিপ্রায় এই যে, প্রধান জড়, তাহার উদ্দেশ্যবিবেক থাকা অসম্ভব, সুতরাং ঐ বাক্য যুক্তিশূন্য বা প্রমাণশূন্য), নিয়ামিকা যুক্তির অভাবে কৈবল্য-সিদ্ধি না হয়, না হউক, ফল-কথা, সাংখ্য মতে ব্যবস্থা-কারণের অভাবে কর্ম্মফলের বা সুখদুঃখভোগের সাঙ্কর্য্যপ্রাপ্তি হয়। [কাণাদা..... প্রসজ্যেত] কণাদ সম্প্রদায়ের (বৈশেষিক দর্শনের) মতেও সাঙ্কর্য্য দোষ হয়। বিবেচনা কর, তন্মতে সকল আত্মাই সর্ব্বব্যাপী, সুতরাং যে সময়ে মন এক আত্মায় সংযুক্ত হয়, সন্নিধানাদির বিশেষ না থাকায় সেই সময়ে তাহা অবাধে অন্য আত্মায়ও সংযুক্ত হইতে পারে। ফলিতার্থ এই যে, হেতুর সাধারণতাপ্রযুক্ত ফলও সাধারণ হওয়া উচিত, অর্থাৎ এক আত্মার সুখদুঃখ-সংযোগে আত্মান্তরেরও সুখিত্ব-দুঃখিত্ব-প্রাপ্তি হইতে পারে। (হেতু – মনঃসংযোগ, ফল – সুখাদি) ॥ ২। ৩। ৫০ ॥

অদৃষ্টানিয়মাৎ ॥ ২ । ৩ । ৫১ ॥*

বহুষ্বাত্মসু আকাশবৎ সর্ব্বগতেষু প্রতিশরীরং বাহ্যাভ্যন্তরাবিশেষেণ সন্নিহিতেষু মনোবাক্কায়ৈর্ধর্ম্মাধর্ম্মলক্ষণমদৃষ্টমুপার্জ্জ্যতে। সাঙ্খ্যানাং তাবৎ তদনাত্মসমবায়ি প্রধানবর্ত্তি প্রধানসাধারণ্যান্ন প্রত্যাত্মং সুখদুঃখোপভোগস্য নিয়ামকমুপপদ্যতে। কাণাদানামপি পূর্ব্ববৎ সাধারণেনাত্মমনঃসংযোগেন নির্ব্বর্ত্তিতস্যা-

---

ভবতু সাংখ্যানামব্যবস্থা, প্রধানসমবায়াদদৃষ্টস্য প্রধানস্য চ সাধারণ্যাৎ। কাণাদাদীনাস্তু আত্মসমবায্যদৃষ্টং প্রত্যাত্মমসাধারণং, তৎকৃতশ্চ মনসা সহাত্মনঃ স্বস্বামিভাবলক্ষণঃ সম্বন্ধোঽনাদিরদৃষ্টভেদানামনাদিত্বাৎ। তথা চাত্মমনঃসংযোগস্য সাধারণ্যেঽপি স্বস্বামিভাবস্যাসাধারণ্যাদভিসন্ধ্যাদিব্যবস্থোপপন্নৈব এব। ন চ সংযোগোঽপি সাধারণঃ, ন হি তস্য মনস আত্মান্তরৈর্যঃ সংযোগঃ, স এব স্বামিনাপি, আত্মসংযোগস্য প্রতিসংযোগভেদেন ভেদাৎ। তস্মাদাত্মৈকত্বস্যাগমসিদ্ধত্বাদ্ব্যবস্থায়াশ্চৈকত্বেঽপ্যুপপত্তের্নানেকাত্মকল্পনা, গৌরবাদাগমবিরোধাচ্চ। অন্ত্যবিশেষবত্ত্বেন চ ভেদকল্পনায়ামন্যোন্যাশ্রয়াপত্তেঃ। ভেদে হি তৎকল্পনা, ততশ্চ ভেদ ইতি। এতদেব কাণাদমতদূষণং ভাষ্যকৃতা তু প্রৌঢ়বাদিতয়া

[স্যাদেতৎ... ..নেত্যাহ] সাংখ্য হয়-ত বলিবেন, অদৃষ্টই নিয়ামক অর্থাৎ ব্যবস্থা করিবেক, সঙ্কর হইতে দিবেক না, অর্থাৎ যে আত্মার অদৃষ্ট স্বীয় আশ্রয়ীভূত আত্মায় মনঃসংযোগ জন্মায়, সেই আত্মারই তজ্জনিত সুখ-দুঃখাদি হয়, আত্মান্তরের সহিত তাহার সম্পর্ক থাকে না, ব্যাসদেব ইহার প্রত্যুত্তরে বলিতেছেন যে, না—তাহা নহে।

আকাশের ন্যায় সর্ব্বব্যাপী সমুদায় আত্মাই অন্তরে বাহিরে অবিশেষরূপে শরীরে শরীরে অবস্থান করতঃ মনের, বাক্যের ও শরীরের দ্বারা ধর্ম্মাধর্ম্মনামক অদৃষ্ট উপার্জ্জন করিতেছে। সাংখ্যের মতে তাহা (ধর্ম্মাধর্ম্ম) আত্মসমবেত নহে, আত্মায় থাকে না, কিন্তু প্রধানে থাকে। প্রধান সাধারণ অর্থাৎ সকল আত্মারই সমান নির্ব্বিশেষ কারণ। সে কারণ, তাহা ভিন্ন ভিন্ন আত্মার ভিন্ন ভিন্ন সুখদুঃখাদির নিয়ামক হইতে পারে না। সাধারণতঃ আত্মমনঃসংযোগ নিষ্পন্ন হয় বলিয়া কণাদ-মতের অদৃষ্টও সর্ব্বাত্ম-সাধারণ; সুতরাং কণাদ মতেও নির্দ্দিষ্ট ব্যবস্থা নির্ব্বাহ পায় না। অর্থাৎ তন্মতে এই আত্মার এই অদৃষ্ট, অন্যের সহিত ইহার সম্পর্ক নাই, বা হইবে না, এ নিয়মের

---

* অদৃষ্টানামপি সর্ব্বসাধারণত্বাৎ ন ব্যবস্থেত্যর্থঃ।

অদৃষ্ট নিয়মের অর্থাৎ অমুক আত্মার এই অদৃষ্ট, এতদ্রূপ চিহ্নিতরূপের গমক হেতু না থাকায় প্রদত্ত দোষ তদবস্থই থাকে।

দৃষ্টস্যাপি, অস্যৈবাত্মন ইদমদৃষ্টমিতি নিয়মে হেত্বভাবাদেষ এব দোষঃ ॥ ২ । ৩ । ৫১ ॥

স্যাদেতৎ। অহমিদং ফলং প্রাপ্নবানীদং পরিহরাণি, ইত্থং প্রযতৈ, ইত্থং করবাণীত্যেবম্বিধা অভিসন্ধ্যাদয়ঃ প্রত্যাত্মং প্রবর্ত্তমানা অদৃষ্টস্যাত্মনাঞ্চ স্বস্বামিভাবং নিয়ংস্যন্তীতি। নেত্যাহ—

অভিসন্ধ্যাদিষ্বপি চৈবম্‌ ॥ ২ । ৩ । ৫২ ॥*

" অভিসন্ধ্যাদীনামপি সাধারণেনৈবাত্ম-মনঃসংযোগেন' সর্ব্বাত্মসন্নিধৌ ক্রিয়মাণানাং নিয়মহেতুত্বানুপপত্তেরুক্তদোষানুষঙ্গ-এব ॥ ২ । ৩ । ৫২ ॥

কাণাদান্‌ প্রত্যপ্যদৃষ্টানিয়মাদিত্যাদীনি সূত্রাণি যোজিতানি, সাংখ্যমতদূষণ-পরাণ্যেবেতি তু রোচয়ন্তে কেচিৎ। তদাস্তাং তাবৎ ॥ ২ । ৩ । ৫১ ॥

ইতি শ্রীবাচস্পতিমিশ্রবিরচিতে শারীরকমীমাংসাভাষ্যবিভাগে ভামত্যাং দ্বিতীয়াধ্যায়স্য তৃতীয়ঃ পাদঃ ॥ ২ । ৩ ॥

[রত্নপ্রভা] পূর্ব্ববৎ মনঃসংযোগবৎ। অদৃষ্টস্যাঽপি সর্ব্বাত্মসাধারণত্বাৎ ন ব্যবস্থেত্যর্থঃ। রাগাদিনিয়মাৎ তজ্জাদৃষ্টনিয়ম ইত্যাশঙ্ক্যোত্তরত্বেন সূত্রং গৃহ্ণাতি স্যাদেতদিত্যাদিনা। অনিয়মঃ উক্তদোষঃ ॥ ২ । ৩ । ৫২ ॥

নিয়ামক নাই। নিয়ামক না থাকাতেই কণাদ মতেও সাঙ্কর্য্য দোষ অপরিহার্য্য হয় ॥ ২ । ৩ । ৫১ ॥

[স্যাদেতৎ......নেত্যাহ] যদি এমনই হয় যে, আমি এই ফল পাইয়াছি, ইহা পরিত্যাগ করিব, এইরূপ চেষ্টা করিব, অমুক প্রকারে নির্ব্বাহ করিব, ইত্যাদিবিধ অভিসন্ধি ও চেষ্টা-বিশেষ প্রতি আত্মায় উৎপন্ন হয়, সেই অভিসন্ধ্যাদিই আত্মার ও অদৃষ্টের স্বস্বামিভাব নিয়মিত করিবেক, অর্থাৎ যে আত্মার যে অদৃষ্ট—তাহা নির্দ্দিষ্ট করিবেক, তাহা হইলেও প্রদত্ত দোষের পরিহার হয় না।

অভিসন্ধিপ্রভৃতিও সাধারণ অর্থাৎ নির্ব্বিশেষরূপে আত্মমনঃসংযোগ দ্বারা সর্ব্বাত্ম-সন্নিধানেই কৃত বা উৎপন্ন হয়; সুতরাং সে সকলের দ্বারাও নির্দ্দিষ্ট ব্যবস্থা সিদ্ধ হয় না। তাহা না হওয়ায় প্রদত্ত দোষ তদবস্থই থাকে ॥ ২ । ৩ । ৫২ ॥

---

* এবং উক্তদোষাবানুষঙ্গঃ।

অভিসন্ধি প্রভৃতিও সাধারণ, অসাধারণ নহে; সুতরাং প্রদত্ত দোষ পরিহারার্থ সে সকলের গ্রহণ করিলেও পরিহার হইবেক না।

প্রদেশাদিতি চেন্নান্তর্ভাবাৎ ॥ ২ । ৩ । ৫৩ ॥*

অথোচ্যেত—বিভুত্বেঽপ্যাত্মনঃ শরীরপ্রতিষ্ঠেন মনসা সংযোগঃ শরীরাবচ্ছিন্ন এবাত্মপ্রদেশে ভবিষ্যতি। অতঃ প্রদেশকৃতা ব্যবস্থাঽভিসন্ধ্যাদীনামদৃষ্টস্য সুখদুঃখয়োশ্চ ভবিষ্যতীতি, তদপি নোপপদ্যতে। কস্মাৎ? অন্তর্ভাবাৎ। বিভুত্বাবিশেষাদ্ধি সর্ব্ব এবাত্মানঃ সর্ব্বশরীরেষ্বন্তর্ভবন্তি। তত্র ন বৈশেষিকৈঃ শরীরাবচ্ছিন্নোঽপ্যাত্মনঃ প্রদেশঃ কল্পয়িতুং শক্যঃ। কল্প্যমানোঽপ্যয়ং নিষ্প্রদেশস্যাত্মনঃ প্রদেশঃ কাল্পনিকত্বাদেব ন পারমার্থিকং কার্য্যং নিয়ন্তুং শক্নোতি। শরীরমপি সর্ব্বাত্মসন্নিধাবুৎপদ্যমানমস্যৈবাত্মনো নেতরেষামিতি ন নিয়ন্তুং

[রত্নপ্রভা] আত্মান্তরপ্রদেশস্য পরদেহে অন্তর্ভাবাৎ ব্যবস্থেতিশঙ্কার্থঃ। কিং মনসা সংযুক্ত আত্মৈবাত্মনঃ প্রদেশঃ? উত কল্পিতঃ। আদ্যে সর্ব্বাত্মনাং সর্ব্বদেহেষু অন্তর্ভাব ইতি ব্যবস্থা। দ্বিতীয়ং দূষয়তি—তত্র ন বৈশেষিকৈরিতি। সর্ব্বাত্মসান্নিধ্যে সতি কস্যচিদেব প্রদেশঃ কল্পয়িতুমশক্যঃ, নিয়ামকাভাবাদিত্যর্থঃ। প্রদেশকল্পনামঙ্গীকৃত্যাহ—কল্প্যেতি। কার্য্যমভিসন্ধ্যাদিকং, যস্যাত্মনো যচ্ছরীরং তত্র তস্যৈব ভোগ ইতি ব্যবস্থামাশঙ্ক্যাহ শরীরমপীতি।

যদি এমন বল যে, পরস্পর সকল আত্মাই বিভু অর্থাৎ সর্ব্বব্যাপী। হাঁ, এ কথা সত্য বটে; কিন্তু শরীরপ্রতিষ্ঠিত মনের সংযোগ শরীরাবচ্ছিন্ন আত্ম-প্রদেশেই হয়, অন্যত্র হয় না, এ জন্য অভিসন্ধিপ্রভৃতির, অদৃষ্টের ও সুখদুঃখাদির নির্দ্দিষ্ট ব্যবস্থা নির্ব্বাহ পায়। এরূপ বলিলেও তাহা যুক্তিতে সিদ্ধ বা নিশ্চিত হইবে না। কেন-না, সমুদায় আত্মা সমুদায় শরীরের অন্তর্ভূত। [বিভুত্বা... সম্ভবাৎ] যখন সর্ব্বব্যাপিতার ইতরবিশেষ নাই, সকল আত্মাই সমান সর্ব্বব্যাপী, তখন অবশ্যই সকল আত্মা সকল শরীরের অন্তর্ভূত। কি করিয়া বৈশেষিক আত্মার শরীরাবচ্ছিন্ন-প্রদেশ স্থির করিবেন? অথবা কল্পনা করিবেন? (সকল প্রদেশই-ত শরীরাবচ্ছিন্ন!) প্রদেশ-রহিত আত্মার প্রদেশ বলিতে গেলে তাহা কাল্পনিক হইবে। কাল্পনিক হইলে তদ্দ্বারা পারমার্থিক কার্য্যনিয়ম

---

* শরীরাবচ্ছিন্ন আত্মপ্রদেশত্বাৎ তৎস্বীকারাৎ ব্যবস্থা ভবিষ্যতীতি ন বাচ্যং, যতঃ সোঽপি সর্ব্বদেহেষন্তর্ভবতি।

শরীরাবচ্ছিন্ন আত্মপ্রদেশেই 'মনঃসংযোগ হয়, অন্যত্র হয় না, এ কথা বলিলেও নিস্তার নাই। কেন-না, তাহাও সর্ব্বশরীরের অন্তর্ভূত (ভাষ্য ব্যাখ্যা দেখ)।

শক্যম্। প্রদেশবিশেষাভ্যুপগমেঽপি চ দ্বয়োরাত্মনোঃ সমান-সুখদুঃখভাজোঃ কদাচিদেকেনৈব তাবচ্ছরীরেণোপভোগসিদ্ধিঃ স্যাৎ, সমানপ্রদেশস্যাপি দ্বয়োরাত্মনোরদৃষ্টস্য সম্ভবাৎ।

তথা হি দেবদত্তো যস্মিন্ প্রদেশে সুখদুঃখমন্বভূৎ, তস্মাৎ প্রদেশাদপক্রান্তে তচ্ছরীরে, যজ্ঞদত্তশরীরে চ তং দেশমনুপ্রাপ্তে, তস্যাপীতরেণ সমানঃ সুখদুঃখানুভবো দৃশ্যতে, স ন স্যাৎ—যদি দেবদত্ত-যজ্ঞদত্তয়োঃ সমানপ্রদেশমদৃষ্টং ন স্যাৎ। স্বর্গাদ্য-নুপভোগপ্রসঙ্গশ্চ প্রদেশবাদিনঃ স্যাৎ, ব্রাহ্মণাদিশরীরপ্রদে-

---

প্রদেশপক্ষে দোষান্তরমাহ—প্রদেশেতি। যস্মিন্নাত্মপ্রদেশেঽদৃষ্টোৎপত্তিঃ, স কিং চলঃ স্থিরো বা, নাদ্যঃ, অচলেঽংশিন্যংশস্য চলনবিভাগয়োরসম্ভবাদনাত্মবা-দাপাতাচ্চ। দ্বিতীয়ে, তস্মিন্নেব প্রদেশে পরস্যাঽপি ভোগদর্শনাদদৃষ্টমস্তীত্যে-কেনাপি শরীরেণ দ্বয়োরাত্মনোর্ভোগপ্রসঙ্গঃ। যদ্যাত্মভেদাৎ প্রদেশয়োর্ভেদঃ, তদাপি তয়োরেকদেহান্তর্ভাবাদ্ভোগসাঙ্কর্য্যং তদবস্থং সাবয়বাত্মবাদপ্রসঙ্গশ্চ। কিঞ্চ, যত্র যত্রাত্মনঃ প্রদেশে শরীরাদিসংযোগাদদৃষ্টমুৎপন্নং, তত্তত্রৈবাচলপ্রদেশে স্থিতমিতি স্বর্গাদিশরীরাবচ্ছিন্নাত্মন্যদৃষ্টাভাবাৎ ভোগো ন স্যাৎ, অতঃ প্রদেশ-ভেদো ন ব্যবস্থাপকঃ। যত্ত্বত্রোৎপন্নমদৃষ্টং স্বাশ্রয়ে যত্র ক্বচিৎ ভোগহেতু-রিতি স্বর্গাদিভোগসিদ্ধিরিতি, তন্ন। ভোগশরীরাৎ দূরস্থাদৃষ্টে মানাভাবাদিতি ভাবঃ। যদপি কেচিদাহুঃ—মনস একত্বেঽপ্যাত্মনাং ভেদেন সংযোগব্যক্তীনাং ভেদাৎ কয়াচিৎ সংযোগব্যক্ত্যা কস্মিংশ্চিদেবাত্মন্যদৃষ্টাদিকমিত্যসাঙ্কর্য্যমিতি,

---

(কার্য্যের ব্যবস্থা) নিষ্পন্ন হইবেক না। অপিচ, শরীর যখন সর্ব্বাত্ম-সন্নিধানেই জন্মে, তখন কি করিয়া অমুক আত্মার এই শরীর, ইহা অমুক আত্মার নহে, ইহা স্থির করিবে? ঐ নিয়ম সিদ্ধ করিবে? তাহা পারিবে না। প্রদেশবিশেষ স্বীকার করিলেও সমসুখদুঃখভোগী দুই আত্মার এক শরীর দ্বারা সেই সেই ভোগ সিদ্ধ হওয়ার আপত্তি হইবেক। কেন-না, আত্মদ্বয়ের অদৃষ্টের প্রদেশসাম্য হেতু তাহা অসম্ভব নহে; প্রত্যুত সুসম্ভব।

[তথা হি......ভাবাৎ] বিবেচনা কর, দেবদত্ত যে আত্মপ্রদেশে সুখদুঃখ-ভোগ করিতেছিলেন, তাঁহার শরীর সে আত্মপ্রদেশ ত্যাগ করিয়া প্রদেশান্তরে গেল, সেই মুহূর্ত্তে তৎপ্রদেশে যজ্ঞদত্তের শরীর আসিল, এমত স্থলে কেন দেবদত্ত যজ্ঞদত্তের সহিত সমসুখদুঃখী হয়? যদি দেবদত্তের ও যজ্ঞদত্তের অদৃষ্ট সমপ্রদেশ না হইত, তাহা হইলে কদাচ ঐরূপ হইত না। এতদ্ভিন্ন, প্রদেশবাদীর মতে, স্বর্গাদি ভোগের অনুপপত্তি-আপত্তিও হয়। বিবেচনা কর, ব্রাহ্মণাদিশরীরপ্রদেশে হইল অদৃষ্টোৎপত্তি, আর অন্যপ্রদেশে হইবে তাহার কার্য্য, ইহা হইতেই পারে না। অপিচ, দৃষ্টান্ত না থাকায় বহু আত্মার সর্ব্বব্যাপিতা ও স্বর্গাদি ভোগ উভয়ই অসিদ্ধ

শেষাদৃষ্টনিষ্পত্তেঃ, প্রদেশান্তরবর্ত্তিত্বাচ্চ স্বর্গাদ্যুপভোগস্য, সর্ব্বগতত্বানুপপত্তিশ্চ বহূনামাত্মনাং, দৃষ্টান্তাভাবাৎ। বদ তাবৎ ত্বং—কে বহবঃ সমানপ্রদেশাশ্চেতি। রূপাদয় ইতি চেৎ, ন, তেষামপি ধর্ম্ম্যংশেনাভেদাল্লক্ষণভেদাচ্চ। ন তু বহূনামাত্মনাং লক্ষণভেদোঽস্তি, অন্ত্যবিশেষবশাদ্ভেদোপপত্তিরিতি চেৎ, ন, ভেদকল্পনায়া অন্ত্যবিশেষকল্পনায়াশ্চেতরেতরাশ্রয়ত্বাৎ। আকা-

তম্। সংযোগব্যক্তীনাং বৈজাত্যাভাবেন সর্ব্বাসামেবৈকদেহান্তঃ সর্ব্বাত্মস্বদৃষ্টহেতুত্বাপত্তেঃ। তথাচ সর্ব্বাত্মনামেকস্মিন্ দেহে ভোক্তৃত্বং দুর্ব্বারম্।

কিঞ্চ, বহূনাং বিভুত্বমঙ্গীকৃত্য সাঙ্কর্য্যমুক্তং, সম্প্রতি কর্ত্তৃণাং বিভুত্বমসিদ্ধম্, অহমিহৈবাস্মি—ইত্যল্পত্বানুভবাৎ মানাভাবাচ্চেত্যাহ—"সর্ব্বগতত্বানুপপত্তিশ্চ" ইতি। কিঞ্চ, বহূনাং বিভুত্বে সমানদেশত্বং বাচ্যং, তচ্চাযুক্তং, অদৃষ্টত্বাদিত্যাহ—বদেতি। নন্নু রূপরসাদীনামেকঘটস্থত্বং দৃষ্টমিতি চেৎ, নায়মস্মৎসম্মতো দৃষ্টান্তঃ। রূপস্য তেজোমাত্রত্বাদ্রসস্য জলমাত্রত্বাৎ গন্ধস্য পৃথিবীমাত্রত্বাৎ ইত্যেবং তত্তদ্গুণস্য স্বস্বধর্ম্ম্যংশেনাভেদাৎ তেজআদিধর্ম্মাতিরিক্তপটাভাবাৎ। কিঞ্চাত্মনাং বহুত্বমপ্যসিদ্ধম্, আত্মত্বরূপলক্ষণস্যাভেদাৎ। তথা চ দেবদত্তাত্মা যজ্ঞদত্তাত্মনো ন ভিন্নঃ, আত্মত্বাদ্ যজ্ঞদত্তাত্মবৎ। অত্র বৈশেষিকঃ শঙ্কতে—অন্ত্যবিশেষেতি। নিত্যদ্রব্যমাত্রবৃত্তয়ো বিশেষাস্তে চ স্বয়ং স্বাশ্রয়ব্যাবর্ত্তকা এব, ন স্বেষাং ব্যাবর্ত্তকমপেক্ষন্তে, ইত্যন্ত্যা উচ্যন্তে। তথা চ বিশেষরূপলক্ষণভেদাৎ ভবত্যাত্মভেদ ইত্যর্থঃ। ন তাবদাত্মন্যনাত্মনঃ সকাশাদ্ভেদজ্ঞানার্থা বিশেষকল্পনা আত্মত্বাদেবানাত্মভেদসিদ্ধেঃ। নাপ্যাত্মনাং মিথো ভেদজ্ঞানার্থং তৎকল্পনা, আত্মভেদস্যাপ্যসিদ্ধেঃ। ন চ বিশেষভেদকল্পনাদেবাত্মভেদকল্পনা যুক্তা, আত্মভেদজ্ঞপ্তাবাত্মসু বিশেষভেদসিদ্ধিস্তৎসিদ্ধৌ তৎসিদ্ধিরিত্যন্যোন্যাশ্রয়াদিতি পরিহারার্থঃ। যত্তু বহূনাং বিভুত্বে আকাশদিক্কালদৃষ্টান্ত ইতি, সোঽপ্যসম্মত ইত্যাহ—"আকাশাদীনাম্" ইতি।

ও যুক্তিবহির্ভূত। [বদ...সিদ্ধম্] তুমিই বল, সমপ্রদেশ অথচ বহু, এমন কোন্ পদার্থ দেখিয়াছ ? যদি বল, রূপাদি পদার্থ দেখিয়াছি। আমরা বলি, তাহা ভ্রম। কেন-না, একাধারে রূপ রস গন্ধ প্রভৃতি যেগুলি দেখিয়াছ ও দৃষ্টান্ত দেখাইবে, সে গুলিরও স্বীয় স্বীয় ধর্ম্মী (আশ্রয়) অংশে অভিন্নতা আছে, ভিন্নতা নাই। (যে রূপ, সে-ই তেজ, যে জল, সে-ই রস, ইত্যাদি)। * অপিচ, লক্ষণের অভেদও আছে। লক্ষণের অভেদ (সর্ব্বলক্ষণ) থাকায় বহুত্বই

* সমুদায় কথার সার সকলন এই যে, বৈশেষিক দর্শনের মতে আত্মা অসংখ্য এবং সকল আত্মাই বিভু। অন্তরে বাহিরে কোনও স্থানে কোনও আত্মার অভাব নাই, সর্ব্বত্রই সর্ব্ব আত্মা আছে। যেখানে আমার মন, আমার শরীর, সেইখানেই আমার আত্মা, তোমার আত্মা, অন্যান্য আত্মা, সকল আত্মাই আছে। অতএব, শরীরাবচ্ছিন্ন আত্মপ্রদেশ ও মনঃসংযোগ, এই দুইটাই সাধারণ অর্থাৎ সকল আত্মার পক্ষে সমান। সুতরাং সকল প্রদেশই এতচ্ছরীরাবচ্ছিন্ন এবং সমুদায় আত্মপ্রদেশেই মনের স্থিতি। ইহা বৈশেষিকের ইচ্ছা না থাকিলেও স্বীকার্য্য এবং

শাদীনামপি বিভুত্বং ব্রহ্মবাদিনোঽসিদ্ধং, কার্য্যত্বাভ্যুপগমাৎ। তস্মাদাত্মৈকত্বপক্ষ এব সর্ব্বদোষাভাব ইতি সিদ্ধম্ ॥২।৩।৫৩॥

ইতি শ্রীমদ্‌গোবিন্দভগবৎপূজ্যাপাদশিষ্য-শ্রীমচ্ছঙ্করভগবৎপাদ-কৃতৌ শারীরকমীমাংসাভাষ্যে দ্বিতীয়স্যাধ্যায়স্য তৃতীয়ঃ পাদঃ ॥*॥

বিভুত্বৈস্তেকবৃত্তিত্বে লাঘবায় বিভুভেদঃ। যথৈকস্মিন্নাকাশে ভেরীবীণাদিভেদেন তারমন্দ্রাদিশব্দব্যবস্থা, এবমেকস্মিন্নপ্যাত্মনি বুদ্ধ্যুপাধিভেদেন সুখাদিব্যবস্থোপপত্তেঃ, আত্মভেদেঽপি ব্যবস্থানুপপত্তেরুক্তত্বান্মুধা ভেদকল্পনেত্যুপসংহরতি—তস্মাদিতি। এবম্ভূতভোক্তৃশ্রুতীনাং বিরোধাভাবাৎ ব্রহ্মণ্যদ্বয়ে সমন্বয় ইতি সিদ্ধম্ ॥ ২।৩।৫৩॥ ইতি রত্নপ্রভা।]

অসিদ্ধ। আত্মা বহু, ইহা কথায় বলিতেছ, কিন্তু লক্ষণ এক। লক্ষণের ভেদ থাকিলে তদ্দ্বারা ভেদসিদ্ধি হয়, তাহা না থাকিলে হয় না। বিশেষ * পদার্থের দ্বারা ভেদসিদ্ধি হইবেক, এ কথাও বলিবার অযোগ্য। কেন-না, বিশেষ পদার্থের কল্পনা ও ভেদকল্পনা পরস্পরাধীন; সুতরাং তাহাতে ইতরেতরাশ্রয় দোষ—যাহা বুঝিবার ও হইবার প্রতিবন্ধক, তাহা আছে। ব্রহ্মবাদীর পক্ষে আকাশের বিভুত্ব অসিদ্ধ। তৎপ্রতি হেতু, তন্মতে আকাশও ব্রহ্মজন্য। এ জন্য বেদান্তীকে আকাশাদির দৃষ্টান্তে বহু বিভু স্বীকার করান ঘটিবে না। বিচারের উপসংহার এই যে, প্রদর্শিত কারণে একাত্মবাদই নির্দ্দোষ ॥ ২।৩।৫৩॥

ইতি দ্বিতীয় অধ্যায়ের তৃতীয় পাদের ভাষ্যানুবাদ সমাপ্ত।

স্বীকার্য্য বলিয়াই বৈশেষিকের মতে সুখদুঃখভোগের সাঙ্কর্য্যপ্রাপ্তি অনিবার্য্য। অদৃষ্ট স্বীকার করিলেও সাঙ্কর্য্য বারণ হয় না। কেন-না, যে আত্ম-প্রদেশে অদৃষ্টোৎপত্তি হয়, সে আত্মপ্রদেশ এখানে সেখানে চলিয়া বেড়ায় না, ইহা বৈশেষিককে অবশ্যই মানিতে হইবে। তাহা মানিলে ইহাও মানিতে হইবে যে, সেই প্রদেশে অন্যের অদৃষ্টও আছে। তাহার কারণ, সেই প্রদেশেই অন্যের ভোগ দেখা যায়। অপিচ অচলত্ব নিবন্ধন সে প্রদেশ স্বর্গে না যাওয়ায় ও স্বর্গীয় শরীরাবচ্ছিন্ন প্রদেশে অদৃষ্ট না থাকায় স্বর্গভোগ অসম্ভব হয়। আরও কথা, এই যে, কর্ত্তার বিভুত্ব অসিদ্ধ। 'অহং=আমি' এই অনুভব কর্ত্তার পরিমিতপরিমাণ থাকার সাধক। ইত্যাদি।

* বিশেষ—কণাদের পরিকল্পিত পদার্থ-বিশেষ। ইহা পরমাণু, প্রভৃতি নিত্যপদার্থে থাকে, থাকিয়া অন্য হইতে আপন আশ্রয়ের ভেদ জন্মায় অর্থাৎ পার্থক্য অবধারণ করায়।

চতুর্থঃ পাদঃ।

তথা প্রাণাঃ ॥ ২ । ৪ । ১ ॥ *

বিয়দাদিবিষয়ঃ শ্রুতিবিপ্রতিষেধস্তৃতীয়েন পাদেন পরিহৃতঃ, চতুর্থেনেদানীং প্রাণবিষয়ঃ পরিহ্রিয়তে। তত্র তাবৎ "তত্তেজোঽসৃজত" ইতি "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" ইতি চৈবমাদিষূৎপত্তিপ্রকরণেষু প্রাণানামুৎপত্তির্নাম্নায়তে। কচিচ্চানুৎপত্তিরেবৈষামাম্নায়তে—"অসদ্বা ইদমগ্র আসীৎ, তদাহুঃ কিং তদসদাসীদিত্যৃষয়ো বাব তেঽগ্রেঽসদাসীৎ, তদাহুঃ কে তে ঋষয় ইতি, প্রাণা বা ঋষয়ঃ" ইতি। অত্র প্রাগুৎপত্তেঃ প্রাণানাং সদ্ভাবশ্রবণাৎ। অন্যত্র তু প্রাণানামপ্যুৎ-

---

যদ্যপি ব্রহ্মবেদনে সর্ব্ববেদনপ্রতিজ্ঞা-তদুপপাদনশ্রুতিবিরোধাদ্বহুতরাদ্বৈত-শ্রুতিবিরোধাচ্চ প্রাণানাং সর্গাদৌ সদ্ভাবশ্রুতির্ব্বিয়দমৃতত্বাদিশ্রুতয় ইবান্যথা কথঞ্চিন্নেতুমুচিতাঃ, তথাপ্যন্যথানয়নপ্রকারমবিদ্বানন্যথানুপপদ্যমানৈকাপি শ্রুতির্ব্বহ্বীরন্যথয়েদিতি মন্বানঃ পূর্ব্বপক্ষয়তি। অত্র চাভ্যুচ্চয়তয়া বিয়দধিকরণপূর্ব্বপক্ষহেতূন্ স্মারয়তি—"তত্র তাবৎ" ইতি। শব্দৈকপ্রমাণসমধিগম্যা হি মহাভূতোৎপত্তিস্তস্যা যত্র শব্দোনিবর্ত্ততে, তত্র তৎপ্রমাণাভাবেন তদভাবঃ প্রতীয়তে। যথা চৈত্যবন্দন-তৎকর্ম্মধর্ম্মত্বায়া ইত্যর্থঃ। অত্রাপাততঃ শ্রুতিবিপ্রতিপত্ত্যান-

---

আকাশাদি-বিষয়ে যে, শ্রুতিবিরোধ ছিল, তৃতীয়পাদে তাহার পরিহার দেখান হইয়াছে। সম্প্রতি এই চতুর্থপাদে প্রাণবিষয়ক বিরোধের পরিহার বলা হইবেক। (প্রাণ—ইন্দ্রিয় ও জীবনবায়ু)।

"তিনি তেজ সৃজন করিলেন", "তাঁহা হইতে আকাশ উৎপন্ন হইয়াছে" ইত্যাদি ইত্যাদি সৃষ্টিপ্রকরণে প্রাণের উৎপত্তি কথিত হয় নাই, প্রত্যুত কোন্ কোন শ্রুতিতে প্রাণের অনুৎপত্তিই অভিহিত হইয়াছে। যথা—"আগে অসৎ-ই ছিল। কি অসৎ ছিল? সেই ঋষিরাই অগ্রে অর্থাৎ সৃষ্টির পূর্ব্বে অসৎ ছিল। ঋষি কাহারা? প্রাণেরাই ঋষি।" এই শ্রুতিতে সৃষ্টির পূর্ব্বে প্রাণের অনুৎপত্তি বা প্রাণসদ্ভাব শ্রুত হইতেছে। [অন্যত্র···দেশেষু] আবার শ্রুত্যন্তরে,

---

* যথা পরস্মাদ্ব্রহ্মণ আকাশাদয় উৎপদ্যন্তে, তথা প্রাণা অপ্যুৎপদ্যন্তে ইতি যোজনা। -

যেরূপে পরব্রহ্ম হইতে আকাশাদির জন্ম হইয়াছে, সেইরূপে তাঁহা হইতে প্রাণেরও জন্ম হইয়াছে। এ স্থানে প্রাণ-শব্দে ইন্দ্রিয়।

পত্তিঃ পঠ্যতে—"যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেবৈতস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণাঃ" ইতি, "এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ" ইতি, "সপ্ত প্রাণাঃ প্রভবন্তি তস্মাৎ" ইতি, "প্রাণমসৃজত প্রাণাচ্ছ্রদ্ধা খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবীন্দ্রিয়ং মনোঽন্নম্" ইতি চৈবমাদিপ্রদেশেষু। তত্র তত্র শ্রুতিবিপ্রতিষেধাদন্যতরনির্ধারণকারণানিরূপণাচ্চাপ্রতিপত্তিঃ প্রাপ্নোতি, অথবা প্রাগুৎপত্তেঃ সদ্ভাবশ্রবণাদ্ গৌণী প্রাণানামুৎপত্তিশ্রুতিরিতি প্রাপ্নোতি, অত ইদং পঠতি—"তথা প্রাণাঃ" ইতি।

কথং পুনরত্র তথেত্যক্ষরানুলোম্যম্, প্রকৃতোপমানাভাবাৎ। সর্ব্বগতাত্মবহুত্ববাদিদূষণমতীতানন্তরপাদান্তে প্রকৃতং, তৎ তাবন্নোপমানং সম্ভবতি, সাদৃশ্যাভাবাৎ। সাদৃশ্যে হি

ধ্যবসায়েন পূর্ব্বপক্ষয়িত্বা অথ বেত্যভিহিতং পূর্ব্বপক্ষমবতারয়তি। অভিপ্রায়োঽস্য দর্শিতঃ 'পানব্যাপচ্চ তদ্বৎ' ইত্যত্র। অর্থপ্রতিগ্রহেষ্টাত্বধিকরণপূর্ব্বপক্ষসূত্রার্থসাদৃশ্যং তদা পরামৃষ্টম্। রাদ্ধান্তস্তু—স্যাদেতদেবং, যদি সর্গাদৌ প্রাণসদ্ভাবশ্রুতিরনন্যথাসিদ্ধা ভবেৎ, অন্যথৈব ত্বেষা সিধ্যতি। অবান্তরপ্রলয়ে হ্যগ্নিসাধ-

প্রাণের উৎপত্তিও পঠিত হইতে দেখা যায়। যথা—"যেমন অগ্নি হইতে ক্ষুদ্র বিস্ফুলিঙ্গ বিসর্পিত হয়, তেমনি, আত্মা হইতে প্রাণ সকল উৎপন্ন হয়।" "ইহাঁ হইতে প্রাণ, মন ও ইন্দ্রিয়গণ জন্মিয়াছে।" "সাত প্রাণ তাঁহা হইতে জন্মে।" "তিনি প্রাণ সৃজন করিলেন। প্রাণ হইতে শ্রদ্ধা, আকাশ, বায়ু, তেজ, জল, পৃথিবী, ইন্দ্রিয়, মন ও অন্ন জন্মিল।" [তত্র তত্র...প্রাণা ইতি] প্রদর্শিত ভিন্ন ভিন্ন শ্রুতিতে ভিন্ন ভিন্ন কথা থাকায় এবং একতর নির্দ্ধারণের কারণবিশেষ না থাকায় প্রাণ উৎপন্ন, কি অনুৎপন্ন (জন্য কি নিত্য), তাহা বুঝা যায় না। কিংবা "সৃষ্টির পূর্ব্বে প্রাণ ছিল" এই শ্রুতির মুখ্যরূপে গ্রহণ ও উৎপত্তিবোধক শ্রুতিগুলির গৌণার্থে স্থাপন, ইহাই পাওয়া যায়। এতদ্রূপ সংশয়িত পক্ষপ্রাপ্তে "তথা প্রাণাঃ" সূত্র পঠিত হইয়াছে।

[কথং...ভবেৎ] এক্ষণে প্রশ্ন হইতে পারে যে, সূত্রের প্রথমেই তথা-শব্দের প্রয়োগ সম্ভবে কিরূপে? সবে এই মাত্র আরম্ভ, এখানে কোন প্রকার উপমান পদার্থ উপস্থিত নাই। যথা অমুক, তথা অমুক, এরূপ না হইলে তথা-শব্দের সঙ্গতি হয় না। কিন্তু এখনও যথা-শব্দ প্রয়োগের যোগ্য পদার্থ কথিত হয় নাই,

সত্যুপমানং স্যাৎ, যথা সিংহস্তথা বলবৰ্ম্মেতি। অদৃষ্টসাম্য-প্রতিপাদনার্থমিতি যদ্যুচ্যেত—যথা অদৃষ্টস্য সর্ব্বাত্মসন্নিধাবুৎ-পদ্যমানস্যানিয়তত্বং, এবং প্রাণানামপি সর্ব্বাত্মনঃ প্রত্যনিয়-তত্বমিতি, তদপি দেহানিয়মেনৈবোক্তত্বাৎ পুনরুক্তং ভবেৎ। ন চ জীবেন প্রাণা উপমীয়েরন্, সিদ্ধান্তবিরোধাৎ। জীবস্য হ্যনুৎপত্তিরাখ্যাতা, প্রাণানাং তূৎপত্তিরাচিখ্যাসিতা। তস্মাৎ তথেত্যসম্বদ্ধমেতৎ প্রতিভাতি। ন, উদাহরণোপাত্তেনা-প্যুপমানেন সম্বন্ধোপপত্তেঃ। অত্র প্রাণোৎপত্তিবাদিবাক্য-জাতমুদাহরণং—"এতস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণাঃ সর্ব্বে লোকাঃ সর্ব্বে দেবাঃ সর্ব্বাণি ভূতানি চ ব্যুচ্চরন্তি" এবঞ্জাতীয়কম্।

নানাং সৃষ্টির্বক্তব্যেতি তদর্থোঽসাবুপক্রমঃ। তত্রাধিকারিপুরুষঃ প্রজাপতিরপ্রণষ্ট এব, ত্রৈলোক্যমাত্রং প্রলীনম্, অতস্তদীয়ান্ প্রাণানপেক্ষ্য সা শ্রুতিরুপপন্নার্থা। তস্মাদ্ভূয়সীনাং শ্রুতীনামনুগ্রহায় সর্ব্ববিজ্ঞানপ্রতিজ্ঞোপপত্ত্যর্থস্য চোত্তরস্য সন্দর্ভস্য, গৌণত্বে তু প্রতিজ্ঞাতার্থানুগুণ্যাভাবেনানপেক্ষিতার্থত্বপ্রসঙ্গাৎ প্রাণ

সুতরাং তথা-শব্দের প্রয়োগ অসমঞ্জস। অতীত পাদের শেষে সর্ব্বগত অনে-কাত্মবাদ দূষিত হইয়াছে, সাদৃশ্য না থাকায় তাহাও যথা-শব্দের যোগ্য উপমান নহে, সুতরাং তদনুসারেও তথা-শব্দের প্রয়োগ হইতে পারে না। সাদৃশ্য থাকিলে উপমান হয়, নচেৎ হয় না। যেমন, সিংহ যদ্রূপ, বলবর্ম্মাও তদ্রূপ, ইত্যাদি। (অর্থাৎ বলবর্ম্মার শৌর্য্য-বীর্য্য সিংহের শৌর্য্য-বীর্য্যের সদৃশ)। অতীত পাদের শেষে অদৃষ্টের কথা আছে, তৎসমানতা বুঝাইবার জন্য তথা-শব্দের প্রয়োগ হইয়াছে, সর্ব্বাত্মসন্নিধানে সমুৎপন্ন অদৃষ্ট যেমন অনিয়ত, তেমনি প্রাণও সর্ব্বাত্ম-সম্বন্ধে অনিয়ত, (ইহা বুঝাইবার জন্য তথা-শব্দের প্রয়োগ), এ কথাও বলা যায় না। কারণ, দেহের অনিয়ম বলাতে প্রাণেরও অনিয়ম বলা হইয়াছে, সুতরাং তথা-শব্দের পৌনরুক্ত্য হইতে পারে। [ন চ...ভাতি] পূর্ব্বোক্ত জীবাত্মা উপমান হইবেক, অর্থাৎ প্রাণ জীবের দ্বারা তুলিত, ইহাও বাচ্য নহে। কারণ, তাহা হইলে সিদ্ধান্ত বিরোধ হইবেক। সিদ্ধান্ত বিরোধ এই যে, সেখানে জীবের অনুৎপত্তি বলা হইয়াছে, কিন্তু এখানে প্রাণের উৎপত্তি বলিতে উদ্যত। অতএব, সূত্রের তথা-শব্দটী অসম্বদ্ধ বলিয়া প্রতীত হইতেছে। [ন...পত্তে] না—, তাহা প্রতীত হয় না। উদাহরণে যাহা পাওয়া যায়, তাহাই উপমান, এবং সেই উপমানের দ্বারা তথা-শব্দের অসম্বদ্ধতা নিবারিত হয়। [অত্র...তব্যম্] প্রাণোৎপত্তিবাদী উদাহরণবাক্য এই—"এই আত্মা হইতে সমুদায় প্রাণ, সমুদায়

যথা লোকাদয়ঃ পরস্মাদ্ব্রহ্মণ উৎপদ্যন্তে, তথা প্রাণা অপীত্যর্থঃ। তথা—

"এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ।
খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী॥"

ইত্যেবমাদিষ্বপি খাদিবৎ প্রাণানামুৎপত্তিরিতি দ্রষ্টব্যম্। অথবা "পানব্যাপচ্চ তদ্বৎ" ইত্যেবমাদিষু ব্যবহিতোপমানসম্বন্ধস্যাপ্যাশ্রিতত্বাৎ, যথাতীতানন্তরপাদাদ্যুক্তা বিয়দাদয়ঃ পরস্য ব্রহ্মণো বিকারাঃ সমধিগতাঃ, তথা প্রাণা অপি পরস্য ব্রহ্মণো বিকারা ইতি যোজয়িতব্যম্। কঃ পুনঃ প্রাণানাং বিকারত্বে হেতুঃ? শ্রুত-

অপি নভোবদ্ব্রহ্মণো বিকারা ইতি। ন চ চৈত্যবন্দনাদিবৎ সর্ব্বথা প্রাণানামুৎপত্ত্যশ্রুতিঃ। ক্বচিৎ খল্বেষামুৎপত্ত্যশ্রবণং, উৎপত্তিশ্রুতিস্তু তত্র তত্র দর্শিতা।

লোক, সমুদায় দেব ও সমুদায় ভূত আবির্ভূত হইয়াছে।" এইরূপ আরও আছে। সেই সেই বাক্যে যে লোকাদির উৎপত্তি কথিত হইয়াছে, সেই লোকাদির উৎপত্তিই প্রাণোৎপত্তির উপমান। লোকাদি যেমন পরব্রহ্ম হইতে উৎপন্ন হয়, তেমনি প্রাণও তাঁহা হইতে উৎপন্ন হয়, এই অর্থ তথা-শব্দের প্রয়োগে প্রকটিত হইয়াছে। অপিচ, "ইহাঁ হইতে প্রাণ, মন সমুদায় ইন্দ্রিয়, আকাশ, বায়ু, তেজ, জল ও বিশ্বাধার পৃথিবী জন্মিয়াছে" ইত্যাদি উদাহরণেও আকাশাদির ন্যায় প্রাণের উৎপত্তি, ইহা বুঝিতে হইবে। কিংবা এরূপ বলিতেও পার, জৈমিনি যেমন "পানব্যাপৎ" ইত্যাদি স্থলে বহু সূত্র ব্যবহিত উপমানের গ্রহণ * করিয়াছেন, তেমনি ব্যাসও অতীত পূর্ব্বপাদোক্ত আকাশাদি লক্ষ্য করিয়া, আকাশাদি যেমন পরব্রহ্মোৎপন্ন, তেমনি প্রাণও পরব্রহ্মোৎপন্ন, এইরূপ বলিয়াছেন। [কঃ…সূক্তম্] প্রাণ যে বিকারী অর্থাৎ জন্মবান্, তৎপ্রতি হেতু শ্রুতি। শ্রুতি বলিয়াছেন বলিয়াই প্রাণের জন্মবত্তা স্বীকার করা যায়। কোন কোন শ্রুতিতে প্রাণের অনুৎপত্তি-শ্রবণ থাকিলেও শ্রুত্যন্তরে তাহার উৎপত্তি

* যে অশ্বপ্রতিগ্রহ করিবে, সে বারুণ যাগ করিবেক, এইরূপ একটী শ্রুতি আছে। জৈমিনি তাহার বিচার করিয়াছেন।—ঐ বারুণ যাগ কে করিবে? অশ্বদাতা? না অশ্বপ্রতিগ্রহীতা? "প্রতিগ্রহ" শব্দ থাকায় গ্রহীতাই করিবেক, এইরূপ পাওয়া যায় বটে; কিন্তু অশ্বদাতার প্রস্তাবে ঐ বিধান কথিত হওয়ায় উহা অশ্বদাতারই কর্ত্তব্য। ঐ স্থলে, যে প্রতিগ্রহ করায় অর্থাৎ দেয়, এই রূপ বাক্যার্থ গ্রাহ্য। এস্থলে ইহাও দেখিতে হইবেক যে, ঐ অশ্বদান লৌকিক কি বৈদিক। শাস্ত্রে নিষিদ্ধ অশ্বদান করিলে দোষ হওয়ার কথা থাকায় লৌকিক অশ্বদাতারই দোষ ক্ষয়ার্থ বারুণ যাগ কর্ত্তব্য, এইরূপ পক্ষ স্থাপন পূর্ব্বক পরে সিদ্ধান্ত করিয়াছেন, সদোষ যজ্ঞাশ্বদানে জলোদর রোগ হয়, তদ্দোষ নাশার্থ বারুণ-যাগ কর্ত্তব্য। ইহারই পরে বলিয়াছেন, "পানব্যাপচ্চ তদ্বৎ।" সোমপান করিলে যদি ব্যাপৎ অর্থাৎ বমন হয়, তবে সোমেন্দ্র চরুহোম করিবেক।

ত্বমেব। নন্বু কেষুচিৎ প্রদেশেষু ন প্রাণানামুৎপত্তিঃ শ্রূয়তে ইত্যুক্তম্। তদযুক্তং, প্রদেশান্তরেষু শ্রবণাৎ। ন হি কচিদশ্রবণমন্যত্র শ্রুতং নিবারয়িতুমুৎসহতে। তস্মাচ্ছ্রুতত্বাবিশেষাদাকাশাদিবৎ প্রাণা অপ্যুৎপদ্যন্ত ইতি সূক্তম্ ॥২।৪।১॥

গৌণ্যসম্ভবাৎ ॥ ২ । ৪ । ২ ॥ *

যৎ পুনরুক্তং—প্রাগুৎপত্তেঃ সদ্ভাবশ্রবণাৎ গৌণী প্রাণানামুৎপত্তিরিতি, তৎ প্রত্যাহ—গৌণ্যসম্ভবাদিতি। গৌণ্যা অসম্ভবো গৌণ্যসম্ভবঃ। ন হি প্রাণানামুৎপত্তিশ্রুতির্গৌণী সম্ভবতি, প্রতিজ্ঞাহানিপ্রসঙ্গাৎ। "কস্মিন্নু ভগবো বিজ্ঞাতে সর্ব্বমিদং

তস্মাদ্বৈষম্যং চৈত্যবন্দন-পোষধাদিভিরিতি। (পোষধ শব্দ উপবাসবাচী বৌদ্ধশাস্ত্রে) ॥ ২ । ৪ । ১ ॥

কেচিদ্বিন্নদধিকরণব্যাখ্যানেন গৌণ্যসম্ভবাদিতি সূত্রং ব্যাচক্ষতে। গৌণী

শুনা যায়। যাহা বহুতর প্রবল শ্রুতিতে শুনা যায়, একস্থানে অশ্রবণ তাহার নিষেধ করিতে পারে না। অতএব, শ্রুতত্বের বিশেষ না থাকায় আকাশাদির ন্যায় প্রাণও উৎপন্ন পদার্থ, এ উক্তি নির্দ্দোষ ॥ ২ । ৪ । ১ ॥

বলিয়াছিলে, সৃষ্টির পূর্ব্বে প্রাণের অস্তিত্ব শ্রবণ থাকায় শ্রুত্যন্তরোক্ত উৎপত্তি মুখ্য উৎপত্তি নহে, কিন্তু গৌণী, তাহার প্রত্যুত্তর এই যে, গৌণত্বের সম্ভাবনা নাই। [ন হি...তব্যা] যেহেতু প্রতিজ্ঞাহানি প্রসক্ত হয়, সেই হেতু প্রাণের উৎপত্তি গৌণ নহে। "ভগবন্! কি বিজ্ঞাত হইলে এ সমস্তই বিজ্ঞাত হয়?" শ্রুতি এই একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান প্রতিজ্ঞার সাধনার্থ "ইহাঁ হইতে প্রাণ জন্মিয়াছে" ইত্যাদি কথা বলিয়াছেন। ঐ প্রতিজ্ঞা সিদ্ধ হইতে পারে,

এখানেও লৌকিক সোমপানে অথবা যজ্ঞীয় সোম পানে বমন-জনিত দোষ বিনাশার্থ হোম করিতে হইবেক, এইরূপ আশঙ্কা উত্থাপনপূর্ব্বক সিদ্ধান্ত করিয়াছেন, যজ্ঞীয় সোম পান করিলে যদি বমন হয়, তবেই কর্ম্মবৈগুণ্য নিবন্ধন দোষ জন্মে, সে দোষ নিবারণার্থ সোমেন্দ্র চরু হোম কর্ত্তব্য। এখানে দেখ, জৈমিনি বহু সূত্র ব্যবহিত অনুষ্ঠান-জনিত দোষকে উপমান করিয়া "তদ্বৎ" শব্দের প্রয়োগ করিয়াছেন। ফলিতার্থ, দৃষ্টান্ত অব্যবহিত পূর্ব্বে থাকুক বা, কিছু দূরে থাকুক, তাহা গ্রহণ করার রীতি আছে।

* গৌণ্যা অসম্ভবো গৌণ্যসম্ভবস্তস্মাৎ। প্রতিজ্ঞাহান্যাদিপ্রসঙ্গাৎ প্রাণোৎপত্তিবাদিনী শ্রুতির্ন গৌণী, কিন্তু মুখ্যেত্যর্থঃ।

প্রাণোৎপত্তিবাদিনী শ্রুতির গৌণার্থ গ্রহণ করিতে গেলে প্রতিজ্ঞাহান্যাদি দোষ আগমন করে, সেইজন্য, গৌণার্থ গ্রহণের সম্ভাবনা নাই, মুখ্যার্থই গ্রাহ্য। অর্থাৎ স্বয়ং শ্রুতিই প্রাণের উৎপত্তি বলিয়াছেন, সুতরাং প্রাণ সত্য সত্যই উৎপন্ন পদার্থ।

বিজ্ঞাতং ভবতি” ইতি হ্যেকবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানং প্রতিজ্ঞায়, তৎসাধনায়েদমাম্নায়তে “এতস্মাজ্জায়তে প্রাণঃ” ইত্যাদি। সা চ প্রতিজ্ঞা প্রাণাদেঃ সমস্তস্য জগতঃ ব্রহ্মবিকারত্বে সতি প্রকৃতি-ব্যতিরেকেণ বিকারাভাবাৎ সিধ্যতি, গৌণ্যাস্তু প্রাণানামুৎপত্তিশ্রুতৌ প্রতিজ্ঞেয়ং হীয়েত। তথা চ প্রতিজ্ঞা-তার্থমুপসংহরতি “পুরুষ এবেদং বিশ্বং তপো ব্রহ্ম পরামৃতম্” ইতি, “ব্রহ্মৈবেদং বিশ্বমিদং বরিষ্ঠং” ইতি চ। তথা “আত্মনো বা'অরে দর্শনেন শ্রবণেন মত্যা বিজ্ঞানেনেদং সর্ব্বং 'বিদিতম্” ইত্যেবঞ্জাতীয়কাসু শ্রুতিম্বেষৈব প্রতিজ্ঞা যোজয়িতব্যা।

কথং পুনঃ প্রাগুৎপত্তেঃ প্রাণানাং সদ্ভাবশ্রবণম্ ? নৈতন্মূলপ্রকৃতিবিষয়ম্, “অপ্রাণো হ্যমনাঃ শুভ্রো হ্যক্ষরাৎ পরতঃ পরঃ” ইতি মূলপ্রকৃতেঃ প্রাণাদিসমস্তবিশেষরহিতত্বাবধারণাৎ। অবান্তরপ্রকৃতিবিষয়ন্ত্বেতৎ স্ববিকারাপেক্ষং প্রাগুৎপত্তেঃ প্রাণানাং

প্রণানামুৎপত্তিশ্রুতিরসম্ভবাদুৎপত্তেরিতি, তদযুক্তং, বিকল্পাসহত্বাৎ। তথাহি—প্রাণানাং জীববদ্বাঽবিকৃতব্রহ্মাত্মতয়ানুপপত্তিঃ স্যাৎ ? ব্রহ্মণস্তত্ত্বান্তরতয়া বা ? ন তাবজ্জীববদেষামবিকৃতব্রহ্মাত্মতা, জড়ত্বাৎ। তস্মাত্তত্ত্বান্তরত্বয়ৈষামনুৎপত্তি-

যদি প্রাণ প্রভৃতি সমুদায় জগৎ ব্রহ্মোৎপন্ন হয়। কেন না, প্রকৃতিব্যতিরিক্ত বিকৃতি নাই। অভিপ্রায় এই যে, প্রকৃতিই বস্তুসৎ, বিকৃতির পৃথক্-অস্তিত্ব নাই। মৃত্তিকাই বস্তু, ঘট নামমাত্র। প্রাণোৎপত্তি গৌণী হইলে অবশ্যই ঐ প্রতিজ্ঞার হানি হইবে। প্রতিজ্ঞাও গৌণী, এরূপ বলিবার উপায় নাই। কেন-না, শ্রুতি উপসংহারেও ব্রহ্মকে বিশ্বাভিন্ন বলিয়াছেন। যথা—“এ বিশ্ব ব্রহ্মই, অন্য কিছু নহে। তপঃই পর (শ্রেষ্ঠ) অমৃত ও ব্রহ্ম।” “এই বিশ্ব বরিষ্ঠ ব্রহ্ম।” “আত্মা শ্রবণ, মনন, নিদিধ্যাসন দ্বারা বিজ্ঞাত হইলে এ সমস্তও বিজ্ঞাত হয়” ইত্যাদি শ্রুতিতেও ঐ প্রতিজ্ঞা যোজিত করিবে।

[কথং…সিদ্ধেঃ] যদি বল, সৃষ্টির পূর্ব্বে প্রাণসদ্ভাব শ্রবণের গতি কি ? তাহার প্রত্যুত্তর, সে কথন মূলপ্রকৃতিবিষয়ক নহে। অর্থাৎ প্রাণ পরম মূল নহে। যাহা পরম মূল, তাহা “অপ্রাণ, অমন, শুভ্র ও পর, অক্ষর হইতেও পর (শ্রেষ্ঠ)” এই শ্রুতিতে প্রাণাদি সর্ব্ববিশেষ বর্জ্জিত বলিয়া অবধারিত আছে। ঐ বাক্য (প্রাণসদ্ভাব বোধক বাক্য) অবান্তর প্রকৃতি বিষয়ক। তাহার অর্থ, সুতরাং স্ববিকার অপেক্ষা উৎপত্তির পূর্ব্বে প্রাণের অস্তিত্ব। ব্যাকৃত (আবির্ভাব বা উৎপত্তি) বিষয়ের যে বহু অবস্থা, তাহা শ্রুতি স্মৃতি উভয়ত্রই প্রকৃতি

সদ্ভাবাবধারণমিতি দ্রষ্টব্যম্। ব্যাকৃতবিষয়াণামপি ভূয়সীনামবস্থানাং শ্রুতিস্মৃত্যোঃ প্রকৃতি-বিকারভাবপ্রসিদ্ধেঃ। বিয়দধিকরণে হি গৌণ্যসম্ভবাদিতি পূর্ব্বপক্ষসূত্রত্বাৎ গৌণী জন্মশ্রুতিরসম্ভবাদিতি ব্যাখ্যাতম্। প্রতিজ্ঞাহান্যা চ তত্র সিদ্ধান্তোঽভিহিতঃ, ইহ তু সিদ্ধান্তসূত্রত্বাৎ গৌণ্যা জন্মশ্রুতেরসম্ভবাদিতি ব্যাখ্যাতম্। তদনুরোধেন ত্বিহাপি গৌণী জন্মশ্রুতিরসম্ভবাদিতি ব্যাচক্ষাণৈঃ প্রতিজ্ঞাহানিরুপেক্ষিতা স্যাৎ ॥ ২।৪।২॥

তৎ প্রাক্ শ্রুতেঃ ॥ ২।৪।৩॥ *

ইতশ্চাকাশাদীনামিব প্রাণানামপি মুখ্যৈব জন্মশ্রুতিঃ—

রাস্থেয়া। তথা চ ব্রহ্মবেদনেন সর্ব্ববেদনপ্রতিজ্ঞাব্যাহতিঃ, সমস্তবেদান্তব্যাকোপশ্চেত্যেতদাহ—"বিয়দধিকরণেহি" ইতি ॥ ২।৪।২॥

নিগদব্যাখ্যাতমস্য ভাষ্যম্ ॥ ২।৪।৩॥

বিকৃতিভাবে প্রসিদ্ধ। (অভিপ্রায় এই যে, মহাপ্রলয়ে পরমকারণ পরব্রহ্ম মাত্রের অস্তিত্ব, তাঁহারই মুখ্য প্রাণতা, ঐ বাক্য তাঁহাকে লক্ষ্য করে নাই, কিন্তু খণ্ড বা অবান্তর প্রলয়ে যে হিরণ্য-গর্ভ ও প্রাণ নামক অবান্তর প্রকৃতি থাকেন, প্রদর্শিত প্রাণাস্তিত্ববাদিনী শ্রুতি তাঁহাকেই লক্ষ্য করিতেছে বা বলিতেছে। জন্মবান্ বা কারণ-ব্রহ্ম হিরণ্যগর্ভ স্বকীয় সৃষ্টির মূল কারণ, ইহা "প্রথমে হিরণ্যগর্ভ উৎপন্ন হইলেন" "তিনি ভূত-নিবহের আদি কর্ত্তা" ইত্যাদি শ্রুতি-স্মৃতিতে কথিত আছে)। [বিয়দধি...স্যাৎ] পূর্ব্বে বিয়দধিকরণে (আকাশোৎপত্তি বিচারে) গৌণ্যসম্ভবাৎ সূত্র পূর্ব্বপক্ষ কোটীতে কথিত হইয়াছিল, সুতরাং "জন্মশ্রবণ মুখ্য নহে, কিন্তু গৌণ, কেন-না, মুখ্য জন্ম অসম্ভব" এইরূপে ব্যাখ্যাত হইয়া পরে প্রতিজ্ঞাহানি দোষ প্রদর্শনপূর্ব্বক সিদ্ধান্ত বলা হইয়াছিল। কিন্তু এখানে এটী সিদ্ধান্ত সূত্র, "সেই জন্য, জন্ম শ্রবণ গৌণ, ইহা সম্ভব হয় না।" এইরূপ ব্যাখ্যা করা হইল এবং সেই অনুরোধে এখানেও "মুখ্যাসম্ভব হেতু গৌণ জন্ম শ্রবণ" এরূপ ব্যাখ্যা করিতে গেলে প্রতিজ্ঞাহানি দোষ উপেক্ষিত হইবেক। অর্থাৎ প্রতিজ্ঞাহানি দোষ নিবারিত হইবেক না ॥ ২।৪।২॥

প্রাণের উৎপত্তিও আকাশাদি উৎপত্তির ন্যায় মুখ্য, এতৎপ্রতি অন্য হেতু

* তৎ জায়ত ইতি জন্মবাচিপদম্। তৎ তস্য জায়ত ইতি পদস্য প্রাক্ পূর্ব্বং শ্রুতেঃ শ্রবণাৎ—শ্রুতস্য 'জায়তে' ইতি পদস্যাকাশাদিষু মুখ্যস্য পাঠাপেক্ষয়া প্রাচীনেষু প্রাণেষু শ্রবণাৎ তেষামপি মুখ্যং জন্মেতি সূত্রার্থঃ।

জায়ত অর্থাৎ জন্মে, এই কথাটার সহিত প্রাণেরও অন্বয় হয়, সুতরাং প্রাণও আকাশাদির ন্যায় জন্মবান্।

যৎ 'জায়তে' ইত্যেকং জন্মবাচি পদং প্রাণেষু প্রাক্ শ্রুতং সৎ উত্তরেষ্বাকাশাদিষ্বনুবর্ত্ততে। "এতস্মাজ্জায়তে প্রাণঃ" ইত্যত্রাকাশাদিষু মুখ্যং জন্মেতি প্রতিষ্ঠাপিতং, তৎসামান্যাৎ প্রাণেষ্বপি মুখ্যমেব জন্ম ভবিতুমর্হতি। ন হ্যেকস্মিন্ প্রকরণে একস্মিন্ বাক্যে একঃ শব্দঃ সকৃদুচ্চরিতো বহুভিঃ সম্বধ্যমানঃ কচিন্মুখ্যঃ কচিদ্গৌণ ইত্যধ্যবসাতুং শক্যঃ, বৈরূপ্যপ্রসঙ্গাৎ।

তথা "স প্রাণমসৃজত প্রাণাচ্ছ্রদ্ধা" ইত্যত্রাপি প্রাণেষু শ্রুতঃ সৃজতিঃ পরেষ্বপ্যুৎপত্তিমৎসু শ্রদ্ধাদিষ্বনুষজ্যতে। যত্রাপি পশ্চাচ্ছ্রুত উৎপত্তিবচনঃ শব্দঃ পূর্ব্বৈঃ সম্বধ্যতে, তত্রাপ্যেষ এব ন্যায়ঃ। যথা "সর্ব্বাণি ভূতানি ব্যুচ্চরন্তি" ইত্যয়মন্তে পঠিতো 'ব্যুচ্চরন্তি' শব্দঃ পূর্ব্বৈরপি প্রাণাদিভিঃ সম্বধ্যতে ॥ ২ । ৪ । ৩ ॥

[রত্নপ্রভা। তস্য জায়ত ইতি পদস্যাকাশাদিষু মুখ্যস্য পাঠাপেক্ষয়া প্রাচীনেষু প্রাণেষু শ্রুতের্মুখ্যং জন্মেতি সূত্রযোজনা। তৎসামান্যাদিতি। তেনাকাশাদিজন্মনা সামান্যমেকশব্দোক্তত্বং, তস্মাদিত্যর্থঃ। একস্মিন্ বাক্যে একস্য শব্দস্য কচিন্মুখ্যত্বং কচিৎ গৌণত্বমিতি বৈরূপ্যং ন যুক্তমিতি ন্যায়মন্যত্রাপ্যতিদিশতি—যত্রাপি পশ্চাচ্ছ্রুত ইতি॥ ইতি রত্নপ্রভা ॥ ২ । ৪ । ৩ ॥]

এই যে, "জায়তে" এই জন্মবাচী পদটী প্রথমতঃ প্রাণবিষয়ে শ্রুত হইয়া পরে আকাশাদি পর পর পদার্থে অনুবর্ত্তিত হওয়ায় এবং আকাশাদির জন্ম মুখ্য, গৌণ নহে, ইহা স্থাপিত হওয়ায়, সুতরাং আকাশাদির সহিত পঠিত প্রাণের জন্মও মুখ্য, গৌণ নহে, ইহাও স্থাপিত বা সিদ্ধ হইবেক। [ন হ্যেক… সঙ্গাৎ] প্রকরণ এক, বাক্য এক, শব্দ এক, একবার মাত্র উচ্চরিত, এতাদৃশ শব্দ বহুর সহিত অন্বিত হইয়া একস্থানে মুখ্যার্থ ও অন্য স্থানে গৌণার্থ বলিবে, এরূপ নিশ্চয় অন্যায্য। এক স্থানে ও একবাক্যে একোচ্চারিত একশব্দের দ্বিরূপতা (গৌণত্ব ও মুখ্যত্ব) ন্যায্য নহে।

[তথা…সম্বধ্যতে] আরও দেখ, "তিনি প্রাণ সৃজন করিলেন, প্রাণ হইতে শ্রদ্ধার—" এখানেও প্রাণ-বিষয়ে শ্রুত সৃজনশব্দ পরোৎপন্ন শ্রদ্ধাদিতে অনুষজ্জিত হইয়াছে। যখন পশ্চাৎ শ্রুত উৎপত্তিবাচী শব্দের পূর্ব্বের সহিত সম্বন্ধ হইতে দেখা যায়, তখন এখানে অবশ্যই তদ্রূপ সম্বন্ধ ন্যায্য হইবেক। যথা—"সমুদায় ভূত ব্যুচ্চরন্তি অর্থাৎ উৎপন্ন হয়" অত্রস্থ ব্যুচ্চরিত শব্দও তৎপূর্ব্বস্থ প্রাণাদির সহিত অন্বিত।

তৎপূর্ব্বকত্বাদ্বাচঃ ॥ ২ । ৪ । ৪ ॥ *

যদ্যপি "তত্তেজোঽসৃজত" ইত্যেতস্মিন্ প্রকরণে প্রাণানামুৎপত্তির্ন পঠ্যতে, তেজোঽবন্নানামেব ত্রয়াণাং ভূতানামুৎপত্তিশ্রবণাৎ, তথাপি ব্রহ্মপ্রকৃতিক-তেজোঽবন্নপূর্ব্বকত্বাভিধানাদ্ বাক্‌প্রাণমনসাং, তৎসামান্যাচ্চ সর্ব্বেষামেব প্রাণানাং ব্রহ্মপ্রভবত্বং সিদ্ধং ভবতি। তথা হ্যস্মিন্নেব প্রকরণে তেজোঽবন্নপূর্ব্বকত্বং বাক্‌প্রাণমনসামাম্নায়তে "অন্নময়ং হি সোম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাক্" ইতি। তত্র যদি তাবৎ মুখ্যমেবৈষামন্নাদিময়ত্বং, ততো বর্ত্তত এব ব্রহ্মপ্রভবত্বম্।

অথ ভাক্তং, তথাপি ব্রহ্মকর্ত্তৃকায়াং নামরূপব্যাক্রিয়ায়াং শ্রবণাৎ "যেনাশ্রুতং শ্রুতং ভবতি" ইতি চোপক্রমাৎ "ঐতদাত্ম্যমিদং সর্ব্বং" ইতি চোপসংহারাৎ শ্রুত্যন্তরপ্রসিদ্ধেশ্চ ব্রহ্মকা-

বাচ ইতি বাক্‌প্রাণমনসামুপলক্ষণম্। অয়মর্থঃ—তেজঃপ্রভৃতীনাং সৃষ্টৌ প্রাণসৃষ্টির্নোক্তেতি ব্রূষে, তত্রাপ্যুক্তেতি ব্রূমহে। তথাহি, যস্মিন্ প্রকরণে তেজোঽবন্নপূর্ব্বকত্বং বাক্‌প্রাণমনসামাম্নায়তে অন্নময়ং হীত্যাদিনা, তদ্‌যদি মুখ্যার্থং, ততস্তৎসামান্যাৎ সর্ব্বেষামেব প্রাণানাং সৃষ্টিরুক্তা।

অথ গৌণং, তথাপি ব্রহ্মকর্ত্তৃকায়াং নামরূপব্যাক্রিয়ায়ামুপক্রমোপসংহার-

যদিও ছান্দোগ্য উপনিষদের "তিনি তেজ সৃজন করিলেন" এই উৎপত্তি প্রস্তাবে প্রাণের উৎপত্তি কথিত হয় নাই, কেন-না, সেখানে তেজ, জল, পৃথিবী, মাত্র এই ভূতত্রয়ের উৎপত্তি শ্রুত হইয়াছে, তথাপি, সেখানে ব্রহ্মপ্রভব তেজের বাক্য, প্রাণ, মন, এই তিনের কারণতা কথিত হওয়ায় তৎসাধারণ্যে প্রাণেরও ব্রহ্মপ্রভবত্ব নির্ণীত হয়। [তথা...সিদ্ধিঃ] ছান্দোগ্যের ঐ প্রকরণেই বাক্য, প্রাণ, মন, এই তিনের তেজ, জল ও পৃথিবীমূলকত্ব কথিত হইয়াছে। যথা—"হে সোম্য, মন অন্নময় (অন্নের বিকার), প্রাণ জলময় ও বাগিন্দ্রিয় তেজোময়।" মনঃপ্রভৃতির এই অন্নময়ত্বাদি কথন মুখ্য হইলেও ব্রহ্মপ্রভবতত্ত্ব আছেই।

